একাদশস্কন্ধঃ।

শ্রীকৃষ্ণায় নমঃ ॥

শ্রীশুক উবাচ ॥

কৃত্বা দৈত্যবধং কৃষ্ণঃ সরামো যদুভির্বৃতঃ।

শ্রীকৃষ্ণায় নমঃ ॥ বিজয়ন্তে পরানন্দ কৃষ্ণ পাদবজঃ স্রজঃ। যা ধৃতা মূর্দ্ধ্নি জায়ন্তে মহেন্দ্রাদি মহস্রজঃ ॥ উক্তৈক ত্রিংশতাধ্যায়ৈ র্মুক্তিরেকাদশে ততঃ। জায়ন্তেয়েতি হাসাদ্যৈঃ সমাস ব্যাস রূপতঃ। নারদো বসুদেবায় সমাসেন ন্যবর্ণয়ৎ। ভগবানুদ্ধবা-য়াণ বিস্তরেণোপপত্তিভিঃ। অত্রতু প্রথমেঽধ্যায়ে যদুবংশস্য সংক্ষয়ঃ। উপক্ষিপ্তো নিবাণায মৌষল ব্যপদেশতঃ। প্রবর্ত্তিতঃ পরানন্দ কৃষ্ণ ক্রীড়ানুবর্ণিতা। তন্নিবৃত্ত্যা পরানন্দ পদারোহোঽনুবর্ণ্যতে ॥ এবং তাবদ্দশম স্কন্ধে ভূভারাবতরণায় নিজ বিভূতি

ক্রমসন্দর্ভঃ।

শ্রীশ্রীকৃষ্ণ চৈতন্য দেবো জয়তি ॥ অথৈকাদশ সন্দর্ভে সন্দর্ভানাং সমাপ্তিতঃ। কিয়ন্তে সন্নিদেশেন স মেঽনন্যগতে র্গতিঃ। অথ একাদশস্কন্ধস্য ক্রমসন্দর্ভঃ ॥ তত্র প্রথমত স্তাবদিদং বিবেচনীয়ং। পূর্ব্বং শ্রীমতি দশমস্কন্ধে শ্রীকৃষ্ণ লীলা বর্ণিতা। তস্যাশ্চ ফলং সাধারণানামপি তদ্ভক্তি লাভ পূর্ব্বিকা তৎ প্রাপ্তি রেবেত্যন্তে নির্দ্দিষ্টা। ইত্থং পরস্য নিজ ধর্ম্ম বিবক্ষয়াত্ত লীলাত্মনো স্তদনুরূপ বিড়ম্বনানি। কর্ম্মাণি

একাদশ স্কন্ধে একত্রিংশৎ অধ্যায়ে জায়ন্তেয় ইতিহাসাদি দ্বারা সংক্ষেপ ও বিস্তার রূপে মুক্তি কীর্ত্তন। নারদ বসুদেবকে সংক্ষেপে শ্রবণ করান, শ্রীকৃষ্ণ বিস্তর রূপে সঙ্গতির সহিত উদ্ধবের সম্বন্ধে ঐ মুক্তি কীর্ত্তন করেন। তন্মধ্যে প্রথমাধ্যায়ে বৈরাগ্য নিমিত্ত মুষল ছলে যদুকুলের নাশ উপস্থিত। এই স্কন্ধে শ্রীকৃষ্ণের অন্তর্দ্ধান পর্য্যন্ত বর্ণন হইবে ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! শ্রীকৃষ্ণ বলদেব ও যদুগণে পরিবৃত

ভূভাররাজপৃতনা যদুভির্নিরস্য গুপ্তৈঃ স্ববাহুভি .
রচিন্তয়দপ্রমেয়ঃ । মন্যেঽবনে র্নন্নু গতোপ্যগতং

স্বয়মেব হতবান্ যেতু দৈত্যা বান্ধববচ্ছদ্মনা স্থিতাঃ তান্ পরস্পরং নিমিত্তং বিধায় হত্বা ভূভারমপাকৃতবানিত্যর্থঃ ॥২॥

অপিচ ভূভারেত্যাদি অন্যাশ্চ ভুবো ভারভূতাঃ রাজপৃতনাঃ রাজ্ঞাং পৃতনাঃ সেনা রাজ্ঞ স্তেষাং পৃতনাশ্চেতি বা স্ববাহুভি গুপ্তৈঃ পরিরক্ষিতৈ র্যদুভি র্বিবাহাদি চ্ছলেন নিরস্য হত্বা বা বহুভিরিতি বহু বচনং বস্তুতশ্চতুর্ভুজাভিপ্রায়েণ। নন্বেবং কৃষ্ণ শ্চিকীর্ষ তীতি জ্ঞাত্বা কথং তস্মৈ যদবা ন দ্রুহ্যন্তি তত্রাহ অপ্রমেয়ঃ প্রমাতুমশক্যঃ চিন্তামেবাহ মন্যে ইতি নন্বিতি বিতর্কে অবনে র্ভূমের্ভরো যদ্যপি লোক প্রতীত্যা গতঃ তথাপ্যহমগতমেব

ক্রমসন্দর্ভঃ।

ভূভারেত্যাদি যাদবানাঞ্চ নিত্য পরিকরত্বাৎ তত্ত্যাগেন স্বয়ং ভগবত এবান্তর্ধানে তৈরিতি ক্ষোভেনোন্মত্ত চেষ্টৈরূপ মর্দ্দিতা পৃথিব্যেব নশ্যেদিতি প্রথমং তেষা মন্তর্দ্ধাপনং। তদেবাহ। বাহুভিরিতি বহু বচনং তত্র চতুর্ভুজত্ব প্রকাশেনাভিপ্রায়েণ। নৈতাবানে তস্যাভিপ্রায়ঃ। কিন্ত্বন্যোপ্যন্যোপি ভবেদিতি ভাবঃ। অত্র তেষামধার্ম্মিক ত্বয়াত্ পৃথিবী ভারত্বং ন মন্তব্যং। ব্রহ্মণ্যানাং বদান্যানাং নিত্যং বৃদ্ধোপ সেবিনাং। বিপ্র শাপঃ কথমভূদ্ বৃষ্ণীনাং কৃষ্ণচেতসামিত্যাদৌ শয্যাসনাটনা লাপেত্যাদৌচ পরম সাধুত্ব প্রসিদ্ধেঃ।

দ্বিতীয় শ্লোকের তাৎপর্য্য। যে সকল পূতনাদি দৈত্য, শ্রীকৃষ্ণ তাহাদিগকে স্বহস্তে বধ করেন, আর যে সকল দৈত্য প্রচ্ছন্ন ভাবে বান্ধব রূপে অবস্থিত ছিল, তাহাদের বধের প্রতি পরস্পরকে নিমিত্ত করিয়া ভূভার হরণ করেন॥ ২॥

অপ্রমেয় শ্রীকৃষ্ণ স্বীয় বাহুবলে পরিরক্ষিত যাদব গণ দ্বারা বিবাহাদি চ্ছলে পৃথিবীর ভার স্বরূপ রাজসেনা গণকে বধ করিয়া পরিশেষে চিন্তা করিলেন অহো। লোক প্রতীতিতে পৃথিবীর ভার গত হইয়াছে বটে, কিন্তু বস্তুতঃ তাহা গত হয় নাই, যে হেতু অবিসহ্য যাদবকুল

হি ভারং যদযাদবং কুলমহো অবিসহ্যমাস্তে ॥ ৩ ॥
নৈবান্যতঃ পরিভবোঽস্য ভবেৎ কথঞ্চিন্মৎসংশ্র
য়স্য বিভবোন্নহনস্য নিত্যং। অন্তঃকলিং যদুকুলস্য

মন্যে যদযস্মাদবিসহ্যং সোঢুমশক্যং যাদবকুলমিত্যনেনৈব স্ববংশত্বাৎ স্বয়ং হননমনুচিতমিতি সূচিতং ॥ ৩ ॥

তর্হীদমন্যৈর্ঘাত্যতাং তত্রাহ নৈবেতি অন্যতো দেবাদিভ্যোপি যাদব কুলস্য পরিভব স্তিরস্কারো ন ভবেৎ কুতঃ মৎ সংশ্রয়স্য মাং সংশ্রয়তঃ ইতি মৎ সংশ্রয়ং কুলং তস্য। কিঞ্চ নিত্যং বিভবোন্নহনস্য বিভবৈ র্গজ তুরঙ্গাদিভি রুচ্ছৃঙ্খলস্য যদ্বা তর্হি ইদং কিমিতি সংহর্ত্তব্যং তত্রাহ বিভবোন্নহনস্যেতি তস্মাদেবং করিষ্যামীত্যাহ অন্তঃ কলিমিতি শান্তি মুপশমং উপৈমি বর্ত্তমান সামীপ্যে বর্ত্তমানত্বাদুপৈষ্যামি তদনন্তরং ধামচ বৈকুণ্ঠাখ্যং উপেষ্যামীত্যর্থঃ। যথা স্তম্বস্য সমূহস্য বেণুরিতি বেণু র্যথা বায়ু সংযোগেন বহ্নিং বিধায় স্তম্বং নাশয়তি স্বয়ঞ্চ নশ্যতি তথা কলি রূপং বহ্নিং বিধায় বৈকুণ্ঠং উপৈষ্যামীতি উপৈতীতি

ক্রমসন্দর্ভঃ।

পৃথ্ব্যা ভারশ্চ ব্যক্তি বাহুল্য মাত্রেণেষ্যতে। পর্ব্বত সমুদ্রাদীনামনন্তানাং বিদ্যমানত্বাৎ ॥৩॥
নৈবেতি অন্যতঃ পরিভবোপি ন ভবেৎ কিন্তু স্বেভ্য এব নাশস্ত স্বতোপি ন ভবেদিত্যর্থঃ তত্র হেতুঃ নিত্যং মৎ সংশ্রয়স্যৈব সতো বিভবোন্নহনস্য নির্ব্বাধ বৈভবস্যেতি। অতঃ পরিভবোঽত্র ভুবি প্রকাশাদ্বিমুখী করণং। ধাম নিজ নিত্য দ্বারকাখ্যং। দৃষ্টান্তশ্চ নাশানুকরণ নাশয়োঃ সাম্য প্রতীতিঃ। তথান্তর্নাশানুকরণঞ্চ ন স্যাৎ কালান্তরে বহিশ্চ প্রাকট্যং ভাবীত্যেতদংশেন চৈক্য প্রায়ত্বাদ্ঘটয়ামাস। বিবর্ত্ত বাদিভিরপি লোহাদি দৃষ্টান্তঃ পরিণাম পরিহারায়ৈক দেশেনৈব মন্যতে। পরিণামবাদিভিরপি মূলাম্নচ্ছেদে

অদ্যাপি বর্ত্তমান আছে ॥ ৩ ॥

অপর এই যদুকুল আমার আশ্রিত অন্যের দ্বারা ইহাদের পরাভব হইবে না, যদি ইহাদিগকে বিনাশ না করি, তাহা হইলে ইহারা নিত্য বৃদ্ধিশীল বৈভব দ্বারা উচ্ছৃঙ্খল হইবে অতএব এই রূপ করি, বেণু সমূহের অন্তরে অগ্নি উৎপাদনের ন্যায় যদুকুলের মধ্যে

বিধায় বেণুস্তম্বস্য বহ্নিমিব শান্তিমুপৈমি ধাম ॥ ৪ ॥
এবং ব্যবসিতো রাজন্ সত্য সংকল্প ঈশ্বরঃ।
শাপব্যাজেন বিপ্রাণাং সংজহ্রে স্বকুলং বিভুঃ ॥ ৫ ॥
স্বমূর্ত্ত্যা লোকলাবণ্য নির্ম্মুক্ত্যা লোচনং নৃণাং।

পাঠে উপমানস্য বেণো ক্রিয়া উপমেয়েঽপি যোজনীয়া ॥ ৪ ॥

ব্যবসিতঃ কৃতনিশ্চয়ঃ। সংজহ্রে উপসংহৃতবান্ ॥ ৫ ॥

তদেবমবতারপ্রয়োজনং সর্ব্বং সংপাদ্য স্বলোকং জগামেত্যাহ শ্লোক দ্বয়েন স্বমূর্ত্ত্যেতি। লোকানাং লাবণ্যস্য নির্ম্মুক্তিস্ত্যাগো যয়া যামপেক্ষ্য লোকেষু লাবণ্যং নাস্তীত্যর্থঃ। যদ্বা লোকেভ্যো লাবণ্যস্য নির্ম্মুক্তির্দানং যতঃ যৎ সংপর্কেণ লোক লাবণ্য বন্তো ভবন্তীত্যর্থঃ। তয়া স্বমূর্ত্ত্যা নৃণাং লোচনমাচ্ছিদ্যাকৃষ্য ততো ঽন্যত্রাবলোকনে লোচনস্যা প্রবৃত্তেঃ। তথা স্বগীর্ভিস্তা গিরঃ স্মরতাং চিত্তঞ্চাচ্ছিদ্য তথা পদে স্তত্র

ক্রমসন্দর্ভঃ।

নৈবেতি। বহ্নিং মিথঃ সংঘট্টনেনোত্থাপিতমগ্নিং ॥ ৪ ॥

বিপ্রাণাং শাপ ব্যাজেনেতি ব্রাহ্মণ মাহাত্ম্য দর্শন মপ্যত্র প্রয়োজনমিতি ভাবঃ। সংজহ্রে পূর্ব্বোক্ত স্বপদে সামস্ত্যেন নীতবান্ প্রবেশিতবানিত্যর্থঃ ॥ ৫ ॥

তদীদৃশং যৎপদং তদেব শ্রীদশমস্কন্ধোক্ত লীলয়া মহাভক্তি প্রাপ্তি পূর্ব্বকং ফল মিত্যাহ। স্বমূর্ত্ত্যেতি যুগ্মকেন। তমস্তদজ্ঞানময়ঃ সংসারঃ। তরিষ্যন্তীতি তীর্ত্বা তৎপদং প্রাপ্স্যন্তীত্যর্থঃ। তদেব তটস্থানামপ্যেবমবস্থা চেত্তর্হি সুতরাং যাদবানামভব

কলহ রূপ অগ্নি উত্থাপন করত শান্তি স্থাপন পূর্ব্বক বৈকুণ্ঠে গমন করি ॥ ৪ ॥

হে মহারাজ। বিভু শ্রীকৃষ্ণ সর্ব্ব বিষয়ে সমর্থ এবং সত্য সংকল্প অর্থাৎ যাহা ইচ্ছা তাহাই করিতে পারেন, অতএব উক্ত রূপ কৃত নিশ্চয় হইয়া বিপ্র শাপ ছলে স্বীয় কুলের সংহার করিয়াছিলেন ॥ ৫ ॥

এবং লোক লাবণ্যপ্রদ আত্ম মূর্ত্তি দ্বারা মানবকুলের নয়ন আকর্ষণ করিয়া তথা নিজ বাক্য দ্বারা স্মরণ কারির চিত্ত হরণ করিয়া এবং আত্ম পাদপদ্ম দ্বারা পাদ চিহ্ন স্মরণকারিদিগের সংসার গমনাদি ক্রিয়া

গীর্ভিস্তাঃ স্মরতাং চিত্তং পদৈস্তানীক্ষতাং ক্রিয়াঃ ॥ ৬ ॥
অচ্ছিদ্য কীর্ত্তিং সুশ্লোকাং বিতত্যহ্যঞ্জসা নু কৌ ।
তমোঽনয়া তরিষ্যন্তীত্যগাৎ স্বং পদমীশ্বরঃ ॥ ৭ ॥
শ্রীরাজোবাচ ॥
ব্রহ্মণ্যানাং বদান্যানাং নিত্যং বৃদ্ধোপসেবিনাং ।
বিপ্রশাপঃ কথমভূদ্বৃষ্ণীনাং কৃষ্ণচেতসাং ॥ ৮ ॥

তত্রাঙ্কিতৈ স্তানি পদানি ঈক্ষতামীক্ষমাণানাং অন্যতো গমনাদিকাঃ ক্রিয়াশ্চাচ্ছিদ্য। তদানীন্তনানাং সর্ব্বেষাং চক্ষুরাদি প্রবৃত্তীঃ স্বৈকনিষ্ঠাঃ কৃত্বেত্যর্থঃ ॥ ৬ ॥

কিঞ্চ ইত উপরি জনিষ্যমাণানাং সংসারাবতরণায় কৌ পৃথিব্যাং শোভনাঃ শ্লোকাঃ কবীনাং যস্যাং তাং কীর্ত্তিং বিতত্য বিস্তীর্য্য অনয়া কীর্ত্ত্যা অঞ্জসা সুখেনৈব নু নিশ্চিতং তমস্তরিষ্যন্তীত্যভিপ্রেত্য ঈশ্বরঃ স্বং পদং স্থানমগাদিতি ॥ ৭ ॥

অব্রহ্মণ্যেভ্যো হদাতৃভ্যো বা অবৃদ্ধ সেবকেভ্যো বা বিপ্রাঃ কুপ্যন্তি বৃষ্ণয়স্তু ন তথেত্যাহ ব্রহ্মণ্যানা মিত্যাদিনা। কিঞ্চ কোপে জাতেঽপি কৃষ্ণচেতসাং কথমভূৎ কথং প্রাভূদিত্যর্থঃ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ ।

দিতি ভূভারেত্যত্র দর্শিত এব সিদ্ধান্তঃ স্থাপিতঃ ॥ ৬ ॥ ৭ ॥

অথ যো বিপ্রশাপব্যাজঃ কৃতঃ স এব ন সম্ভবতি দোষ সম্ভবাদিত্যাহ। ব্রহ্মণ্যানা মিতি। বিপ্রাণাং বিদুষাং তত্ত্বয়া শ্রীভগবদাত্মীয় জন পরিভব দোষমপি জানতাং তেষাং শাপঃ কথমভূদিত্যর্থঃ। তদাত্মীয়ত্বমেবাহ বৃষ্ণীনাং কৃষ্ণচেতসামিতি। তচ্ছাপা প্রভুত্বেপি হেতুরয়ং ॥ ৮ ॥

নিবৃত্ত করিয়া আর পৃথিবীময় শোভন কীর্ত্তি বিস্তার করত নিশ্চয় ইহার দ্বারা লোকে সুখে পাপ হইতে উত্তীর্ণ হইবে, ইহা স্থির করিয়া পরে ঈশ্বর শ্রীকৃষ্ণ স্বধামে গমন করিয়াছেন ॥ ৭ ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! যাহারা ব্রাহ্মণ ভক্তি বিবর্জিত, অদাতা ও জ্ঞানিদিগের সেবা করে না, ব্রাহ্মণগণ তাহাদিগের প্রতি কুপিত হয়েন, যদুকুল সম্ভূত পুরুষেরা তদ্রূপ নহেন, ইহাঁরা ব্রাহ্মণভক্ত, দানশীল, নিত্য বৃদ্ধোপসেবী এবং শ্রীকৃষ্ণগত চিত্ত, তবে কি প্রকারে ইহাঁদের প্রতি ব্রহ্মশাপ হইল ॥ ৮ ॥

যন্নিমিত্তঃ স বৈ শাপো যাদৃশো দ্বিজসত্তম।
কথমেকাত্মনাং ভেদ এতৎ সর্ব্বং বদস্ব মে ॥ ৯ ॥
শ্রীবাদরায়ণিরুবাচ ॥
বিভ্রদ্বপুঃ সকল সুন্দর সন্নিবেশং কর্ম্মাচরন্ ভুবি
সুমঙ্গলমাপ্তকামঃ। আস্থায় ধাম রমমাণ উদার

অতঃ স্পষ্টস্ত নিমিত্তস্যাভাবাৎ নিমিত্তান্তরং পৃচ্ছতি যন্নিমিত্ত ইতি। একাত্মনামেক চিত্তানাং কথং ভেদঃ কলহঃ ॥ ৯ ॥

ঈশ্বরেচ্ছৈবাত্র নিমিত্তমিতি পরিহরতি বিভ্রদিতি। সকলানাং সুন্দর বস্তূনাং সন্নিবেশো বিন্যাস বিশেষো যস্মিন্ তদ্বপুর্বিভ্রৎ। তর্হি কিমিতি সৌন্দর্য্যাদিবিষয় পরঃ ন সুমঙ্গলং কর্ম্মাচরন্। তৎ কিং তয়াপি কামনয়া ন আপ্তকামঃ তর্হি কিমিতি কর্ম্মাচরতি ধাম দ্বারবত্যাখ্যং গৃহমাস্থায় রমমাণঃ। গৃহে রমমাণান্ কর্ম্ম গ্রাহায়িতুমিত্যর্থঃ।

ক্রমসন্দর্ভঃ।

কথমিতি যথা চেত্যর্থঃ। একঃ কৃষ্ণএব আত্মা পরম শ্রেষ্ঠঃ পরম প্রবর্ত্তকশ্চ যেষাং ॥ ৯ ॥

সর্ব্বত্র কারণং ভগবদিচ্ছৈবেতি বদন্নিচ্ছায়াঃ কারণান্তরমপ্যাহ বিভ্রদিতি। সকলানাং সুন্দর বস্তূনাং সংনিবেশো যস্মিন্ তাদৃশং বপুর্বিভ্রৎ প্রকটয়ন্ সুমঙ্গলঞ্চ কর্ম্ম ভুব্যাচরন্। আপ্তকামঃ তেন তেন নিজ ভক্ত জনানামভীষ্ট দানাৎ সিদ্ধমনোরথো জাতঃ। তদন স্বরঞ্চ ধাম প্রপঞ্চাতীত প্রকাশং তত্তন্নিজ ধামৈবাস্থায়াধিষ্ঠায় রমণ হেতোঃ কুলং সংহর্ত্তুং তত্রৈব সম্যক্ নেতুমৈচ্ছৎ। নন্বাপ্ত কাম শ্চেৎ পুনঃ কিমস্ত ক্রীড়েচ্ছয়া তত্রাহ। স্থিতঃ

হে দ্বিজসত্তম! সেই শাপ কি প্রকার ও তাহার নিমিত্তই বা কি এবং সেই একাত্মা বৃষ্ণিগণের কলহই বা কি প্রকারে ঘটিল এই সমুদায় আমার নিকট বলিতে আজ্ঞা হয় ॥ ৯ ॥

শুকদেব কহিলেন রাজন্! এই বিষয়ে ঈশ্বরেচ্ছা ব্যতীত অন্য কোন নিমিত্ত নাই, উদারকীর্ত্তি আপ্তকাম শ্রীকৃষ্ণ সকল সুন্দর বস্তুর সন্নিবেশ রূপ শরীর প্রকটন পূর্ব্বক পৃথিবীতে লোক শিক্ষার্থ মঙ্গল জনক কর্ম্ম সকল আচরণ করত দ্বারকাধামে রমণ করেন, পরিশেষে ভূভার হরণো-

কীর্ত্তিঃ সংহর্ত্তুমৈচ্ছত কুলং স্থিতকৃত্য শেষঃ ॥ ১০ ॥
কর্ম্মাণি পুণ্যনিবহানি সুমঙ্গলানি গায়জ্জগৎ কলি
মলাপহরাণি কৃত্বা । কালাত্মনা নিবসতা যদু
দেবগেহে পিণ্ডারকং সমগমন্ মুনয়ো নিসৃষ্টাঃ ।
বিশ্বামিত্রোঽসিতঃ কণ্বো দুর্ব্বাসা ভৃগুরঙ্গিরাঃ ।

নমু কিমাপ্ত কামস্ত গৃহরত্যা কর্ম্মভির্ব্বা তত্রাহ উদারা কীর্ত্তিঃ উদারা বহু ফলপ্রদা কীর্ত্তির্যস্ত সঃ কার্ত্তি বিস্তারার্থমিত্যর্থঃ। এবং পরমৈশ্বর্য্যেণ বর্ত্তমান এব কুলং সংহর্ত্তুমৈচ্ছৎ। তৎ কস্ত হেতোঃ স্থিতঃ কৃত্যো ভূভারহরণে স্বকুল সংহার লক্ষণঃ শেষো যস্ত সঃ ॥ ১০ ॥

ঈশ্বরেচ্ছয়োত্থিতং ব্রহ্মশাপ নিমিত্তং বক্তুমাহ কর্ম্মাণীতি। কর্ম্মার্থমাহূতাঃ কর্ম্মাণি কৃত্বা নিসৃষ্টাঃ মুনয়ঃ পিণ্ডারকং সমগমন্নিত্যন্বয়ঃ। পূর্ব্বোক্তামুদার কীর্ত্তিতাং বিবৃণ্বন্ কর্ম্মাণি বিশিনষ্টি পুণ্য নিবহানীত্যাদি ত্রিভিঃ পদৈঃ। কানিচিৎ অশ্বমেধাদি কর্ম্মাণি পুণ্যমেব জনয়ন্তি পুত্র লালনাদীনি তু তত্তৎ কাম সুখমেব জনয়ন্তি। প্রায়শ্চিত্তাদীনিতু

ক্রমসন্দর্ভঃ।

সর্ব্বদা স্বায়ীকৃত্য শেষঃ স্বপ্রেষ্ঠ জনৈঃ সহ লীলাবিশেষো যস্ত সঃ। অবতার গত লীলেচ্ছেব পূর্ণা নতু সর্ব্বৈরেবেত্যর্থঃ। অতএবোদারা ভক্ত সুখদ স্বভাব ময়ী কর্ত্তির্যস্ত সঃ ॥ ১০ ॥

কালোঽন্তর্যামী আত্মা স্বরূপং যস্তেতি সর্ব্বস্ত তদচ্ছাধীনত্বং দর্শিতং ॥

বিশ্বামিত্র ইতি যুগ্মকং। অবিনীতা ইতি তদিচ্ছয়ৈব তদানীং তথাভূতা ইত্যর্থঃ ॥ ১০ ॥
॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥

পলকে স্বীয় কুল সংহারে কৃতসংকল্প হইলেন ॥ ১০ ॥

এমন সময়ে কর্ম্ম সম্পাদনার্থ আহূত ঋষিগণ, কলিমল নাশক পুণ্য নিবহ মঙ্গল জনক কর্ম্ম সম্পন্ন করত ভূভার হরণের কাল স্বরূপ যদু রাজ গৃহস্থিত শ্রীকৃষ্ণ কর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া সমীপস্থ পিণ্ডারক তীর্থে গমন করিতে লাগিলেন ॥

তন্মধ্যে বিশ্বামিত্র, অসিত, কণ্ব, দুর্ব্বাশা, ভৃগু, অঙ্গিরা, কশ্যপ,

কশ্যপো বামদেবোঽত্রি র্বশিষ্ঠো নারদাদয়ঃ ॥ ১১ ॥
ক্রীড়ন্তস্তানুপব্রজ্য কুমারা যদুনন্দনাঃ।
উপসংগৃহ্য পপ্রচ্ছুরবিনীতা বিনীতবৎ ॥ ১২ ॥
তে বেশয়িত্বা স্ত্রীবেশৈঃ সাম্বং জাম্ববতীসুতং ॥ ১৩ ॥
এষা পৃচ্ছতি বো বিপ্রা অন্তর্ব্বত্ন্যসিতেক্ষণা।
প্রষ্টুং বিলজ্জতী সাক্ষাৎ প্রব্রুতামোঘদর্শনাঃ।

পাপমেবাপহরন্তি। এতানিতু সর্ব্বতো মুখানীত্যাহ পুণ্যনিবহানি কীর্ত্ত্যাদিনা পুণ্যানি নিবহন্তি প্রাপয়ন্তীতি তথা সুমঙ্গলানি অতি সুখাত্মকানি গায়তো জগতঃ কলিমলাপহরাণি কৃত্বা মুনি প্রস্থাপনে হেতুঃ কালাত্মনা সংহার রূপেণ যদুদেবগেহে বসুদেবগেহে নিবসতা স্বকুলং জীহীর্ষতেত্যর্থঃ। পিণ্ডারকং ততো নাতি দূরে তীর্থবিশেষং ॥ ১১ ॥

উপসংগৃহ্য পাদগ্রহং কৃত্বা ॥ ১২ ॥

প্রশ্ন প্রকারমাহ দ্বয়েন তে বেশয়িত্বেতি ॥ ১৩ ॥

হে অমোঘদর্শনা বিপ্রা এষা অন্তর্ব্বত্নী গর্ভিণী বো যুষ্মান্ সাক্ষাৎ প্রষ্টুং বিলজ্জতী বিলজ্জমানা অস্মন্মুখেন পৃচ্ছতি প্রসোষ্যন্তীতি আসন্ন প্রসবা কিং স্বিৎ কিং জনয়িষ্যতি

বামদেব, অত্রি, বশিষ্ঠ এবং নারদ প্রভৃতি অনেকেই ছিলেন ॥ ১১ ॥

মুনিগণ গমন করিতেছেন এমত সময়ে যদুকুল সম্ভূত অবিনীত কুমারগণ ক্রীড়া করিতে করিতে তাঁহাদিগের নিকট উপস্থিত হইয়া বিনীত ভাবে চরণ স্পর্শ পূর্ব্বক প্রণাম করিয়া জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥ ১২ ॥

তাঁহারা জাম্ববতী তনয় সাম্বকে স্ত্রীবেশ পরিধান করাইয়া মুনিদিগের সমক্ষে উপস্থিত করত কহিলেন ॥ ১৩ ॥

হে বিপ্রগণ! আপনাদের অব্যর্থ জ্ঞান, এই অসিতনয়না অন্তর্বত্নী স্ত্রী আপনাদের নিকটে জিজ্ঞাসা করিতে ইচ্ছাবতী হইয়াও সাক্ষাৎ প্রশ্নে লজ্জিতা হইতেছেন, পুত্রকামা এই ললনার প্রসবকাল উপস্থিত,

প্রসোষ্যন্তী পুত্রকামা কিং স্বিৎ সংজনয়িষ্যতি ॥ ১৪ ॥
এবং প্রলব্ধা মুনয়স্তানূচুঃ কুপিতা নৃপ।
জনয়িষ্যতি বো মন্দা মুষলং কুলনাশনং ॥ ১৫ ॥
তচ্ছ্রুত্বা তেঽতি সংত্রস্তা বিমুচ্য সহসোদরং।
সাম্বস্য দদৃশুস্তস্মিন্ মুষলং খল্বয়স্ময়ং ॥ ১৬ ॥
কিং কৃতং মন্দভাগ্যৈর্নঃ কিং বদিষ্যন্তি নো জনাঃ।
ইতি বিহ্বলিতা গেহানাদায় মুষলং যযুঃ ॥ ১৭ ॥

কন্যাং বা পুত্রং বা তদ্ব্রূত ॥ ১৪ ॥
বিপ্রলব্ধা বঞ্চিতাঃ ॥ ১৫ ॥
তস্মিন্নুদরে। অয়স্ময়ং লোহময়ং ॥ ১৬ ॥
মন্দভাগ্যৈর্নোঽস্মাভিঃ কিমেতৎ কৃতং। নোঽস্মান্ কিং বদিষ্যন্তীতি বিহ্বলিতাঃ সন্তো মুষলমাদায় গেহান্ যযুঃ ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

কুপিতা ইব। অত্রচ তদিচ্ছয়ৈব হেতুঃ। মুষলং জনয়িষ্যতি সংপ্রত্যসদপি তদুৎপাদয়িষ্যন্তি ॥ ১৫ ॥
বিমুচ্য উচ্ছূন বস্ত্র সংঘাৎ পৃথক্ কৃত্য। সাম্বস্য স সভাব তয়া সসংশয় বচন ত্রয়েতি ভাবঃ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥

অতএব ইনি পুত্র কি কন্যা প্রসব করিবেন আপনারা আজ্ঞা করুন ॥১৪

হে নৃপ! মুনিগণ এই প্রকারে বঞ্চিত হইয়া কোপ প্রকাশ পূর্ব্বক তাঁহাদিগকে কহিলেন, অরে দুর্ব্বুদ্ধি বালকগণ! ইনি তোমাদিগের কুলনাশক এক মুষল প্রসব করিবেন ॥ ১৫ ॥

এতৎ শ্রবণে বালকগণ অতিশয় ত্রস্ত হইয়া সাম্বের উদরদেশের বস্ত্র মোচন করিয়া দেখিলেন যে, তন্মধ্যে লৌহ ময় এক মুষল বিদ্যমান রহিয়াছে ॥ ১৬ ॥

পরে তাঁহারা আমরা কি মন্দ ভাগ্য, কি দুষ্কর্ম্মই করিলাম, লোকে আমাদিগকে কি বলিবে, ইহা বলিতে বলিতে ব্যাকুল হৃদয়ে সেই মুষল গ্রহণ পূর্ব্বক গৃহে আগমন করিলেন ॥ ১৭ ॥

তচ্চোপনীয় সদসি পরিম্লান মুখশ্রিয়ঃ।
রাজ্ঞ আবেদয়াঞ্চক্রুঃ সর্ব্বযাদবসন্নিধৌ।
শ্রুত্বামোঘং ব্রহ্মশাপং দৃষ্ট্বাচ মুষলং নৃপ।
বিস্মিতা ভয়সংত্রস্তা বভূবুর্দ্বারকৌকসঃ ॥ ১৮ ॥
তচ্চূর্ণয়িত্বা মুষলং যদুরাজঃ স আহুকঃ।
সমুদ্র সলিলে প্রাস্য লোহঞ্চাস্যাবশেষিতং ॥ ১৯ ॥
কশ্চিন্মৎস্যোঽগ্রসীল্লোহং চূর্ণানি তরলৈস্ততঃ।
উহ্যমানানি বেলায়াং লগ্নান্যাসন্ কিলৈরকাঃ ॥ ২০ ॥

রাজ্ঞে উগ্রসেনায় নতু শ্রীকৃষ্ণায় ॥ ১৮ ॥
আহুক উগ্রসেনঃ। সোঽপি শ্রীকৃষ্ণ মপৃষ্ট্বৈব প্রাস্যৎ প্রক্ষিপ্তবান্। অস্য মুষলস্য চূর্ণী ক্রিয়মাণস্যাবশেষিতং লোহঞ্চ প্রাস্যৎ ॥ ১৯ ॥
তরলৈ স্তরঙ্গৈঃ ॥ ২০ ॥

এবং ম্লান বদনে মুষল হস্তে রাজসভায় উপস্থিত হইয়া যাদবগণের সমক্ষে রাজা উগ্রসেনের নিকট আমূল বৃত্তান্ত সকল নিবেদন করিলেন ॥

হে নৃপ। অমোঘ বিপ্রশাপ শ্রবণ করিয়া এবং মুষল স্বচক্ষে অবলোকন করিয়া দ্বারকাবাসী প্রজাগণ বিস্ময় ও ভয়ে এক কালীন অভিভূত হইল ॥ ১৮ ॥

তখন যদুরাজ উগ্রসেন শ্রীকৃষ্ণকে জিজ্ঞাসা না করিয়াই সেই মুষল চূর্ণ করত তাহার অবশিষ্ট লৌহ খণ্ড সহিত সমুদ্র জলে নিক্ষেপ করিলেন ॥ ১৯ ॥

নিক্ষেপ করিবামাত্র এক মৎস্য আসিয়া সেই লৌহখণ্ড গ্রাস করিল ও চূর্ণ সকল তরঙ্গ সহকারে তীরে সংলগ্ন হইয়া তাহাতে এরকা নামক এক প্রকার তৃণ বৃক্ষ সকল উৎপন্ন হইল ॥ ২০ ॥

মৎস্যোগৃহীতো মৎস্যঘ্নৈর্জালেনান্যৈঃ সহার্ণবে।

তস্যোদরগতং লৌহং স শল্যে লুব্ধকোঽকরোৎ ॥ ২১ ॥

ভগবান্ জ্ঞাতসর্ব্বার্থ ঈশ্বরোঽপি তদন্যথা।

কর্ত্তুং নৈচ্ছদ্বিপ্রশাপং কালরূপ্যন্বমোদত ॥ ২২ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে মৌষলোপক্রমঃ প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

গোবিন্দভুজগুপ্তায়াং দ্বারবত্যাং কুরূদ্বহ।

অন্যৈ র্মৎস্যৈঃ সহ শল্যে শরাগ্রে ॥ ২১ ॥

ঈশ্বরোপি সমর্থোঽপি সন্ অন্যথা কর্ত্তুং নৈচ্ছৎ। কিন্ত্বন্বমোদত যতঃ কাল রূপী ॥ ২২ ॥

॥ * ॥ ইত্যেকাদশে প্রথমঃ ॥ * ॥

দ্বিতীয়ে নিমি জায়ন্ত সংবাদেনাহ নারদঃ। ধর্ম্মান্ ভাগবতান্ ভক্ত্যা বসুদেবায় পৃচ্ছতে ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইত্যেকাদশ ক্রমসন্দর্ভে প্রথমোঽধ্যায়ঃ ॥ * ॥

কিয়ৎকালানন্তর মৎস্য মারক কৈবর্ত্তেরা জাল দ্বারা সমুদ্রে মৎস্য ধরিতে গিয়া অন্য মৎস্যের সহিত সেই মৎস্য প্রাপ্ত হইল এবং তাহাকে ছেদন করিবার সময় তাহার উদর মধ্য হইতে সেই লোহখণ্ড নির্গত হইল, পরে জরা নামক ব্যাধ সেই লোহ খণ্ড লইয়া আপনার শরের অগ্রভাগে সংযুক্ত করিয়া রাখিল ॥ ২১ ॥

কালরূপী শ্রীকৃষ্ণ সর্ব্ব বিষয়ে সমর্থ, এই সকল বৃত্তান্ত অবগত হইয়াও বিপ্রশাপ অন্যথা করিলেন না, পরন্তু তাহাতেই অনুমোদন করিলেন ॥ ২২ ॥

॥ * ॥ ইতি একাদশে প্রথমধ্যায় ॥ * ॥

দ্বিতীয় অধ্যায়ে ভক্তি পূর্ব্বক বসুদেব জিজ্ঞাসা করায় নারদ জায়ন্তেয় সম্বাদ দ্বারা ভাগবত ধর্ম্ম বর্ণন করেন ॥ ০ ॥

অবাৎসীন্নারদোঽভীক্ষ্ণং কৃষ্ণদর্শন লালসঃ ॥ ১ ॥
কো নু রাজন্নিন্দ্রিয়বান্ মুকুন্দ চরণাম্বুজং।
ন ভজেৎ সর্ব্বতো মৃত্যুরুপাস্যমমরোত্তমৈঃ।
তমেকদাতু দেবর্ষিং বসুদেবো গৃহাগতং।
অর্চ্চিতং সুখমাসীনমভিবাদ্যেদমব্রবীৎ ॥ ২ ॥

অভীক্ষ্ণং প্রস্থাপিতোঽপি পুনঃ পুনরবাৎসীদিত্যর্থঃ। ননু নারদস্য দক্ষাদি শাপাদ্ একত্র বাসঃ সম্ভব তীত্যাশঙ্ক্যাহ গোবিন্দভুজগুপ্তায়ামিতি ন তস্যাং শাপাদেঃ প্রভাব ইত্যর্থঃ কৃষ্ণোপাসনে লালসা ঔৎসুক্যং যস্য সঃ ॥ ১ ॥

যদ্ভজনে মুক্তানামপীদৃশমৌৎসুক্যং তং কোনু নাম ন ভজেদিত্যাহ কোন্বিতি। ইন্দ্রিয়বানিতি। ইন্দ্রিয়বত্ত্ব মাত্রমেব যত্রাধিকারি বিশেষণমিত্যর্থঃ সর্ব্বতঃ সর্ব্বেষ্বপি লোকেষু মৃত্যু র্যস্য সঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

অথ তদানন্তর্য্য প্রাপ্তং শ্রীবসুদেব নারদ সম্বাদং বক্তুং শ্রীভগবদিচ্ছয়া তাদৃশানর্থ সহ কারিত্বেপি শ্রীনারদস্য দ্বারকায়ামেব বাস আসীদিতি সহেতুকমাহ গোবিন্দেতি। অভীক্ষ্ণং লোক বৃত্তি জিজ্ঞাসা লীলয়া শ্রীভগবতা উক্ত স্তত্র প্রস্থাপিতোঽপি পুনঃ পুনরবাৎসীদিত্যর্থঃ। কৃষ্ণস্য উপ সমীপে আসনে স্থিতৌ লালসা যস্য তাদৃশং। তদ্ভুজ গুপ্তায়ামিতি স্থান সৌখ্যমপি দর্শিতং ॥ ১ ॥

অত্র তস্য বাসে কৈমুত্যং কোন্বিতিঃ। অন্যোপি কঃ ইন্দ্রিয়বানিত্যনিন্দ্রিয় বৎসু তরু গুল্মাদিষ্বপি তদ্ভজন সৌখ্যং বর্ণিতং ততঃ সেন্দ্রিয়ো বা কো ন ভজেদিতি স্বভাবত এব

শুকদেব কহিলেন হে কৌরব্য! নারদ শ্রীকৃষ্ণোপাসনায় লালসান্বিত হইয়া পুনঃপুন গোবিন্দ ভুজরক্ষিত দ্বারকায় বাস করিতেন ॥ ১ ॥

হে রাজন্! যাঁহার ভজনে মুক্ত পুরুষদিগেরও যখন এই প্রকার ঔৎসুক্য তখন ইন্দ্রিয়বান্ কোন পুরুষ অমরবৃন্দ নিষেবিত মুকুন্দ চরণাম্বুজ ভজনা না করিবে? যে হেতু সকল লোকেই মৃত্যু অবস্থিত আছে ॥ ২ ॥

শ্রীবসুদেব উবাচ ॥
ভগবন্তবতো যাত্রা স্বস্তয়ে সর্ব্বদেহিনাং।
কৃপণানাং যথা পিত্রোরুত্তমঃশ্লোকবর্ত্তনাং ॥ ৩ ॥
ভূতানাং দেবচরিতং দুঃখায়চ সুখায়চ।
সুখায়ৈবহি সাধূনাং ত্বাদৃশামচ্যুতাত্মনাং ॥ ৪ ॥
ভজন্তি যে যথা দেবান্ দেবা অপি তথৈব তান্।

যথা পিত্রোর্যাত্রা আগমনং অপত্যানাং স্বস্তয়ে মঙ্গলায় যথা চোত্তমঃশ্লোকবর্ত্ম ভূতানাং মহতাং যাত্রা কৃপণানাং স্বস্তয়ে তথা ভগবদ্রূপস্য ভগবতো যাত্রা সর্ব্ব দেহিনাং স্বস্তয় ইত্যর্থঃ দেবৈবপি মহতামুপমানমনুচিতমিত্যাহ ভূতানামিতি। দেবানাঞ্চরিতমতি বৃষ্ট্যাদিনা দুঃখায়াপি ভবতি ত্বাদৃশানাং ত্বৎ সদৃশানাং অচ্যুত আত্মা যেষাং তেষাং ॥ ৪ ॥
কিঞ্চ সুখং কুর্ব্বন্তোঽপি দেবা ভজনানুসারেণ কুর্ব্বন্তি ন তথা সাধব ইত্যাহ ভজন্তীতি।

ক্রমসন্দর্ভঃ।
তদ্যোগ্যং সর্ব্বেষামিত্যর্থঃ। বিচারতঃ সর্ব্বতো মৃত্যুরিতি। নচৈবং সাধারণ জনানামিব তদ্ভজনীয়মিত্যাগতং। অপিতু মুক্তানামপীত্যাহ। উপাস্তমিতি। তদেবং বিষয়ি মুমুক্ষু মুক্তানামপি তদ্ভজনীয়মিতি স্থিতে মহা ভক্তরাজঃ শ্রীনারদো বা কথং ন ভজেদিতি ভাবঃ ॥ ২ ॥
সর্ব্ব দেহিনাং সাধারণানাং কৃপণানাং সর্ব্ব নিকৃষ্টানাং উত্তমঃশ্লোক বর্ত্মনাং সর্ব্বোৎকৃষ্টানামপি স্বস্তয়ে ভবতো যাত্রা ভবতি। তথা পিত্রোরাগমনং ত্রিবিধানামপি পুত্রাণাং স্বস্তয়ে ভবতি ॥ ৩ ॥
তথৈবাহ ভূতানামিতি ॥ ৪ ॥

নারদ দ্বারকায় বাস করিতে করিতে একদিবস বসুদেবের গৃহে গিয়া উপস্থিত হইলেন, বসুদেব দেবর্ষিকে সমাগত দেখিয়া সুখাসনে উপবেশন করাইয়া অভিবাদন পূর্ব্বক এই কথা বলিতে লাগিলেন ॥ ৩ ॥
বসুদেব কহিলেন, হে ভগবন্! যেমন পিতা মাতার আগমন বালকের কল্যাণের নিমিত্ত হয়, আর যেমন ভগবদ্ভক্ত মহৎ ব্যক্তিদিগের সমাগম প্রাণি মাত্রের মঙ্গলার্থ হয়, তদ্রূপ ভগবৎ স্বরূপ আপনার আগমন সমস্ত দেহীর কল্যাণার্থ ॥ ৪ ॥
দেবতাদিগেরও মহতের সম্মান করা উচিত, কারণ দেবতাদিগের

ছায়েব কর্ম্মসচিবাঃ সাধবো দীনবৎসলাঃ ॥ ৫ ॥
ব্রহ্মং স্তথাপি পৃচ্ছামো ধর্ম্মান্ ভাগবতাং স্তব।
যান্ শ্রুত্বা শ্রদ্ধয়া মর্ত্ত্যোমুচ্যতে সর্ব্বতো ভয়াৎ ॥ ৬ ॥
অহং কিল পুরানন্তং প্রজার্থো ভুবি মুক্তিদং।

ছায়েব যথা পুরুষো যাবৎ করোতি তাবদেব তস্ত ছায়াপি তথা কর্ম্মসচিবাঃ কর্ম্ম সহায়াঃ ॥ ৫ ॥

তদেবং যদ্যপি ভবত আগমন মাত্রেণৈব বয়ং কৃতার্থাঃ তথাপি পৃচ্ছামঃ তবেতি। তব যৈর্ধর্ম্মৈঃ প্রসন্নো ভগবাংস্তানিত্যর্থঃ ॥ ৬।

নম্ন ত্বত্তোপি কিমন্তো ভগবৎ প্রসাদ পাত্রমস্তি অহং কিলেতি। ভুবি প্রজার্থোহপূজয়ং

ক্রমসন্দর্ভঃ।

কর্ম্ম চাত্র ভগবদ্ভজনমেব। সাধবস্তু ন কর্ম্মানুগতাঃ। প্রত্যুত স্বাতন্ত্র্যেণ তদ্দীনেষ্বেব দয়ালব ইত্যাহ সাধব ইতি ॥ ৫ ॥

নম্ন কৃতার্থস্ত তব তৎ পৃচ্ছায়াং নাস্তি প্রয়োজনমিত্যাশঙ্ক্যাহ। যানিতি। মৎ প্রসঙ্গেন। শ্রুত্বা মর্ত্ত্যোপি ॥ ৬ ॥

অথ ব্রহ্মশাপ শ্রবণেন শ্রীকৃষ্ণান্তরায় ভ্রম ব্যগ্রঃ স্ব প্রয়োজনমপি নবেদয়তি। অহমিতি যাভ্যাং দেবস্ত ভগবতো মায়য়া কৃপয়া মোহিতস্তন্মাধুর্য্যে বশীভূতো মোক্ষায়াপি নাপূজয়ং কি

যে আচরিত অর্থাৎ অতি বৃষ্টি ও সুবৃষ্টি তাহা কখন প্রাণিদিগের দুঃখের নিমিত্ত ও কখন বা সুখের নিমিত্ত হয়, কিন্তু আপনার মত অচ্যুতাত্মা সাধুদিগের যে আচরিত তাহা কেবল সুখেরই কারণ হয় ॥ ৫।

যে ব্যক্তি যে রূপে দেবতাদিগকে ভজনা করে ছায়ার ন্যায় দেবতারাও কর্ম্মানুসারে তাহাদিগকে তদনুরূপ ফল প্রদান করেন, কিন্তু সাধুগণ তদ্রূপ নহেন, তাঁহারা দীনবৎসল ॥ ৬ ॥

হে ব্রহ্মন্। যদিচ আমি আপনার আগমন মাত্রে কৃতার্থ হইয়াছি তথাপি আমি আপনার আচরিত ভাগবত ধর্ম্ম অর্থাৎ যদ্দারা আপনার প্রতি ভগবান্ প্রসন্ন হইয়াছেন, তাহাই জিজ্ঞাসা করি, মরণ ধর্ম্ম

অপুত্রত্বং ন মোক্ষায় মোহিতো দেবমায়য়া ॥ ৭ ॥
যথা বিচিত্র ব্যসনাদ্ভবদ্ভির্বিশ্বতো ভয়াৎ।
মুচ্যে মহ্যঞ্জসৈবাদ্ধা তথা নঃ শাধি সুব্রত ॥ ৮ ॥
শ্রীশুক উবাচ ॥
রাজন্নেবং কৃত প্রশ্নো বসুদেবেন ধীমতা।
প্রীতস্তমাহ দেবর্ষি র্হরেঃ সংস্মারিতো গুণৈঃ ॥ ৯ ॥

পুত্র লাভ প্রয়োজনঃ সন্ পূজিতবান্। কিলেতি স্মৃতি গৃহে ভগবত্তুক্তমনুস্মরতি ॥ ৭ ॥

অতো যথা মুচ্যেমহি তথা নোঽস্মান্ শাধি শিক্ষয়। বিচিত্রাণি ব্যসনানি যস্মিন্ তস্মাৎ সংসারাৎ। তথা বিশ্বতঃ সর্ব্বতো ভয়ং যস্মিন্ তস্মাৎ। ভবদ্ভি র্হেতুভূতৈ রঞ্জসা অনায়াসেন। অদ্ধা সাক্ষাৎ ॥ ৮ ॥

হরেগু´ণৈ র্বর্ণনীয়ত্বেন প্রস্তুতৈঃ হরিং সংস্মারিত ইত্যর্থঃ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

মুতাস্তস্মৈ। কিন্তু প্রজার্থে তদ্রূপ পুত্র প্রাপ্তয়ে এব ॥ ৭ ॥

বিশ্বতো ভয়াৎ সর্ব্বতোপি ভয় হেতো ব্র´হ্ম শাপাৎ ॥ ৮ ॥

হরে গু´ণৈ স্তস্মিন্নবতীর্ণত্বাত্তদ্দর্শনে প্রকাশিতৈঃ ॥ ৯ ॥

শীল মানব যাহা শ্রবণ করিয়া সকল ভয় হইতে বিনির্ম্মুক্ত হয় ॥ ৭ ॥

যদি বলেন, তোমা ভিন্ন অন্য আর ভগবানের কৃপাভাজন কে আছে, তাহার কারণ বলি শ্রবণ করুন, আমি পূর্ব্বে দেব মায়ায় মোহিত হইয়াই পুত্র কামনায় সেই মুক্তিপ্রদ পুরাণ পুরুষকে পূজা করিয়াছিলাম, মোক্ষের নিমিত্ত করি নাই ॥ ৮ ॥

হে সুব্রত! এই বিবিধ দুঃখযুক্ত ও ভয় সঙ্কুল সংসার হইতে যাহাতে আপনা কর্ত্তৃক অনায়াসে সাক্ষাৎ মুক্ত হইতে পারি আমাকে তদ্রূপ উপদেশ প্রদান করুন ॥ ৯ ॥

শ্রীনারদ উবাচ ॥

সম্যগেতদ্ব্যবসিতং ভবতা সাত্বতর্ষভ।
যৎ পৃচ্ছসে ভাগবতান্ ধর্ম্মাংস্ত্বং বিশ্বভাবনান্ ॥ ১০ ॥
শ্রুতোঽনুপঠিতো ধ্যাত আদৃতো বানুমোদিতঃ।
সদ্যঃ পুনাতি সদ্ধর্ম্মো দেব বিশ্বদ্রুহোঽপি হি ॥ ১১ ॥
ত্বয়া পরম কল্যাণঃ পুণ্য শ্রবণ কীর্ত্তনঃ।

প্রীতিমাবিষ্করোতি সম্যগিতি ত্রিভিঃ পৃচ্ছসে পৃচ্ছসি। বিশ্ব ভাবান্ সর্ব্ব শোধকান্ ॥ ১০ ॥

আদৃত আস্তিক্যেন গৃহীতঃ। অনুমোদিতঃ পরৈঃ ক্রিয়মাণ সংস্তুতঃ। সদ্ধর্ম্মো ভাগবতো ধর্ম্মঃ। দেব হে বসুদেবেত্যর্থঃ। যদ্বা দেবেভ্যো বিশ্বস্মৈচ দ্রুহ্যন্তি যে তানপি ॥ ১১ ॥

কিঞ্চ ত্বয়া মহানুপকার কৃত ইত্যাহ ত্বয়েতি। পুণ্যে শ্রবণ কীর্ত্তনে যস্য সঃ ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র তদীয় স্বপ্রয়োজনস্যোত্তরং সর্ব্বান্তে দাস্যন্তি। ভগবদ্ধর্ম্মস্যোত্তর মাহ সম্যগিতি ॥ ১০ ॥ ১১ ॥

নারায়ণ স্তাদৃশ ধর্ম্মে মদীয় গুরুরূপো নারায়ণ ঋষিঃ। স্মারিত ইতি কৃষ্ণোপাসনা

শুকদেব কহিলেন, রাজন্! ধীমান্ বসুদেব এই রূপ প্রশ্ন করিলে দেবর্ষির হরি গুণ স্মরণ হওয়াতে প্রীত মনে কহিতে লাগিলেন ॥ ১০ ॥

নারদ কহিলেন, হে সাত্বত শ্রেষ্ঠ! তুমি যাহা মনস্থ করিয়াছ তাহা অতি উৎকৃষ্ট, তুমি যে ভাগবত ধর্ম্ম জিজ্ঞাসা করিয়াছ তাহা বিশ্ব শোধক ॥ ১১ ॥

হে বসুদেব! ভাগবত ধর্ম্মের এতাদৃশ মাহাত্ম্য যে, তাহা শ্রুত অথবা পঠিত কিম্বা ধ্যাত বা আদর পূর্ব্বক গৃহীত অথবা সংস্তুত কিম্বা অনুমোদিত হইলে বিশ্বদ্রোহকারি ব্যক্তিকেই সদ্যঃ পবিত্র করেন ॥

তাৎপর্য্য। যদি কোন ব্যক্তি ভাগবত ধর্ম্ম শ্রবণ অথবা নিজ মুখে

স্মারিতো ভগবানদ্য দেবো নারায়ণো মম ॥ ১২ ॥

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনং ।

আর্ষভাণাঞ্চ সম্বাদং বিদেহস্য মহাত্মনঃ ॥ ১৩ ॥

প্রিয়ব্রতো নাম সুতো মনোঃ স্বায়ম্ভুবস্য যঃ ।

তস্যাগ্নিধ্র স্ততো নাভি ঋ্ষভস্তৎ সুতঃ স্মৃতঃ ॥ ১৪ ॥

তমাহু র্বাসুদেবাংশং মোক্ষধর্ম্ম বিবক্ষয়া ।

অবতীর্ণং সুতশতং তস্যাসীদ্বেদপারগং ॥ ১৫ ॥

অত্রাপি ভগবদ্ধর্ম্ম নির্ণয়েঽপি । বিদেহস্য জনকস্য ॥ ১৩ ॥

আর্ষভাণাং উৎপত্তিং সাম্বয়াং বিবিচ্য কথয়তি প্রিয়ব্রত ইতি সপ্তভিঃ ॥ ১৪ ॥

মোক্ষধর্ম্ম বিবক্ষয়া মোক্ষধর্ম্মানাং প্রবর্ত্তনেচ্ছয়া অবতীর্ণং বাসুদেবাংশমাহুঃ । তস্যচ বেদপারগং সুত শতমাসীৎ ॥ ১৫ ॥

ক্রমসন্দর্ভঃ ।

বেশেন তস্যাপি বিস্মরণাৎ ॥ ১২ ॥

অত্র শ্রীনারায়ণোপদিষ্ট ধর্ম্মেপি উদাহরন্তি স্মরন্তি তচ্ছিষ্যা ইতি মাহাত্ম্য বিশেষো যোক্তং ॥ ১৩ ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥ ১৯ ॥

পাঠ কিম্বা স্মরণ অথবা আস্তিকতা পূর্ব্বক গ্রহণ কিম্বা স্তব অথবা অন্যে করিতেছে দেখিয়া তাহাতে সম্মতি প্রকাশ করেন, তিনি যদি বিশ্বের দ্রোহাচরণ করিয়াও থাকেন তথাপি ঐ ভাগবত ধর্ম্ম তাঁহাকে পবিত্র করিবেন ॥ ১২ ॥

হে বসুদেব ! তুমি আমার মহৎ উপকার করিয়াছ, অদ্য আমাকে পরম কল্যাণ, পুণ্য-কীর্ত্তি ভগবান্ নারায়ণদেবকে স্মরণ করিয়া দিলে ॥ ১৩ ॥

এক্ষণে এই ভাগবত ধর্ম্ম নির্ণয় বিষয়ে মহাত্মা জনকের সহিত ঋষভ নন্দন নব যোগেন্দ্রদিগের সম্বাদ স্বরূপ পুরাতন ইতিহাস উদাহরণ স্বরূপ বর্ণন করিতেছি ॥ ১৪ ॥

স্বায়ম্ভুব মনুর প্রিয়ব্রত নামে এক পুত্র ছিলেন, তাঁহার পুত্র অগ্নিধ্র অগ্নিধ্রের পুত্র নাভি, নাভির পুত্র ঋষভ ॥ ১৫ ॥

তেষাং বৈ ভরতো জ্যেষ্ঠো নারায়ণপরায়ণঃ।
বিখ্যাতং বর্ষমেতদযন্নাম্না ভারতমদ্ভুতং ॥ ১৬ ॥
স ভুক্তভোগাং ত্যক্তেমাং নির্গতস্তপসা হরিং।
উপাসীনস্তৎপদবীং লেভে বৈ জন্মভিস্ত্রিভিঃ ॥ ১৭ ॥
তেষাং নব নব দ্বীপপতয়োঽস্য সমন্ততঃ।
কর্ম্মতন্ত্র প্রণেতার একাশীতি র্দ্বিজাতয়ঃ ॥ ১৮ ॥
নবাভবন্মহাভাগা মুনয়োহ্যর্থ শংসিনঃ।
শ্রমণা বাতবসনা আত্মবিদ্যা বিদ্যাবিশারদাঃ।

তেষামৃষভ সুতানাং মধ্যে নব যোগেশ্বরাণাং চরিতং বক্তুমিতরেষাং চরিতং ততো বিবিচ্যাহ তেষামিতি। এতদজনাভং নাম বর্ষং যস্য নাম্না ভারতমিত্যদ্ভুতং বিখ্যাতমাসীৎ। এতেন তস্য ধর্ম্মাতিরেকো নিরূপিতঃ ॥ ১৬ ॥

ইমাং পৃথ্বীং। গৃহান্নির্গতঃ। হরিমুপাসীনঃ সেবমানঃ সন্ ॥ ১৭ ॥

নব সুতান্ নবদ্বীপপতয়ঃ নবানাং ব্রহ্মাবর্ত্তাদি ভূখণ্ডানাং পতয়ঃ। অস্য ভারত বর্ষস্য একাশীতিঃ সুতাঃ কর্ম্মমার্গ প্রবর্ত্তকা ব্রাহ্মণা অভূবন্ ॥ ১৮ ॥

অর্থশংসিনঃ পরমার্থ নিরূপকাঃ। শ্রমণাঃ শ্রমবন্তঃ আত্মাভ্যাসে কৃতশ্রমা ইত্যর্থঃ।

ঋষিগণ মোক্ষ ধর্ম্ম প্রবর্ত্তনেচ্ছায় বাসুদেবের অংশ বলিয়া সেই ঋষভকে নির্দ্দেশ করেন, তাঁহার এক শত সন্তান, সন্তান গুলি সকলেই বেদ পারগ ॥ ১৬ ॥

তাঁহাদিগের মধ্যে সর্ব্ব জ্যেষ্ঠের নাম ভরত, তিনি অতিশয় নারায়ণ পরায়ণ ছিলেন, এই অদ্ভুত ভারতবর্ষ তাঁহারই নামে বিখ্যাত হইয়াছে ॥ ১৭ ॥

এই ভারত বর্ষাধিপতি ভরত বহুকাল পৃথিবী ভোগ করিয়া পরে তাহাকে পরিত্যাগ পূর্ব্বক হরি আরাধনার্থ গৃহ হইতে নির্গত হয়েন, কিন্তু তিনি তপস্যা করিয়া তিন জন্মে তৎ পদবী প্রাপ্ত হয়েন ॥ ১৮ ॥

ঋষভদেবের আর নয় পুত্র ব্রহ্মাবর্ত্তাদি নয় ভূখণ্ডের অধিপতি

কবির্হবিরন্তরীক্ষঃ প্রবুদ্ধঃ পিপ্পলায়নঃ।
আবির্হোত্রোথ দ্রবিড়শ্চমসঃ করভাজনঃ॥ ১৯॥
ত এতে ভগবদ্রূপং বিশ্বং সদসদাত্মকং।
আত্মনোঽব্যতিরেকেণ পশ্যন্তো ব্যচরন্মহীং॥ ২০॥
অব্যাহতেষ্ট গতয়ঃ সুরসিদ্ধ সাধ্য
গন্ধর্ব্ব যক্ষ নর কিন্নর নাগলোকান্।
মুক্তাশ্চরন্তি মুনিচারণ ভূতনাথ
বিদ্যাধর দ্বিজগবাং ভুবনানি কামং॥ ২১॥

বাতবসনা দিগম্বরাঃ। আত্মবিদ্যায়াং বিশারদা নিষ্ণাতাঃ॥ ১৯॥

তেষাং পারমহংস্য রচিতমাহ ত এত ইতি। যাভ্যাং ভগবদ্রূপং বিশ্বং পশ্যন্তঃ। সদসদাত্মকং স্থূল সূক্ষ্ম রূপং। তচ্চ স্বাব্যতিরেকেন পশ্যন্তঃ॥ ২০॥

অব্যাহতা অপ্রতি হতা ইষ্টা অভিপ্রেতা গতি র্যেষাং তে মুক্তা অনাসক্তাঃ॥ ২১॥

ক্রমসন্দর্ভঃ।

ভগবতো রূপং স্ফূর্ত্তি যত্র তাদৃশং পশ্যন্তঃ। সদসদাত্মকং স্থূল সূক্ষ্ম রূপং। তচ্চাত্মনোঽব্যতিরেকেণ আত্মানমপি তদনুগতং পশ্যন্ত ইত্যর্থঃ॥ ২০॥

মুক্তাদীনি ভুবনানীচ॥ ২১॥ ২২॥ ২৩॥ ২৪॥ ২৫॥

হইলেন, তদ্ভিন্ন একাশীতি জন কর্ম্মমার্গ প্রবর্ত্তক ব্রাহ্মণ হইয়া ভারতবর্ষে বাস করিতে লাগিলেন॥ ১৯॥

অবশিষ্ট নয় জন আত্ম বিদ্যাভাসে কৃতশ্রম, পরমার্থ নিরূপক, আত্ম বিদ্যা বিশারদ, মহাভাগ, দিগম্বর, মুনি হইলেন। তাহাদিগের নাম কবি, হবি, অন্তরীক্ষ, প্রবুদ্ধ, পিপ্পলায়ন, আবির্হোত্র, দ্রবিড়, চমস ও কর ভাজন॥ ২০॥

ইহাঁরা স্থূল সূক্ষ্ম এই বিশ্বকে আপনা হইতে অভিন্ন ভগবদ্রূপে প্রত্যক্ষ করত পৃথিবী পর্য্যটন করিতে লাগিলেন॥ ২১॥

ত একদানিমেঃ সত্রমুপজগ্মুর্যদৃচ্ছয়া।
বিতায়মানমৃষিভিরজনাভে মহাত্মনঃ ॥ ২২ ॥
তান্ দৃষ্ট্বা সূর্য্যসঙ্কাশান্ মহাভাগবতান্ নৃপ।
যজমানোঽগ্নয়ো বিপ্রাঃ সর্ব্ব এবোপতস্থিরে ॥ ২৩ ॥
বিদেহ স্তানভিপ্রেত্য নারায়ণ পরায়ণান্।
প্রীতঃ সংপূজয়াঞ্চক্রে আসনস্থান্ যথার্হতঃ ॥ ২৪ ॥
তান্ রোচমানান্ স্বরুচা ব্রহ্মপুত্ত্রোপমান্নব।
পপ্রচ্ছ পরমপ্রীতঃ প্রশ্রয়াবনতো নৃপঃ ॥ ২৫ ॥

মহাত্মনো নিমে র্বিতায়মানমনুষ্ঠীয়মানং। অজনাভে ভারতবর্ষে ॥ ২২ ॥
যজমানো নিমিঃ অগ্নয় আহবনীয়াদয়ঃ। বিপ্রা ঋত্বিগাদয়ঃ ॥ ২৩ ॥
অভিপ্রেত্য জ্ঞাত্বা ॥ ২৪ ॥
স্বরুচৈব রোচমানান্ নতু আভরণাদি প্রকাশৈঃ। ব্রহ্মপুত্ত্রোপমান্ সনৎকুমারাদি সদৃশান্ ॥ ২৫ ॥

এই নব যোগেন্দ্র অব্যাহত গতি ও আসক্তি শূন্য হইয়া দেব, সিদ্ধ, সাধ্য, গন্ধর্ব্ব, যক্ষ, নর, কিন্নর ও নাগলোক, তথা মুনি, চারণ, ভূতনাথ, বিদ্যাধর, দ্বিজ এবং গো ভুবনে যদৃচ্ছাক্রমে বিচরণ করিতে লাগিলেন ॥ ২৩ ॥

তাঁহারা এক দিবস যদৃচ্ছাক্রমে এই ভারতবর্ষে ঋষিগণ কর্ত্তৃক অনুষ্ঠীয়মান মহাত্মা নিমিরাজের যজ্ঞ স্থলে গিয়া উপস্থিত হইলেন ॥২৩

হে নৃপ! তখন সেই সূর্য্য সদৃশ তেজস্বী মহাভাগবত মুনিদিগকে অবলোকন করিয়া যজমান নিমি, যজ্ঞীয় অগ্নি ও ঋত্বিক্ ব্রাহ্মণ প্রভৃতি সকলেই গাত্রোত্থান করিলেন ॥ ২৪ ॥

তাঁহারা আসনে উপবেশন করিলে পর বিদেহরাজ নিমি তাহাদিগকে নারায়ণপর জানিয়া প্রীত মনে যথোচিত পূজা করিলেন ॥ ২৫ ॥

বিদেহ উবাচ ॥
মন্যে ভগবতঃ সাক্ষাৎ পার্ষদান্ বো মধুদ্বিষঃ ।
বিষ্ণোর্ভূতানি লোকানাং পাবনায় চরন্তি হি ॥ ২৬ ॥
দুর্ল্লভো মানুষো দেহো দেহিনাং ক্ষণভঙ্গুরঃ ।
তত্রাপি দুর্ল্লভং মন্যে বৈকুণ্ঠপ্রিয় দর্শনং ॥ ২৭ ॥
অত আত্যন্তিকং ক্ষেমং পৃচ্ছামো ভবতোঽনঘাঃ ।

পরম প্রীত্যা তদ্দর্শনমভিনন্দতি দ্বাভ্যাং মন্যে ইতি। ননু ভগবতঃ পার্ষদানাং কথ মত্রোপলব্ধি স্তত্রাহ বিষ্ণোরিতি। বিষ্ণুভক্তা লোকপাবনার্থং সর্ব্বত্র পর্য্যটন্তীত্যর্থঃ ॥ ২৬ ॥

ময়া দুর্ল্লভং লব্ধমতো ভাগ্যমিত্যাহ দুর্ল্লভ ইতি। বহবো দেহা ভবন্তি যেষাং তে দেহিনঃ জীবাস্তেষাং ক্ষণভঙ্গুরোপি মানুষো দেহো দুর্লভঃ পরম পুরুষার্থ সাধনত্বাৎ। বৈকুণ্ঠঃ প্রিয়ো যেষাং। বৈকুণ্ঠস্য বা যে প্রিয়াস্তেষাং দর্শনং ॥ ২৭ ॥

হে অনঘা নিরবদ্যাঃ ভবতো যুষ্মানাত্যন্তিকং ক্ষেমং পৃচ্ছামঃ। যতঃ ক্ষণার্দ্ধ কাল ভবোঽপি সৎসঙ্গঃ সেবধি র্নিধিঃ। নিধিলাভে যথানন্দো ভবতি তথা পরমানন্দ ইত্যর্থঃ ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ ।

বিষ্ণোর্ভূতানি পার্ষদা এব রূপান্তরেণেতি ভাবঃ ॥ ২৬ ॥ ২৭ ॥

আত্যন্তিকং ক্ষেমমিতি তস্মিন্ ভয়মাত্রং নস্পৃশতীত্যর্থঃ। যতঃ সংসার ইতি সেবধিঃ সর্ব্বাভীষ্টদঃ ॥ ২৮ ॥

এবং স্নেহ সহকারে অবনত হইয়া পরম প্রীত চিত্তে স্বীয় তেজে জাজ্জ্বল্যমান ব্রহ্মপুত্র সদৃশ সেই নয় জন যোগেন্দ্রকে জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥ ২৫ ॥

বিদেহ কহিলেন, হে ঋষিগণ! আমি আপনাদিগকে সাক্ষাৎ ভগবান্ মধুসূদনের পার্ষদ বলিয়া জানিতেছি, কারণ বিষ্ণু ভক্তেরা লোকদিগকে পবিত্র করিবার নিমিত্ত সর্ব্বত্র বিচরণ করিয়া থাকেন ॥ ২৬

আমার কি সৌভাগ্য! অদ্য আমি দুর্ল্লভ লাভ করিলাম, যে হেতু দেহিদিগের মধ্যে এই মানব দেহ অতি দুর্ল্লভ, তন্মধ্যে আবার বৈকুণ্ঠ-নাথের প্রিয় ব্যক্তির সন্দর্শনকে দুর্ল্লভ করিয়া মানি ॥ ২৭ ॥

অতএব হে নিষ্পাপ ঋষিগণ আপনাদিগকে আত্যন্তিক মঙ্গল

সংসারেঽস্মিন্ ক্ষণার্দ্ধোঽপি সৎসঙ্গঃ সেবধির্নৃণাং ॥ ২৮ ॥
ধর্ম্মান্ ভাগবতান্ ব্রূত যদি নঃ শ্রুতয়ে ক্ষমং।
যৈঃ প্রসন্নঃ প্রপন্নায় দাস্যত্যাত্মানমপ্যজঃ ॥ ২৯ ॥
শ্রীনারদ উবাচ ॥
এবং তে নিমিনা পৃষ্টা বসুদেব মহত্তমাঃ।
প্রতিপূজ্যাব্রুবন্ প্রীত্যা সসদস্যর্ত্বিজং নৃপং ॥ ৩০ ॥
শ্রীকবিরুবাচ ॥
মন্যে কুতশ্চিদ্ভয়মচ্যুতস্য পদাম্বুজো

তদর্থঞ্চ ভাগবতান্ ধর্ম্মান্ ব্রূত যদি নোঽস্মাকং শ্রুতয়ে শ্রবণায় ক্ষমং যোগ্যং ভবতি কথং ভূতান্ যৈ র্ধর্ম্মৈঃ প্রসন্নঃ প্রপন্নায় ভক্তায় অজো হরিরাত্মানমপি দাস্যতি তান্ ॥ ২৯ ॥

সহ সদস্যৈঃ ঋত্বিগ্‌ভিশ্চ বর্ত্তমানং। তেপি ভগবদ্ধর্ম্ম শ্রবণাদি পরা বভূবুঃ। ভগবদ্ধর্ম্ম তত্তত্ত্ব মায়া তত্তরণানিচ। ব্রহ্ম কর্ম্মাবতারেহা ভক্ত প্রাপ্য যুগক্রমান্। জ্ঞাতুং ক্রমেণ কৃতবানেবং প্রশ্নান্নিমি র্ন্নৃপ। একৈকশ্যোত্তরং প্রোচুঃ কবিমুখ্যামুনীশ্বরাঃ ॥ ৩০ ॥

প্রথমমাত্যন্তিকং ক্ষেমং কথয়তি মন্য ইতি। ন কুতশ্চিদ্ভয়ং। অত্র সংসারে

ক্রমসন্দর্ভঃ।

তাদৃশ ক্ষেম পর্য্যবসানাৎ ধর্ম্মাংশ্চ ব্রূত নন্থ সর্ব্ব এব ধর্ম্মাঃ ক্রমেণ তৎপর্য্যবসানা স্তত্রাহ ভাগবতানেব কিমন্যৈ র্ব্যবহিতৈরিত্যর্থঃ। আত্যন্তিকং ক্ষেমমিত্যেব বিশদয়তি যৈরিতি। দাস্যতীতি বর্ত্তমান সামীপ্য প্রয়োগাৎ শীঘ্রমেবাত্মান মনববক্ত ক্ষুর্ত্যাদি বশং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ২৯ ॥

ক্রমেণ সর্ব্বেপ্যব্রুবন্। তত্র প্রথমং কবিরুবাচেত্যর্থঃ ॥ ৩০ ॥

তমাত্যন্তমেব মন্যমান আহ মন্য ইত্যাদিভিঃ। ন কুতশ্চিদ্ভয়ং আত্যন্তিকং ক্ষেমং।

জিজ্ঞাসা করি, এই সংসারে ক্ষণার্দ্ধ সাধু সঙ্গও মনুষ্যদিগের পরম নিধি লাভ ॥ ২৮ ॥

এ নিমিত্ত হে মহাভাগগণ! যদি শ্রবণ করিতে আমাদের অধিকার থাকে, তবে আপনারা আমাদিগকে ভাগবত ধর্ম্ম বলুন, যদ্দ্বারা প্রসন্ন হইয়া ভগবান্ অজ প্রপন্ন জনকে আত্ম প্রদান করেন ॥ ২৯ ॥

নারদ কহিলেন, হে বসুদেব! সেই মহত্তম ঋষিগণ এই রূপে নিমি-

পাদাসন মত্র নিত্যং। উদ্বিগ্ন বুদ্ধে রস
দাত্মভাবাৎ বিশ্বত্মনা যত্র নিবর্ত্ততে ভীঃ॥ ৩১॥
যে বৈ ভগবতা প্রোক্তা উপায়া আত্মলব্ধয়ে।

হসদাত্ম ভাবাৎ অসতি দেহাদাবাত্ম ভাবনাতঃ নিত্যং সর্ব্বদা উদ্বিগ্নবুদ্ধেঃ বিশ্বাত্মনা সর্ব্বথা নিঃশেষং যত্র পাদাম্বুজোপাসনে ভীর্নিবর্ত্ততে॥ ৩১॥

ভাগবত ধর্ম্ম লক্ষণ মাহ যে বৈ ইতি। মন্বাদিমুখেন বর্ণাশ্রমাদি ধর্ম্মানুক্তা অতিরহ-

ক্রমসন্দর্ভঃ।

নিত্য পাদাম্বুজোপাসনমনবরত স্ফূর্ত্ত্যাদি। বিশ্বাত্মনেতি তৎ সাধনাবস্থায়ামপি ক্রমশো ভয় নিবৃত্তি র্দর্শিতা॥ ৩১॥

ভাগবত ধর্ম্ম লক্ষণমাহ যে বৈ ইতি। স্বয়ং ভগবতা কালেন নষ্টা প্রলয়ে বাণীয়ং যেন

রাজ কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া তাঁহাকে সৎকার পূর্ব্বক প্রীত মনে সদস্য ঋত্বিকের সহিত রাজাকে পৃথক্ পৃথক্ কহিতে লাগিলেন॥

এই স্থলে নিমিরাজা নব যোগেন্দ্রদিগকে বক্ষ্যমাণ নয়টী প্রশ্ন করেন। যথা— ভগবদ্ধর্ম্ম কি, ভগবদ্ভক্ত কি প্রকার, ভগবানের মায়া কিদৃশী। ৩। ঐ মায়া কি রূপে পার হওয়া যায়। ৪। ব্রহ্ম কাহাকে বলে। ৫। কর্ম্ম কি। ৬। অবতার লীলা কি প্রকার। ৭। ভক্তের প্রাপ্য কি। ৮। যুগ ধর্ম্ম কাহাকে বলে। ৯। কবি প্রভৃতি নয় জন প্রত্যেকে এক একটী প্রশ্নের উত্তর দেন॥ ৩০॥

তন্মধ্যে প্রথমত আত্যন্তিক ক্ষেম কি আজ্ঞা করুন, রাজার এই প্রশ্নে কবি কহিলেন, মহারাজ! সকল ধর্ম্মেতেই ভয় দৃষ্ট হইতেছে, আমি জানি ভগবান্ অচ্যুতের পাদপদ্ম উপাসনা করিলে, আত্যন্তিক কল্যাণ হয় এবং অন্য কিছু হইতে ভয় পাইতে হয় না, যে হেতু এই সংসারে দেহাদিতে অর্থাৎ দেহ গৃহ কুটুম্বাদিতে আত্মীয় ভাবনা নিবন্ধন সর্ব্বদা উদ্বিগ্ন-চিত্ত লোকদিগেরও ঐ উপাসনাতে সর্ব্বতোভাবে ভয় নিবর্ত্ত হয়॥ ৩১॥

রাজন্! তাহার মধ্যে ভাগবত ধর্ম্মের লক্ষণ শ্রবণ করুন মূঢ় মতি

অঞ্জঃ পুংসামবিদুষাং বিদ্ধি ভাগবতান্ হি তান্ ॥ ৩২ ॥
যানাস্থায় নরো রাজন্ন প্রমাদ্যেত কর্হিচিৎ।

তস্মাৎ স্বমুখেনৈব ভগবতা হ্যবিদুষামপি পুংসামঞ্জঃ সুখেনৈবাত্ম লব্ধয়ে যে বৈ উপায়াঃ প্রোক্তাস্তান্ ভাগবতধর্ম্মান্ বিদ্ধি ॥ ৩২ ॥

অঞ্জঃ পদেনোক্তং সুকরত্বং বিবৃণোতি যানিতি। যানাস্থায়াশ্রিত্য যোগাদিম্বিব ন প্রমাদ্যেত বিঘ্নৈ র্নবিহন্যেত। কিঞ্চ নিমীল্য নেত্রে ধাবন্নপীহ এষু ভাগবত ধর্ম্মেষু ন স্খলেৎ। নিমীলনং নানা জ্ঞানং যথাহুঃ। শ্রুতি স্মৃতী উভে নেত্রে বিপ্রাণাং পরিকীর্ত্তিতে। একেন বিকলঃ কাণো দ্বাভ্যামন্ধঃ প্রকীর্ত্তিত ইতি তে। অজ্ঞাত্বাপীত্যর্থঃ। যথা পদ

ক্রমসন্দর্ভঃ।

সংজ্ঞিতা। ময়াদৌ ব্রহ্মণে প্রোক্তা ধর্ম্মো যস্যাং মদাত্মক ইত্যনুসারেণ। অবিদুষাং পুংসাং তত্মাহাত্ম্যমবিদ্বদ্ভিরপি কর্ত্তৃভিঃ আত্মনো ব্রহ্ম পরমাত্ম ভগবানিত্যাবির্ভাব ভেদতঃ স্বস্ত কর্ম্ম ভূতস্ত অঞ্জঃ অব্যবধানেনৈব লব্ধয়ে লাভায় যে উপায়াঃ সাধনানি প্রোক্তা তানুপায়ান্ ভাগবত ধর্ম্মান্ বিদ্ধি হি প্রসিদ্ধৌ। তত্র সাক্ষাত্তক্তেরপি ভাগবত ধর্ম্মাখ্যত্বং এতাবানেব লোকেস্মিন্নিত্যাদৌ পরম ধর্ম্মত্ব খ্যাপনায় দর্শিতং। তত্রাত্ম লব্ধয়ে প্রোক্তা

লোকদিগের অনায়াসে আত্ম লাভ সিদ্ধি নিমিত্ত ভগবান্ যে সকল উপায় উপদেশ করিয়াছেন, অর্থাৎ ভগবদ্গীতায় "যৎ করোষি যদশ্নাসি" ইত্যাদি পদ্যে যাহা আজ্ঞা করিয়াছেন, সেই সকলকেই ভাগবত ধর্ম্ম জানিবা ॥ ৩২ ॥

হে রাজন্! যে ভাগবত ধর্ম্ম আশ্রয় করিয়া মনুষ্য চক্ষুঃ নিমীলন পূর্ব্বক ধাবমান হইলেও কখন বিঘ্ন বশতঃ স্খলিত বা পতিত হয় না ॥

তাৎপর্য্য। পূর্ব্ব পদ্যে অনায়াস পদ প্রয়োগ হেতু ভক্তির সুগমত্ব দেখাইতেছেন। হে রাজন্! যে ভাগবত ধর্ম্ম আশ্রয় করিলে যোগাদি সাধনের ন্যায় বিঘ্নে অভিভূত হইতে হয় না। অপর নেত্রদ্বয় নিমীলন করিয়া দৌড়িয়া গেলে এই ভাগবত ধর্ম্ম সকলে স্খলিত হয় না, নিমীলন শব্দের অর্থ নানা জ্ঞান, প্রাচীন পণ্ডিতগণ কহিয়াছেন ব্রাহ্মণদিগের শ্রুতি স্মৃতি এই দুইটী চক্ষুঃ। এক বিহীন হইলে তাহাকে কাণ বলে,

ধাবন্নিমীল্য বা নেত্রে নস্খলেন্নপতেদিহ ॥ ৩৩ ॥
কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈর্ব্বা বুদ্ধ্যাত্মনা
বানুসৃত স্বভাবাৎ। করোতি যদ্যৎ সকলং

ন্যাস স্থানমতিক্রম্য শীঘ্রং পরতঃ পদ ন্যাসেন গতি র্ধাবনং তদ্বদত্রাপি কিঞ্চিৎ কিঞ্চিদতি ক্রম্যাতি শীঘ্রং পরস্থানুষ্ঠানং তথাঽনুতিষ্ঠন্নপি ন স্খলেৎ ন প্রত্যবায়ী স্যাৎ তথা ন পতেৎ ফলান্ন ভ্রশ্যেৎ ॥ ৩৩ ॥

নমু কেতে ভাগবত ধর্ম্মা ঈশ্বরার্পিতানি সর্ব্ব কর্ম্মাণ্যপীত্যাহ কায়েনেতি। আত্মনা চিত্তেন অহঙ্কারেণ বা অনুসৃতো যঃ স্বভাব স্তস্মাৎ। অয়মর্থঃ ন কেবলং বিধিতঃ কৃত মেবেতি নিয়মঃ স্বভাবানুসারি লৌকিকমপীতি। তথাচ ভগবদ্গীতাসু যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যত্তপস্যসি কৌন্তেয় তৎ কুরুস্ব মদর্পণমিতি। যদ্বা নমু কায়াদীনামেব কর্ম্মণাত্মন ইত্যাশঙ্ক্যাহ অধ্যাসেনানুসৃতাৎ ব্রহ্মণত্বাদি স্বভাবাদ্ যদ্যৎ করোতীর্থঃ। তৎ সকলং পরস্মৈ পরমেশ্বরায় নারায়ণায়েতি সমর্পয়েৎ তথা সতি সকল

ক্রমসন্দর্ভঃ।

ইতি তটস্থ লক্ষণং। অন্তেন তদলাভাদব্যভিচারি আত্ম লব্ধয়ে যে উপায়া ইতি তু স্বরূপ লক্ষণং তল্লাভোপায়োহি তদনুগতিরেব ॥ ৩২ ॥ ৩৩ ॥

এতেচ শ্রীপ্রবুদ্ধেনাপি বিবিচ্য বক্ষ্যন্তে স্বয়মপি সংক্ষেপেণেত্যভিপ্রেত্য প্রথমত স্তত্রাপ্য

দুইটী বিহীন হইলে তাহার নাম অন্ধ, না জানিয়াও যেমন পদন্যাস স্থান অতিক্রম করিয়া শীঘ্র পর পাদ ন্যাস দ্বারা গতিকে ধাবন বলে, তাহার ন্যায় ভাগবত ধর্ম্মও নিরন্তর কিঞ্চিৎ কিঞ্চিৎ অতিক্রম করিয়া অতি শীঘ্র অনুষ্ঠান করাকে ধাবন বলে। অর্থাৎ শ্রুতি স্মৃতি উক্ত বর্ণাশ্রম নিবন্ধন নিত্য নৈমিত্তিক কর্ম্মের কোন অঙ্গ অনুষ্ঠিত না হইলে তাহাতে যেমন প্রত্যবায়ী ও ফল হইতে বিচ্যুত হয়, তদ্রূপ ভাগবত ধর্ম্মে অবস্থিত পুরুষ ভাগবত ধর্ম্মের সমগ্র অঙ্গ যাজন করিতে না পারিলেও তাহাতে কখন প্রত্যবায়ী হয় না এবং ফল হইতেও ভ্রষ্ট হয় না ॥ ৩৩ ॥

যদি বল ভাগবত ধর্ম্ম সকল কি? তাহার উত্তর, যে কোন কর্ম্ম করা যায় তাহা যদি ভগবান নারায়ণে সমর্পিত হয় তবেই সেই

পরস্মৈ নারায়ণায়েতি সমর্পয়েত্তৎ ॥ ৩৪ ॥

ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদীশাদপে

মপি কর্ম্ম ভাগবতো ধর্ম্মো ভবতীতি ভাবঃ ॥ ৩৪ ॥

নন্বু কিমেবং পরমেশ্বর ভজনেনাজ্ঞান কল্পিত ভয়স্য জ্ঞানৈক নিবর্ত্ত্যত্বাদিত্যাশঙ্ক্যাহ

ক্রমসন্দর্ভঃ।

নসানাং তস্মায় মাত কায়েনেতি ॥ ৩৪ ॥

যস্তে কৃতশ্চিদিত্যেবস্থাপয়ন ক্রমেণ তত্রৈব নিষ্ঠাপয়তি ভয়মিতি। যতোভয়ং

সকল কর্ম্মকে ভাগবত ধর্ম্ম বলে, অর্থাৎ বিধি বিহিত রূপে শরীর দ্বারা যাহা করিবে, বাক্যে যাহা বলিবে, মনে যাহা ভাবনা করিবে, ইন্দ্রিয়গণ দ্বারা যাহা কৃত হইবে, বুদ্ধি দ্বারা যাহা অবধারিত হইবে এবং চিত্ত দ্বারা যাহা চিন্তা করিবে তৎ সমুদায় ভগবানে সমর্পণ করিবে, অপর কেবল যে বিধি বিহিত কর্ম্ম মাত্র করিবে এমত নয়, ব্রাহ্মণত্বাদি স্বভাব বশতঃ যাহা যাহা করিবে তৎ সমুদায়ও ঈশ্বরে অর্পণ করিবে ॥

তাৎপর্য্য। ভাগবত ধর্ম্মে প্রবৃত্ত বুদ্ধিমান্ পুরুষ কায়িকাদি ব্যাপার সকলকেও ভগবদ্ধর্ম্মান্তরে প্রবেশ করাইবে, যেমন বিষয়ী লোক প্রাতঃ-কালের অবশ্য মল মূত্র ত্যাগ, মুখ প্রক্ষালন, দন্তধাবন, স্নান, দর্শন, শ্রবণ ও কথনাদি ব্যাপার সুখ ভোগার্থ করিয়া থাকে, আর যেমন কর্ম্মি পুরুষ ঐ সমুদায় কায়িকাদি ব্যাপার দেব পিত্রাদির পূজার নিমিত্ত করে, তদ্রূপ ভগবদ্ভক্ত সেই সেই ব্যাপার ভগবৎ সেবার্থ করিবে, তাহা হইলে ঐ সকল কার্য্যকে ভক্ত্যঙ্গ বলা যাইবে, আর দেহ স্বীকার নিবন্ধন স্বভাব বশত যে কোন কায়িকাদি ব্যাপার কৃত হইবে, তৎ সমুদায় নারায়ণে সমর্পিত হইলে ভক্ত্যঙ্গ রূপে পরিগণিত হইবে ॥ ৩৪ ॥

যদি বল পরমেশ্বরের ভজন দ্বারা কি হইবে, অজ্ঞান কল্পিত ভয়ের এক মাত্র জ্ঞানই নিবর্ত্তক, মহারাজ। এরূপ আশঙ্কা করিও না,

তস্য বিপর্য্যয় স্মৃতিঃ। তন্মায়য়াতো বুধ
আভজেত্তং,ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা॥ ৩৫ ॥
অবিদ্যমানোপ্যবভাতি হি দ্বয়ো ধাতুর্ধিয়া স্বপ্ন
মনোরথৌ যথা। তৎ কর্ম্ম সংকল্প বিকল্পকং

ভয়মিতি। যতো ভয়ং যন্মায়য়া ভবেৎ অতো বুধো বুদ্ধিমান্ তমেবাভজেৎ। নমু ভয়ং দেহাদ্যভিনিবেশতো ভবতি। সচ দেহাদ্যহঙ্কারতঃ। সচ স্বরূপাস্মরণাৎ। কিমত্র তস্য মায়া করোতি অত আহ ঈশাদপেতস্যেতি। ঈশ্বর বিমুখস্য তন্মায়য়া হস্মৃতিঃ স্বরূপা স্ফুর্ত্তিঃ। ততো বিপর্য্যয়ো দেহে হস্মীতি। ততো দ্বিতীয়াভিনিবেশাদ্ভয়ং ভবতি। এবং হি প্রসিদ্ধং লৌকিকীষপি মায়াসু। উক্তঞ্চ ভগবতা দৈবীহ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ইতি। একয়া হব্যভিচারিণ্যা ভক্ত্যা ভজেত কিঞ্চ গুরু দেবতাত্মা গুরুরেব দেবতা ঈশ্বর আত্মা শ্রেষ্ঠশ্চ যস্য তথা দৃষ্টিঃ সন্নিত্যর্থঃ॥ ৩৫ ॥

নন্মু বিষয় বিক্ষিপ্ত চিত্তস্য কুতো হব্যভিচারিণী ভক্তিঃ সম্ভবতি কুতস্তরাম ভয়ং এতাবদ্বিষয়ো নাম ন বাস্তবোঽস্তি কিন্তু মনো বিলাস মাত্রং অতো মনো নিয়মনেন ভজনাদভয়ং স্যাদিত্যাহ অবিদ্যমানো হপীতি। দ্বয়ো দ্বৈত প্রপঞ্চঃ। ধ্যাতুঃ পুংসঃ

ক্রমসন্দর্ভঃ।

তন্মায়য়া ভবেৎ অতো বুধো বুদ্ধিমান্ তমেবাভজেৎ প্রথমতঃ কায়েনেত্যাদ্যুক্ত প্রকারেণ ঈষদপি ভজেৎ। ততো গুরুদেবতাত্মা সন্ ভক্ত্যা সাক্ষাদ্ভাগবত ধর্ম্ম রূপয়া তত একয়া নিত্য পদাম্বুজোপাসন রূপয়েতি বিশেষতোঽর্থঃ॥ ৩৫ ॥

অথ সাক্ষাত্তদ্ধর্ম্ম রূপামেব গ্রাহয়ন্ মনো নিরোধোক্ত্যা কায়েনেত্যাদ্যুক্তমতিক্রময়তি

ভগবদ্বিমুখ ব্যক্তির মায়া বেশ বশতঃ স্বরূপের অস্মৃতি ও দেহে আত্ম জ্ঞান হয়, সুতরাং দ্বৈতাভিনিবেশ অর্থাৎ আমি পৃথক্ বলিয়া বুদ্ধি হেতু তাহারা ভয় পায়। অতএব গুরু ও দেবতাতে আত্ম দৃষ্টি পূর্ব্বক বুদ্ধিমান্ ব্যক্তি একান্ত ভক্তি সহকারে ঈশ্বরকে ভজনা করিবেন্ ॥ ৩৫ ॥

যদি বল আমার চিত্ত বিষয়ে বিক্ষিপ্ত হইয়াছে কি প্রকারে অব্যভিচারিণী ভগবদ্ভক্তি হইবে, কি রূপেই বা ভয় হইতে উত্তীর্ণ

মনো বুধো নিরুন্ধ্যাদভয়ং ততঃ স্যাৎ ॥ ৩৬ ॥
শৃণ্বন্ সুভদ্রাণি রথাঙ্গপাণের্জন্মানি কর্ম্মাণি
চ যানি লোকে । গীতানি নামানি তদর্থ
কানি গায়ন্ বিলজ্জো বিচরেদসঙ্গঃ ॥ ৩৭ ॥
এবং ব্রত স্বপ্রিয়নাম কীর্ত্ত্যা জাতানুরাগো

ধিয়া মনসা। স্বপ্নশ্চ মনোরথশ্চ যথেত্যর্থঃ। তত্তস্মাৎ কর্ম্মাণি সঙ্কল্পয়তি বিকল্পয়তি চ যন্মন তন্নিরুন্ধ্যাৎ নিযচ্ছেৎ। ততশ্চৈকয়া ভক্ত্যা ভজনাদভয়ং স্যাদিত্যর্থঃ ॥ ৩৬ ॥

এতদত্যন্তাশক্যমিত্যাশঙ্ক্য সুগমং মার্গমাহ শৃণ্বিতি। তদর্থ কানি তানি জন্মানি কর্ম্মাণিচ অর্থো যেষাং তানি শৃণ্বন্ গায়ংশ্চ বিচরেৎ অসঙ্গো নিস্পৃহঃ ॥ ৩৭ ॥

এবঞ্চ ভজতঃ সংপ্রাপ্ত প্রেম লক্ষণ ভক্তিযোগস্য সংসার ধর্ম্মাতীতাং গতিমাহ এবমিতি। এবং ব্রতং ব্রতঃ যস্য সঃ স্বপ্রিয়স্য হরের্নাম কীর্ত্ত্যাজাতেনুরা হগঃ প্রেমা যস্য সঃ। অতএব

ক্রমসন্দর্ভঃ।

অবিদ্যোক্তি ব্যাখ্যাঃ ॥ ৩৬ ॥

মনো নিরোধশ্চায়ং যদি পৃথক্ স্যাৎ তর্হি দুষ্করোঽষ্টাঙ্গ যোগময়শ্চেত্যঙ্গস্য হানি মিত্যাশঙ্ক্য স্বতএবমনো নিরোদ্ধৃঞ্চ পরমোপযুক্তোয়মিতি সাক্ষাদ্ভগবদ্ধর্ম্মমেবাহ শৃণ্বন্নিতি। যানি শাস্ত্র দ্বারা সৎ পরম্পরা দ্বারাচ লোকে গীতানি জন্মানি কর্ম্মাণিচ তানি শৃণ্বন্ গায়ংশ্চ তথা তদর্থকানি তানি জন্মানি কর্ম্মাণিচ অর্থো যেষাং তানি নামানিচ গায়ন্ বিচরে-দিত্যন্বয়ঃ ॥ ৩৭ ॥

ততোঽস্যসা তৃতীয়া ফল রূপা ভক্তিঃ স্যাদিত্যাহ এবং ব্রতমিতি। অত্র নাম কীর্ত্ত্যেতি

হইব, এ রূপ আশঙ্কা করিও না, বিষয় বলিয়া বাস্তবিক কোন বস্তু নাই কিন্তু তাহা মনো বিলাস মাত্র, অতএব মনকে নিগ্রহ করিয়া ভগবদ্ভজন করিলেই অভয় হয়, এই অভিপ্রায়ে কহিলেন, রাজন্! বস্তুত দ্বৈত সত্য নহে কিন্তু তাহা অবিদ্যমান হইয়াও স্বপ্ন ও মনোরথের ন্যায় ধ্যানকারি পুরুষের বুদ্ধিতে প্রকাশমান হয়, অতএব বুদ্ধিমান্ ব্যক্তি কর্ম্ম সকলের সংকল্প বিকল্পকারি মনের নিরোধ পূর্ব্বক একান্ত ভক্তিযোগে ভজন করিলেই অভয় প্রাপ্ত হইবেন ॥ ৩৭ ॥

যদি বল এরূপ ভজন করা সুকঠিন, তবে সুগম মার্গ উপদেশ দি

দ্রুতচিত্ত উচ্চৈঃ। হসত্যথো রোদিতি
রৌতি গায়ত্যুন্মাদবন্নৃত্যতি লোকবাহ্যঃ ॥ ৩৮ ॥
খং বায়ুমগ্নিং সলিলং মহীঞ্চ জ্যোতীংষি
সত্ত্বানি দিশো দ্রুমাদীন্। সরিৎ সমুদ্রাংশ্চ

দ্রুতচিত্তঃ শ্লথ হৃদয়ঃ কদাচিত্তৎ পরাজিতং ভগবন্তমাকলয্য উচ্চৈ র্হসতি। এতাবন্তং কালং উপেক্ষিতোঽস্মীতি রোদিতি। অত্যৌৎসুক্যাদ্রৌতি ক্রোশতি। অতি হর্ষেণ গায়তি। জিতং জিতমিতি নৃত্যতি কিং দাম্ভিক বৎ পরান্ প্রতি প্রকাশয়িতুং ন উন্মাদ বৎ গ্রহগৃহীতবৎ লোকবাহ্যঃ বিবশঃ ॥ ৩৮ ॥

কিঞ্চ খমিতি সত্ত্বানি ভূতানি আকাশাদীনি। যৎকিঞ্চ ভূতমাত্রং হরেঃ শরীরমিতি

ক্রমসন্দর্ভঃ।

তৃতীয়া শ্রুত্যা তত্রাপ্যতিশয সাধক স্তমত্ব ব্যঞ্জনাৎ। তত এবং শৃণ্বন্নিত্যাদি প্রকারং ব্রতং যস্য তথা ভূতোপি সন্। স্বপ্রিয়ানি তন্নাম স্বসংখ্যাসু মধ্যে যানি স্ববাসনা পোষকানি তেষাং কীর্ত্ত্যা কীর্ত্তনেন মুখ্যেন কারণেন জাতানুরাগ আবির্ভূত মহাপ্রেমেত্যর্থঃ। হাসাদীনাং কারণানি ভক্তিভেদানস্ত্যাদনন্তান্যেব জ্ঞেয়ানি ॥ ৩৮ ॥

ততঃ শ্রীভগবতঃ সর্ব্বত্র স্ফূর্ত্তেঃ খং বায়ুমিতি সত্ত্বানি ভূতানি। আকাশাদিকং যৎ পশ্যতি তদনুরাগাতিশযেন জগদ্ধন মযং লুব্ধাঃ কামুকা কামিনীময়মিতি তদ্ধরেঃ শরীরং শ্যামসুন্দর পীতবসনাদি রূপমেব পশ্যন্ প্রণমেৎ। তত্র তত্র ভক্ত্যা নম্রাত্মা ভবতীত্যর্থঃ।

শ্রবণ কর। চক্রপাণি শ্রীকৃষ্ণের শাস্ত্র ও লোক পরম্পরা প্রসিদ্ধ মঙ্গল জনক জন্ম কর্ম্ম সকল শ্রবণ করিয়া ও তদর্থক নাম সকল কীর্ত্তন করতঃ নিস্পৃহ ও লজ্জা শূন্য হইয়া বিচরণ করিবেক ॥ ৩৭ ॥

মহারাজ! এই প্রকার ভক্ত্যঙ্গ যাজী পুরুষ স্বীয় প্রিয়তম হরির নাম কীর্ত্তন করিতে করিতে প্রেম উৎপন্ন হওয়ায় তন্নিবন্ধন শ্লথ হৃদয় হইয়া উন্মত্তের ন্যায় উচ্চৈঃস্বরে কখন হাস্য, কখন রোদন, কখন আক্রোশন, কখন গান, কখন বা নৃত্য করিতে থাকেন ॥ ৩৮ ॥

আর আকাশ, বায়ু, অগ্নি, জল, পৃথিবী, জ্যোতি, সত্ত্ব, দিক্, বৃক্ষ, সরোবর ও সমুদ্রাদি যে কিছু পদার্থ আছে সমুদয়কে হরির শরীর

হরেঃ শরীরং যৎ কিঞ্চভূতং প্রণমেদনন্যঃ ॥ ৩৯ ॥
ভক্তিঃ পরেশানুভবো বিরক্তিরন্যত্র চৈষ
ত্রিক এক কালঃ। প্রসদ্যমানস্য যথাশ্নতঃ
স্যু স্তুষ্টিঃ পুষ্টিঃ ক্ষুদপায়োঽনুঘাসং ॥ ৪০ ॥

মত্বা প্রণমেৎ সম্ভাবনায়াং লিঙ্ ॥ ৩৯ ॥

নবিয়মারূঢ় যোগানামপি বহু জন্মভি র্দুর্লভা গতিঃ কথং নাম কীর্ত্তন মাত্রেণৈকস্মিন্নেব জন্মনি ভবেদিত্যাশঙ্ক্য সদৃষ্টান্তমাহ ভক্তিরিতি। প্রপদ্যমানস্য হরিং ভজতঃ পুংসো ভক্তিঃ প্রেমলক্ষণা পরেশানুভবঃ প্রেমাস্পদ ভগবদ্রূপ স্ফূর্ত্তিঃ তয়া নির্বৃত্তস্য। ততো ঽন্যত্র গৃহাদিষু বিরক্তিরিত্যেষ ত্রিক এক কালঃ ভজন সমকাল এব স্যাৎ। যথাশ্নতো ভুঞ্জানস্য তুষ্টিঃ সুখং পুষ্টি রুদর ভরণং ক্ষুন্নিবৃত্তিশ্চ প্রতি গ্রাসং স্যুঃ উপলক্ষণমেতৎ প্রতি সিক্থমপি যথা স্যু স্তদ্বৎ। এবমেকৈকস্মিন্ ভজনে কিঞ্চিৎ প্রেমাদি ত্রিকে জায়মানে ঽনুবৃত্ত্যা ভজতঃ পরম প্রেমাদি জায়তে। বহুগ্রাস ভোজন ইব পরম তুষ্ট্যাদিঃ ॥ ৪০ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র হেতুঃ অনন্যঃ স্ফূর্ত্ত্যন্তর রহিত ইত্যর্থঃ। যা নিশা সর্ব্বভূতানামিত্যাদেঃ ॥ ৩৯ ॥

নমু পূর্ব্বং পাদাম্বুজোপাসনমিত্যাদিনা তাদৃশ তৎ স্ফূর্ত্তিময়ং ফলমুদ্দিষ্টং। এবং ব্রত ইত্যাদিনা তৎ প্রেম। লোকবাহ্য ইত্যনেন বৈরাগ্যঞ্চেতি ক্রমো গম্যতে। সচ ন সম্ভবতি মিথঃ সাপেক্ষত্বাৎ। যৌগপদ্যেচ পরস্পরাশ্রয়ো দোষঃ স্যাৎ। তদেতদাশঙ্ক্য যৌগপদ্যমেব দৃষ্টান্তেন সাধয়তি ভক্তিরিতি। তত্র ভক্তিতুষ্ট্যোঃ সুখরূপত্বাৎ। পরেশানুভব পুষ্ট্যোরাত্ম ভরণ রূপত্বাৎ সাম্যং ॥ ৪০ ॥

জানিয়া অনন্য মনে প্রণাম করিতে থাকেন ॥ ৩৯ ॥

হে রাজন্! যদি এরূপ আশঙ্কা কর, যোগারূঢ় ব্যক্তির বহু জন্মেও উক্ত প্রকার প্রেম লক্ষণা ভক্তির গতি লাভ হইতে পারে না, কি প্রকারে হরিনাম কীর্ত্তন মাত্রেই এক জন্মে প্রেম লাভ হইবেক, ইহার সমাধান বলি শ্রবণ কর, যেমন ভোজন কালে প্রতি গ্রাসে তুষ্টি, পুষ্টি ও ক্ষুধা নিবৃত্তি হইতেথাকে, তদ্রূপ হরি ভজন করিতে করিতে প্রেম, পরমেশ্বরানুভব অর্থাৎ প্রেমাস্পদ ভগবদ্রূপের স্ফূর্ত্তি, এবং তন্নিবন্ধন সংসারের প্রতি বিরক্তি এই তিনই এক কালে সম্পন্ন হইতে থাকে ॥ ৪০ ॥

ইত্যচ্যুতাঙ্ঘ্রিং ভজতোঽনুবৃত্ত্যা ভক্তির্বিরক্তি
র্ভগবৎ প্রবোধঃ। ভবন্তি বৈ ভাগবতস্য
রাজন্ ততঃ পরাং শান্তিমুপৈতি সাক্ষাৎ ॥ ৪১ ॥
শ্রীরাজোবাচ ॥
অথ ভাগবতং ব্রূত যদ্ধর্ম্মো যাদৃশো নৃণাং।
যথা চরতি যদ্ব্রূতে যৈ র্লিঙ্গৈ র্ভগবৎ প্রিয়ঃ ॥ ৪২ ॥

ততশ্চ ভগবৎ প্রসাদেন কৃতার্থো ভবতীত্যাহ ইত্যচ্যুতাঙ্ঘ্রিমিতি ॥ ৪১ ॥

ভাগবতস্য ভবন্তীত্যুক্তে তস্য লক্ষণং পৃচ্ছত্যথেতি। যদ্ধর্ম্মো যস্মিন্ ধর্ম্মে পরিনিষ্ঠিতঃ যাদৃশঃ যৎ স্বভাবঃ। যথা চরতি বর্ত্ততে ব্রূতেচ যৈশ্চ লিঙ্গৈ র্ভগবতঃ প্রিয়ো ভবতি ॥ ৪২

ক্রমসন্দর্ভঃ।

পরাং শান্তিং আত্যন্তিকং ক্ষেমমিত্যর্থঃ ॥ ৪১ ॥

অথেতি। অথানন্তরং ভাগবতং ব্রূত তজ্জ্ঞানার্থং সচ নৃণাং মধ্যে যদ্ধর্ম্মো যৎ স্বভাবস্তং স্বভাবং ব্রূতঃ। যথাচ স আচরতি অনুতিষ্ঠতি তদনুষ্ঠানং ব্রূত। যদ্ব্রূতে তদ্বচনঞ্চ ব্রূতেতি মানস কায়িক বাচিক লিঙ্গ পৃচ্ছা। নম্ন পূর্ব্বং শৃণ্বন্ সুভদ্রাণি রথাঙ্গপাণে রিত্যাদি গ্রন্থেন তল্লিঙ্গং শ্রীকবিনৈবোক্তং সত্যং তথাপি পুনস্তত্তদনুবাদেন তেষু লিঙ্গেষু যৈর্লিঙ্গৈঃ স ভগবৎপ্রিয়ো যাদৃশ উত্তম মধ্যমত্বাদি ভেদো বিবিক্তো ভবতি তানি লিঙ্গানি বিবিচ্য ব্রূতেত্যর্থঃ ॥ ৪২ ॥

মহারাজ! এই রূপ অনুবৃত্তি দ্বারা অচ্যুত চরণারবিন্দ ভজন পরায়ণ ভাগবত ব্যক্তির ভক্তি, সংসারে বিরক্তি ও ভগবদনুভব সম্পন্ন হইলে পরে সাক্ষাৎ পরম শান্তি অর্থাৎ আত্যন্তিক মঙ্গল প্রাপ্তি হয় ॥ ৪১ ॥

নিমিরাজ জিজ্ঞাসা করিলেন হে ব্রহ্মন্! এক্ষণে ভাগবত অর্থাৎ ভগবদ্ভক্তের লক্ষণ বলুন এবং যে রূপ ধর্ম্মে তাঁহার নিষ্ঠা, যাদৃশ স্বভাব, লোক সমাজে যে রূপ আচার, যে প্রকার বাক্য এবং যে চিহ্ন দ্বারা তিনি ভগবৎ প্রিয় হয়েন, তাহাও বলিতে আজ্ঞা হয় ॥ ৪২ ॥

শ্রীহবিরুবাচ ॥

*সর্ব্বভূতেষু যঃ পশ্যেদ্ভগবদ্ভাবমাত্মনঃ।

যদ্ধর্ম্ম ইত্যস্যোত্তরমাহ ত্রয়েণ সর্ব্বভূতেষ্বিতি। আত্মনঃ স্বস্য সর্ব্ব ভূতেষু ব্রহ্ম ভাবেন সমন্বয়ং যঃ পশ্যেৎ। তথা ব্রহ্মরূপে আত্মন্যধিষ্ঠানে ভূতানিচ যঃ পশ্যেৎ। যদ্বা আত তত্ত্বাচ্চ মাতৃত্বাদাত্মাহি পরমো হরিরিতি তন্ত্রোক্তেঃ আত্মনো হরেঃ সর্ব্বভূতেষু মশকাদিষ্বপি নিয়ন্তৃত্বেন বর্ত্তমানস্য ভগবদ্ভাবং নিরতিশয়ৈশ্বর্য্যমেব যঃ পশ্যেৎ, নতু তস্য তারতম্যং তথাত্মনি হরাবেব ভূতানিচ পশ্যেৎ। কথং ভূতে ভগবতি অপ্রচ্যুতৈশ্বর্য্যাদি রূপেণ পুন র্জড়মলিন ভূতাশ্রয়ত্বেন জাড্যাদি প্রশক্ত্যা ঐশ্বর্য্যাদি প্রচ্যুতিং পশ্যেৎ। সর্ব্বত্র পরিপূর্ণং

ক্রমসন্দর্ভঃ।

তত্রোত্তরং তদনুভব দ্বারা গম্যেন মানসলিঙ্গেন মহাভাগবতং লক্ষয়তি সর্ব্ব ভূতেষ্বিতি। এবং ব্রতঃ স্বপ্রিয় নাম কীর্ত্ত্যা জাতানুরাগ ইতি শ্রীকবিবাক্যোক্ত রীত্যা যশ্চিত্তদ্রব হাস রোদনাদ্যনুভাবকানুরাগ বশাৎ খং বায়ুমগ্নিমিত্যাদি তদুক্ত প্রকারেণৈব চেতনাচেতনেষু সর্ব্ব ভূতেষু আত্মনো ভগবদ্ভাবং আত্মাভীষ্টো যো ভগবদাবির্ভাব স্তমেবেত্যর্থঃ। পশ্যেৎ অনুভবতি। অতস্তানিচ ভূতানি আত্মনি স্বচিত্তে তথা স্ফূরতি যো ভগবান্ তস্মিন্নেব তদাশ্রিতত্বেনৈবানুভবতি। এষ ভাগবতোত্তমো ভবতি। ইত্থমেব শ্রীব্রজ দেবীভিরুক্তং। বন লতা স্তরব আত্মনি বিষ্ণুং ব্যঞ্জয়ন্ত্য ইব পুষ্প ফলাঢ্যা ইত্যাদি। যদ্বা। আত্মনো যো ভগবতি ভাবঃ প্রেমা তমেব চেতনাচেতনেষু ভূতেষু পশ্যতি। শেষং পূর্ব্ব বৎ। যত এব ভক্ত রূপ তদধিষ্ঠান বুদ্ধি জাত ভক্ত্যা তানি নমস্করোতীতি খং বায়ু মিত্যাদৌ পূর্ব্বমিতি ভাবঃ। তথৈব চোক্তং তাভিরেব। নদ্য স্তদা তদুপধার্য্য মুকুন্দ গীতমাবর্ত্ত লক্ষিত মনোভব ভগ্ন বেগা ইত্যাদি শ্রীপট্টমহিষীভিরপি কুররি বিলপসি ত্বমিত্যাদি। অত্র ন ব্রহ্ম জ্ঞানমভিধীয়তে। ভগবতি তজ্জ্ঞানস্য তৎ ফলস্য চ হেয় ত্বেন জীব ভগবদ্বিভাগাভাবেনচ ভাগবতত্ব বিরোধাৎ। অহৈতুক্য ব্যবহিতা যা ভক্তিঃ পুরুষোত্তমে ইত্যাদিকাত্যন্তিক ভক্তি লক্ষণানুসারেণ সুতরামুত্তমত্ব বিরোধাচ্চ। নচ নিরাকারেশ্বরজ্ঞানং। প্রণয় রসনয়া ধৃতাঙ্ঘ্রি পদ্ম ইত্যুপসংহার গত লক্ষণানুসারেণ সুতরামুত্তমত্ব বিরোধাচ্চ। নচ নিরাকারেশ্বর জ্ঞানং। প্রণয় রসনয়া ধৃতাঙ্ঘ্রি পদ্ম ইত্যুপ-

হবি কহিলেন হে রাজন্! যিনি আপনার ভগবদ্ভাব সর্ব্ব ভূতে অবলোকন করেন এবং ভগবদাত্মাতে অর্থাৎ ব্রহ্ম রূপ অধিষ্ঠানে সর্ব্ব

ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ ॥ ৪৩ ॥
ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু বা।
প্রেম মৈত্রী কৃপোপেক্ষা যঃ করোতি সমধ্যমঃ ॥ ৪৪ ॥
অর্চ্চায়ামেব হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে।

ভগবত্তত্বং পশ্যন্ ভাগবতোত্তম ইত্যর্থঃ ॥ ৪৩ ॥

প্রেমচ মৈত্রীচ কৃপাচ উপেক্ষাচ তা ঈশ্বরাদিষু চতুর্ষু যঃ করোতি স মধ্যমো ভাগবতঃ। এবম্ভূতস্য ভেদদর্শনাৎ ॥ ৪৪ ॥

অর্চ্চায়াং প্রতিমায়াং পূজামীহতে করোতি প্রাকৃতঃ প্রকৃতি প্রারব্ধঃ অধুনৈব প্রারব্ধ

ক্রমসন্দর্ভঃ।

সংহার গত লক্ষণ পরম কাষ্ঠা বিরোধাদেবেতি বিবেচনীয়ং ॥ ৪৩ ॥

অথ মানস লিঙ্গ বিশেষেণৈব মধ্যম ভাগবতং লক্ষয়তি। ঈশ্বর ইতি পরমেশ্বরে প্রেম করোতি তস্মিন্ ভক্তি যুক্তো ভবতীত্যর্থঃ। তথা তদধীনেষু ভক্তেষুচ মৈত্রী বন্ধু ভাবং। বালিশেষু তদ্ভক্তিমজানৎসু উদাসীনেষু কৃপাং যথোক্তং শ্রীপ্রহ্লাদেন। শোচে ততো বিমুখ চেতস ইন্দ্রিয়ার্থ মায়া সুখায় ভরমুদ্বহতো বিমূঢ়ানিতি। আত্মনো দ্বিষৎসু উপেক্ষাং তদীয় দ্বেষেণ চিত্তাক্ষোভেনৌদাসীন্যমিত্যর্থঃ। তেষ্বপি বালিশত্বেন কৃপাংশ সম্ভাবাৎ। যথৈব শ্রীপ্রহ্লাদো হিরণ্যকশিপৌ। ভগবতো ভাগবতস্য বা দ্বিষৎসু তু সত্যপি চিত্তক্ষোভে তত্রানভিনিবেশমিত্যর্থঃ। অস্য বালিশেষু কৃপয়া এব স্ফুরণং। দ্বিষৎসূপেক্ষায়া এব। নতু প্রাগ্বৎ সর্ব্বত্র তস্য তৎ প্রেম্না বা স্ফুরণং ততো মধ্যমত্বং ॥ ৪৪ ॥

অথ ভগবদ্ধর্ম্মাচরণ রূপেণ কায়িকেনৈ কিঞ্চিন্মানসেনচ লিঙ্গেন কনিষ্ঠং লক্ষয়তি। অর্চ্চায়াং প্রতিমায়ামেব ন তদ্ভক্তেষু। অন্যেষুচ সুতরাং ন। ভগবৎ প্রেমাভাবাৎ ভক্তমাহাত্ম্য জ্ঞানা ভাবাৎ। সর্ব্বাদর লক্ষণ ভক্ত গুণামুদয়াচ্চ। স প্রাকৃতঃ প্রকৃতি

ভূতকে দেখেন তিনিই ভগবদ্ভক্তের মধ্যে উত্তম ॥ ৪৩ ॥

যিনি ঈশ্বরে প্রেম, তদধীনে অর্থাৎ বিষ্ণু ভক্ত জনে মিত্রতা, অজ্ঞ লোকের প্রতি কৃপা, এবং বিদ্বেষী অর্থাৎ হরি বিমুখের প্রতি উপেক্ষা করেন, ভেদ দর্শন নিমিত্ত তিনি মধ্যম ॥ ৪৪ ॥

যিনি শ্রদ্ধা পূর্ব্বক প্রতিমাতে হরির পূজা করেন কিন্তু হরিভক্ত

ন তদ্ভক্তেষু চান্যেষু সভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ ॥ ৪৫ ॥
গৃহীত্বাপীন্দ্রিয়ৈরর্থান্ যো ন দ্বেষ্টি ন হৃষ্যতি।
বিষ্ণোর্মায়ামিদং পশ্যন্ স বৈ ভাগবতোত্তমঃ ॥ ৪৬ ॥
দেহেন্দ্রিয় প্রাণ মনোধিয়াং যো জন্মাপ্যয়
ক্ষুদ্ভয়তর্ষ কৃচ্ছ্রৈঃ। সংসারধর্ম্মৈরবিমুহ্য

ভক্তিঃ শনৈরুত্তমা ভবিষ্যতীত্যর্থঃ ॥ ৪৫ ॥

পুনরষ্টভিঃ শ্লোকৈরভাহিতত্বাৎ উত্তম ভাগবতস্যৈব লক্ষণান্যাহ গৃহীত্বাপীতি। শ্রীবাসুদেবাবিষ্ট চিত্তো ন গৃহ্ণাতি তাবদিন্দ্রিয়ৈ রর্থান্ গৃহীত্বাংপীত্যপি শব্দার্থঃ। ইদং বিশ্বং ॥ ৪৬ ॥

কিঞ্চ দেহাদীনাং সংসার ধর্ম্মৈ র্জন্মাপ্যয়াদিভি র্যোহরেঃ স্মৃত্যা অবিমুহ্যমানঃ তত্র দেহস্য

ক্রমসন্দর্ভঃ।

প্রারব্ধঃ অধুনৈব প্রারব্ধ ভক্তিরিত্যর্থঃ। ইয়ঞ্চ শ্রদ্ধা ন শাস্ত্রার্থাবধারণ জাতা। যস্যাত্ম বুদ্ধিঃ কুণপ ইত্যাদি শাস্ত্রাজ্ঞানাৎ। তস্মাচ্ছোক পরং পরা প্রাপ্স্যেবেতি পূর্ব্ববৎ। অত শ্চাজাত প্রেমা শাস্ত্রীয় শ্রদ্ধা যুক্তঃ সাধকস্তু মুখ্য কনিষ্ঠো জ্ঞেয়ঃ ॥

পূর্ব্বোক্ত প্রকারেণ মায়াং বহিরঙ্গ শক্তি বিলাসত্বাদ্ধেয়মিত্যর্থঃ। তত্রাপি কায়িক মানসয়োঃ সাঙ্কর্য্যং ॥ ৪৫ ॥

অথ কেবল মানস লিঙ্গেনাহ যাবৎ প্রকরণং। যো হরে স্মৃত্যা দেহাদীনাং সংসার ধর্ম্মৈ র্জন্মাপ্যয়াদিভি র্বিমুহ্যমানো ন ভবতি স ভাগবত প্রধানঃ। উক্তঞ্চ গীতাসু। যেষাং

বা অন্যকে পূজা করেন না, তিনি প্রাকৃত অর্থাৎ ক্রমশঃ ভক্তির উত্তমাধিকারী হইবেন ॥ ৪৫ ॥


সাঙ্গোপাঙ্গামিতি যুগ্মকং ॥ ৫৩ ॥ ৫৪ ॥

ও ভূত শুদ্ধি দ্বারা স্বীয় দেহ সংশোধন করত ন্যাসাদি দ্বারা রক্ষা বিধান করিয়া হরির অর্চ্চনা করিবেক ॥ ৫০ ॥

অর্চ্চনার পূর্ব্বে যথা লব্ধ উপচার সহকারে জন্তু প্রভৃতি শোধন দ্বারা পুষ্পাদি দ্রব্য, সম্মার্জনাদি দ্বারা ভূমি, অব্যগ্রতা দ্বারা আত্মা, অনুলেপনাদি দ্বারা স্বীয় শরীরকে অর্চ্চনা কার্য্যের যোগ্য করিয়া এবং আসনে জল প্রোক্ষণ করিয়া ॥ ৫১ ॥

পাদ্যাদি কল্পনা পূর্ব্বক সম্মুখে স্থাপন করত সমাহিত চিত্তে অঙ্গন্যাস করন্যাস সহকারে মুলমন্ত্র দ্বারা অর্চ্চনা করিবেক ॥ ৫২ ॥

অঙ্গ (হৃদয়াদি) উপাঙ্গ (সুদর্শনাদি) ও পার্ষদ সহিত অভিমত

পাদ্যার্ঘ্যাচমনীয়াদ্যৈঃ স্নান বাসো বিভূষণৈঃ ॥ ৫৩ ॥
গন্ধমাল্যাক্ষত স্রগ্‌ভি র্ধূপদীপোপহারকৈঃ।
সাঙ্গং সংপূজ্য বিধিবৎ স্তবৈঃ স্তুত্বা নমেদ্ধরিং ॥ ৫৪ ॥
আত্মানং তন্ময়ং ধ্যায়ন্ মূর্ত্তিং সংপূজয়েদ্ধরেঃ।
শেষামাদায় শিরসা স্বধাম্ন্যুদ্বাস্য সৎকৃতং ॥ ৫৫ ॥
এবমগ্ন্যর্কতোয়াদাবতিথৌ হৃদয়ে চ যঃ।
যজেদীশ্বরমাত্মানমচিরান্মুচ্যতে হি সঃ ॥ ৫৬ ॥

নিবেদ্যাৎ। উপহারো নৈবেদ্যং ॥ ৫৪ ॥

শেষাং নির্ম্মাল্যং স্বধাম্নি স্বস্থানে দেবং হৃদি মূর্ত্তিং করণ্ডকে উদ্বাস্য স্থাপয়িত্বা পূজা বিধিং সমাপয়েদিতি শেষঃ ॥ ৫৫ ॥

তান্ত্রিকং কর্ম্ম যোগ মুপসংহরতি এবমিতি ॥ ৫৬॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মানং তন্ময়ং তদাবিষ্টং। কামুকাঃ কামিনীময়মিতি বৎ। স্বধাম্নি শ্রীকৃষ্ণ মূর্ত্তেঃ স্থানে উদ্বাস্য উত্থাপ্য শয়নাদি মুদ্রয়া স্থাপয়িত্বা। যদ্বা। স্বধাম্নি প্রদেশবিশেষে উদ্বাস্য ইতঃ উত্থায় শয়ন লীলায়মানত্বেন ধ্যাত্বা ॥ ৫৫ ॥

সম্ভবেনান্যান্যপি পূজাঙ্গান্যাহ এবমিতি ॥ ৫৬ ॥

সেই সেই মূর্ত্তিকে স্বীয়২ মন্ত্র দ্বারা পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, স্নানীয়, বস্ত্র, ভূষণ ॥ ৫৩ ॥

গন্ধ, মাল্য, দূর্ব্বা, পুষ্প, ধূপ, দীপ ও নানা উপহার প্রদান পূর্ব্বক পূজা করত বিধিবৎ স্তব করিয়া হরিকে নমস্কার করিবেক ॥ ৫৪ ॥

আপনাকে তন্ময় রূপে ধ্যান করত হরি মূর্ত্তি পূজা করিবেক। পরে মস্তকে নির্ম্মাল্য লইয়া সৎকার পূর্ব্বক দেবতা মূর্ত্তিকে হৃদয়ে স্থাপন করতঃ পূজা সমাপন করিবেক ॥ ৫৫ ॥

যে ব্যক্তি এই রূপ তান্ত্রিক কর্ম্মযোগানুসারে অগ্নি বা সূর্য্য বা জল বা অতিথি অথবা স্বীয় হৃদয়ে আত্ম ভাবে ঈশ্বরের অর্চ্চনা করেন, তিনি মুক্তি লাভ করিবেন ॥ ৫৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে জায়ন্তেয়োপাখ্যানে বিদেহ প্রশ্ন স্তৃতীয়ো ঽধ্যায়ঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

যানি যানীহ কর্ম্মাণি যৈ র্যৈঃ স্বচ্ছন্দ জন্মভিঃ।
চক্রে করোতি কর্ত্তা বা হরিস্তানি ব্রুবন্তু নঃ ॥ ১ ॥
শ্রীদ্রবিড় উবাচ ॥

॥ * ॥ ইতি একাদশে তৃতীয়ঃ ॥ * ॥

চতুর্থেঽত্ববতারেহা প্রশ্নস্যোত্তরমুক্তবান্। জয়ন্তীনন্দনো নাম্না দ্রবিড়ো নরসত্তমঃ ॥ ০ ॥

মূর্ত্ত্যাভিমত আত্মন ইত্যনেনাত্মনঃ প্রিয়মবতারং পূজয়েদিত্যুক্তে ঽবতার জ্ঞান মপেক্ষিতং। তথা স্তবৈঃ স্তত্বা নমেদ্ধরিমিত্যুক্তে গুণ কর্ম্ম জ্ঞানঞ্চাপেক্ষিতং। অতঃ পৃচ্ছতি যানি যানীতি কর্ত্তা করিষ্যতি ॥ ১ ॥

ত্বয়া পৃষ্টানি কালত্রয় সম্বন্ধি সকলাবতার গুণ কর্ম্মাণি কথয়িতুমশক্যানি সংক্ষেপতস্তু

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইত্যেকাদশ ক্রমসন্দর্ভে তৃতীয়ঃ ॥ * ॥

পূর্ব্বং শৃণ্বন্ সুভদ্রাণি রথাঙ্গপাণেরিত্যুক্তং তদনুসারেণ। মূর্ত্ত্যাভিমতয়াত্মন ইতি স্তবৈঃ স্তত্বেতি জ্ঞাতুং শক্যতে তত স্তদর্থমাহ যানি যানীতি ॥ ১ ॥ ২ ॥

॥ * ॥ ইতি একাদশে তৃতীয় ॥ * ॥

চতুর্থ অধ্যায়ে জয়ন্তীনন্দন দ্রবিড়সত্তম কর্তৃক অবতার ঘটিত কার্য্য বিষয়ক প্রশ্নের উত্তর ॥ ০ ॥

পূর্ব্বাধ্যায়ে আবির্হোত্র কহিয়াছেন আপনার অভিমত মূর্ত্তির উপাসনা করিবেক, এই উক্তি প্রযুক্ত ভগবানের অবতার জানা আব-শ্যক, তৎপরে স্তবের দ্বারা স্তব করিয়া হরিকে নমস্কার করিবেক, এতন্নিবন্ধন অবতার সকলের গুণ কর্ম্মের জ্ঞান অপেক্ষিত হইতেছে, অতএব রাজা জিজ্ঞাসা করিলেন হে ঋষিগণ! ভগবান্ হরি স্বেচ্ছা বশতঃ অবতীর্ণ হইয়া যে যে কর্ম্ম করিয়াছেন, করিতেছেন এবং করিবেন, আপনারা তাহাই আমাকে আজ্ঞা করুন ॥ ১ ॥

যো বা অনন্তস্য গুণাননন্তাননুক্রমিষ্যন্
স তু বালবুদ্ধিঃ। রজাংসি ভূমের্গণয়েৎ
কথঞ্চিৎ কালেন নৈবাখিলশক্তিধাম্নঃ ॥ ২ ॥
ভূতৈর্যদা পঞ্চভিরাত্মসৃষ্টৈঃ পুরং বিরাজং
বিরচয্য তস্মিন্। স্বাংশেন বিষ্টঃ পুরুষা

কানি চিৎ কথয়িষ্যামীত্যাহ যো বেত্যাদিনা। অনুক্রমিষ্যন্ গণয়িতুমিচ্ছতি যঃ স তু বালানামিব বুদ্ধির্যস্য সঃ মন্দমতিঃ। যদ্বা বালেব বালা অদীর্ঘদর্শিনী বুদ্ধির্যস্য ক্ষুদ্রবুদ্ধিঃ কালেন মহতা কোঽপি মহামতিঃ রজাংসি গণয়েদপি। অখিলশক্তিধাম্নঃ সর্ব্বশক্ত্যাশ্রয়স্য ভগবতো গুণাংস্তু নৈবগণয়েৎ। তথাচ শ্রুতিঃ। বিষ্ণোর্নুকং বীর্য্যাণি প্রাবোচং যঃ পার্থিবান্যপি বিমমে রজাংসি যো হস্কম্ভয়দুত্তরং সধস্থং বিচং ক্রমাণ স্ত্রেধা উরুগায় স্তা বিষ্ণবে ইতি ॥ ২ ॥

তত্রাদৌ পুরুষাবতারমাহ ভূতৈরিতি। যদা স্বসৃষ্টৈর্ভূতৈর্বিরাজং ব্রহ্মাণ্ডং পুরং নির্ণায় তস্মিন্ লীলয়া প্রবিষ্টঃ নতু ভক্তৃত্বেন প্রভূতপুণ্যস্য স জীবস্য তত্র ভক্তৃত্বাৎ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র সামান্যতঃ পুরুষাবতারমাহ। ভূতৈরিতি। আদিদেবো নারায়ণঃ শ্রীভগবান্ নারায়ণে তুরীয়াখ্যো ভগবচ্ছব্দ শব্দিতে ইত্যাদেঃ। যদা মহৎ স্রষ্টৃত্বেন পুরুষাভিধানমবাপ তদা ভূতৈর্বিরাজং বিরচয্য তস্মিন্ স্বাংশেন প্রবিষ্টোপি পুরুষাভিধানমবাপেত্যর্থঃ ॥ ৩ ॥

দ্রমিড়র কহিলেন হে রাজন্! তুমি জিজ্ঞাসা করিলে ভগবান্ হরির ভূত ভবিষ্যৎ বর্ত্তমান সম্বন্ধি সকল অবতারের, গুণ ও কর্ম্ম, ইহা সমগ্র রূপে বলা অসাধ্য অতএব সংক্ষেপে কিছু কিছু বলিতেছি শ্রবণ কর, হে মহারাজ! যে ব্যক্তি এই অনন্তদেবের অনন্ত গুণ সকলের সংখ্যা করিতে ইচ্ছা করে সে অতি মন্দ বুদ্ধি। কোন মহামতি ব্যক্তি যদিও কখন পৃথিবীর ধূলি সকল গণনা করিতে সমর্থ হয়েন তথাপি সর্ব্বশক্ত্যাশ্রয় ভগবানের অনন্ত গুণ সকলের সংখ্যা হয় না ॥ ২ ॥

অতএব প্রথমত পুরুষাবতার বলিতেছি শ্রবণ কর, স্বসৃষ্ট পঞ্চ ভূত দ্বারা ব্রহ্মাণ্ড রূপ পুরী নির্ম্মাণ পূর্ব্বক অংশরূপে তাহাতে প্রবেশ করত

ভিধানমবাপ নারায়ণ আদিদেবঃ ॥ ৩ ॥
যৎকায় এষ ভুবনত্রয় সন্নিবেশো যস্যেন্দ্রিয়ৈস্তনু
ভৃতামুভয়েন্দ্রিয়াণি। জ্ঞানং স্বতঃ শ্বসনতো বল
মোজ ঈহা সত্ত্বাদিভিঃ স্থিতি লয়োদ্ভব আদিকর্ত্তা ॥ ৪ ॥
আদাবভূচ্ছতধৃতী রজসাস্য সর্গে বিষ্ণুঃ স্থিতৌ

অস্য গুণ কর্ম্মাণ্যাহ দ্বাভ্যাং যৎ কায় ইতি। যস্যাধিষ্ঠে যঃ কায় এবং যৎ কায় ইতি সপ্তমী বা। তনুভৃতাং সমষ্টি ব্যষ্টি জীবানাং জ্ঞান কর্ম্মেন্দ্রিয়াণি যস্য স্বতঃ স্ব স্বরূপ ভূতাৎ সত্ত্বাৎ তনুভৃতাং জ্ঞানং যস্য স্বতঃ সিদ্ধং জ্ঞানমিতি বা যস্য শ্বসনতঃ প্রাণাদ্বলং দেহ শক্তিঃ ওজ ইন্দ্রিয় শক্তিঃ ঈহা ক্রিয়া যশ্চ সত্ত্বাদিভিঃ বিশ্ব স্থিতি লয়োদ্ভবে আদিকর্ত্তা ॥ ৪ ॥

আদিকর্ত্তেত্যনেন তৎ পূর্ব্বকং কর্ত্তৃত্বমপি সূচিতং তদ্দর্শয়িতুং গুণাবতার চরাচর সৃষ্ট্যাদি কর্তৃত্বমাহ আদাবিতি। যস্যেত্যনুষঙ্গঃ যস্য রজসা অস্য জগতঃ সর্গে কার্য্যে শতধৃতি ব্রহ্মাভূৎ স্থিতৌ চ বিষ্ণুর্যস্য সত্ত্বেনেতি শেষঃ ক্রতুপতি স্বৎ ফলদাতা।

ক্রমসন্দর্ভঃ।

তত্র দ্বিতীয়ং পুরুষং বিবৃণোতি যৎকায় ইতি। যচ্ছব্দেন ব্রহ্মাণ্ড প্রবিষ্ট উচ্যতে। বিষ্ণোস্তু ত্রীণি রূপাণীত্যাদেঃ ॥ ৪ ॥

তস্মাদস্য গুণাবতারমাহ আদাবিতি। সর্গে বিসর্গে। বিষ্ণুঃ সত্ত্বেনেত্যানুক্তি তত্র গুণ

আদিদেব নারায়ণ পুরুষ সংজ্ঞা ধারণ করিয়াছেন ॥ ৩ ॥

যাঁহার শরীরে এই ভুবনত্রয় সন্নিবিষ্ট রহিয়াছে, যাঁহার ইন্দ্রিয় দ্বারা প্রাণিগণের জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় সম্পন্ন হইয়াছে, যাঁহার জ্ঞান স্বতঃ সিদ্ধ, যাঁহার নিশ্বাসে বল বীর্য্য ক্রিয়া সাধিত হয়, তিনিই সত্ত্ব রজঃ তমো গুণ দ্বারা জগতের জন্ম স্থিতি ভঙ্গের আদি কর্ত্তা ॥ ৪ ॥

উক্ত পদ্যে আদি কর্ত্তা বলা প্রযুক্ত অন্য কর্ত্তা সূচিত হইল অতএব ভিন্ন কর্ত্তা দেখাইবার নিমিত্ত গুণাবতার দ্বারা চরাচর সৃষ্ট্যাদি কর্তৃত্ব বলিতেছেন, মহারাজ! এই জগতের সৃষ্টি কার্য্যের নিমিত্ত যাঁহার রজো গুণ দ্বারা প্রথমতঃ ব্রহ্মা উৎপন্ন হয়েন উঁহার পালনের নিমিত্ত

ক্রতুপতির্দ্বিজধর্ম্মসেতুঃ। রুদ্রোঽপ্যয়ায় তমসা
পুরুষঃ স আদ্য ইত্যুদ্ভব স্থিতিলয়াঃ সততং প্রজাসু॥ ৫॥
ধর্ম্মস্য দক্ষদুহিতর্য্যজনিষ্ট মূর্ত্ত্যাং নারায়ণো নর
ঋষিপ্রবরঃ প্রশান্তঃ। নৈষ্কর্ম্ম্য লক্ষণমুবাচ চচার
কর্ম্ম যোঽদ্যাপি চাস্ত ঋষিবর্য্য নিষেবিতাঙ্‌ঘ্রিঃ॥ ৬॥
ইন্দ্রো বিশঙ্ক্য মম ধাম জিঘৃক্ষতীতি কামং ন্যযুঙ্
ক্ত সগণং সবদর্য্যুপাখ্যং। গত্বাপ্সরোগণ বসন্ত

দ্বিজানাং তদ্ধর্ম্মাণাঞ্চ সেতুঃ পালক ইত্যর্থঃ। যস্য তমসা হস্যাপ্যয়ায় রুদ্রোঽভূৎ ইত্যোতৈর্ব্রহ্মাদিভি র্নিমিত্ত ভূতৈঃ প্রজাসু উদ্ভবাদয়ো যতো ভবন্তি স আদ্যঃ পুরুষ ইত্যন্বয়ঃ॥ ৫॥

ধর্ম্মস্য ভার্য্যায়াং দক্ষস্য দুহিতরি মূর্ত্তি সংজ্ঞায়াং নারায়ণো নর ইতি মূর্ত্তিদ্বয়েনাজনিষ্ট জাতঃ তচ্চরিত মাহ নৈষ্কর্ম্ম্যমাত্ম স্বরূপং লক্ষ্যতে যেন তৎ। কর্ম্মনির্হার রূপং বা। উবাচ নারদাদিভিঃ স্বয়ং চ চচার যোঽদ্যাপি কর্ম্মাচরমাস্তে ঋষিবর্য্যনিষেবিতাবঙ্ঘ্রী যস্য সঃ॥ ৬॥

ভগবদবতারস্য দ্যোতকং পরমোপশমং দর্শয়িতুমিতিহাসমাহ ইন্দ্র ইতি দশভিঃ। ধাম স্থানং তপসা গ্রহীতুমিচ্ছতীতি বিশঙ্ক্য তপো নাশায় কামং সপরিবারং প্রেষয়ামাস

ক্রমসন্দর্ভঃ।

স্বরূপত্বাৎ। সান্নিধ্যেনৈব সত্ত্ব গুণোপকারাচ্চ॥ ৫॥

লীলাবতারানমুক্রমতে ধর্ম্মস্যেতি। নৈষ্কর্ম্ম্য লক্ষণং কর্ম্মেতি ভগবদারাধনমিত্যর্থঃ। তত্রং সাত্বতমাচষ্টে নৈষ্কর্ম্ম্যং কর্ম্মণাং যতঃ ইতি প্রথমোক্তেঃ॥ ৬॥ ৭॥ ৮॥ ৯ ১০॥ ১১

যাঁহার সত্ত্ব গুণ হইতে যজ্ঞ ফল দাতা ও দ্বিজ ধর্ম্ম পালক বিষ্ণু জন্ম গ্রহণ করেন, আর ইহার নাশের নিমিত্ত তমো গুণ দ্বারা রুদ্র অবির্ভূত হয়েন, এই রূপ ক্রমে যাঁহা হইতে প্রজাগণের সতত সৃষ্টি স্থিতি লয় হয়; তিনিই আদ্য পুরুষ॥ ৫॥

ধর্ম্মের ভার্য্যা দক্ষ দুহিতা মূর্ত্তির গর্ভে প্রশান্ত ঋষি প্রবর নর নারায়ণ রূপ মূর্ত্তি দ্বয়ে জন্ম গ্রহণ করিয়াছেন, সেই মহর্ষি নিষেবিত মূর্ত্তি দ্বয় নৈষ্কর্ম্ম সিদ্ধি বলিয়াছেন, এবং অদ্যাপি কর্ম্মাচরণ করিতেছেন॥ ৬॥

ভগবানের অবতার দ্যোতক পরমোপশম দেখাইবার নিমিত্ত ইতিহাস কহিতেছেন মহারাজ! সেই মূর্ত্তি দ্বয়ের কর্ম্ম সাধন দেখিয়া

সুমন্দ বাতৈঃ স্ত্রীপ্রেক্ষণেষুভিরবিব্যদতন্মহিজ্ঞঃ ॥ ৭ ॥
বিজ্ঞায় শক্রকৃতমক্রমমাদিদেবঃ প্রাহ প্রহস্য গত
বিস্ময় এজমানান্। মাভৈ বি ভো মদন মারুত
দেববধ্বো গৃহ্নীত নো বলিমশূন্যমিমং কুরুধ্বং ॥ ৮ ॥
ইত্থং ব্রুবত্যভয়দে নরদেব দেবাঃ সব্রীড় নম্র
শিরসঃ সঘৃণং তমূচুঃ। নৈতদ্বিভো ত্বয়ি পরে

স কামঃ বদরীত্যাখ্যাশ্রমে যঃ তং তস্যাশ্রমং অপ্সরো গণাদিভিঃ সহ গত্বা স্ত্রীণাং প্রেক্ষণান্যেব ইষবো বাণা স্তৈর তস্য মহিমানং অজানাতীত্যতন্মহিজ্ঞঃ ॥ ৭ ॥

অক্রম মপরাধং অহো অহং ধীর ইতি বিস্ময়ো গর্ব্ব স্তদ্রহিতঃ এজমানান্ শাপভিয়া কম্পমানান্ ভো বিভো সমর্থ হে দেববধ্বঃ মাভৈষ্ট বলিমাতিথ্যং। তান্ প্রার্থয়তে ইম মস্মাকং আশ্রমং আতিথ্যাভাবে শূন্য প্রায়ঃ স্যাদিত্যর্থঃ ॥ ৮ ॥

হে নরদেব অভয়দে শ্রীনারায়ণে ইত্থং ব্রুবতি সতি। দেবাঃ কামাদয়ঃ সব্রীড়ানি নম্রাণি শিরাংসি যেষাং তে লজ্জা ভরেণৈবানত শিরস্কা ইত্যর্থঃ। সঘৃণং যথা ভবতি কৃপাং অনয়স্ত ইত্যর্থঃ। কৃপাযুক্তং তমিতি বা। মায়াতঃ পরে হভো বিক্তে। স্বারা-

ইন্দ্র মনে করিলেন, ইনি বুঝি আমার পদ গ্রহণ করিবার জন্য তপো হনুষ্ঠান করিতেছেন, এই আশঙ্কায় তাঁহার তপো নাশের নিমিত্ত কামদেবকে নিয়োগ করিলেন। কামদেব স্বীয় গণের সহিত বদরিকাশ্রমে উপস্থিত হইয়া তাঁহার মহিমা না জানাতে অপ্সরোগণ, বসন্ত, সুমন্দ বায়ু ও স্ত্রীপ্রেক্ষণ রূপ বাণ দ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥ ৭ ॥

গর্ব্ব রহিত আদিদেব ইন্দ্রকৃত অপরাধ জানিতে পারিয়াও সভয়ে কম্পমান কামগণের প্রতি কহিলেন, হে বিভো মদন! হে মারুত! হে দেব বধূগণ! তোমরা ভীত হইও না, আমাদিগের নিকটে আতিথ্য গ্রহণ কর, এই আশ্রম শূন্য করিয়া যাইও না ॥ ৮ ॥

হে নরদেব! সেই দেবগণ অভয় প্রদ নারায়ণ কর্তৃক এই রূপে অভিহিত হইয়া লজ্জায় অধোমুখে বিনয় বচনে তাঁহাকে কহিলেন হে বিভো। মায়াতীত অবিকৃত ও আত্মারাম ধীরগণ পরিষেবিত যে

হরিস্কন্ধে বিচিত্রং স্বারামধীরনিকরানতপাদপদ্মে॥ ৯॥
ত্বাং সেবতাং সুরকৃতা বহবোঽন্তরায়াঃ স্বৌকো বিলঙ্ঘ্য
পরমং ব্রজতাং পদং তে। নান্যস্য বর্হিষি বলীন্দদতঃ
স্বভাগান্ ধত্তে পদং ত্বমবিতা যদি বিঘ্ন মূর্দ্ধ্নি॥ ১০॥
ক্ষুত্তৃট্ ত্রিকাল গুণমারুত জৈহ্ব শৈশ্নানস্মানপার

মাশ্চ তে ধীরাশ্চেতি তেষাং নিকরৈরবানতং পাদপদ্মং যস্য তস্মিন্ ত্বয়ি এতদস্কোভাক্ত কম্পাদি ন চিত্রং॥ ৯॥

অস্মাকক্কাপরাধাচরণং স্বভাব সিদ্ধত্বান্ন চিত্রমিত্যাহুঃ ত্বামিতি ত্বাং সেবমানানাং সুরৈরিন্দ্রাদিভিঃ কৃতা অন্তরায়া বিঘ্না ভবন্তি কস্মাদিত্যত আহুঃ স্বৌক ইতি। স্বস্থানং স্বর্গ মতিক্রম্য পরমং তব স্থানং ব্রজতাং নান্যস্য যাগসেবমানস্য কুতো বর্হিষি যজ্ঞে স্বভাগান্ পুরোডাশাদীন্ বলীন্ করান্ কৃষক ইব যজ্ঞে ইন্দ্রাদিভ্যো দদতঃ প্রযচ্ছতঃ। তর্হি মত্তক্তাঃ কিং বিঘ্নৈ র্নশ্যন্তি নেত্যাহুঃ ধত্ত ইতি যদীতি নিশ্চয়ে যত ত্বং সুরাধীশো হবিতা রক্ষকঃ অতো হসৌ বিঘ্নানাং মূর্দ্ধ্নি পাদমভিব্রু ধত্তে কুতঃ পুন স্বয়ি বিশঙ্কেতি ভাবঃ॥ ১০॥

ত্বদভক্তানাত্ত কেবলং তপশ্চবতাং দুর্গী গতিঃ অস্মাকং বা বশং যান্তি ক্রোধস্য বা তত্রাস্মবশাঃ কামোপভোগমপি তাবদনুভবন্তি। ক্রোধবশাঃ পুনবতি মন্দা ইত্যাহুঃ ক্ষুত্তৃড়িতি। ক্ষুচ্চ তৃট্ চ ত্রিকাল গুণাশ্চ শীতোষ্ণ বর্ষাণি মারুতশ্চ প্রাণো বাহ্যো বা জৈহ্বা জিহ্বা ভোগাশ্চ শৈশ্না গুহ্যোপভোগাশ্চ। এতান্ আস্মান্ অপার জলধিরূপান

ক্রমসন্দর্ভঃ।

ক্রোধস্য গোষ্পদত্বং স্ববিষয় যাতন মাত্রেণ কিঞ্চিন্নয়ামত্ব জৈহ্বাদি বদবিচ্ছিন্নত্ব মিতি॥ ১১॥ ১২॥ ১৩॥ ১৪॥ ১৫॥ ১৬॥ ১৭॥ ১৮॥ ১৯॥

আপনি আপনার কিছুই বিচিত্র নহে॥ ২৯॥

যাঁহারা আপনার সেবা করেন সুতরাং তাঁহারা স্বীয় স্থান অতিক্রম করিয়া আপনার পরম পদে গমন করেন, অতএব তাঁহাদিগেরই দেবকৃত বহু২ বিঘ্ন হইবার সম্ভাবনা, কিন্তু আপনি যাঁহার রক্ষিতা তিনি সমুদায় বিঘ্নের মস্তকে পাঘাত করেন॥ ৩০॥

কোন কোন ব্যক্তি অপার জলধিরূপ ক্ষুধা তৃষ্ণা শীতোষ্ণাদি, প্রাণ বায়ু, জিহ্বার ভোগ ও ইন্দ্রিয় ভোগ স্বরূপ আমাদিগের অধীনতা হইতে

জলধীনতিতীর্য্য কেচিৎ। ক্রোধস্য যান্তি বিফলস্য

বশং পদে গো মজ্জন্তি দুশ্চরতপশ্চ বৃথোৎসৃজন্তি ॥ ১১ ॥

ইতি প্রগৃণতাং তেষাং স্ত্রিয়োঽত্যদ্ভুত দর্শনাঃ।

দর্শয়ামাস শুশ্রূষাং স্বর্চ্চিতাঃ কুর্ব্বতী র্বিভুঃ ॥ ১২ ॥

তে দেবানুচরা দৃষ্ট্বা স্ত্রিয়ঃ শ্রীরিব রূপিণীঃ।

গন্ধেন মুমুহু স্তাসাং রূপোদার্য্য হৃতশ্রিয়ঃ ॥ ১৩ ॥

তানাহ দেবদেবেশঃ প্রণতান্ প্রহসন্নিব।

অতিতীর্য্য বিলঙ্ঘ্য গোষ্পদে মজ্জন্তি কুতঃ যতঃ ক্রোধস্য বিফলস্য বশং যান্তি গচ্ছন্তি। কিঞ্চ জলে মজ্জন্তো যথা বিবশাঃ সন্তো মস্তকারোপিতঃ ভারমুৎসৃজন্তি তথা ন মোক্ষায় নচ ভোগায় শাপাদিনা দুশ্চরন্তপ উৎসৃজন্তি। ১১ ॥ .

স্ত্রিয়ো যোগ নির্ম্মিতাঃ স্ত্রীঃ শুশ্রূষাঃ কুর্ব্বতীঃ স্বর্চ্চিতাঃ সুষ্ঠু অলঙ্কৃতাঃ তেষাং স্ব লাবণ্যাদি দর্পোপশমায় দর্শযামাস ॥ ১২ ॥

রূপিণী মূর্ত্তিমতীঃ শ্রিয় ইব তাঃ স্ত্রী দৃষ্ট্বা তাসাং রূপস্যোদার্য্যেণ মহত্ত্বেন হৃতা শ্রীঃ কান্তি র্যেষাং তেঃ ॥ ১৩ ॥

বৃধ্বং বৃণীধ্বং ক বয়ং বরাকাঃ কাচেমা ইতি চেত্তত্রাহ সবর্ণাং সমানরূপাং। নৈকাপ্য

উত্তীর্ণ হইয়াও বিফল ক্রোধের বশীভূত প্রযুক্ত গোষ্পদে নিমগ্ন হয়, দুশ্চর তপস্যাও বৃথা পরিত্যাগ করে ॥ ১১ ॥

পরে বিভু নারায়ণ এই রূপে স্তব কারী সেই দেবতাদিগের দর্প শান্তির নিমিত্ত তাহাদিগকে অদ্ভুতদর্শন, সমলঙ্কৃত, শুশ্রূষারত, যোগ নির্ম্মিত স্ত্রীগণ দর্শন করাইলেন ॥ ১২ ॥

তখন সেই দেবানুচরেরা লক্ষ্মীর ন্যায় রূপ সম্পন্না স্ত্রীগণকে অবলোকন করিয়া এবং তাঁহাদিগের রূপোদার্য্যে শ্রীহীন হইয়া পরিমল গন্ধে মুহ্যমান হইলেন ॥ ১৩ ॥

তখন দেবদেব নারায়ণ হাস্য করিতে করিতে তাঁহাদিগকে কহিলেন, এই স্বর্গভূষণ স্ত্রীগণের মধ্যে একটী প্রার্থনা কর, আমি

আসামেকতরাং বৃদ্ধং সবর্ণাং স্বর্গভূষণাং ॥ ১৪ ॥
ওমিত্যাদেশমাদায় নত্বা তং সুরবন্দিনঃ।
উর্ব্বশীমপ্সরশ্রেষ্ঠাং পুরস্কৃত্য দিবং যযুঃ ॥ ১৫ ॥
ইন্দ্রায়ানম্য সদসি শৃণ্বতাং ত্রিদিবৌকসাং।
ঊচুর্নারায়ণ বলং শক্র স্তত্রাস বিস্মিতঃ ॥ ১৬ ॥
হংসস্বরূপ্যবদদচ্যুত আত্মযোগং দত্তঃ কুমার
ঋষভো ভগবান্ পিতা নঃ। বিষ্ণুঃ শিবায় জগতাং
কলয়াবতীর্ণ স্তেনা হৃতা মধুভিদা শ্রুতয়ো হয়াস্যে ॥ ১৭ ॥

স্বর্গস্য স্বরূপেতি চেৎ মা ভবতু তথাপি স্বর্গস্য ভূষণ রূপাং ॥ ১৪ ॥

সুরবন্দিনো দেবভৃত্যাঃ ॥ ১৫ ॥

ইন্দ্রায় ইন্দ্রং প্রতি নারায়ণ বলমূচুঃ তত্রাস ত্রাসং প্রাপ্তো বিস্মিতশ্চ তত্র বিস্মিত আসেতি বা ॥ ১৬ ॥

অন্যানপ্যবতারাংস্তচ্চরিতানি চাহ হংস স্বরূপীতি। দত্তঃ দত্তাত্রেয়ঃ কুমারঃ সনকাদিঃ নঃ পিতা ঋষভশ্চ বিষ্ণুরেব কলয়াবতীর্ণঃ সন্ আত্মযোগমবদৎ। তেন বিষ্ণুনা হয়াস্যে হয়গ্রীবাবতারে মধুভিদা সতা তত্র পাতালতঃ শ্রুতয়ঃ আহৃতাঃ ॥ ১৭ ॥

প্রদান করি ॥ ১৪ ॥

পরে সেই দেবভৃত্য গণ ভগবদাজ্ঞানুসারে প্রার্থনা পূর্ব্বক উর্ব্বশী নামক অপ্সরাকে লাভ করত তাঁহাকে প্রণাম করিয়া উর্ব্বশী সহিত স্বর্গে গমন করিলেন ॥ ১৫ ॥

অনন্তর তাঁহারা ইন্দ্রসভায় গিয়া তাঁহাকে প্রণাম পূর্ব্বক সকল দেবতার সমক্ষে নারায়ণের বল বিষয় বর্ণন করিলেন, ইন্দ্র তাহাতে বিস্ময়াপন্ন হইয়া অতিশয় ত্রাসিত হইলেন ॥ ১৬ ॥

হে রাজন্। অন্যান্য অবতারদিগের চরিত্র বলি শ্রবণ কর, জগতের হিতের নিমিত্ত হংসরূপী অচ্যুত বিষ্ণু অংশরূপে অবতীর্ণ হইয়া দত্তাত্রেয়কে আত্মযোগ বলিয়াছিলেন, পরে দত্তাত্রেয় সনকাদিগকে, সনকাদি আমার পিতা ঋষভকে বলিয়াছিলেন এবং হয়গ্রীবাবতারে মধুহন্তা সেই বিষ্ণু কর্তৃক বেদ সকল উদ্ধৃত হয় ॥ ১৭ ॥

গুপ্তোঽপ্যয়ে মনুরিলৌষধয়শ্চ মাৎস্যে ক্রোড়েহতো
দিতিজ উদ্ধরতাম্ভসঃ ক্ষ্মাং। কৌর্ম্মে ধৃতোঽদ্রিরমৃ
তোন্মথনে স্বপৃষ্ঠে গ্রাহাৎ প্রপন্নমিভরাজমমুঞ্চদার্ত্তং ॥ ১৮ ॥
সংস্তুন্বতো নিপতিতান্ শ্রমণানৃষীংশ্চ শক্রঞ্চ বৃত্র
বধতস্তমসি প্রবিষ্টং। দেবস্ত্রিয়োঽসুরগৃহে পিহি
তা অনাথা জঘ্নেঽসুরেন্দ্রমভবায় সতাং নৃসিংহে ॥ ১৯ ॥
দেবাসুরে যুধিচ দৈত্যপতীন্ সুরার্থে হত্বান্তরেষু

ইলা পৃথ্বী ওষধয়শ্চ গুপ্তাঃ ক্রোড়ে বরাহাবতারে গ্রাহাৎ গজেন্দ্রমমুঞ্চৎ মোচয়ামাস। এবমাদৌ যত্রাবতারে নাম নাস্তি তত্র বিষ্ণুঃ শিবায় জগতাং কলয়াবতীর্ণ ইত্যনুবর্ত্তনীয়ং ॥ ১৮ ॥

সংস্তুন্বতঃ স্তুতিং কুর্ব্বাণান্ ঋষীন্ বালিখিল্যান্ কশ্যপার্থং সমিদাহরণে গোষ্পদে নিমগ্নানিন্দ্রেণোপহসিতান্ উদ্ধৃত্যাপদোঽমোচয়ৎ। তমসি ব্রহ্মহত্যায়াং প্রবিষ্টং মোচয়ামাস। অসুরগৃহে পিহিতাঃ নিরুদ্ধা যা দেবস্ত্রিয়ঃ তাশ্চামুঞ্চৎ। অনেকাবতারৈঃ ॥ ১৯ ॥

অন্তরেষু সর্ব্বমন্বন্তরেষু কলাভি মূর্ত্তিভি র্ভুবনানি অদধাৎ অপালয়ৎ ইমাং পৃথ্বীং

মৎস্যাবতারে সত্যব্রত মনু, পৃথিবী ও ওষধি সকল রক্ষা করিয়াছিলেন, বরাহাবতারে জল হইতে পৃথিবী উদ্ধার করত দিতিনন্দন হিরণ্যাক্ষকে বধ করিয়াছিলেন, কূর্ম্মাবতারে অমৃতমথনে স্বীয় পৃষ্ঠে মন্দর গিরি ধারণ এবং ভয়ার্ত্ত শরণাপন্ন গজেন্দ্রকে কুম্ভীর বদন হইতে মুক্ত করিয়াছিলেন ॥ ১৮ ॥

নৃসিংহাবতারে কশ্যপার্থ কাষ্ঠ আহরণ নিমিত্ত গোষ্পদ জলে নিমগ্ন স্তবকারী বালিখিল্য ঋষি গণকে রক্ষা করেন ও বৃত্রাসুরবধে ব্রহ্ম হত্যা পাপে প্রবিষ্ট ইন্দ্রকে উদ্ধার করেন এবং অসুর গৃহে নিরুদ্ধা অনাথা দেবস্ত্রী গণকে মোচন করেন, আর সাধুদিগের অভয় নিমিত্ত অসুরেন্দ্র হিরণ্যকশিপুকে বধ করেন ॥ ১৯ ॥

সর্ব্ব মন্বন্তরে অংশে অবতীর্ণ হইয়া দেবাসুর যুদ্ধে দেবতাদিগের

ভুবনান্যদধাৎ কলাভিঃ। ভূত্বাথ বামন ইমামহরৎ
বলেঃ ক্ষ্মাং যাচ্ঞা ছলেন সমদাদিতেঃ সুতেভ্যঃ ॥ ২০ ॥
নিঃ ক্ষত্রিয়ামকৃত গাঞ্চ ত্রিসপ্তকৃত্বো রামস্তু হৈহয়
কুলাপ্যয় ভার্গবাগ্নিঃ। সোঽব্ধিং ববন্ধ দশবক্ত্র
মহন্ সলঙ্কং সীতাপতির্জয়তি লোকমলঘ্নকীর্ত্তিঃ ॥ ২১ ॥
ভূমের্ভরাবতরণায় যদুষ্বজন্মা জাতঃ করিষ্যতি
সুরৈরপি দুষ্করাণি। বাদৈর্বিমোহয়তি যজ্ঞ কৃতো

সমদাৎ দদৌ ॥ ২০ ॥

হৈহয়ানাং কুলস্যাপ্যয়ায় ভার্গব রূপোঽগ্নিঃ। সরামো দাশরথিঃ সন্ সলঙ্কং লঙ্কায়াং স্থিতং। সচ জয়তি বর্ত্তমান কালীনো হবতার ইত্যর্থঃ ॥ ২১ ॥

ভাবিনং শ্রীকৃষ্ণাবতারমাহ ভূমেরিতি। বুদ্ধাবতারমাহ বাদৈরিতি। অতদর্হান্ দৈত্যান্ বিমোহয়িষ্যতি বাদৈর্হিংসা প্রতিপাদক বেদনিন্দা পরৈর্বচনৈরিতি ভাবঃ

ক্রমসন্দর্ভঃ।

সলঙ্কমিতি লঙ্কাস্থিত তজ্জন সহিতমিত্যর্থঃ। জয়তীতি। জয়তি জন নিবাস ইতি বৎ ॥ ২১ ॥

শূদ্রানিত্যত্রত্যত্রাবয়ঃ। পূর্ব্বত্র উগ্রাথ্যান্ পরত্র ম্লেচ্ছানিত্যর্থঃ ॥ ২২ ॥

নিমিত্ত দৈত্যপতিকে নাশ করিয়া ত্রিভুবন পালন করেন। বামনাবতারে বলিরাজ হইতে যাচ্ঞাছলে এই পৃথিবী হরণ করত পুনর্ব্বার তাঁহাকেই প্রদান করেন ॥ ২০ ॥

পরশুরামাবতারে হৈহয় কুল নাশের অগ্নি স্বরূপ জামদগ্ন্য রূপে অবতীর্ণ হইয়া এক বিংশতিবার এই পৃথিবীকে নিঃক্ষত্রিয়া করেন। রামাবতারে দশাননকে বিনাশ করত সমুদ্র বন্ধন করেন এবং লোক মলঘ্ন কীর্ত্তি সেই সীতাপতি রামচন্দ্র জয় যুক্ত হউন ॥ ২১ ॥

সেই জন্ম রহিত পুরুষ ভূমির ভারাবতারের নিমিত্ত যদুকুলে অবতীর্ণ হয়া দেবতাদিগেরও দুষ্কর কার্য্য করিবেন, ও যজ্ঞানধিকারী অথচ যজ্ঞ কারী দৈত্যগণকে বুদ্ধাবতারে অহিংসাবাদে বিমোহিত

হতদস্যূন্ শূদ্রান্ কলৌ ক্ষিতিভুজোন্যহনিষ্যদন্তে ॥
এবং বিধানি জন্মানি কর্ম্মাণিচ জগৎপতেঃ।
ভূরীণি ভূরিযশসো বর্ণিতানি মহাভুজঃ ॥ ২২ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে নিমিজায়ন্তেয়োপাখ্যানে চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥
ভগবন্তং হরিং প্রায়ো ন ভজন্ত্যাত্মবিত্তমাঃ।

কল্ক্যবতারমাহ শূদ্রানিতি। অহনিষ্যৎ হনিষ্যতি শূদ্রান্ যবনপ্রায়ানিত্যর্থঃ ॥ ২২ ॥

॥ * ॥ ইত্যেকাদশে চতুর্থঃ ॥ * ॥

পঞ্চমে ভক্তিহীনানাং কা নিষ্ঠা কো যুগে যুগে। বিষ্ণোঃ পূজা বিধিরিতি প্রশ্নযোত্তর মুচ্যতে ॥ * ॥

ত্বাং সেবতাং সুরকৃতা বহবো হন্তরায়া ইত্যানেন শ্রীহরিভক্তা বিঘ্নমূর্দ্ধ্নি পদং দত্ত্বা পরাং গতিং যান্তি অভক্তানান্তু বিঘ্না ভবন্তীত্যুক্তে তর্হি তেষাং কা গতি র্ভবতীতি পৃচ্ছতি

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইত্যেকাদশ ক্রমসন্দর্ভে চতুর্থঃ ॥ * ॥

মুখ বাহ্বিতি বিরাট্ তদন্তর্যামিণো রভেদোক্তিঃ। মুখ বাহূরুপাদেভ্য ইত্যুপলক্ষণমেবা

করিবেন এবং কলিযুগের অন্তে ম্লেচ্ছ প্রায় রাজগণকে বিনষ্ট করিবেন হে মহাভুজ। সেই ভূরি যশা জগৎপতি শ্রীকৃষ্ণের এই প্রকার ভূরি ভূরি জন্ম ও কর্ম্ম বর্ণিত আছে ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি একাদশে চতুর্থ ॥ * ॥

পঞ্চমাধ্যায়ে ভক্তিহীন ব্যক্তিদিগের কি নিষ্ঠা এবং যুগে যুগে বিষ্ণু পূজার বিধি কি, এই দুই প্রশ্নের উত্তর ॥ * ॥

রাজা জিজ্ঞাসা করিলেন পূর্ব্বে উক্ত হইয়াছে ভগবানকে যাহারা সেবা করে এতাদৃশ হরিভক্ত দেবকৃত বিঘ্নের মস্তকে পদার্পণ করিয়া পরম গতি প্রাপ্ত হয়েন, কিন্তু হরি বিমুখ ব্যক্তিদিগের কেবল বিঘ্ন হয়,

তেষামশান্তকামানাং কানিষ্ঠাবিজিতাত্মনাং ॥ ১ ॥
মুখ বাহূরুপাদেভ্যঃ পুরুষস্যাশ্রমৈঃ সহ।
চত্বারো জজ্ঞিরে বর্ণা গুণৈর্বিপ্রাদয়ঃ পৃথক্ ॥ ২ ॥
য এষাং পুরুষং সাক্ষাদাত্ম প্রভবমীশ্বরং।

ভগবন্তমিতি। হে আত্মবিত্তমাঃ অবিজিতাত্মনাং অতএবাশান্ত কামানাং কা নিষ্ঠা কিং প্রাপ্যমিত্যর্থঃ ॥ ১ ॥

স্বজনকস্য গুরো র্ভগবতোঽনাদরাৎ গুরুদ্রোহেণ দুর্গতিং যান্তীতি বক্তুং ভগবতঃ সকাশাৎ বর্ণাশ্রমাণাং উৎপত্তিমাহ মুখেতি গুণৈঃ সত্বেন বিপ্রঃ সত্বরজোভ্যাং ক্ষত্রিয়ঃ। রজস্তমোভ্যাং বৈশ্যঃ। তমসা শূদ্র ইতি ॥ ২ ॥

এষাং মধ্যে যে হজ্ঞতয়া ভজন্তি। যেচ জ্ঞাত্বাপি অবজানন্তি আত্মনঃ প্রভবো জন্ম

ক্রমসন্দর্ভঃ।

শ্রমেষু। যথোক্তং। গৃহাশ্রমো জঘনতো ব্রহ্মচর্য্যং হৃদো মম। বক্ষঃ স্থালাদ্বনেবাসো ন্যাসঃ শীর্ষণিচ স্থিত ইতি ॥ ১ ॥ ২ ॥

ন ভজন্ত্যজ্ঞ এবাবজানন্তীত্যর্থঃ। যথা। কেচিদশ্রুত্বা ন ভজন্তি কেচিচ্ছ্রুত্বাপি ন ভজন্তি চেদবজানন্ত্যেবেত্যর্থঃ। স্থানবর্ণাশ্রম রূপাৎ স্বাশ্রমাদ্ভ্রষ্টাঃ সন্তঃ ক্রমাদধো

অতএব হে আত্মবিত্তম ঋষিগণ! যে সকল ব্যক্তি ভগবান্ হরির ভজনা করে না, সেই অজিতাত্মা (অস্থির চিত্ত) অশান্ত কাম, পুরুষদিগের গতি কি হইবে ॥ ১ ॥

চমস কহিলেন, মহারাজ! স্বীয় জনক গুরুরূপি ভগবানের অনাদর প্রযুক্ত তাহাদের দুর্গতি লাভ হইবে, অতএব শ্রবণ কর, পরম পুরুষ ভগবানের মুখ, বাহু, উরু ও পাদ হইতে ব্রহ্মচর্য্যাদি আশ্রম সহিত গুণানুসারে পৃথক্ পৃথক্ ব্রাহ্মণাদি চারি বর্ণ উৎপন্ন হইয়াছে ॥ ২ ॥

সেই বর্ণ চতুষ্টয়ের মধ্যে যাহারা সাক্ষাৎ আত্মপ্রভব ঈশ্বর পুরুষকে না জানা নিমিত্ত ভজনা করে না, অথবা জানিয়াও অবজ্ঞা করে তাহারা

ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্‌ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ ॥ ৩ ॥
দূরে হরিকথাঃ কেচিৎ দূরে চাচ্যুতকীর্ত্তনাঃ ।
স্ত্রিয়ঃ শূদ্রাদয়শ্চৈব তেঽনুকম্প্যা ভবাদৃশাং ॥ ৪ ॥
বিপ্রো রাজন্য বৈশ্যৌ বা হরেঃ প্রাপ্তাঃ পদান্তিকং ।
শ্রৌতেন জন্মনাথাপি মুহ্যন্ত্যাম্নায়বাদিনঃ ॥ ৫ ॥

যস্মাত্তং। তদভজনে কৃতমন্তামপ্যাহ ঈশ্বরমিতি স্থানাদ্বর্ণাদাশ্রমাদ্‌ভ্রষ্টাঃ ॥ ৩ ॥

তত্র যে হজ্ঞাস্তে ভবদ্বিধানামনুগ্রাহ্যা ইত্যাহ দূরে ইতি। দূরে হরিকথা শ্রবণং যেষাং তে অতএব দূরে চাচ্যুত কীর্ত্তনাশ্চ যেষামিতি বা ॥ ৪ ॥

জ্ঞান লব দুর্বিদগ্ধাস্তচিকিৎসিতত্বাৎ উপেক্ষা ইত্যাশয়েনাহ বিপ্র ইতি। শ্রৌতেনোপনয়নাখ্যেন উপলক্ষণমেতৎ অধ্যয়নাদিনাপি হরেঃ পদান্তিকং তদ্ভজনোত্তমাধিকারং প্রাপ্তা অপি মুহ্যন্তি কর্ম্ম ফলেষু সজ্জন্তে। কুত আম্নায়েষু যে বাদাস্তে মোহক তয়া বিদ্যন্তে যেষাং তে। তদুক্তং গীতাসু। যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ। বেদ বাদরতাঃ পার্থ নান্যদস্তীতি বাদিন ইত্যাদিনা ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

গচ্ছন্তীত্যর্থঃ ॥ ৩ ॥

তত্র পূর্ব্বানমনুগ্রাহয়তি দূর ইতি ॥ ৪ ॥

উত্তরামুপেক্ষয়তি বিপ্র ইতি। আম্নায় বাদিনো জৈমিনীয়াঃ। আম্নায়ঃ কর্ম্ম কাণ্ডং স্তেহি তন্মাত্র বদন শীলাস্তস্য সুতরাং ব্রহ্মকাণ্ডস্য যাথার্থ্যা বেদিনোঽনীশ্বরবাদিনঃ ॥ ৫ ॥

বর্ণাশ্রম হইতে ভ্রষ্ট হইয়া অধঃ পতিত হয় ॥ ৩ ॥

যে সকল স্ত্রী শূদ্রাদির সম্বন্ধে হরি কথা বা হরি কীর্ত্তন সুদূরবর্ত্তী তাহারা ভবদ্বিধ লোকের অনুগ্রহ পাত্র ॥ ৪ ॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য, ইহারা উপনয়ন বেদাধ্যয়ন রূপ শ্রৌত জন্ম দ্বারা হরিপাদপদ্মের নিকটবর্ত্তি অর্থাৎ হরিপাদপদ্ম ভজনের উত্তমাধিকার প্রাপ্ত হইয়াও বেদের অর্থবাদে বিমূঢ় হইয়া কর্ম্ম ফলে আসক্ত হয়েন ॥ ৫ ॥

কর্ম্মণ্যকোবিদাস্তব্ধা মূর্খাঃ পণ্ডিতমানিনঃ।
বদন্তি চাটুকান্মূঢ়া যয়া মাধ্ব্যা গিরোৎসুকাঃ ॥ ৬ ॥
রজসা ঘোরসংকল্পাঃ কামুকা অহিমন্যবঃ।

ভক্তিমার্গদার্ঢ্যায় তেষাং মোহং প্রপঞ্চয়ন্নিন্দতি কর্ম্মণীত্যাদিনা। যথা বন্ধকং কর্ম্ম নভবতি তথা কর্ত্তুমজ্ঞাঃ নচাভিজ্ঞান্ পৃচ্ছন্তি যতঃ স্তব্ধাঃ। অনম্রাঃ স্তব্ধত্বে হেতুঃ যতো মূর্খা অপি পণ্ডিতা বয়মিতি মানয়ন্তঃ। অতঃ অপাম সোমমমৃতা অভূম অক্ষয্যং হবৈ চাতুর্মাস্য যাজিনঃ সুকৃতং ভবতি যত্র নোষ্ণং ন শীতং গ্লানির্গ্লানি র্নাপ্যরাতয় ইত্যাদিকয়া যয়া মাধ্ব্যা গিরোৎসুকাঃ সন্তো মূঢ়া স্বয়া চাটুকান্ অপ্সরোভিঃ সহ বিহরিষ্যাম ইত্যাদি প্রিয়ান্ শব্দান্ বদন্তি ॥ ৬ ॥

কিঞ্চ তেষাং কর্ম্মাভি নিবেশাৎ কাম ক্রোধ দম্ভাদয়ো বর্দ্ধন্ত ইত্যাহ রজসেতি

ক্রমসন্দর্ভঃ।

তেষাং মোহমেবাহ কর্ম্মণ্যকোবিদা ইতি ॥ ৬ ॥

ভ্রংশাধঃ পাতৌচ ক্রমেণ দর্শয়তি রজসেতি ত্রিভিঃ। তত্র প্রথমেন সর্ব্বোবামেব

ভক্তিমার্গের দৃঢ়তা নিমিত্ত পূর্ব্বোক্ত ব্যক্তিদিগের মোহ বিস্তার পূর্ব্বক নিন্দা করিয়া কহিলেন মহারাজ! কর্ম্মে অকুশল অর্থাৎ কি প্রকার কর্ম্ম করিলে বন্ধন না হয় এরূপ করিতে অজ্ঞ, এবং অভিজ্ঞ ব্যক্তিদিগকেও জিজ্ঞাসা করে না, অতএব অনম্র ও মূর্খ অথচ পণ্ডিতাভিমানী মূঢ়, সেই লোক সকল আহার বিহারাদি যে মধুর বাক্যে আপনারা উল্লাসিত হয় অর্থাৎ সোম পান করিয়া অমৃত হইব, চাতুর্মাস্য যাগ করিলে যেখানে শীত নাই, উষ্ণ নাই, গ্লানি নাই, শত্রু নাই সেই সুকৃতি লাভ করিয়া অপ্সরাগণের সহিত বিহার করিব, তাহাই বলিয়া থাকে ॥ ৬ ॥

এবং রজো গুণ প্রভাবে অভিচার রত, কামুক সর্পের ন্যায় ক্রুর, দাম্ভিক, আত্মাভিমানী, পাপাত্মা লোকে অচ্যুতপ্রিয় সাধুদিগকে দেখিয়া

দাম্ভিকা মানিনঃ পাপা বিহসন্ত্যচ্যুতপ্রিয়ান্ ॥ ৭ ॥
বদন্তি তেঽন্যোন্যমুপাসিত স্ত্রিয়ো গৃহেষু
মৈথুন্য পরেষু চাশিষঃ। যজন্ত্যসৃষ্টান্ন

ত্রয়েণ ঘোরঃ অভিচারাদি সঙ্কল্পো যেষাং তে অহিবন্মন্যু র্যেষাং তে ॥ ৭ ॥

কামুকত্বং প্রপঞ্চয়তি বদন্তীতি। উপাসিতাঃ স্ত্রিয়ো যৈ র্নতু বৃদ্ধাঃ তে মৈথুন্যং মিথুন সুখমেব পরং নত্বাতিথ্যাদি যেষু গৃহেষু আশিষো বদন্তি ইদমদ্য ময়া লব্ধং ইদং প্রাপ্স্যে মনোরথং। ইদমস্তীদনপি মে ভবিষ্যতি পুনর্দ্ধনমিত্যাকারাঃ। দাম্ভিকতাং প্রপঞ্চয়তি যজন্তীতি। অসৃষ্টান্ন বিধান দক্ষিণং ন সৃষ্টা ন সম্পাদিতা অন্ন বিধান দক্ষিণা যথা তথা

ক্রমসন্দর্ভঃ।

তেষাং নিন্দা দ্বিতীয়েন বিপ্রাণাং তৃতীয়েন রাজন্য বৈশ্যানামিতি জ্ঞেয়ং ॥ ৭ ॥ ৮ ॥ ৯॥

উপহাস করিয়া থাকে ॥ ৭ ॥

এবং মিথুন সুখ বিশিষ্ট গৃহে বসিয়া স্ত্রীগণের উপাসনা করত পরস্পর কাম ভোগের বিষয়ই কহিয়া থাকে ও অন্ন দান বা দক্ষিণা বিধান ব্যতিরেকে অজ্ঞতা বশতঃ বৃথা যজ্ঞ করিয়া ভোগের নিমিত্ত তাহাতে অনর্থক পশু বধ করে ॥

তাৎপর্য্য। ৭ শ্লোকে যে কামুক ও দাম্ভিক বলা হইয়াছে তাহার বিস্তার এই যে, উক্ত ব্যক্তি সকল স্ত্রীগণের উপাসনা করে অর্থাৎ তাহাদিগের উপদেশানুসারে কার্য্য করে এবং মিথুন সুখকেই সুখ বলিয়া মানে, কিন্তু জ্ঞানিগণের উপদেশ শ্রবণ অথবা অতিথি সপর্য্যা ইত্যাদি কিছুই করে না। অপর মনো মধ্যে অভিলাষ করে, অদ্য ইহাই লাভ হইল, পরে এই মনোরথ সিদ্ধ হইবে, এক্ষণে আমার এই আছে, ভবিষ্যতে পুনরায় ধন প্রাপ্ত হইব। আর দাম্ভিকতা এইরূপ বিস্তার করে যে, যজ্ঞে অন্ন বিধান বা দক্ষিণাদি প্রদান না করিয়া কেবল উদর ভরণার্থ পশু হত্যা করে, পর প্রাণ হিংসা করিলে যে কি দোষ

বিধানদক্ষিণং বৃত্ত্যৈ পরং ঘ্নন্তি পশূনতদ্বিদঃ ॥ ৮ ॥
শ্রিয়া বিভূত্যাভিজনেন বিদ্যয়া ত্যাগেন রূপেণ
বলেন কর্ম্মণা। জাতস্ময়েনান্ধধিয়ঃ সহেশ্ব
রান্ সতোঽবমন্যন্তি হরিপ্রিয়ান্ খলাঃ ॥ ৯ ॥
সর্ব্বেষু শশ্বত্তনুভৃৎস্ববস্থিতং যথাখমা
ত্মানমভীষ্টমীশ্বরং। বেদোপগীতঞ্চ ন
শৃণ্বতে বুধা মনোরথানাং প্রবদন্তি বার্ত্তয়া ॥ ১০ ॥

যজন্তি তদাচ বৃত্ত্যৈ জীবিকার্থং পরং কেবলং পশূন্ ঘ্নন্তি। অতদ্বিদো হিংসাদোষাঽনভিজ্ঞাঃ ॥ ৮ ॥

মানিতাং প্রপঞ্চয়তি শ্রিয়েতি শ্রিয়া ধনাদি সম্পদা বিভূত্যা ঐশ্বর্য্যেণ শ্রিয়াদিনা জাতো যঃ স্ময়ো গর্ব্ব স্তেনান্ধা ধী র্যেষাং তে ঈশ্বর সহিতান্ সতঃ অবমন্যন্তে ॥ ৯ ॥

কিঞ্চ এবং বর্ত্তমানাস্তে বেদতত্ত্বার্থং স্ফুটমপি ন জানন্তীত্যাহ সর্ব্বেষ্বিতি। কেন রূপেণাবস্থিতং তদাহ আত্মানমীশ্বরং আত্ম তয়া ঈশ্বর তয়া চাবস্থিতং এবমপ্যজস্রমাহ যথা খমিতি পুরুষার্থত্বাবাহ অভীষ্টমিতি স্ফুটত্বঞ্চাহ বেদোপগীতঞ্চেতি। তৎ কুতঃ যতো মনোরথানাং ব্যবায়ামিষ মদ্যসেবা বিষয়াণাং বার্ত্তয়া প্রবদন্তি ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

তেষাং মোহজং প্রমাদমাহ সর্ব্বেষ্বিতি। তত্র শশ্বদিতি বিদ্বদনুভব সিদ্ধত্বং বেদেতি বেদসিদ্ধত্বং চেশ্বরত্ব দর্শিতং ॥ ১০ ॥

হয় তদ্বিষয়ে তাহারা অনভিজ্ঞ ॥ ৮ ॥

আর সেই খল স্বভাব লোকেরা ধন, সম্পত্তি, ঐশ্বর্য্য, আত্মীয়বর্গ, বিদ্যা, দান, রূপ, বল ও কর্ম্ম দ্বারা জাত গর্ব্বে অন্ধ হইয়া হরির সহিত হরিপ্রিয় সাধুদিগের অবমাননা করে ॥ ৯ ॥

সেই নির্ব্বোধ লোকেরা স্পষ্ট রূপ বেদতত্ত্বার্থ অবগত নহে, আকাশের ন্যায় সর্ব্ব প্রাণিতে সর্ব্বদা অবস্থিত ও বেদোপগীত অভীষ্ট ঈশ্বর আত্মাকে শ্রবণেও আলোচন করে না, কেবল বাক্যেতে স্ব স্ব মনোরথ অর্থাৎ স্ত্রী সম্ভোগ, মদ্য পান ও আমিষ ভোজন ইত্যাদি বিষয়ের জল্পনা করে ॥ ১০ ॥

লোকে ব্যবায়ামিষমদ্য সেবা নিত্যাহি

নম্নু ব্যবায়াদীনামপি ঋতৌ ভার্য্যামুপেয়াৎ হুতশেষং ভক্ষয়েৎ ইত্যাদিনা বিহিতত্বাৎ কিমেবং নিন্দ্যতে অত আহ লোক ইতি। ব্যবায়ঃ স্ত্রীসঙ্গঃ নিত্যা রাগত এব নিত্য প্রাপ্তা জন্তোঃ প্রাণিমাত্রস্য অতস্তত্র তাসু চোদনা বিধির্নাস্তি। নম্নু ঋতাবুপেয়াৎ ইত্যাদি বিধি দর্শিতঃ সত্যং নত্বয়মপূর্ব্ব বিধিঃ রাগতঃ প্রাপ্তত্বাৎ। কিন্তু নিয়ম বিধি রূপেণ রাগিণামত্যাসক্ত্যাভাবঃ ক্রিয়তে তদাহ ব্যবস্থিতিরিতি তেষু ব্যবায়াদিষু কৈ বিবাহ যজ্ঞ সুরাগ্রহৈ বিবাহ বিষয় এব ব্যবায়ঃ কার্য্যঃ যজ্ঞ এবামিষ সেবা। সৌত্রামণ্যাং সুরাগ্রহান্ গৃহ্লীতেতি শ্রুতেঃ তত্রৈব মদ্যসেবেতি নিয়মঃ ক্রিয়তে। নম্নু নিয়ম পক্ষে ২প্যাবশ্যকত্বাৎ ন নিন্দা যুক্তা অত আহ আশু নিবৃত্তিরিষ্টেতি। অয়ং ভাবঃ ন্যায়ং নিয়ম বিধিরপি নিত্য প্রাপ্তত্বাৎ। অতো নিবৃত্তিঃ পরি সংখ্যৈব আসু ব্যবায়ামিষ মদ্য সেবাসু নিবৃত্তিরিষ্টা কথং তর্হি ব্যবস্থিতি রিত্যুক্তং উচ্যতে ন তাবৎ পরিসংখ্যা বিধিনা শ্রুত্যা

ক্রমসন্দর্ভঃ।

লোক ইতি তৈঃ। তত্র নিয়ম বিধি রূপেণেতি তচ্ছদৃশেনেত্যর্থঃ। যদ্যস্য পরবন্নি ঙ্গত্বে সতি তাস্বিতি বক্তব্যে তেষ্বিত্যোক্ত বিশেষত্বাৎপুংসকত্বং। বিবাহেত্যুপলক্ষণং তত্রাপি ঋতাবেবেত্যর্থঃ। নিয়ম পক্ষেপ্যাবশ্যকত্বাদিতি যথাখাভিধানী মাদস্ত ইত্যত্রা দানমাবশ্যকং তথেত্যর্থঃ। অত আহেতি। নিয়মে আদানস্য বিধি প্রাপ্তত্বায় সর্ব্বতো নিবৃত্তৌ তাৎপর্য্যাং। পরিসংখ্যায়াং তু ভক্ষণস্য রাগতঃ প্রাপ্তত্বাৎ সর্ব্বত এব নিবৃত্তৌ পরম তাৎপর্য্যমিতি যুক্তৈব নিন্দেত্যর্থঃ। আসু ব্যবায়েত্যাদিক মরং ভাব ইত্যতঃ পূর্ব্ব মেব যুজ্যতে। তত্রতু লেখক ভ্রমাদিতি জ্ঞেয়ং। ব্যবস্থিতিরিতি তচ্ছব্দেন করণ ভূতেন প্রাপ্যতঃ পাক্ষিক তয়েতি জ্ঞেয়ং। ব্যবস্থিতিরিতি তচ্ছব্দেন ব্যাখ্যাতো নিয়ম ইত্যর্থঃ। নিয়ম স্থানৈবেয়ং পরিসংখ্যেতি সিদ্ধান্তয়িতুমাহ উচ্যত ইতি। পরিসংখ্যা বিধিনা কর্ত্তৃ ভূতেন শ্রুত্যা শব্দেন করণ ভূতেন প্রাপ্যতঃ পাক্ষিক তয়েতি জ্ঞেয়ং কচিৎস্থিতি। রাগতো নিত্য প্রাপ্তস্যেত্যস্য নিয়মেত্যাদিনান্বয়ঃ। তত্র হেতু রপ্রাপ্তাংশেতি। যথা পাক্ষিক

হে রাজন্! যদি বল স্ত্রী সঙ্গ, মদ্য পান ও আমিষ ভোজনাদিরও ঋতু কালে ভার্য্যায় উপগত হইবে, যজ্ঞশেষ ভোজন করিবে ইত্যাদি শ্রুতিতে বিধান হেতু কেন নিন্দা করিতেছেন, অতএব বলি শ্রবণ কর। লোকেতে ব্যবায় (স্ত্রী সঙ্গ) আমিষ ভক্ষণ ও মদ্য পান এ সমুদায়

অন্তোর্নহি তত্র চোদনা। ব্যবস্থিতিস্তেষু

নিবৃত্তিরুচ্যতে। তথা সতি স্বার্থত্যাগঃ পরার্থ কল্পনা প্রাপ্ত বাধশ্চেতি দোষত্রয়ং স্যাৎ অতঃ ক্বচিৎ প্রাপ্স্যতো হপ্যর্থস্য প্রাপণমনর্থকমিত্যপূর্ব্ব বিধি দ্বারাস্য নিবৃত্তিঃ ফলতো ভবতি। তদ্যথা ইমামগৃভ্নন্ রসনামৃতস্যেত্যশ্বাভিধানীমাদত্তে ইত্যত্র রসনা লিঙ্গতো গর্দ্দভাশ্বাভিধানী রসনাদ্বয়ে প্রাপ্স্যতো মন্ত্রস্যাপূর্ব্ব বিধি দ্বারা পরি সংখ্যোচ্যতে। যথোক্তং তন্ত্রবার্ত্তিকে অপ্রাপ্ত বিধিরেবায়মতো মন্ত্রশ্চ নিশ্চিতঃ। পরিসংখ্যা ফলেনোক্তা ন বিশেষ পুনঃ শ্রুতিরিতি। ক্বচিত্তু রাগতো নিত্য প্রাপ্তস্যাপ্রাপ্তাংশ পূরণ লক্ষণস্য নিয়ম ফলস্যাভাবাৎ নিয়ম বিধি দ্বারা ফলতঃ পরিসংখ্যা ভবতি যথা পঞ্চ পঞ্চ নখা ভক্ষ্যা ইতি। তথাত্র রাগতো নিত্য প্রাপ্তস্য ব্যবায়াদের্বিবাহাদি নিয়মেনাভ্যনুজ্ঞা দ্বারা পরি সংখ্যৈব ইতি। নমু যদ্যভ্যনুজ্ঞামাত্রমেতৎ ভবেত্তর্হি ঋতু স্নাতাং তু ভার্য্যায়াং সন্নিধৌ নোপগচ্ছতি। ঘোরায়াং ভ্রূণ হত্যায়াং পচ্যতে নাত্র সংশয় ইত্যাদি দোষ শ্রবণং

ক্রমসন্দর্ভঃ।

তত্রাংশেনাপ্রাপ্তাশ্বাভিধানী সর্ব্বাংশেন পূর্য্যতে। তাদৃশত্বাভাবাদিত্যর্থঃ। অত্রাপি নিয়ম বিধি স্তৎ সদৃশ এব জ্ঞেয়ঃ। মনসীতি। বিধ্যভাবেপ্যভ্যনুজ্ঞা বিষয়াণাং রাগিণা মভ্যনুজ্ঞাতিক্রমঃ স্যাদেবেতি ভাবঃ। অথবা লোক ইতি। তথাহি বিধি রত্যন্তমপ্রাপ্তৌ নিয়মঃ পাক্ষিকে সতি। তত্র চান্যত্র সংপ্রাপ্তৌ পরিসংখ্যাবিধীয়তে। অত্র বিধি র্যথা অহরহঃ সন্ধ্যামুপাসীতেতি ইদং খলু সর্ব্বথৈব ন প্রাপ্নোতি। অয়মেবাপূর্ব্ব বিধি রিত্যুচ্যতে। নিয়মো যথা ইমা মগৃভ্নন্রসনা মৃতস্যেতি মন্ত্রেণ ঋতস্য যাজ্ঞিক পশো রসনাং রজ্জুং গৃভ্নন্ অগৃহ্নন্নিত্যর্থেন গর্দ্দভাশ্বাভিধান্যোরেকতরস্যাং স্বাচ্ছন্দ্যেন প্রাপ্তায়াং ব্রাহ্মণেন নিয় ম্যেত। আশ্বাভিধানী মাদত্ত ইতি। পরিসংখ্যাচ পঞ্চ পঞ্চ নখা ভক্ষ্যা ইতি। অত্র রাগ প্রাপ্তেষু প্রায়ঃ সর্ব্বেষ্বেব মাংসবৎসু ভক্ষ্যেষু পঞ্চৈব পবিসংখ্যায়ন্তে তদনুরোধেন তাব স্ত এবাভ্যনুজ্ঞায়ন্তে মাত্রং নতু বিধীয়ন্ত ইত্যর্থঃ। তত্র নিয়মে প্রাপ্যাতোপ্যর্থস্য প্রাপণ মনর্থকমিতি ব্রাহ্মণেনাপূর্ব্ব বিধিনাস্য নিবৃত্তি স্তাৎপর্য্যতো ভবতি। অতঃ পরিসংখ্যা চাত্র পর্য্যবসিতা। তত্র বার্ত্তিকে যথোক্তং। অপ্রাপ্ত বিধিরেবায় মতো মন্ত্রশ্চ নিশ্চিতঃ।

প্রাণি মাত্রের রাগ· প্রাপ্ত বিষয় অর্থাৎ ইচ্ছাধীন, সুতরাং এ সকলে সাক্ষাৎ বিধি নাই, অতএব তাহাতে এই রূপ ব্যবস্থা হওয়া উচিত যে, বিবাহিত স্ত্রীর সংসর্গ, যজ্ঞেতে আমিষ ভোজন ও সৌত্রামনী যাগে

বিবাহ যজ্ঞ সুরাগ্রহৈরাশু নিবৃত্তিরিষ্টা ॥ ১১ ॥

নস্যাৎ। নৈষ দোষঃ মনসি কামে সত্যপি তস্যামরুচ্যা দ্বেষাদিনা বা তামনুগচ্ছতো দোষ শ্রবণোপপত্তেরিতি সর্ব্বমনবদ্যং ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

পরিসংখ্যা ফলেনোক্তা ন বিশেষঃ পুনঃ শ্রুতেরিতি। অয়মন্যাভিধানী বিধিরপ্রাপ্ত বিধিরেব। নকার ব্যত্যয়াৎ। তস্মাদতো বিধের্ন্যার্থশ্চ নিশ্চিতঃ অন্যাভিধানী মেবাদদ্বীতেতি। অতো তত্র পরিসংখ্যাত্বমপি ফলেন তাৎপর্য্যেণ প্রাপ্তং। নমু সামান্যতো মন্ত্রপ্রাপ্তস্য রসনা দ্বয়স্যান্যাভিধানীমিত্যনেন বিশেষ এবোক্তঃ। অপরোপি জ্ঞাপ্যত ইতি বাচ্যং তত্রাহ পুনঃ শ্রুতেঃ পুনরুক্তত্বাদনর্থকত্বাদিত্যর্থঃ। অথ পরিসংখ্যায়ামিদং বিবিচ্যতে। ন তাবৎ পরিসংখ্যা বিধি শব্দেনান্য নিবৃত্তিং বক্তি। তথা সতী পঞ্চনখী ভক্ষণ রূপস্য স্বার্থস্য ত্যাগঃ। তথান্য নিবৃত্তি রূপস্য পরার্থস্য কল্পনং ততশ্চ প্রাপ্তস্য পঞ্চনখী ভক্ষণ রূপস্য বাধশ্চ স্যাৎ। তস্মাদ্যাদৃশং নিয়ম বিধৌ পাক্ষিক তয়াংশেনাপ্রাপ্তান্যাভিধানী সর্ব্বাংশেনৈব পূর্য্যতে। রাগতো নিত্য প্রাপ্তেষু নিয়ম ফলে তাদৃশত্বাভাবান্নিয়ম দ্বারা তাৎপর্য্যতঃ পরিসংখ্যা ভবতীতি। তস্মাদয়মর্থঃ লোকে ব্যবায়াদয়ো জন্তোর্মনুষ্যাদের্নিত্যাঃ রাগত এব নিত্য প্রাপ্তাঃ। তত্র ব্যবায়ঃ স্বভাবত এব। আমিষ মদ্যেতু মনুষ্যাস্ত পরম্পরা প্রাপ্তত্বাদিতি জ্ঞেয়ং। অতস্তত্র চোদনা অপূর্ব্ব বিধির্নাস্তি। কিন্তু তেষু রাগিষু বিবাহ যজ্ঞ সুরাগ্রহৈ র্ব্যবস্থিতিঃ ক্রিয়তে নিয়ম দ্বারা পরিসংখ্যা ক্রিয়তে। তদযথা বিবাহেত্যুপলক্ষণং বিবাহ এব তত্রাপি ঋতাবেব ব্যবায়ঃ কার্য্যঃ। যজ্ঞ এবামিষ সেবা। সুরাগ্রহে সৌত্রামন্যামেব মদ্যসেবেতি। নমু পরিসংখ্যাত্বে সতি ব্যবায়াদৌ বিধিত্বমস্ত্যেব। লিঙ্গাদি সদ্ভাবাৎ। তত্র স্যাঃ কথং নিন্দয়া ত্যজ্যন্তে তত্রাহ। আশু ব্যবয়াদিষু নিবৃত্তি রেবেষ্টেতি। রাগ প্রাপ্তত্বাদ্যভ্যনুজ্ঞা মাত্রং ক্রিয়তে নত্ব পূর্ব্ব নিয়মযোরিব শাস্ত্র প্রাপ্তত্বাদবশ্যং কার্য্যত্ব ইতি নিবৃত্তাবেব তাৎপর্য্যমিত্যর্থঃ। ঋতুস্নাতায়া ভার্য্যায়াঃ পরিত্যাগ দোষ শ্রবণন্ত বিধ্যতিক্রমাৎ বিধ্যনুপপত্তেঃ। নচ বৈরাগ্যেনাভ্যনুজ্ঞাতিক্রমাৎ। তত্রাভ্যনুজ্ঞায়া অভাবাৎ। কিন্তু সত্যপ্যভ্যনুজ্ঞাতায়ামন্যস্যাং রাগাদৌ। তাদৃশ্যাং স্বভার্য্যায়ামরুচ্যাদি নৈব প্রবৃত্তে স্তদতিক্রমাৎ। ততো ভ্রূণহত্যা পর্য্যবসানাচ্চ এবমামিষাদাবপি জ্ঞাতব্যমিতি ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৬ ॥ ১৭ ॥

মদ্য পান। কিন্তু এই তিন বিষয় হইতে নিবৃত্ত হওয়াই সকল অপেক্ষা শ্রেয়স্কর ॥ ১১ ॥

ধনঞ্চ ধর্ম্মৈক ফলং যতো বৈ জ্ঞানং স
বিজ্ঞানমনু প্রশান্তি। গৃহেষু যুঞ্জন্তি
কলেবরস্য মৃত্যুং ন পশ্যন্তি দুরন্ত বীর্য্যং ॥ ১২ ॥
যদ্ঘ্রাণ ভক্ষো বিহিতঃ সুরায়াস্তথাপশোরা
লভনং ন হিংসা। এবং ব্যবায়ঃ প্রজয়া

তদেবং ব্যবায়াদি মনোরথাকুলিতত্বাৎ অভীষ্ট মাত্মানং নশৃণ্বন্তীত্যুক্তং ইদানীং ধন স্যাপি ধর্ম্ম দ্বারা পরমার্থ প্রাপকস্য দৃষ্টোপভোগার্থং বিনিয়োগান্নাত্ম জ্ঞানগন্ধোপীত্যাহ ধন ঞ্চেতি। ধর্ম্ম এবৈকঃ ফলং যস্য তৎ যতো ধর্ম্মাৎ সবিজ্ঞানং অপরোক্ষ জ্ঞান সহিতং দৃঢ়ং পরোক্ষ জ্ঞানং ভবতি কথং ভূতং অনু প্রশান্তি অনু অনন্তরমেব প্রকৃষ্টা শান্তি র্নির্ব্বাণ লক্ষণা যস্মাৎ তৎ এবং ভূতং ধনং গৃহেষু দেহাদ্যর্থং যুঞ্জন্তি ॥ ১২ ॥

কিঞ্চ ব্যবস্থয়াপি ব্যবায়াদ্যভ্যনুজ্ঞানং ন যথেষ্টমপি তুন্যৈবেত্যাহ যদিতি। যস্মাৎ সুরায়া ঘ্রাণ ভক্ষঃ অবঘ্রাণং সএব বিহিতঃ ন পানং তথা পশোরপি আলভনমেব বিহিতং নতু হিংসা। অয়মর্থঃ দেবতোদ্দেশেন যৎ পশুহননং তদালভনং বায়ব্যং শ্বেতমালভেতি শ্রুতেঃ। নতু হিংসা। যা বেদ বিহিতা হিংসা ন সা হিংসেতি কীর্ত্ত্যতে ইতি বচনাৎ।

মহারাজ! স্ত্রীসঙ্গাদি মনোরথে আকুল প্রযুক্ত যেমন প্রিয়তম আত্মাকে শ্রবণ করে না, তদ্রূপ পরমার্থ প্রাপক ধন দ্বারা কেবল দৃষ্ট উপভোগার্থ নিয়োগ করিলে তদ্দ্বারা আত্ম বিষয়ক জ্ঞানের গন্ধও পাওয়া যায় না, দেখ ধন যদি কেবল ধর্ম্ম সাধন মাত্রে নিয়োগ করা হয়, তবে তাহা হইতেই পরোক্ষ জ্ঞান সহিত অপরোক্ষ জ্ঞান ও নির্ব্বাণ মুক্তি হয়, কিন্তু নির্ব্বোধ লোকেরা দুরন্তবীর্য্য মৃত্যুর প্রতি দৃষ্টিপাত না করিয়া ঐ প্রকার ধন কেবল দেহাদির নিমিত্ত ব্যয় করে ॥ ১২ ॥

অপর যে যজ্ঞে মদ্যপান ব্যবস্থা আছে তাহা সাক্ষাৎ পান না করিয়া আঘ্রাণ লইলেই ভোজন বিহিত হয়, যেখানে দেবতোদ্দেশে পশু বধ ব্যবস্থা আছে, সে স্থলে পশুর একেবারে প্রাণবধ না করিয়া কোন অঙ্গ ছেদন দ্বারা দেবারাধন করিলে তাহাই বধ বিহিত হয়,

ন রত্যৈ ইমং বিশুদ্ধং ন বিদুঃ স্ব ধর্ম্মং ॥ ১৩ ॥
যেত্বনেবং বিদোঽসন্তঃ স্তব্ধাঃ সদভিমানিনঃ।
পশূন্ দ্রুহ্যন্তি বিস্রব্ধাঃ প্রেত্য খাদন্তি তেচ তান্ ॥ ১৪ ॥
দ্বিষন্তঃ পরকায়েষু আত্মানং হরিমীশ্বরং।
মৃতকে সানুবন্ধেঽস্মিন্ বদ্ধস্নেহাঃ পতন্ত্যধঃ ॥ ১৫ ॥
যে কৈবল্যমসংপ্রাপ্তা যেচাতীতাশ্চ মূঢ়তাং।

ভক্ষণোদ্দেশেনতু ক্রিয়মাণং লৌকিক হননং যত্তদ্ধিংসৈব অত্র ত্বালভনমেব বিহিতং নতু হিংসা। অতো ন যথেষ্ট ভক্ষণাভ্যনুজ্ঞেত্যর্থঃ ব্যবায়োপি প্রজয়া নিমিত্ত ভূতয়া নতু রত্যৈ অতো মনোরথবাদিন ইমং বিশুদ্ধং স্বধর্ম্মং ন বিদুরিতি ॥ ১৩ ॥

এবং ভগবৎ পরাঙ্মুখানাং বহু দোষতাং প্রপঞ্চ্য তন্নিষ্ঠাং প্রপঞ্চয়তি যে ত্বিতি পঞ্চভিঃ। অনেবং বিদঃ ন এবং ধর্ম্মং বিদন্তি যে তে। বিস্রব্ধাঃ নিঃশঙ্কাঃ। অনেন মনোরথো ভবিষ্যতীতি বিশ্বস্তা বা। তদানীন্তন পোষণেন বা তৈঃ পশুভির্বিশ্বস্তাস্তেচ পশবঃ প্রেত্যামুত্র তান্ খাদন্তি। মাংস ভক্ষয়িতামুত্র যস্য মাংসমিহাদ্ম্যহং। এতন্মাংসস্য মাংসত্বং প্রবদন্তি মনীষিণ ইতি বচনাৎ ॥ ১৪ ॥

অভিচারাদিনা দ্বিষন্তঃ মৃতকে দেহে সানুবন্ধে পুত্রাদি সহিতে ॥ ১৫ ॥

অজ্ঞাস্তত্ত্বজ্ঞৈরনুকম্পিতা স্তরন্তি তত্ত্বজ্ঞাস্তু স্বতঃ। যেচ নাত্যন্তমজ্ঞা নচ তত্ত্বজ্ঞাঃ তেষ্

আর সন্তানার্থ যে স্ত্রীসঙ্গ তাহাই বিহিত, রমণ নিমিত্ত নহে, কিন্তু অজ্ঞ লোকেরা এই বিশুদ্ধ ধর্ম্ম না জানিয়া কেবল আত্ম সুখার্থে ঐ সমুদায় নিয়োগ করে ॥ ১৩ ॥

যে সকল অসৎ আপনাকে সৎ বলিয়া অভিমান করে সেই মূঢ়েরা পূর্ব্বোক্ত দোষ অর্থাৎ প্রাণি বধ নিমিত্ত অধর্ম্ম না জানিয়া নিঃশঙ্ক চিত্তে পশুহত্যা করে, সেই সকল হত পশু পরলোকে গিয়া সেই হন্তাদিগকে ভক্ষণ করে ॥ ১৪ ॥

যাহারা অভিচারাদি দ্বারা পরের কায়ার প্রতি বিদ্বেষ করে তাহারা ঈশ্বর পরমাত্মা হরির বিদ্বেষ করিয়া থাকে, সুতরাং তন্নিবন্ধন তাহারা স্বীয় শরীর ও পুত্রাদিতে স্নেহ বন্ধন পূর্ব্বক অধঃপতিত হয় ॥ ১৫ ॥

হে রাজন্! যাহারা অজ্ঞ তাহারা তত্ত্বজ্ঞদিগের অনুকম্পায় সংসার

ত্রৈবর্গিকাহ্যক্ষণিকা আত্মানং ঘাতয়ন্তি তে ॥ ১৬ ॥
এত আত্মহনোঽশান্তা অজ্ঞানে জ্ঞানমানিনঃ।
সীদন্ত্যকৃত কৃত্যা বৈ কালধ্বস্ত মনোরথাঃ।
হিত্বাত্ম মায়া রচিতা গৃহাপত্য সুহৃৎ শ্রিয়ঃ।
তমো বিশন্ত্যনিচ্ছন্তো বাসুদেব পরাঙ্মুখাঃ ॥ ১৭ ॥
শ্রীরাজোবাচ ॥
কস্মিন্ কালে স ভগবান্ কিংবর্ণঃ কীদৃশো নৃভিঃ।

রাগবর্ত্তিনঃ পতন্তীত্যাহ ষ ইতি। কৈবল্যং তত্ত্বজ্ঞান মসংপ্রাপ্তাঃ। তত্র হেতুঃ ত্রিবর্গ প্রধানাঃ অক্ষণিকা উপশান্তি ক্ষণরহিতা দেহাদি স্থৈর্য্য বুদ্ধয়ো বা স্বয়মেবাত্মানং ঘাতয়ন্তি ॥ ১৬ ॥

তদাহ এত ইতি আত্মহনঃ আত্মাপহ্নব কর্ত্তারঃ। অজ্ঞানে কর্ম্মণি। তথাচ শ্রুতিঃ। অসূর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসা বৃতাঃ। তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনাঃ ইতি যা গৃহাপত্য সুহৃৎ শ্রিয়ঃ তা হিত্বা ॥ ১৭ ॥

তদেবং ভক্তিরেব কর্ত্তব্যেতি স্থিতে তত্র বিশেষং পৃচ্ছতি কস্মিন্ কাল ইতি। কিং বর্ণঃ

ক্রমসন্দর্ভঃ।

কস্মিন্নিতি ত্রিভিঃ সাধারণৈরিত্যর্থঃ। অসাধারণানামস্ত্রাবত্তাবাণাং ত্ত্বুপাসনায়াঃ সর্ব্বদা

উত্তীর্ণ হয়, তত্ত্বজ্ঞ ব্যক্তিরা স্বয়ং উত্তীর্ণ হয়েন, কিন্তু যাহারা অত্যন্ত অজ্ঞ নয় এবং তত্ত্বজ্ঞও নয়, তাহারা মধ্যবর্ত্তি সুতরাং তাহাদেরই অধঃ পতন হয়, দেখ, যাহারা তত্ত্ব জ্ঞান লাভ করিতে পারে নাই অথচ পশুর ন্যায় অজ্ঞও নহে, কেবল ধর্ম্মার্থ কাম এই ত্রিবর্গ সাধনে তৎপর অথচ উপশান্তি রহিত অর্থাৎ হরিকথা শ্রবণ করিতে অবসর নাই, দেহকেই চিরস্থায়ি বলিয়া জ্ঞান করিয়াছে, তাহারাই স্বয়ং আপনাকে হত্যা করে অর্থাৎ জন্ম মরণ পরম্পরা সংসার প্রাপ্ত হয়, কখন নিস্তার পায় না ॥ ১৬ ॥

অতএব সেই আত্মঘাতী, অশান্ত ও কাল সহকারে বিফল মনোরথ, অকৃতকৃত্য লোক সকল কর্ম্মেতে জ্ঞান মনে করিয়া অবসন্ন হয় ॥ ১৭ ॥

সেই সকল বাসুদেব পরাঙ্মুখ ব্যক্তি অতিশয় আয়াস রচিত গৃহ,

নাম্না বা কেন বিধিনা পূজ্যেত তদিহোচ্যতাং ॥ ১৮ ॥
শ্রীকরভাজান উবাচ ॥
কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিরিত্যেষু কেশবঃ।
নানা বর্ণাভিধাকারো নানৈব বিধিনেজ্যতে ॥ ১৯ ॥
কৃতে শুক্ল শ্চতুর্ব্বাহু র্জটিলো বল্কলাম্বরঃ।
কৃষ্ণাজিনোপবীতাক্ষান বিভ্রদ্দণ্ডং কমণ্ডলুং ॥ ২০ ॥
মনুষ্যাস্তু তদা শান্তা নির্বৈরাঃ সুহৃদঃ সমাঃ।

কীদৃগ্বর্ণবান্ কীদৃশঃ কীদৃশাকারঃ কেন বা নাম্না কেন বা বিধিনা ॥ ১৮ ॥

এষু কৃতাদি কালেষু নানাপ্রকারা বর্ণাভিধাকারা যস্য সঃ। নানৈব বিধিনা বিবিধৈরেব মার্গেণ ॥ ১৯ ॥

তদেব বর্ণাদি চতুষ্টয়মাহ কৃত ইত্যাদিনা কৃষ্ণাজিনাদীন্ বিভ্রদিতি ব্রহ্মচারিবেশো দর্শিতঃ ॥ ২০ ॥

তপসা ধ্যানেন ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

শ্রুতত্বাৎ ॥ ১৮ ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥

পুত্র, বন্ধু, স্ত্রী, পরিত্যাগ করিয়া ইচ্ছা না থাকিলেও অন্ধ তমো মধ্যে প্রবিষ্ট হয় ॥ ১৮ ॥

পূর্ব্বোক্ত উদাহরণ সকলে ভক্তিই কর্ত্তব্য হওয়াতে ভগবদবতার ব্যতিরেকে উদ্ধারের উপায় নাই মনোমধ্যে এই চিন্তা করিয়া রাজা নিমি জিজ্ঞাসা করিলেন, হে ঋষিগণ! সেই ভগবান্ কোন কালে কি রূপ বর্ণে, কি রূপ আকারে অবতীর্ণ হয়েন এবং কি কি নামে ও কোন বিধি অনুসারে মনুষ্যেরা তাঁহাকে পূজা করেন বলিতে আজ্ঞা হয় ॥ ১৯ ॥

করভাজন কহিলেন, হে রাজন্! সত্য, ত্রেতা, দ্বাপর, কলি এই চারি যুগে কেশব নানা বর্ণ, নানা নাম ও নানা আকারে অবতীর্ণ হইয়া নানা বিধি দ্বারা উপাসিত হয়েন ॥ ২০ ॥

সত্যযুগে শুক্লবর্ণ, চতুর্ব্বাহু, জটিল, বল্কল-বসন, দণ্ড, কমণ্ডলু ও কৃষ্ণ

যজন্তি তপসা দেবং শমেন চ দমেন চ।
হংসঃ সুপর্ণো বৈকুণ্ঠো ধর্ম্মো যোগেশ্বরোঽমলঃ।
ঈশ্বরঃ পুরুষোঽব্যক্তঃ পরমাত্মেতি গীয়তে ॥ ২১ ॥
ত্রেতায়াং রক্তবর্ণোঽসৌ চতুর্ব্বাহু স্ত্রিমেখলঃ।
হিরণ্যকেশ স্ত্রয্যাত্মা স্রুক্ স্রুবাদ্যুপলক্ষণঃ ॥ ২২ ॥
তং তদা মনুজা দেবং সর্ব্বদেবময়ং হরিং।
যজন্তি বিদ্যয়া ত্রয্যা ধর্ম্মিষ্ঠা ব্রহ্মবাদিনঃ ॥ ২৩ ॥
বিষ্ণুর্যজ্ঞঃ পৃশ্নিগর্ভঃ সর্ব্বদেব উরুক্রমঃ।
বৃষাকাপি র্জয়ন্তশ্চ উরুগায় ইতীর্য্যতে ॥ ২৪ ॥
দ্বাপরে ভগবান্ শ্যামঃ পীতবাসা নিজায়ুধঃ।

ত্রিগুণা দীক্ষাঙ্গভূতা মেখলা যস্য সঃ। যজ্ঞমূর্ত্তিঃ। হিরণ্যকেশঃ পিশঙ্গকেশঃ ॥ ২২ ॥
ত্রয্যা বিদ্যয়া বেদত্রয়োক্ত কর্ম্মভিঃ ॥ ২৩ ॥

পৃশ্নিগর্ভ স্তস্যাঃ পুত্রঃ বৃষাকপিঃ স্মৃতঃ সন্ বর্ষতি কামান্ আকম্পয়তি ক্লেশান্ ইতি তথা জয়ত্যেব সর্ব্বদা জয়ন্তঃ ॥ ২৪ ॥

শ্যামঃ অতসী কুসুম সঙ্কাশঃ। নিজানি চক্রাদীন্যায়ুধানি যস্য সঃ। শ্রীবৎসো নাম

ক্রমসন্দর্ভঃ।

দ্বাপর যুগাবতারং কথয়ন্ শ্রীকৃষ্ণাবির্ভাবময় তদ্যুগ বিশেষস্ত চ বৈশিষ্ট্যাতিশয়মভি-

সার মৃগের চর্ম্ম, যজ্ঞসূত্র, মালাধারী, ব্রহ্মচারী বেশে অবতীর্ণ হয়েন ॥২১

তৎ কালে মনুষ্য সকল শান্ত, নির্ব্বৈর, সুহৃদ্ ও সমদর্শী হইয়া তপস্যা ও শম দমাদি সাধন দ্বারা তাঁহার আরাধনা করিতেন। এবং হংস, সুপর্ণ, বৈকুণ্ঠ, ধর্ম্ম, যোগেশ্বর, অমল, ঈশ্বর, পুরুষ, অব্যক্ত ও পরমাত্মা, তাঁহার এই সকল নামাবলী কীর্ত্তন করিতেন ॥ ২২ ॥

ত্রেতাযুগে রক্তবর্ণ, চতুর্ব্বাহু, মেখলাত্রয়ধারী, পিঙ্গল কেশ, বেদময় শরীর ও স্রুক্ স্রুবাদি উপলক্ষিত যজ্ঞ মূর্ত্তি রূপে অবতীর্ণ হয়েন ॥ ২৩ ॥

তখন ধর্ম্মিষ্ঠ, ব্রহ্মবাদী মনুষ্যেরা সর্ব্বদেবময় সেই হরিকে ত্রয্যা বিদ্যা অর্থাৎ বেদ ত্রয়োক্ত কর্ম্ম দ্বারা পূজা করিতেন ॥ ২৪ ॥

শ্রীবৎসাদিভিরঙ্কৈশ্চ লক্ষণৈরুপলক্ষিতঃ ॥ ২৫ ॥
তং তদা পুরুষং মর্ত্যা মহারাজোপলক্ষণং।
যজন্তি বেদতন্ত্রাভ্যাং পরং জিজ্ঞাসবো নৃপ ॥ ২৬ ॥
নমস্তে বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ।
প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় তুভ্যং ভগবতে নমঃ।
নারায়ণায় ঋষয়ে পুরুষায় মহাত্মনে।
বিশ্বেশ্বরায় বিশ্বায় সর্ব্বভূতাত্মনে নমঃ।

বক্ষসো দক্ষিণে ভাগে রোম্নাং প্রদক্ষিণাবর্ত্তঃ স আদির্যেষাং কর চরণাদি গত পদ্মাদীনাং তৈরঙ্কৈরাঙ্গিকৈশ্চিহ্নৈর্লক্ষণৈর্বাহ্যৈঃ কৌস্তুভাদিভিঃ পতকাদিভিশ্চ ॥ ২৫ ॥

মহারাজোপলক্ষণং ছত্র চামরাদি যুক্তং বেদ তন্ত্রাভ্যাং বৈদিকেনাগমিকেন চ মার্গেণ যজন্তি পূজয়ন্তি। পরমীশ্বরং জ্ঞাতুমিচ্ছবঃ ॥ ২৬ ॥

নামান্যাহ নমস্ত ইতি ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রেত্যমেব তত্তৎ সর্ব্বময় মাহ দ্বাপর ইতি। সামান্যস্ত দ্বাপরে শুকবর্ণত্বং কলৌ শ্যামত্বং বিষ্ণু ধর্ম্মোত্তরে দর্শিতং। দ্বাপরে শুকপত্রাভঃ কলৌ শ্যামঃ প্রকীর্ত্তিত ইতীদৃশেন ॥ ২৫ ॥

মহারাজোপলক্ষণমিতি শ্রীহরিবংশ দর্শিত রাজেন্দ্রাভিষেকাৎ। তাদৃশং পরং পুরুষং যজন্তীত্যন্বয়ঃ। যজনে হেতুঃ জিজ্ঞাসবঃ। তমেবানুভবিতুমিচ্ছব ইতি ॥ ২৬ ॥

চতুর্ব্যূহতা লিঙ্গেন শ্রীকৃষ্ণত্বমেব বিশেষতঃ স্পষ্টয়ন্নাহ নমস্ত ইতি ॥

নানাবতার ময়ত্বেনাপ্যাহ নারায়ণেতি। তত্র নারায়ণায় ঋষয় ইতি দিগ্দর্শনং কৃত্বা তত্তদনন্তাবতারকর পুরুষাবতার ময়ত্বেনাহ পুরুষায় মহাত্মন ইতি অতএব বিশেষণং

এবং বিষ্ণু, যজ্ঞ, পৃশ্নিগর্ভ, সর্ব্বদেব, উরুক্রম, বৃষাকপি, জয়ন্ত এবং উরুগায় ইত্যাদি নামে কীর্ত্তন করিতেন ॥ ২৫ ॥

দ্বাপরযুগে ভগবান্ অতসী কুসুমবৎ শ্যামবর্ণ, পীতবাস, চক্রাদি আয়ুধধারী, শ্রীবৎস চিহ্নে চিহ্নিত এবং কৌস্তুভ ভূষিত হইয়া অবতীর্ণ হয়েন ॥ ২৬ ॥

হে নৃপ! সে সময়ে ঈশ্বর তত্ত্ব জ্ঞানেচ্ছু মনুষ্যেরা বেদ ও তন্ত্রোক্ত

ইতি দ্বাপর উর্ব্বীশ স্তুবন্তি জগদীশ্বরং ॥ ২৭ ॥
নানা তন্ত্র বিধানেন কলাবপি তথা শৃণু ॥ ২৮ ॥
কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্র পার্ষদং।

নানাতন্ত্র বিধানেনেতি কলৌ তন্ত্রমার্গস্য প্রাধান্যং দর্শয়তি ॥ ২৮ ॥

কৃষ্ণতাং ব্যবর্ত্তয়তি ত্বিষা কান্ত্যাঽকৃষ্ণং ইন্দ্রনীলমণিবদুজ্জ্বলং। যদ্বা ত্বিষা কৃষ্ণং কৃষ্ণাবতারং অনেন কলৌ কৃষ্ণাবতারস্য প্রাধান্যং দর্শয়তি। অঙ্গানি হৃদয়াদীনি উপাঙ্গানি কৌস্তুভাদীনি অস্ত্রাণি সুদর্শনাদীনি পার্ষদা সুনন্দাদয়ঃ তৎ সহিতং যজ্ঞৈরর্চ্চনৈঃ সংকীর্ত্তনং

ক্রমসন্দর্ভঃ।

তেষামীশ্বরায়। বিশ্বায় তত্তদ্রূপায় চেত্যর্থঃ। কিং বহুনা সর্ব্বভূত রূপায় সর্ব্বাত্ম রূপায় চেতি ॥ ২৭ ॥

স্তুতিশ্চেয়ং তদাবির্ভাবাস্পদ দ্বাপরারম্ভ এব তজ্জৈশ্চর্য্যবিভিঃ ক্রিয়ত ইতি সেবামুদিতা ॥ ২৮ ॥

শ্রীকৃষ্ণাবতারানন্তর কলিযুগাবতারং পূর্ব্ববদাহ। কৃষ্ণেতি। ত্বিষা কান্ত্যা যোঽকৃষ্ণো গৌর স্তং সুমেধসো যজন্তি। গৌরত্বঞ্চাস্য আসন্ বর্ণাস্ত্রয়োহ্যস্য গৃহ্নতোঽনুযুগং তনুঃ। শুক্লোরক্ত স্তথাপীত ইদানীং কৃষ্ণতাং গত ইত্যত্র পরিশেষ্য প্রমাণ লব্ধং। ইদানী মেতদবতারাস্পদত্বেনাভিখ্যাতে দ্বাপরে কৃষ্ণতাং গত ইত্যুক্তে শুক্ল রক্তয়োঃ সত্য ত্রেতা গতত্বেন দর্শিতত্বাচ্চ। পীতস্যাতীতত্বং প্রাচীনাবতারাপেক্ষয়া অত্র শ্রীকৃষ্ণস্য পরিপূর্ণ রূপেত্বেন বক্ষ্যমাণত্বাদ্যুগাবতারত্বং তস্মিন্ সর্ব্বেপ্যবতারা অন্তর্ভূতা ইতি তত্তৎ প্রয়োজনং তস্মিন্নেব সিদ্ধ্যতীত্যপেক্ষয়া। তদেবং যদা দ্বাপরে কৃষ্ণোঽবতরতি তদেব কলৌ শ্রীগৌরোপ্যবতরতীতি স্বারস্য লব্ধেঃ শ্রীকৃষ্ণাবির্ভাব

কর্ম্ম দ্বারা ছত্র চামরযুক্ত মহারাজোপলক্ষিত পুরুষের উপাসনা করিতেন ॥ ২৭ ॥

এবং বাসুদেবকে নমস্কার, সঙ্কর্ষণকে নমস্কার এবং ভগবান্ প্রদ্যুম্ন ও অনিরুদ্ধকে নমস্কার। নারায়ণ, ঋষি, মহাত্মা, পুরুষ, বিশ্বব্যাপী বিশ্বেশ্বর, ও সর্ব্ব ভূতাত্মাকে নমস্কার। হে পৃথ্বীনাথ। এই বলিয়া দ্বাপরযুগের লোকেরা জগদীশ্বরের স্তব করিতেন ॥ ২৮ ॥

কলিযুগে অবতীর্ণ হইয়া যে রূপে নানা তন্ত্র বিধানে পূজিত

যজ্ঞৈঃ সংকীর্ত্তনপ্রায়ৈর্যজন্তিহি সুমেধসঃ ॥ ২৯ ॥

ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং তীর্থাস্পদং

শিব বিরিঞ্চি নুতং শরণ্যং। ভৃত্যার্ত্তিহং প্রণত

নামোচ্চারণং স্তুতিশ্চ তৎ প্রধানৈঃ। সুমেধসো বিবেকিনঃ ॥ ২৯ ॥

স্তুতিমাহ ধ্যেয়মিতি হে প্রণতপাল হে মহাপুরুষ তব চরণারবিন্দং বন্দে। কথং ভূতং ধ্যেয়ং ধ্যাতুং যোগ্যং। সদেতি সর্ব্বত্র সংবধ্যতে ধ্যেয়ত্বে হেতবঃ। ইন্দ্রিয় কুটুম্বাদিভির্যঃ পরিভবঃ তিরস্কার স্তং হন্তীতি তথা তৎ। কিঞ্চাভীষ্ট দোহং মনোরথ পূরকং কিঞ্চ তীর্থাস্পদং গঙ্গাদ্যাশ্রয়ত্বেন পরম পাবনং শিব বিরিঞ্চাভ্যাং নুতং স্তুতং মহত্তমং। নম্বুতৌ কৃতার্থাবেব কিমর্থং তাভ্যাং নুতং তত্রাহ শরণ্যং আশ্রয়যোগ্যং সুখাত্মকমিত্যর্থঃ তর্হি ব্রহ্মাদি স্তুত্যং কথং প্রাকৃতস্য গোচরঃ স্যাত্তত্রাহ ভৃত্যার্ত্তিহং যস্য কস্যাপি ভৃত্যমাত্রস্যার্ত্তি

ক্রমসন্দর্ভঃ।

বিশেষ এবায়ং গৌর ইত্যায়াতি। তদব্যভিচারাৎ। তদেতদাবির্ভাবদ্বং তস্য স্বয়মেব বিশেষণ দ্বারা ব্যনক্তি কৃষ্ণবর্ণং কৃষ্ণেত্যেতৌ বর্ণৌ যত্র। যস্মিন্ শ্রীকৃষ্ণ চৈতন্যদেব নাম্নি কৃষ্ণত্বাভিব্যঞ্জকং কৃষ্ণেতি বর্ণ যুগলং প্রযুক্তমস্তীত্যর্থঃ। তৃতীয়ে শ্রীমদুদ্ধব বাক্যে সমাহূতা ইত্যাদি পদ্যে শ্রিয়ঃ সবর্ণেনেত্যত্র টীকায়াং শ্রিয়ো রুক্মিণ্যাঃ সমানবর্ণদ্বয়ং বাচকং যস্য সঃ। শ্রিয়ঃ সবর্ণো রুক্মীত্যপি দৃশ্যতে। যদ্বা। কৃষ্ণং বর্ণয়তি তাদৃশ স্ব পরমানন্দ বিলাস স্মরণোল্লাস বশতয়া স্বয়ং গায়তি পরম কারুণিক তয়াচ সর্ব্বেভ্যোপি লোকেভ্য স্তমেবোপদিশতি যস্তং। অথবা স্বয়মকৃষ্ণং গৌরং ত্বিষা স্বশোভা বিশেষণেনৈব কৃষ্ণোপদেষ্টারঞ্চ। যদ্দর্শনেনৈব সর্ব্বেষাং কৃষ্ণ স্ফুরতীত্যর্থঃ। সর্ব্ব লোক দৃষ্টাবকৃষ্ণং গৌরমপি ভক্ত বিশেষ দৃষ্টৌ ত্বিষা প্রকাশ বিশেষেণ কৃষ্ণবর্ণং। তাদৃশ শ্যাম সুন্দরমেব সন্তমিত্যর্থঃ। তস্মাত্তস্মিন্ শ্রীকৃষ্ণ রূপস্যৈবাবির্ভাব বিশেষঃ স ইতি ভাবঃ। তস্য ভগব-

হয়েন বলি শ্রবণ কর ॥ ২৮ ॥

কৃষ্ণবর্ণ ও ইন্দ্রনীলমণি জ্যোতিঃ বিশিষ্ট এবং সাঙ্গ, উপাঙ্গ, অস্ত্র ও পার্ষদ সহিত অবতীর্ণ হয়েন। তখন বিবেকী মনুষ্যেরা সঙ্কীর্ত্তন রূপ যজ্ঞ দ্বারা তাঁহার অর্চ্চনা করেন ॥ ২৯ ॥

এবং এইরূপে স্তব করেন যথা হে প্রণতপাল। হে মহাপুরুষ। ধ্যান যোগ্য, ইন্দ্রিয় কুটুম্বাদির তিরস্কার নাশক, অভীষ্ট পূরক, গঙ্গাদি

পাদং ভবাব্ধিপোতং বন্দে মহাপুরুষতে চরণারবিন্দং ॥ ৩৩ ॥
ত্যক্ত্বা সুদুস্ত্যজ সুরেপ্সিত রাজ্যলক্ষ্মীং ধর্ম্মিষ্ঠ
আর্য্যবচসা যদগাদরণ্যং। মায়ামৃগং দয়িতয়ে

ন্তু ন কেবলমার্গস্থকার্ত্তিমাত্রং হন্তি কিন্তু ভবাব্ধিপোতং সংসারার্ণব তরকঞ্চ ॥ ৩০ ॥

ইদানীং স্বয়মাপ্ত কামত্বাৎ নৈরপেক্ষং। ভক্তার্থঞ্চ সাপেক্ষতাং দর্শয়ন্ শ্রীরামচন্দ্রং স্তৌতি ত্যক্ত্বেতি। অন্যৈঃ সদুস্ত্যজা যা সুরেপ্সিতা রাজ্যলক্ষ্মীঃ তাং ত্যক্ত্বা যদিতি য ইত্যর্থঃ। যো হরণামগাৎ কিং রাজ্য বৈফল্য দর্শনেন ধর্ম্মিষ্ঠঃ কুত আর্যাস্য গুরোর্দশরথস্য বচসা। কিঞ্চ এবং রাজ্যং ত্যক্ত্বাপি ভক্তবাৎসল্যেন দয়িতয়া সীতয়া ঈপ্সিতং

ক্রমসন্দর্ভঃ।

ত্বমেব স্পষ্টয়তি সাঙ্গোপাঙ্গাস্ত্র পার্ষদং। অঙ্গান্যেব পরম মনোহরত্বাদুপাঙ্গানি ভূষণাদীনি। মহা প্রভাবত্বাত্তান্যেবাস্ত্রাণি। সর্ব্বদৈবৈকান্ত বাসিত্বাত্তান্যেব পার্ষদাঃ। বহুভি র্মহানুভাবৈ রসকৃদেব তথা দৃষ্টোসাবিতি গৌড় বরেন্দ্র বঙ্গোৎকলাদি দেশীয়ানাং মহা প্রসিদ্ধেঃ। যদ্বা। অত্যন্ত প্রেমাস্পদত্বাত্তত্তুল্যা এব পার্ষদাঃ। শ্রীমদদ্বৈতাচার্য্য মহানুভাব চরণ প্রভৃতয় স্তৈঃ সহ বর্ত্তমানৈর্যজ্ঞৈরিতি চার্থান্তরেণ ব্যক্তং। তদেবং ভূতং কৈ র্যজন্তি। যজ্ঞৈঃ পূজা সম্ভারৈঃ। ন যত্র যজ্ঞেশ মখা মহোৎসবা ইত্যুক্তেঃ। তত্র বিশেষেণ তমেবাভিধেয়ং ব্যনক্তি। সংকীর্ত্তনং বহুভি র্মিলিত্বা তদ্গান সুখং শ্রীকৃষ্ণগানং তৎ প্রধানৈঃ। তথা সংকীর্ত্তন প্রাধান্য তদাশ্রিতেষ্বেব দর্শনাৎ স এবাত্রাভিধেয় ইতি স্পষ্টং। অতএব সহস্র নাম্নি তদবতার সূচকানি নামানি কথিতানি। সুবর্ণ বর্ণো হেমাঙ্গো বরাঙ্গ শ্চন্দনাঙ্গদী। সন্ন্যাস কৃচ্ছমঃ শান্ত ইত্যেতানি। দর্শিতশ্চৈতৎ পরম বিদ্বচ্ছিরোমণিনা শ্রীসার্ব্বভৌম ভট্টাচার্য্যেণ। কালান্নষ্টং ভক্তিযোগং নিজং যঃ প্রাদুষ্কর্ত্তুং কৃষ্ণচৈতন্য নামা। আবির্ভূত স্তস্য পাদারবিন্দে গাঢ়ং গাঢ়ং লীয়তাং চিত্ত ভৃঙ্গ ইতি ॥ ২৯ ॥ ৩০ ॥

তত্র সদাচার পালকত্বং কারুণ্যঞ্চ তদাধুনিকমেবেত্যাহ। ত্যক্ত্বেতি ॥ ৩১ ॥ ৩২ ॥

তীর্থের আশ্রয়, শিব ব্রহ্মা কর্ত্তৃক স্তুত, আশ্রয় যোগ্য সুখাত্মক, ভক্ত জনের দুঃখনাশন এবং ভব সমুদ্রের তরণী স্বরূপ, আপনার চরণারবিন্দ বন্দনা করি ॥ ৩০ ॥

হে মহাপুরুষ। হে ধর্ম্মিষ্ঠ! আপনি দেববাঞ্ছিত দুস্ত্যজ রাজ্যলক্ষ্মী পরিত্যাগ করিয়া পিতার বাক্যানুসারে অরণ্য গমন করিয়াছিলেন

প্সিতমন্বধাবদ্বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দং ॥ ৩১ ॥
এবং যুগানুরূপাভ্যাং ভগবান্ যুগবর্ত্তিভিঃ।
মনুজৈরিজ্যতে রাজন্ শ্রেয়সামীশ্বরো হরিঃ ॥ ৩২ ॥
কলিং সভাজয়ন্ত্যার্য্যা গুণজ্ঞাঃ সারভাগিনঃ।
যত্র সংকীর্ত্তনেনৈব সর্ব্ব সার্থোঽপি লভ্যতে ॥ ৩৩ ॥

মায়ামৃগং স্বর্ণাকারং যোঽন্বধাবৎ। তস্য ভগবত শ্চরণারবিন্দং বন্দে। যদ্বা হে ধর্ম্মিষ্ঠেতি সম্বোধনং তথাপ্যবিবক্ষিতত্বাৎ আর্য্যা পদেন সন্ধি র্নস্যাৎ। তথা যদগাদিতি চরণারবিন্দমেবোচ্যতে। যচ্চ মায়ামৃগমন্বধাবৎ। তত্তে পদারবিন্দং বন্দে ইত্যন্বয়ঃ। অন্যৎ সমানং ॥ ৩১ ॥

যুগানুরূপাভ্যাং নাম রূপাভ্যাং ॥ ৩২ ॥

এতেষু চতুর্ষু যুগেষু কলিরেব শ্রেষ্ঠ ইত্যাহ কলিমিতি। গুণজ্ঞাঃ কলেগুর্ণং জানন্তি যে তে। নমু দোষাণাং বহুত্বাৎ কথং সভাজয়ন্তি তত্রাহ সারভাগিনঃ গুণাংশ গ্রাহিণঃ। কোঽসৌ গুণ স্তমাহ যত্রেতি। তদুক্তং ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈ স্ত্রেতায়াং দ্বাপরেঽর্চ্চয়ন্। যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সংকীর্ত্ত্য কেশবমিতি ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

গুণজ্ঞাঃ কীর্ত্তন প্রচার রূপং তদগুণং জানন্তঃ অতএব তদ্দোষাগ্রহণাৎ সারভাগিনঃ সারমাত্র গ্রাহিণাঃ। কলিং সভাজয়ন্তি গুণমেব দর্শয়ন্তি। যত্র প্রচরিতেন সংকীর্ত্তনেনৈব সাধনান্তর নিরপেক্ষেণ তেমেত্তার্থঃ। সর্ব্ব ধ্যানাদিভিঃ কৃতাদিষু সাধন মনুষ্যৈঃ সাধ্যঃ ॥ ৩৩ ॥

এবং প্রিয়তমা সীতার ইচ্ছনীয় মায়ামৃগের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইয়াছিলেন, অতএব আপনার চরণারবিন্দ বন্দনা করি ॥ ৩১ ॥

হে রাজন্! এই প্রকার যুগের অনুরূপ নাম রূপ দ্বারা যুগানুবর্ত্তী মনুষ্যেরা সর্ব্ব কল্যাণের ঈশ্বর হরিকে পূজা করিয়া থাকেন ॥ ৩২ ॥

সারগ্রাহী, গুণজ্ঞ, শ্রেষ্ঠ লোকেরাই কলিকে আশ্রয় করিয়া থাকেন, কারণ যে কলিযুগে কেবল নাম সংকীর্ত্তন মাত্রেই সমুদায় স্বার্থ লাভ হয় ॥ ৩৩ ॥

নহ্যতঃ পরমো লাভো দেহিনাং ভ্রাম্যতামিহ।
যতো বিন্দেত পরমাং শান্তিং নশ্যতি সংসৃতিঃ ॥ ৩৪ ॥
কৃতাদিষু প্রজা রাজন্ কলাবিচ্ছন্তি সংভবং।
কলৌ কিল ভবিষ্যন্তি নারায়ণ পরায়ণাঃ।

তস্মাৎ কলৌ অতঃ অস্মাৎ সংকীর্ত্তনাৎ পরমোলাভো নাস্তি যতঃ সংকীর্ত্তনাৎ ॥ ৩৪ ॥ কিঞ্চ কৃতাদিষ্বিতি ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

কীর্ত্তনস্যৈব মহিমানমাহ। নহ্যত ইতি। অতঃ কীর্ত্তনাৎ যতো যস্মাৎ কীর্ত্তনাৎ পরমাং শান্তিং। শমো মন্নিষ্ঠতা বুদ্ধেরিত্যনুসারেণ ধ্যানাদিভিরপ্যসাধ্যাং সর্ব্বোৎকৃষ্টাং ভগবন্নিষ্ঠাং প্রাপ্নোতি অনুসঙ্গেন সংসারশ্চ নশ্যতি ॥ ৩৪ ॥

অতএব ধ্যানাদি নিষ্ঠা অপি কৃতাদি প্রজা এতাদৃশীং ভগবন্নিষ্ঠাং ন প্রাপ্তবত্যঃ মহা ভাগবন্তা নিত্যং কলৌ কুর্ব্বন্তি কীর্ত্তনমিতি স্কান্দাদ্যনুসারেণ তাদৃশ নিষ্ঠা কারণং কীর্ত্তন মাহাত্ম্যঞ্চ দীনৈক কৃপাতিশয় শালিনা ভগবতা তদানীং তত্তৎ সামর্থ্যাবসরে যস্মান্ন প্রকাশিতং তস্মাৎ। ধ্যানাদি সমর্থাস্তা জিহ্বৌষ্ঠ স্পন্দন মাত্রস্য নাতিসাধনত্বং ভবেদিতি মত্বা তত্র শ্রদ্ধিতবত্যশ্চ। ততঃ কলি প্রজানাং পরম ভগবন্নিষ্ঠতাং শ্রুত্বা তদর্থং কলাবেব কেবলং নিজ জন্ম প্রার্থয়ন্ত ইত্যাহ কৃতাদিষ্বিতি। সার্দ্ধকেন। তত্র হেতুঃ কলাবিতি তস্যকীচ্ছায়ামপি তত্তক্ত সঙ্গং বিনা ন সংপদ্যেতেতি বিভাব্যেতি ভাবঃ। তৎ পরায়ণত্ব মত্র তদীয় প্রেমাতিশয়বত্বং। এতদেব পরমাং শান্তিমিত্যনেন কার্য্য দ্বারা ব্যঞ্জিতং। মুক্তানামপি সিদ্ধানামিত্যাদেঃ। কচিৎ কচিৎ গৌড়াদৌ শ্রীকৃষ্ণচৈতন্য দেবাবতারেণ। দ্রবিড়েষু চ ভূরিশ ইতি শ্রীবৈষ্ণবাদ্যপেক্ষয়া। অত্র কলিসঙ্গেন কীর্ত্তনস্য গুণোৎকর্ষ ইতি বাচ্যং। ভক্তিমাত্রে কাল দেশাদি নিয়মস্য নিষিদ্ধত্বাৎ। বিশেষতো নামোপলক্ষ্যচ বিষ্ণুধর্ম্মে ক্ষত্রবন্ধূপাখ্যানে। ন দেশ নিয়মস্তত্র ন কাল নিয়মস্তথা। নোচ্ছিষ্টাদৌ

সংসারে ভ্রমণকারী দেহিদিগের ইহা হইতে পরম লাভ আর কিছু নাই, যে হেতু এই যুগে সংকীর্ত্তন মাত্রে পরম শান্তি লাভ হয় ও সংসার দুঃখ বিনষ্ট হয় ॥ ৩৪ ॥

হে রাজন্! সত্য প্রভৃতি যুগে উৎপন্ন প্রজারা কলিযুগে জন্ম গ্রহণ করিবার নিমিত্ত বাঞ্ছা করেন। কলিতে উৎপন্ন লোক সকল

কচিৎ কচিন্মহারাজ দ্রবিড়েষুচ ভূরিশঃ।
তাম্রপর্ণী নদী যত্র কৃতমালা পয়স্বিনী।
কাবেরীচ মহাপুণ্যা প্রতীচীচ মহানদী॥ ৩৫॥
যে পিবন্তি জলং তাসাং মনুজা মনুজেশ্বরঃ।

অমলাশয়াঃ সন্তঃ প্রায়শো ভগবতি ভক্তা ভবন্তি॥ ৩৬॥

ক্রমসন্দর্ভঃ।

অতএব মৎ পরায়ণ হইয়া মদ্ভক্তিযুক্ত বুদ্ধি দ্বারা বাক্য মন ও প্রাণ

মদ্ভক্তিযুক্তয়া বুদ্ধ্যা ততঃ পরিসমাপ্যতে ॥ ৪৩ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব সম্বাদে মহাবিভূতিঃ ষোড়শোঽধ্যায়ঃ ॥*॥ ১৬

শ্রীউদ্ধব উবাচ ॥

যস্ত্বয়াভিহিতঃ পূর্ব্বং ধর্ম্মস্ত্বদ্ভক্তি লক্ষণঃ।

॥ * ॥ ইত্যেকাদশে ষোড়শঃ ॥ * ॥

ততঃ সপ্তদশে পৃষ্টে স্বধর্ম্মে ভক্তি লক্ষণে। হংসোক্তং ধর্ম্ম মন্বাহ ব্রহ্মচারি গৃহ স্থয়োঃ ॥ ০ ॥

কর্ম্মাহং বিদ্ধি সাত্বতামিতি তত্র ভক্ত্যা কৃতং কর্ম্ম মোক্ষসাধনং মদ্বিভূতি রিত্যুক্তং। ভক্তি সাধনত্বঞ্চ কর্ম্মণাং ময়োদিতেষ্ববহিতঃ স্বধর্ম্মেষ্বিত্যাদিনা তত্র তত্রোক্তং। নচ কর্ম্মানুষ্ঠাতৃণাং নিয়মেন ভক্তি র্দৃশ্যতে অতঃ পৃচ্ছতি যস্ত্বয়েতি সপ্তভিঃ পূর্ব্বং কল্পাদৌ

ক্রমসন্দর্ভঃ।

বা ভক্তিঃ শ্রদ্ধা তদ্যুক্তয়া বুদ্ধ্যা অহমেব বচো মন আদীনাং পরমায়ণমাশ্রয়ো যস্য তথা ভূতঃ সন্ প্রাকৃত বচ আদীন্নিযচ্ছেৎ তত ঊর্দ্ধং ন কিঞ্চিৎ জ্ঞানাদিনা কৃত্যমস্তীত্যর্থঃ ॥ ৪৩ ॥

॥ * ॥ ইত্যেকাদশ ক্রমসন্দর্ভে ষোড়শঃ ॥ * ॥

যস্ত্বয়েতি যুগ্মকং। বর্ণাদীনাং যো ধর্ম্ম স্ত্বয়া প্রোক্তস্তেন ধর্ম্মেণ যথানুষ্ঠীয়মানেন সতাং নৃমাত্রাণাং ত্বয়ি ভক্তি র্ভবেৎ। তত্তথা মম মাং প্রতি আখ্যাতুমর্হসীতি দ্বয়োর ন্বয়ঃ। তদ্ভক্তি লক্ষণঃ ত্বদ্ভক্তেঃ সাধনং নৈব ত্বদ্ভক্তিঃ কর্ম্মাহং বিদ্ধি সাত্বতামিত্যত্রার্চ্চনাদি

সংযম করিয়া কৃতার্থ হইবে ॥ ৪৩ ॥

॥ * ॥ ইত্যেকাদশে ষোড়শ ॥ * ॥

সপ্তদশ অধ্যায়ে ব্রহ্মচারি ও গৃহস্থদিগের ভক্তি লক্ষণ স্বধর্ম্ম বিষয়ক উদ্ধবের প্রশ্নে ভগবান্ কর্ত্তৃক হংসোক্ত ধর্ম্ম রূপ বর্ণাশ্রম বিভাগ কথন ॥ ০ ॥

উদ্ধব কহিলেন, হে ভগবন্! পূর্ব্বে বর্ণাশ্রমাচারী ও তদ্বিহীন সকল প্রকার নরলোকেরই তদ্ভক্তি লক্ষণ স্বধর্ম্ম আপনার নিকট শ্রবণ

বর্ণাশ্রমাচারবতাং সর্ব্বেষাং দ্বিপদামপি ॥ ১ ॥
যথানুষ্ঠীয়মানেন ত্বয়ি ভক্তির্নৃণাং ভবেৎ ।
স্বধর্ম্মেণারবিন্দাক্ষ তন্মমাখ্যাতু মর্হসি ॥ ২ ॥
পুরা কিল মহাবাহো ধর্ম্মং পরমকং প্রভো ।
যত্তেন হংস রূপেণ ব্রহ্মণেভ্যাত্থ মাধব ॥ ৩ ॥
স ইদানীং সুমহতা কালেনামিত্রকর্ষণ ।
ন প্রায়ো ভবিতা মর্ত্যলোকে প্রাগনুশাসিতঃ ॥ ৪ ॥

ত্বদ্ভক্তি লক্ষণঃ তজ্জ্ঞাপকঃ ত্বৎ সাধনমিত্যর্থঃ বর্ণাশ্রম হীনানামপি দ্বিপদাং নরাণাং ॥ ১ ॥

যথা যেন প্রকারেণানুষ্ঠীয় মানেন স্বধর্ম্মেণ ॥ ২ ॥

নমু সম্প্রদায়াদেব জ্ঞায়তে কিং পুনর্ব্বর্ণনেনেতি তত্রাহ পুরেতি পরমকং পরমশ্চাসৌ কঃ সুখ রূপশ্চ তং । যং যং হংস রূপেণ ধর্ম্মোপ্যুক্ত এব মতু যোগ মাত্রং জানীতমাগতং যত্তঃ যুষ্মদ্ধর্ম্ম বিবক্ষয়েত্যুক্তত্বাৎ ॥ ৩ ॥

প্রাগনুশাসিতোপি ন ভবিতা ন ভবিষ্যতি ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ ।

লক্ষণ তয়া প্রশস্তেতি ভাবঃ ॥ ১ ॥ ২ ॥

ব্রহ্মণেহভ্যাত্থেতি শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে তথৈব শ্রূয়তে ॥ ৩ ॥ ৪ ॥ ৫ ॥

করিয়াছি ॥ ১ ॥

হে পদ্মনেত্র ! সেই স্বধর্ম্ম যে রূপে অনুষ্ঠান করিলে মনুষ্যদিগের তোমাতে ভক্তি সাধন হয়, তাহাই আমাকে বলিতে আজ্ঞা হয় ॥ ২ ॥

হে মহাবাহো ! হে মাধব ! পূর্ব্বকালে হংস কর্তৃক যে পরম ধর্ম্ম ব্রহ্মার নিকট ব্যক্ত হইয়াছিল ॥ ৩ ॥

হে শক্রনাশন ! যদিও পূর্ব্ব কালাবধি মর্ত্যলোকে সেই ধর্ম্মের অনুশাসন ছিল, কিন্তু সম্প্রতি বহু কাল অতিবাহিত হওয়াতে প্রায় তাহার আর শাসন নাই ॥ ৪ ॥

বক্তা কর্ত্তাবিতানান্যো ধর্ম্মস্যাচ্যুত তে ভুবি।
সভায়ামপি বৈরিঞ্চ্যাং যত্র মূর্ত্তিধরাঃ কলাঃ।
কর্ত্রা২বিত্রা প্রবক্ত্রাচ ভবতা মধুসূদন।
ত্যক্তে মহীতলে দেব বিনষ্টং কঃ প্রবক্ষ্যতি॥ ৫॥
তৎ ত্বং নঃ সর্ব্ব ধর্ম্মজ্ঞ ধর্ম্মস্ত্বদ্ভক্তি লক্ষণঃ।
যথা যস্য বিধীয়েত তথা বর্ণয় মে প্রভো
শ্রীবাদরায়ণিরুবাচ॥
ইত্থং স্বভৃত্যমুখ্যেন পৃষ্টঃ স ভগবান্ হরিঃ।
প্রীতঃ ক্ষেমায় মর্ত্ত্যানাং ধর্ম্মমাহ সনাতনং॥ ৬॥

তত্র হেতুমাহ বক্তেতি ত্বাত্ত্যাং তে ত্বত্তো২ন্যঃ কলা বেদাদ্যাঃ॥ ৫॥
তত্তস্মান্নো২স্মাকং মনুষ্যাণাং মধ্যে যস্য যথা বিধীয়তে॥ ৬॥

ক্রমসন্দর্ভঃ।

ন ত্বদীয়ানামস্মাকং সম্বন্ধিনো বক্তেতি যোজ্যং॥ ৬॥ ৭॥

হে অচ্যুত! পৃথিবীর কথা কি বলিব; ব্রহ্মার সভা, যেখানে বেদ প্রভৃতি সকল শাস্ত্র সাক্ষাৎ মূর্ত্তিমান্ সেখানেও তোমা ভিন্ন এই ধর্ম্মের বক্তা, কর্ত্তা বা রক্ষিতা আর দ্বিতীয় নাই। হে মধুসূদন। কেবল এক মাত্র তুমিই এই ধর্ম্মের কর্ত্তা রক্ষিতা ও বক্তা অতএব হে দেব! যখন তুমি এই পৃথিবী তল পরিত্যাগ করিবে, তখনই ধর্ম্ম বিনষ্ট হইবে, সুতরাং তখন কে আর ইহা প্রচার করিবে॥ ৫॥

অতএব হে সর্ব্ব ধর্ম্মজ্ঞ! হে প্রভো! যথাবিধান ক্রমে স্বদ্ভক্তি লক্ষণ এই ধর্ম্ম তুমি আমাদিগের নিকট বর্ণন কর। শুকদেব কহিলেন ভগবান্ শ্রীকৃষ্ণ নিজ ভৃত্যশ্রেষ্ঠ উদ্ধবের এই প্রশ্ন শ্রবণে প্রীত হইয়া মর্ত্ত্যলোকের মঙ্গলের নিমিত্ত সনাতন ধর্ম্ম কহিতে আরম্ভ করিলেন॥৬

শ্রীভগবানুবাচ ॥

ধর্ম্ম্য এষ তব প্রশ্নো নৈঃশ্রেয়সকরো নৃণাং।
বর্ণাশ্রমাচারবতাং তমুদ্ধব নিবোধ মে ॥ ৭ ॥
আদৌ কৃতযুগে বর্ণো নৃণাং হংস ইতি স্মৃতঃ।
কৃতকৃত্যাঃ প্রজা জাত্যা তস্মাৎ কৃতযুগং বিদুঃ ॥ ৮ ॥
বেদ প্রণব এবাগ্রে ধর্ম্মোঽহং বৃষরূপ ধৃক্।

ধর্ম্ম্যো ধর্ম্মাদনপেতঃ কুতঃ নৈঃশ্রেয় সকরঃ ভক্তি জনকঃ অতো মে মত্তঃ তং ধর্ম্মং নিবোধ ॥ ৭ ॥

তত্রাদৌ মদুপাসনা লক্ষণ এব মুখ্যো ধর্ম্ম আসীৎ আচার লক্ষণস্তু পশ্চাৎ প্রবৃত্তঃ সচৈবমনুষ্ঠিতো ভক্তি হেতুরিতি বর্ণয়িতুমাহ আদাবিতি কল্পাদৌ যৎ কৃত যুগং তস্মিন্ তেচ তদা মামুপাসত এব কেবলং নান্যৎ কুর্ব্বতীতি বক্তুং কৃতযুগ নাম নিরুক্তিমাহ কৃত কৃত্যা জাত্যা জন্মনৈব ॥ ৮ ॥

কিঞ্চ বিধায়কা ভাবাদপি তদানীং নান্যৎ কর্ম্মাস্তীত্যাহ বেদ ইতি ধর্ম্মশ্চ মন বিষয়ো হহমেব বৃষরূপ ধৃক্ চতুষ্পাৎ ন ক্রিয়া বিষয়ো যজ্ঞাদিঃ অতস্তপোনিষ্ঠা মনসশ্চেন্দ্রিয়াণাঞ্চ

ক্রমসন্দর্ভঃ।

তত্র দ্বিপরার্দ্ধাদৌ যৎ কৃত ত্রেতয়ো বর্ণাশ্রমাচারাণাং প্রবৃত্তি ক্রম স্তত্রাহ। আদাবিতি পঞ্চভিঃ। যতো যাতু সৃষ্ট্যাদিত এব চাতুর্বর্ণ্যাদি প্রবৃত্তি বর্ণিতা সা কল্পান্তরেষেব জ্ঞেয়া ॥ ৮ ॥

তদানীং কা নিষ্ঠা বিধিকার্য্যভাবান্নাস্তে বেদাঃ প্রবর্ত্তিতাঃ। কিন্তু মুখ্য এক এবেত্যাহ

ভগবান্ কহিলেন, হে উদ্ধব! তোমার এই প্রশ্ন বর্ণশ্রমাচারী মনুষ্য মাত্রের কল্যাণকর ও ধর্ম্ম সাধন, অতএব ইহা বলিতেছি শ্রবণ কর ॥৭॥

কল্পের আদিতে অর্থাৎ সত্যযুগে একমাত্র বর্ণ ছিল তাহার নাম হংস, তৎকালে প্রজা সকল জন্মমাত্রে কৃতকৃত্য হইত, এই নিমিত্ত সে সময়কে কৃতযুগ বলে ॥ ৮ ॥

তৎ কালে কেবল প্রণব মাত্রকেই বেদ কহিত এবং আমিই বৃষরূপ অর্থাৎ চতুষ্পাদ ধর্ম্ম ছিলাম, অতএব তপোনিষ্ঠ নিষ্পাপ মনুষ্যেরা

উপাসতে তপো নিষ্ঠা হংসং মাং মুক্তকিল্বিষাঃ ॥ ৯ ॥
ত্রেতামুখে মহাভাগ প্রাণান্মে হৃদয়াত্ত্রয়ী।
বিদ্যা প্রাদুরভূত্তস্যা অহমাসং ত্রিবিন্মখঃ ॥ ১০ ॥
বিপ্র ক্ষত্রিয় বিট্‌ শূদ্রা মুখবাহূরুপাদজাঃ।
বৈরাজাৎ পুরুষাজ্জাতা য আত্মাচার লক্ষণাঃ ॥ ১১ ॥

ঐকাগ্র্যং পরমন্তপ ইতি বচনাদেকাগ্র তয়া হংসং শুদ্ধং মাং ধ্যায়ন্তীত্যর্থঃ ॥ ৯ ॥

পশ্চাৎ ত্রেতাযুগ প্রবেশে মে বৈরাজ পুরুষস্য প্রাণান্নিমিত্তাৎ হৃদয়াৎ সকাশাৎ তস্যা স্ত্রয্যাঃ সকাশাৎ হোত্রধ্বর্য্যুদ্গাতরঃ তৈ স্ত্রিবিৎ ত্রিরূপঃ যজ্ঞো বৈ বিষ্ণুরিতি শ্রুতেঃ ॥ ১০ ॥

বর্ণানামাশ্রমাণাঞ্চ ধর্ম্মান্‌ বক্তুং তেষামুৎপত্তিমাহ বিপ্রেতি দ্বাভ্যাং আত্মাচারঃ স্বধর্ম্ম এব লক্ষণং জ্ঞাপকো যেষাং ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

বেদ ইতি ॥ ৯ ॥

ক্রমেণ তেষাং মুক্তৌ সত্যাং তানন্যান্‌ প্রবর্ত্ত্যান্যেঽধিকারিণঃ প্রবর্ত্তিতা ইত্যাহ ত্রেতেতি দ্বাভ্যাং। মে মম বৈরাজাখ্য ব্রহ্ম রূপস্য ব্যষ্টি সৃষ্টে স্তৎ কারণকত্বাৎ যত এব নীচৈ র্নীচোত্তমোত্তমা ইতি নীচত্বেনাপি ব্যপদেক্ষ্যতে শ্রীনারায়ণে তপোক্তিরনুচিত স্যাৎ। মখস্তদধিষ্ঠাতা ॥ ১০ ॥

বৈরাজাৎ বিরাড়ভিমানি ব্রহ্ম রূপাৎ ॥ ১১ ॥

আমাকে হংস রূপে উপাসনা করিত ॥ ৯ ॥

হে মহাভাগ! পরে ত্রেতাযুগ প্রবেশ করিলে আমার প্রাণ ও হৃদয় হইতে ত্রয়ী-বিদ্যা অর্থাৎ বেদত্রয় আবির্ভূত হইল এবং সেই ত্রয়ী বিদ্যা হইতে আমিই অধ্বর্য্যু, উদ্গাতৃ, হোতৃ রূপ ত্রয়ীময় যজ্ঞরূপ ধারণ করিলাম ॥ ১০ ॥

আমার বিরাট্‌ রূপের মুখ বাহু উরু ও পদ হইতে স্ব স্ব বর্ণাশ্রমাচার সম্পন্ন ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্রবর্ণ উৎপন্ন হইল ॥ ১১ ॥

গৃহাশ্রমো জঘনতো ব্রহ্মচর্য্যং হৃদো মম।
বক্ষঃস্থলাদ্বনে বাসঃ সন্ন্যাসঃ শিরসি স্থিতঃ॥ ১২॥
বর্ণানামাশ্রমাণাঞ্চ জন্মভূম্যনুসারিণীঃ।
আসন্ প্রকৃতয়ো নৃণাং নীচৈর্নীচোত্তমোত্তমাঃ॥ ১৩॥
শমোদমস্তপঃ শৌচং সন্তোষঃ ক্ষান্তিরার্জবং।
মদ্ভক্তিশ্চ দয়া সত্যং ব্রহ্মপ্রকৃতয়স্ত্বিমাঃ॥ ১৪॥
তেজো বলং ধৃতিঃ শৌর্য্যং তিতিক্ষৌদার্য্যমুদ্যমঃ।

মম বৈরাজ পুরুষস্ত হৃদো বক্ষসোঽধস্তাৎ ব্রহ্মচর্য্যমিতি নৈষ্ঠিকাভিপ্রায়ং॥ ১২॥

তেষামধিকার বিশেষেণ স্বভাবানাহ বর্ণানামিতি পঞ্চভিঃ জন্ম স্থানানুসারিণ্যঃ। নীচৈরিত্যয়ং অতোঽয়মর্থঃ মন্দাভি র্জন্ম ভূমিভি র্মন্দা উত্তমাভিরুত্তমাশ্চেতি॥ ১৩॥

তপঃ আলোচনং॥ ১৪॥

তেজঃ প্রতাপঃ এতৈরেবাশ্রম স্বভাবা অপি জ্ঞেয়াঃ॥ ১৫॥

ক্রমসন্দর্ভঃ

ব্রহ্মচর্য্যমিতি তৈঃ। তত্র নৈষ্ঠিকাভিপ্রায়মিত্যুপকুর্ব্বাণস্ত জঘনাদিতি জ্ঞেয়ং॥ ১২॥১৩॥

শমোদম ইত্যাদিষু বৈশ্যান্ত ত্রয়াণা মাশ্রম ধর্ম্মা অপ্যূহ্নেয়াঃ। বিপ্রাণাং শমাদি প্রধানা ব্রহ্ম চর্য্যাদয়ঃ॥ ১৪॥

ক্ষত্রিয়াণাং তেজ আদি প্রধানা ব্রহ্মচর্য্যাদয়ঃ। বৈশ্যানামাস্তিক্য প্রধানা ব্রহ্মচর্য্যাদয়ঃ॥ ১৫॥ ১৬॥ ১৭॥ ১৮॥ ১৯॥ ২০॥ ২১॥ ২২॥ ২৩॥ ২৪॥ ২৫॥ ২৬॥২৭॥২৮॥২৯॥ ৩০॥৩১॥

এবং জঙ্ঘা হইতে গৃহস্থাশ্রম, হৃদয় হইতে ব্রহ্মচর্য্য, বক্ষঃস্থল হইতে বানপ্রস্থ এবং মস্তক হইতে সন্ন্যাস আশ্রম জন্মিল॥ ১২॥

বর্ণ সকল ও আশ্রম সকলের তারতম্যানুসারে মনুষ্যদিগের উত্তমাধম প্রকৃতি হইল অর্থাৎ মন্দ হইতে মন্দ প্রকৃতি ও উত্তম হইতে উত্তম প্রকৃতি জন্মিল॥ ১৩॥

শম, দম, তপস্যা, শৌচ, সন্তোষ, ক্ষমা, সারল্য, বিষ্ণুভক্তি, দয়া ও সত্য এই সকল গুলি ব্রাহ্মণদিগের প্রকৃতি॥ ১৪॥

তেজ, বল, ধৈর্য্য, শৌর্য্য, তিতিক্ষা, উদারতা, উদ্যম, স্থিরতা,

স্বৈর্য্যং ব্রহ্মণ্যমৈশ্বর্য্যং ক্ষত্র প্রকৃতয়স্ত্বিমাঃ।
আস্তিক্যং দাননিষ্ঠাচ অদম্ভো ব্রহ্মসেবনং।
অতুষ্টিরর্থোপচয়ে বৈশ্যপ্রকৃতয়স্ত্বিমাঃ।
শুশ্রূষণং দ্বিজগবাং দেবানাঞ্চাপ্যমায়য়া।
তত্র লব্ধেন সন্তোষঃ শূদ্র প্রকৃতয়স্ত্বিমাঃ॥ ১৫॥
অশৌচমনৃতং স্তেয়ং নাস্তিক্যং শুষ্কবিগ্রহঃ।
কামঃ ক্রোধশ্চ তর্ষশ্চ স্বভাবোহন্ত্যাবসায়িনাং॥ ১৬॥
অহিংসা সত্যমস্তেয়মকাম ক্রোধ লোভতা।
ভূতপ্রিয়হিতেহাচ ধর্ম্মোহয়ং সার্ব্ববর্ণিকঃ॥ ১৭॥
দ্বিতীয়ং প্রাপ্যানুপূর্ব্ব্যা জন্মোপনয়নং দ্বিজঃ।

অন্ত্যজানাং স্বভাবানাহ অশৌচমিতি শুষ্কবিগ্রহঃ নির্ম্মূল কলহঃ তর্ষ স্তৃষ্ণা॥ ১৬॥
তত্র তাবৎ সাধারণং ধর্ম্মমাহ অহিংসেতি বর্ণগ্রহণমুপলক্ষণার্থং॥ ১৭॥
বর্ণ ধর্ম্মান্ গৃহস্থ প্রকরণে বক্ষ্যতি প্রথমং তাবদাশ্রমেষু ব্রহ্মচারিণো ধর্ম্মা বর্ণ্যন্তে স চ দ্বিবিধঃ উপকুর্ব্বাণো নৈষ্ঠিকশ্চ। তত্রাদ্যস্য ধর্ম্মানাহ দ্বিতীয়মিতি নবভিঃ দ্বিজস্ত্রৈবর্ণিকঃ আনুপূর্ব্ব্যা গর্ভাধানাদি সংস্কার ক্রমেণ দ্বিতীয়মুপনয়নাখ্য জন্ম প্রাপ্যাচার্য্যেণাহূতো ব্রহ্ম

ব্রহ্মণ্য, প্রভুত্ব, এই সকল ক্ষত্রিয় প্রকৃতি। আস্তিক্য, দান নিষ্ঠা, অদম্ভ, ব্রাহ্মণ সেবা, অর্থোপার্জনে অসন্তোষ, এই সকল বৈশ্যদিগের প্রকৃতি। অকপটে দেব গো ব্রাহ্মণ সেবা, তদ্বিষয়ে যথা লাভে সন্তোষ এই সকল শূদ্রবর্ণের প্রকৃতি॥ ১৫॥

অশৌচ, মিথ্যা, চৌর্য্য, নাস্তিক্য, নির্ম্মূল কলহ, কাম, ক্রোধ ও তৃষ্ণা এই সকল অন্ত্যাবসায়িদিগের অর্থাৎ বর্ণাশ্রম বহির্ভূত নীচ জাতিদিগের প্রকৃতি॥ ১৬॥

অহিংসা, সত্য, অস্তেয়, অকাম, অক্রোধ, অলোভ ও সর্ব্ব ভূতের প্রিয় চেষ্টা, এই সকল সাধারণ বর্ণের ধর্ম্ম॥ ১৭॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য তিন বর্ণেরা আনুপূর্ব্বিক গর্ভাধানাদি সংস্কার

বসন্ গুরুকুলে দান্তো ব্রহ্মাধীয়ীত চাহুতঃ ॥ ১৮ ॥
মেখলাজিন দণ্ডাক্ষ ব্রহ্মসূত্র কমণ্ডলূন্ ।
জটিলোঽধৌত দদ্বাসোঽরক্তপীঠঃ কুশান্ দধৎ ॥ ১৯ ॥
স্নান ভোজন হোমেষু জপোচ্চারেষু বাগ্‌যতঃ ।
ন ছিন্দ্যান্নখলোমানি কক্ষোপস্থগতান্যপি ॥ ২০ ॥
রেতো ন বিকিরেজ্জাতু ব্রহ্মব্রতধরঃ স্বয়ং ।
অবকীর্ণেঽবগাহ্যাপ্সু যতাসুস্ত্রিপদাং জপেৎ ॥ ২১ ॥

বেদমধীয়ীত চকারাত্তদর্থঞ্চ বিচারয়েৎ ॥ ১৮ ॥

কিঞ্চ মেখলাদীন্ কুশাংশ্চ তত্র অক্ষ শব্দেনাক্ষমালা কথম্ভূতঃ জটিলঃ অনভ্যঙ্গাদিনা জাত জটঃ তথা অধৌত দদ্বাসোঽরক্ত পীঠঃ দন্তাশ্চ বাসশ্চ দদ্বাসাংসি তানি ন ধৌতানি যস্য সঃ অধৌত দদ্বাসাঃ স চাসৌ অরক্ত পীঠশ্চ ন কৌতুকাদিনা রক্তং পীঠ মাসনং যস্য সঃ ॥ ১৯ ॥

জপশ্চ উচ্চারঃ মূত্র পুরীষোৎ সর্গশ্চ জপোচ্চারং তস্মিন্ বাগ্‌যতো মৌনী ভবেৎ ॥ ২০ ॥

রেতো বুদ্ধি পূর্ব্বকং ন বিকিরেৎ উৎ সৃজেৎ ব্রহ্মব্রতধরঃ অগৃহস্থঃ স্বয়মেব কথঞ্চিদেব কীর্ণেঽবগাহ্য স্নাত্বা যতাসুঃ কৃত প্রাণায়ামঃ ত্রিপদাং গায়ত্রীং জপেৎ ॥ ২১ ॥

ক্রমে উপনয়ন রূপ দ্বিতীয় জন্ম প্রাপ্তি পূর্ব্বক আচার্য্য কর্তৃক আহুত হইয়া গুরুকুলে বাস করত বেদ অধ্যয়ন করিবেন ॥ ১৮ ॥

এবং মেখলা, অজিন, দণ্ড, অক্ষমালা ব্রহ্মসূত্র, কমণ্ডলু, জটা ও কুশ ধারণ করিবেন, আর দন্ত ও বস্ত্র প্রক্ষালন করিবেন না এবং রক্তবর্ণ পীঠে উপবেশন করিবেন না ॥ ১৯ ॥

স্নান, ভোজন, হোম, জপ ও মূত্র পুরীষাদ্যুৎসর্গ সময়ে মৌনী হইবেন এবং নখ কেশ ও কক্ষোপস্থ গত কেশ ছেদন করিবেন না ॥ ২০

ব্রহ্মচারী ব্যক্তি কখনও জ্ঞান পূর্ব্বক স্বয়ং শুক্র ক্ষরণ করিবেন না, যদি কখন দৈবাৎ রেত-ক্ষরণ হয় তবে জলে অবগাহন পূর্ব্বক স্নান করত প্রাণায়ামের সহিত ত্রিপদা গায়ত্রী জাপ করিবেন ॥ ২১ ॥

অগ্ন্যর্কাচার্য্য গো বিপ্র গুরু বৃদ্ধ সুরান্ শুচিঃ।
সমাহীত উপাসীত দ্বে সন্ধ্যে যতবাগ্‌জপন্।
আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥ ২২॥
সায়ং প্রাতরুপানীয় ভৈক্ষ্যং তস্মৈ নিবেদয়েৎ।
যচ্চান্যদপ্যনুজ্ঞাতমুপযুঞ্জীত সংযতঃ॥ ২৩॥
শুশ্রূষমাণ আচার্য্যং সদোপাসীত নীচবৎ।
যান শয্যাসন স্থানৈর্নাতিদূরে কৃতাঞ্জলিঃ॥ ২৪॥

সন্ধ্যেচ দ্বে যতবাক্ জপন্নুপাসীতে মধ্যাহ্নে সন্ধ্যা নিমিত্তং মৌনং নাস্তীতি দ্বিবচনং॥ ২২॥

অন্যদপি চ যৎ সংপ্রাপ্তং তদপি নিবেদয়েৎ তেনানুজ্ঞাতঃ সংযতঃ সন্নুপযুঞ্জীত ইত্যর্থঃ॥ ২৩।

যান শয্যা সনস্থানৈর্যান্তং পৃষ্ঠতো যানেন নিদ্রিতং অপ্রমত্তয়া সমীপ শয়নেন। বিশ্রান্তং পাদসম্বাহনাদিভিঃ সমীপাসনেন আসীনঃ কৃতাঞ্জলিঃ সন্ নিয়োগ প্রতীক্ষয়া নাতি দূরে অবস্থানেনেত্যর্থঃ॥ ২৪॥

শুচি, সমাহিত ও মৌন হইয়া উভয় সন্ধ্যাতে জপ করত অগ্নি সূর্য্য আচার্য্য, গো, বিপ্র, গুরু, বৃদ্ধ ও দেবতাগণের উপাসনা করিবেন। আচার্য্যকে আমার স্বরূপ জানিবেন, কখন তাঁহার অবমান করিবেন না এবং মনুষ্য বোধে কখন তাঁহার অসূয়া করিবেন না, যে হেতু গুরু সর্ব্বদেব ময়॥ ২২॥

সায়ংকালে ও প্রাতঃকালে ভিক্ষালব্ধ দ্রব্যজাত আনয়ন পূর্ব্বক তাঁহাকে নিবেদন করিয়া দিবেন এবং অন্য যাহা লব্ধ হইবে তাহাও নিবেদন করিয়া দিবেন, কেবল সংযত হইয়া তাঁহার অনুজ্ঞালব্ধ দ্রব্য ভক্ষণ করিবেন॥ ২৩॥

আচার্য্যের গমন, শয়ন, বিশ্রাম ও উপবেশন কালে নিয়োগ প্রতীক্ষায় অনতিদূরে কৃতাঞ্জলি হইয়া তাঁহার শুশ্রূষা করত সর্ব্বদা নীচভাবে উপাসনা করিবেন॥ ২৪॥

এবং বৃত্তো গুরুকুলে বসেদ্ভোগবিবর্জিতঃ।
বিদ্যা সমাপ্যতে যাবদ্বিভ্রদ্ব্রতমখণ্ডিতং ॥ ২৫ ॥
যদ্যসৌ ছন্দসাংলোকমারোক্ষ্যন্ ব্রহ্মপিষ্টপং।
গুরবে বিন্যসেদ্দেহং স্বাধ্যায়ার্থং বৃহদ্ব্রতঃ ॥ ২৬ ॥
অগ্নৌ গুরাবাত্মনিচ সর্ব্বভূতেষু মাং পরং।
অপ্রথগ্ধীরুপাসীত ব্রহ্মবর্চ্চস্ব্যকল্মষঃ ॥ ২৭ ॥
স্ত্রীণাং নিরীক্ষণ স্পর্শ সংলাপক্ষ্বেলনাদিকং।

এবং ভূতং বৃত্তং যস্য সঃ ॥ ২৫ ॥

এবমুপকুর্ব্বাণস্য ধর্ম্মানুক্ত্বা নৈষ্ঠিকস্য বিশেষ ধর্ম্মানাহ যদীতি ষড্ভিঃ অসৌ ব্রহ্মচারী যদি ছন্দসাং লোকং মহর্লোকং ততো ব্রহ্ম লোকঞ্চারোক্ষ্যন্ আরোঢুমিচ্ছতীত্যর্থঃ। যদ্বা ছন্দসাং লোকমিতি ব্রহ্মলোক বিশেষণং যত্র মূর্ত্তিধরাঃ কলা ইত্যুক্তত্বাৎ তর্হি বৃহদ্ব্রতঃ সন্ বৃহন্নৈষ্ঠিকং ব্রতং যস্য সঃ বিন্যসেৎ সমর্পয়েৎ অধিক স্বাধ্যায়ার্থং অধীত নিষ্ক্রয়ার্থম্বা ॥ ২৬ ॥

ব্রহ্মবর্চ্চঃ বেদাভ্যাসজং তেজঃ তদ্বান্ ॥ ২৭ ॥

তস্যৈব বনস্থ যতি সাধারণ ধর্ম্মানাহ স্ত্রীণামিতি নিরীক্ষণং ভোগ গর্ভং ক্ষ্বেলনং পরিহাসঃ

এই প্রকার আচরণ করত ভোগ বিবর্জিত হইয়া বিদ্যা সমাপ্তি পর্য্যন্ত অখণ্ডিত ব্রত ধারণ পূর্ব্বক গুরুকুলে বাস করিবেন ॥ ২৫ ॥

পূর্ব্বোক্ত ব্রহ্মচারী ব্যক্তি যদি মহর্লোক এবং তথা হইতে ব্রহ্ম-লোকে আরোহণ করিতে ইচ্ছা করেন তাহা হইলে নৈষ্ঠিক ব্রত ধারণ করত স্বাধ্যায়ের অর্থাৎ অধীত বিদ্যার নিষ্ক্রয়ার্থে গুরুদেবকে দেহ সমর্পণ করিবেন ॥ ২৬ ॥

বেদাভ্যাসজনিত তেজো বিশিষ্ট অকল্মষ পুরুষ অগ্নিতে, গুরুতে, আপনাতে এবং সর্ব্বভুতে আমাকে অপৃথক্ জানিয়া উপাসনা করি-বেন ॥ ২৭ ॥

অগৃহস্থ ব্যক্তি স্ত্রীলোকদিগের নিরীক্ষণ, স্পর্শ, আলাপ ও পরিহাস প্রভৃতি পরিত্যাগ করিবেন এবং মিথুনীভূত প্রাণিমাত্রকে অর্থাৎ গৃহা-

প্রাণিনো মিথুনীভূতানগ্রহস্থোঽগ্রতস্ত্যজেৎ ॥ ২৮ ॥
শৌচমাচমনং স্নানং সন্ধ্যোপাস্তির্মমার্চ্চনং।
তীর্থসেবা জপোঽস্পৃশ্যাভক্ষ্যাঽসংভাষ্যবর্জনং।
সর্ব্বাশ্রম প্রযুক্তোঽয়ং নিয়মঃ কুলনন্দন।
মদ্ভাবঃ সর্ব্বভূতেষু মনোবাক্ কায়সংযমঃ ॥ ২৯ ॥
এবং বৃহদ্ব্রতধরো ব্রাহ্মণোঽগ্নিরিবজ্বলন্।
মদ্ভক্তস্তীব্রতপসা দগ্ধকর্ম্মাশয়োঽমলঃ ॥ ৩০ ॥
অথানন্তরমাবেক্ষ্যন্ যথা জিজ্ঞাসিতাগমঃ।

এবমাদিকং ত্যজেৎ মিথুনীভূতানগ্রতস্ত্যজেৎ ন পশ্যেদিত্যর্থঃ ॥ ২৮ ॥

তত্রৈব সর্ব্বাশ্রম সাধারণং ধর্ম্মমাহ শৌচমিতি দ্বাভ্যাং ॥ ২৯ ॥

নিষ্কাম নৈষ্ঠিকস্তু মোক্ষং ফলমাহ এবমিতি অমলো নিষ্কামশ্চেৎ দগ্ধঃ কর্ম্মাশয়োঽন্তঃকরণং যস্য তথাভূতঃ সন্ মদ্ভক্তো ভবতি ॥ ৩০ ॥

উপকুর্ব্বাণস্য সমাবর্ত্তন প্রকারমাহ অথেতি অনন্তরং দ্বিতীয়মাশ্রমমাবেক্ষন্ প্রবেষ্টু

ক্রমসন্দর্ভঃ।

এবং বৃহদিতি মদ্ভক্তশ্চেত্তেন মদ্ভক্তৈনৈব তীব্রেণ সতা তপসা স্বধর্ম্মেণামলঃ। শুদ্ধান্তঃকরণো ভবতি। দগ্ধকর্ম্মাশয়ো মুক্তশ্চ ভবতীত্যর্থঃ ॥ ৩০ ॥ ৩১ ॥

প্রাণিদিগকে দর্শনও করিবেন না ॥ ২৮ ॥

হে কুলনন্দন। শৌচ, আচমন, স্নান, সন্ধ্যোপাসনা, মদীয় পূজা, তীর্থ সেবা, জপ, অস্পৃশ্য অভক্ষ্য অসম্ভাষ্য বর্জ্জন, সর্ব্বভূতে মদ্ভাব ও মনোবাক্ কায়সংযম এ সমুদায় সকল আশ্রমের সাধারণ নিয়ম ॥ ২৯ ॥

এইরূপ বৃহদ্ব্রতধারী ব্রাহ্মণ যদি নিষ্কাম হয়েন তবে নৈষ্কর্ম্য সিদ্ধি লাভ করত তপস্যা দ্বারা সাক্ষাৎ অগ্নির ন্যায় প্রদীপ্ত হইয়া আমার ভক্ত রূপে বিখ্যাত হয়েন ॥ ৩০ ॥

অনন্তর ব্রহ্মচর্য্য হইতে অন্য আশ্রমে প্রবেশ করিতে হইলে যথা বিধি বেদবিচার করত গুরুদেবকে দক্ষিণা দান পূর্ব্বক গুরু কর্ত্তৃক

গুরবে দক্ষিণাং দত্বা স্নায়াদ্গুর্ব্বনুমোদিতঃ ॥ ৩১ ॥
গৃহং বনং বা প্রবিশেৎ প্রব্রজেদ্বা দ্বিজোত্তমঃ।
আশ্রমাদাশ্রমং গচ্ছেন্নান্যথা মৎপরশ্চরেৎ ॥ ৩২ ॥
গৃহার্থী সদৃশীং ভার্য্যামুদ্বহেদজুগুপ্সিতাং।
যবীয়সীন্তু বয়সা যাং সবর্ণামনুক্রমাৎ ॥ ৩৩ ॥

মিচ্ছন্ যথা যথা বদ্বিচারিত বেদার্থঃ স্নায়াৎ অভ্যঙ্গাদিকং কৃত্বা সমাবর্ত্তেত ইত্যর্থঃ ॥ ৩১ ॥

তস্যাধিকারানুরূপমাশ্রম বিকল্পং সমুচ্চয়ঞ্চাহ গৃহমিতি সকামশ্চেৎ গৃহং অন্তঃকরণ শুদ্ধ্যা নিষ্কাম শ্চেৎ বনং প্রবিশেৎ শুদ্ধান্তঃকরণঃ সচ দ্বিজোত্তমঃ ব্রাহ্মণ শ্চেৎ প্রব্রজে দিত্যর্থঃ আশ্রমাদাশ্রমান্তরং গচ্ছেৎ অন্যথা অনাশ্রমী প্রতি লোমঞ্চ না চরেদিত্যর্থঃ। অমৎ পর ইতি বা চ্ছেদঃ ॥ ৩২ ॥

স্বভক্তস্যাশ্রম নিয়মাভাবস্যাগ্রে বক্ষ্যমাণত্বাৎ ॥ ৩৩ ॥

বিবাহ নিয়ম পূর্ব্বকং বর্ণ ধর্ম্মৈঃ সহ গৃহস্থ ধর্ম্মানাহ গৃহার্থীতি সদৃশীং সবর্ণাং অজুগুপ্সিতাং কুলতো লক্ষণতশ্চানিন্দিতাং কামতস্তু যামন্যামুদ্বহেৎ তাঃ সবর্ণামনু তস্যা অনন্তরং তত্রাপি বর্ণক্রমেণোদ্বহেদিত্যর্থঃ। তিস্রো বর্ণানুপূর্ব্বেণ দ্বে তথৈকা যথা ক্রমং। ব্রাহ্মণ ক্ষত্রিয় বিশাং ভার্য্যাঃ স্বাঃ শূদ্র জন্মন ইতি স্মৃতেঃ ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

সমুচ্চয়ং বক্তুং পক্ষান্তরমাহ আশ্রমাদিতি। অন্যথেতি অনাশ্রমী ন ভবেৎ প্রতিলোমঞ্চ নাচরেদিত্যর্থঃ। টীকায়াং বক্ষ্যমাণত্বাদিতি জ্ঞাননিষ্ঠো বিরক্তো বেত্যাদিনেতি জ্ঞেয়ং ॥ ৩২ ॥

গৃহার্থীতি তৈঃ তিস্র ইত্যাদিকং স জাতীয়াং ত্যক্ত্বা ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ ৩৬ ॥ ৩৭ ॥

অনুমোদিত হইয়া সমাবর্ত্তন স্নান করিবেন ॥ ৩১ ॥

পরে যদি তিনি সকাম হয়েন তবে গৃহে, আর নিষ্কাম হয়েন তবে বনে প্রবেশ করিবেন, আর যদি মৎপর দ্বিজোত্তম হইতে ইচ্ছা করেন তবে প্রব্রজ্যাশ্রম অবলম্বন করিবেন, যে প্রকারেই হউক আশ্রম হইতে আশ্রমে গমন করিবেন, অনাশ্রমী প্রতিলোমাচরণ করিবেন না ॥ ৩২ ॥

গৃহ প্রবেশার্থী ব্যক্তি সমান জাতীয়া কুল লক্ষণ সম্পন্না এবং বয়ঃ কনিষ্ঠা ভার্য্যাকে উদ্বাহ করিবেন, পরে কামনা বশতঃ আর যাহাকে বিবাহ করিবেন, তাহা স্ববর্ণার পশ্চাৎ বর্ণ ক্রমে বিবাহ করিবেন ॥ ৩৩ ॥

ইজ্যাধ্যয়ন দানানি সর্ব্বেষাঞ্চ দ্বিজন্মনাং।
প্রতিগ্রহোঽধ্যাপনঞ্চ ব্রাহ্মণস্যৈব যাজনং ॥ ৩৪ ॥
প্রতিগ্রহং মন্যমানস্তপস্তেজো যশোঽনুদং।
অন্যাভ্যামেব জীবেত শিলৈর্ব্বা দোষদৃক্ তয়োঃ ॥ ৩৫ ॥
ব্রাহ্মণস্য তু দেহোঽয়ং ক্ষুদ্রকামায় নেষ্যতে।
কৃচ্ছ্রায় তপসে চেহ প্রত্যানন্ত সুখায়চ ॥ ৩৬ ॥
শিলোঞ্ছ বৃত্ত্যা পরিতুষ্টচিত্তো ধর্ম্মং মহান্তং
বিরজং জুষাণঃ। ময্যর্পিতাত্মা গৃহ এব তিষ্ঠন্

ইজ্যাদয়ঃ ত্রৈবর্ণিকানামাবশ্যকা ধর্ম্মাঃ প্রতিগ্রহাদি ত্রয়স্তু বৃত্তিঃ সাচ ব্রাহ্মণস্যৈব ॥ ৩৪ ॥

তত্রাপি মুখ্যাং মুখ্যতমাঞ্চান্যাং বৃত্তিমাহ- প্রতিগ্রহমিতি তয়োর্যাজনাধ্যাপনয়োরপি কার্পণ্যাদি দোষং পশ্যন্ শিলৈঃ স্বামিত্যক্তৈঃ ক্ষেত্রপতিতৈঃ কণিশৈঃ ॥ ৩৫ ॥

এবঞ্চ বৃত্তি কার্শ্যং ব্রাহ্মণেন সোঢ়ব্যমিত্যাহ ব্রাহ্মণস্যেতি ॥ ৩৬ ॥

উঞ্ছবৃত্তির্নাম বিপণ্যাদি পতিত কণোপাদানং তাং শিলবৃত্ত্যৈকীকৃত্য তয়া তুষ্ট চিত্তস্য

যজ্ঞ, বেদাধ্যয়ন ও দান ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যদিগের সাধারণ ধর্ম্ম কিন্তু প্রতিগ্রহ অধ্যাপন ও যাজন এই তিন ব্রাহ্মণের বৃত্তি ॥ ৩৪ ॥

যে ব্যক্তি প্রতিগ্রহকে তপস্যা, তেজ ও যশের নাশক বলিয়া পরিত্যাগ করিবেন তিনি অন্য উভয় অর্থাৎ অধ্যাপন ও যাজন দ্বারা জীবিকা লাভ করিবেন, আর যিনি ঐ উভয়েতেও কার্পণ্যাদি দোষ দৃষ্টি করিবেন, তিনি ক্ষেত্র পতিত শস্য কণা আহরণ করিয়া জীবিকা নির্ব্বাহ করিবেন ॥ ৩৫ ॥

ব্রাহ্মণদিগের দেহ ক্ষুদ্র কামনার উপযোগী নহে, তাহা ইহলোকে কষ্ট সাধ্য তপস্যার নিমিত্ত এবং পরলোকে অনন্ত সুখের নিমিত্ত ॥৩৬॥

ক্ষেত্র পতিত শস্যকণা আহরণ রূপ শিলবৃত্তি এবং বিপণ্যাদি পতিত শস্যকণা আহরণ উঞ্ছবৃত্তিতে পরিতুষ্ট হইয়া মহৎ আতিথ্যাদি লক্ষণে

নাতি প্রসক্তঃ সমুপৈতি শান্তিং ॥ ৩৭ ॥
সমুদ্ধরন্তি যে বিপ্রং সীদন্তং মৎপরায়ণং।
তানুদ্ধরিষ্যে নচিরাদাপদ্ভ্যো নৌরিবার্ণবাৎ ॥ ৩৮ ॥
সর্ব্বা সমুদ্ধরেদ্রাজা পিতেব ব্যসনাৎ প্রজাঃ।
আত্মানমাত্মনা ধীরো যথা গজপতির্গজান্।
এবং বিধো নরপতি র্বিমানেনার্ক বর্চ্চসা।
বিধূয়েহাশুভং কৃৎস্নমিন্দ্রেণ সহ মোদতে ॥ ৩৯ ॥
সীদন্ বিপ্রো বণিক্ বৃত্ত্যা পণ্যৈরেবাপদং তরেৎ।

মোক্ষং ফলমাহ শিলোঞ্ছেতি। মহাস্তং আতিথ্যাদি লক্ষণং ॥ ৩৭ ॥

এবমধনস্য মহৎফল মুক্ত্বা সাধনানামপ্যাহ ত্রিভিঃ। সমুদ্ধরন্তি দারিদ্র্যাদুত্তারয়ন্তি বিপ্রমিত্যুপলক্ষণং যং কমপি ॥ ৩৮ ॥

রাজ্ঞ স্ত্বাবশ্যকমেতদিত্যাহ সর্ব্বা ইতি ॥ ৩৯ ॥

সর্ব্বেষামাপদ্বৃত্তীরাহ ত্রিভিঃ পণ্যৈর্বিক্রয়াহৈঃ নচ সুরা লবণাদ্যৈঃ তত্রাপ্যাপদাক্রান্ত

ক্রমসন্দর্ভঃ।

টীকায়াং সাধনানামিতি ব্রাহ্মণেতরেষামিতি জ্ঞেয়ং নৌ র্যথার্ণব পতিতানুদ্ধরতি। তথেত্যর্থঃ ॥ ৩৮ ॥ ৩৯ ॥ ৪০ ॥ ৪১ ॥ ৪২ ॥ ৪৩ ॥ ৪৪ ॥ ৪৫ ॥ ৪৬ ॥ ৪৭ ॥

নিষ্কাম ধর্ম্মানুষ্ঠায়ী ব্যক্তি আমাতে চিত্ত সমর্পণ করত প্রশক্তি শূন্য হইয়া গৃহে অবস্থিতি করিলেও শান্তি প্রাপ্ত হয়েন ॥ ৩৭ ॥

যে-ব্যক্তি মৎ পরায়ণ দরিদ্র অবসন্ন ব্রাহ্মণকে উদ্ধার করে, সমুদ্রে পতিত ব্যক্তির নৌকার ন্যায় আমি অচিরাৎ তাহাকে আপদ হইতে উদ্ধার করি ॥ ৩৮ ॥

রাজা, প্রজা সকলকে পিতার ন্যায় বিপদ হইতে উদ্ধার করিবেন। আর যেমন গজপতি গজদিগকে রক্ষা করে, তদ্রূপ ধীর ব্যক্তি আপনিই আপনাকে রক্ষা করিবেন। এই রূপ বিপদোদ্ধারকারী রাজা ইহলোকে সমুদায় অশুভ নাশ করত সূর্য্য সন্নিভ বিমান দ্বারা স্বর্গে গমন পূর্ব্বক ইন্দ্রের সহিত আমোদিত হয়েন ॥ ৩৯ ॥

খড়্গেন বা পদাক্রান্তো ন শ্ববৃত্ত্যা কথঞ্চন ॥ ৪০ ॥
বৈশ্য বৃত্ত্যাতু রাজন্যো জীবেন্মৃগয়য়াপদি।
চরেদ্বা বিপ্ররূপেণ নশ্ববৃত্ত্যা কথঞ্চন ॥ ৪১ ॥
শূদ্রবৃত্তিং ভজেদ্বৈশ্যঃ শূদ্রঃ কারু কটক্রিয়াং।
কৃচ্ছ্রান্মুক্তো ন গর্হ্যেণ বৃত্তিং লিপ্সেত কর্ম্মণা ॥ ৪২ ॥
বেদাধ্যায় স্বধা স্বাহা বল্যন্নাদ্যৈর্যথোদয়ং।

শ্চেৎ খড়্গেন ক্ষত্রিয় বৃত্ত্যা বা যদ্যপি গৌতমোহস্মরাং পাপিয়সীং বৃত্তিমাতিষ্ঠেৎ ইতি স্মরন্ খড়্গ ধারণং পণ্য বিক্রয়াৎ শ্রেষ্ঠং মন্যতে তথাপি হিংসাতো বণিগ্বৃত্তিরেব শ্রেষ্ঠেতি ভগবতো মতং নতু শ্ববৃত্ত্যা নীচ সেবয়া ॥ ৪০ ॥

তত্রাপ্যাপদি মৃগয়য়া বিপ্ররূপেণ বাধ্যাপনাদিনা ॥ ৪১ ॥

কারবঃ প্রতি লোমজ বিশেষাঃ বরুড়াদয়ঃ তেষাং বৃত্তিং কটকাদি ক্রিয়াং আপদুত্তীর্ণস্তু নাম্নুকল্পেন বর্ত্তেত ইত্যাহ কৃচ্ছ্রাদিতি ॥ ৪২ ॥

তদেবং বৃত্তি ব্যবস্থা মুক্ত্বা পুন র্গৃহস্থস্যাবশ্যকান্ পঞ্চ যজ্ঞানাহ বেদাধ্যয়নং ব্রহ্ম যজ্ঞঃ

ব্রাহ্মণ দারিদ্র্যাদি বশতঃ অবসন্ন হইলে বণিক্ বৃত্তি পণ্যোপজীবন দ্বারা আপদ হইতে উত্তীর্ণ হইবে, তাহাতেও আপদাক্রান্ত হইলে ক্ষত্রিয় বৃত্তি খড়্গাদি ধারণ দ্বারা তাহা হইতে উত্তীর্ণ হইবে, কিন্তু কখন শ্ববৃত্তি অর্থাৎ নীচসেবা করিবেন না ॥ ৪০ ॥

রাজা আপদাক্রান্ত হইলে বৈশ্যবৃত্তি দ্বারা অথবা মৃগয়া দ্বারা কিম্বা বিপ্রবৃত্তি অধ্যাপনাদি দ্বারা আপদ হইতে উত্তীর্ণ হইবেন, কিন্তু কখন শ্ববৃত্তি অর্থাৎ নীচ সেবা করিবেন না ॥ ৪১ ॥

বৈশ্য আপদে পতিত হইলে শূদ্রবৃত্তি দ্বারা এবং শূদ্র আপদ্গ্রস্ত হইলে কারুবৃত্তি ও কটাদি ক্রিয়া দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবেক, কিন্তু আপদ মুক্ত হইলে আর নিন্দনীয় কর্ম্ম দ্বারা বৃত্তি ইচ্ছা করিবেন না ॥ ৪২ ॥

গৃহস্থ ব্যক্তি যথা বিভবানুসারে বেদাধ্যয়ন রূপ ব্রহ্মযজ্ঞ দ্বারা

দেবর্ষি পিতৃভূতানি মন্ত্রপাণ্যন্বহং যজেৎ ॥ ৪৩ ॥
যদৃচ্ছয়োপপন্নেন শুক্লেনোপার্জ্জিতেন বা ।
ধনেনাপীড়য়ন্ ভৃত্যান্ন্যায়েনৈবাহরেৎ ক্রতূন্ ॥ ৪৪ ॥
কুটুম্বেষু নসজ্জেত্ত ন প্রমাদ্যেৎ কুটুম্ব্যপি ।
বিপশ্চিন্নশ্বরং পশ্যেদদৃষ্টমপি দৃষ্টবৎ ॥ ৪৫ ॥
পুত্রদারাপ্ত বন্ধূনাং সঙ্গমঃ পান্থসঙ্গমঃ ।

তেন ঋষীন্ । স্বধাকারেণ পিতৄন্ । স্বাহাকারেণ দেবান্ বলিহরণেন ভূতানি অন্নাদ্যৈরন্নোদকাদিভি র্ম্মনুষ্যানিতি জ্ঞাতব্যং যথোদয়ং বিভবানুসারতঃ তেম্বীশ্বর দৃষ্টিং বিধত্তে মন্ত্রপানীতি ॥ ৪৩ ॥

আবশ্যকং ধর্ম্ম মুক্ত্বা শক্ত্যনুসারং ধর্ম্মমাহ যদৃচ্ছয়া উদ্যমং বিনা উপার্জ্জিতেন বা শুক্লেন স্ববৃত্ত্যা লব্ধেন শুদ্ধেন ধনেন বা ভৃত্যান্ পোষ্যান্ ॥ ৪৪ ॥

গৃহস্থস্যাপি নিবৃত্তি নিষ্ঠামেবাহ কুটুম্বেম্বিতি ত্রিভিঃ । ন প্রমাদ্যেৎ ঈশ্বর নিষ্ঠায়াং প্রমত্তো ন ভবেৎ নমু দৃষ্টাদৃষ্ট কর্ম্মাসক্তস্য কথমপ্রমাদঃ বিচারেণেত্যাহ বিপশ্চিদিতি ॥ ৪৫

তত্রাপি দৃষ্টেম্বাসক্তে রধিকত্বাত্তেষাং নশ্বরতাং প্রপঞ্চয়তি পুত্রাদীনাং একত্র সঙ্গমঃ পান্থানাং প্রপায়াং সঙ্গম ইব তত্র হেতুঃ অনুদেহং প্রতি দেহমেতে বিয়ন্তি নশ্যন্তি নিদ্রান্থ-

ঋষিগণকে স্বধাকার দ্বারা পিতৃগণকে, স্বাহাকার দ্বারা দেবতাগণকে, বলি হরণ দ্বারা ভূতগণকে এবং অন্ন পানাদি দ্বারা মনুষ্যদিগকে আমার স্বরূপ জ্ঞানে প্রত্যহ অর্চ্চনা করিবেন ॥ ৪৩ ॥

উদ্যোগ ব্যতিরেকে উপার্জ্জিত স্ববৃত্তি লব্ধ শুদ্ধ ধন দ্বারা পোষ্য বর্গকে পোষণ করত যথা ন্যায়ে যজ্ঞ আহরণ করিবেন ॥ ৪৪ ॥

গৃহস্থ ব্যক্তি কুটুম্বী হইলেও কুটুম্ব বিষয়ে আসক্ত হইবে না ও ঈশ্বর নিষ্ঠা বিষয়ে প্রমত্ত হইবে না এবং বিচার করত অদৃষ্ট বিষয়ও দৃষ্ট বিষয়ের ন্যায় নশ্বর দেখিবেন ॥ ৪৫ ॥

পুত্র দারা ও আত্মীয় বন্ধুগণের সহিত যে সঙ্গ তাহা পান্থশালাস্থ ব্যক্তিদিগের সঙ্গের ন্যায় নশ্বর, কারণ, ইহারা প্রতি নিদ্রাতে স্বপ্ন

অনুদেহং বিয়ন্ত্যেতে স্বপ্নে নিদ্রানুগো যথা ॥ ৪৬ ॥
ইত্থং পরিমৃশন্ মুক্তো গৃহেষ্বতিথিবদ্বসন্।
ন গৃহৈরনুবধ্যেত নির্ম্মমো নিরহঙ্কৃতঃ ॥ ৪৭ ॥
কর্ম্মভির্গৃহমেধীয়ৈরিষ্ট্বা মামেব ভক্তিমান্।
তিষ্ঠেৎ বনং বোপবিশেৎ প্রজাবান্ বা পরিব্রজেৎ ॥ ৪৮ ॥
যস্ত্বাসক্তমতির্গেহে পুত্রবিত্তৈষণাতুরঃ।
স্ত্রৈণঃ কৃপণধীর্মূঢ়ো মমাহমিতি বধ্যতে ॥ ৪৯ ॥

বর্ত্তী অস্বপ্নে নিদ্রাপায়ে যথেতি ॥ ৪৬ ॥
অতিথি বৎ উদাসীনঃ ॥ ৪৭ ॥
অস্যাপ্যাশ্রম বিকল্পমাহ কর্ম্মভিরিতি। গৃহাশ্রম এব তিষ্ঠেৎ। যদি প্রজাবান্ তর্হি প্রব্রজেৎ ॥ ৪৮ ॥
গৃহাদ্যাসঙ্গে দোষমাহ যস্ত্বিতি ত্রিভিঃ ॥ ৪৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রজাবানিতি প্রজাবত্ত্বে প্রায়ো বৈরাগ্যং ভবেদিতি বেদাস্থিনামভিপ্রায়ঃ। কর্ম্মঠানাং ত্বন্যথা। যথোক্তং। ঋণানি ত্রীণ্যপাকৃত্য মনো মোক্ষে নিবেশয়েৎ। অনপাকৃত্য মোক্ষন্তু সেবমানো ব্রজত্যধ ইতি ॥ ৪৯ ॥ ৫০ ॥ ৫১ ॥

দর্শনের ন্যায় দেহ নাশেই বিযুক্ত হয় ॥ ৪৬ ॥

মমতা শূন্য ও নিরহঙ্কৃত হইয়া এই প্রকার পরামর্শ যোগে অতিথির ন্যায় উদাসীন ভাবে গৃহে অবস্থিতি করিবে এবং গৃহ বিষয়ক আসক্তিতে আবদ্ধ হইবে না ॥ ৪৭ ॥

ভক্তিমান্ ব্যক্তি এই রূপ গৃহমেধীয় কর্ম্ম দ্বারা আমার অর্চ্চনা করত গৃহেই অবস্থিতি করুন বা বনেই প্রস্থান করুন, কিন্তু যখন প্রজাবান্ হইবেন অর্থাৎ সন্তান উৎপন্ন হইবে তখন প্রব্রজ্যা গ্রহণ করিবেন ॥ ৪৮ ॥

যে ব্যক্তি স্ত্রৈণ, কৃপণ ও মূঢ় এবং পুত্রৈষণা ও বিত্তৈষণাতে আতুর হইয়া গৃহে আসক্তি বশতঃ আমি ও আমার ইত্যাকার জ্ঞানে বদ্ধ হয় ॥ ৫৯ ॥

অহো মে পিতরৌ বৃদ্ধৌ ভার্য্যাবালাত্মজাত্মজাঃ।
অনাথা মামৃতে দীনাঃ কথং জীবন্তি দুঃখিতাঃ ॥ ৫০ ॥
এবং গৃহাশয়াক্ষিপ্ত হৃদয়ো মূঢ়ধীরয়ং।
অতৃপ্তস্তাননুধ্যায়ন্ মৃতোহন্ধং বিশতে তমঃ ॥ ৫১ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব সম্বাদে বর্ণাশ্রম বিভাগো নাম সপ্তদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৭ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥
বনং বিবিক্ষুঃ পুত্রেষু ভার্য্যাং নস্য সহৈব বা।

বন্ধমেবাভিনয়েন দর্শয়তি অহো ইতি বালা আত্মজা যস্যাঃ সা আত্মজাশ্চ মাং বিনা অনাথাঃ সন্তঃ কথং জীবন্তীতি ॥ ৫০ ॥

গৃহে য আশয়ো বাসনা তেন আ সর্ব্বতঃ ক্ষিপ্তং হৃদয়ং যস্য সঃ অন্ধং তমঃ অতি তামসীং যোনিং ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি একাদশে সপ্তদশঃ ॥ * ॥

অষ্টাদশে বদদ্ধর্ম্মং বনস্থ যতি গোচরং। অধিকারি বিশেষেণ বিশেষঞ্চাপি তদ্গতং ॥ ০

ক্রম প্রাপ্তান্ বানপ্রস্থ ধর্ম্মানাহ বনমিতি আয়ুষ স্তৃতীয় ভাগং পঞ্চ সপ্ততি বর্ষ

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইত্যেকাদশ ক্রমসন্দর্ভে সপ্তদশঃ ॥ * ॥

অহো আমার পিতা মাতা বৃদ্ধ, শিশু সন্তান বিশিষ্টা ভার্য্যা এবং পুত্র কন্যাগণ আমা ব্যতীত অনাথ দীন ভাবে কি প্রকারে দুঃখে জীবন ধারণ করিবে ॥ ৫০ ॥

এই প্রকারে গৃহ বাসনা বিক্ষিপ্ত চিত্ত মূঢ় বুদ্ধি অপরিতৃপ্ত ব্যক্তি গৃহবাসনা সকল অনুধ্যান করত মরণের পর তামসী যোনিতে প্রবেশ করে ॥ ৫১ ॥

॥ * ॥ ইত্যেকাদশে সপ্তদশ ॥ * ॥

অষ্টাদশ অধ্যায়ে বানপ্রস্থ ও যতি ধর্ম্ম নির্ণয় পুরঃসর অধিকার বিশেষে ধর্ম্মের বিশেষ কথন ॥ ০ ॥

ভগবান্ কহিলেন হে উদ্ধব। বন প্রবেশ করিবার ইচ্ছা হইলে

বন এব বসেচ্ছান্তস্তৃতীয়ং ভাগমায়ুষঃ ॥ ১ ॥
কন্দমূল ফলৈর্বান্যৈর্মেধ্যৈর্বৃত্তিং প্রকল্পয়েৎ।
বসীত বল্কলং বাসস্তৃণপর্ণা জীনানি বা ॥ ২ ॥
কেশ লোম নখশ্মশ্রুমলানি বিভৃয়াদ্দতঃ।
ন ধাবেদপ্সু মজ্জেতস্ত্রিকালং স্থণ্ডিলেশয়ঃ ॥ ৩ ॥
গ্রীষ্মেতপ্যেত পঞ্চাগ্নীন্ বর্ষাস্বাসারষাড়্জলে।
আকণ্ঠমগ্নঃ শিশিরে এবং বৃত্তস্তপশ্চরেৎ ॥ ৪ ॥

পর্য্যন্তং ততঃ পরঃ ক্ষীণেন্দ্রিয়স্ত ঈষদ্বিরাগেপি সন্ন্যাসাধিকারঃ স্যাদিতি ভাবঃ ॥ ১ ॥

বসীত পরিদধীত ॥ ২ ॥

দতঃ দন্তান্ ন ধাবেৎ ন শোধয়েৎ ত্রিকালমপ্সু মজ্জেৎ মুসল বৎ স্নায়াৎ স্থণ্ডিলেশয়ঃ ভূমিশায়ী ॥ ৩ ॥

তপোত্ত পঞ্চাগ্নীন্ সূর্য্যেণ সহ চতুর্দ্দিশমগ্নিং নিধায় আত্মানং তাপয়েদিত্যর্থঃ। আসারষাট্ আসারং ধারাসম্পাতং সহত ইতি তথা অভ্রাবকাশং নাম ব্রতং চরেৎ জলে আকণ্ঠ মগ্নঃ উদক বাসং নাম ব্রতং চরেৎ ॥ ৪ ॥

ভার্য্যাকে পুত্রের নিকট সমর্পণ করিয়া অথবা রাগ নিবৃত্তি না হইলে তাহাকে সঙ্গে লইয়া, বয়সের তৃতীয় ভাগ অর্থাৎ পঞ্চসপ্তিতি বৎসর পর্য্যন্ত বনে বাস করিবেক ॥ ১ ॥

পবিত্র বন্য কন্দ মূল ফল দ্বারা জীবনোপায় নির্ব্বাহ করিবেক এবং বল্কল বা তৃণপত্র ও মৃগচর্ম্ম বস্ত্র পরিধান করিবেক ॥ ২ ॥

কেশ, লোম, নখ, শ্মশ্রু, ও গাত্রে মল ধারণ করিবেক, এবং দন্ত ধাবন করিবেক না, তথা ত্রিকাল জলে নিমজ্জন পূর্ব্বক স্নান করিবেক ও ভূমি তলে শয়ন করিবেক ॥ ৩ ॥

গ্রীষ্মকালে পঞ্চাগ্নি অর্থাৎ সূর্য্য সহিত অগ্নি চতুষ্টয়ে বেষ্টিত হইয়া শরীরকে উত্তপ্ত করত ও বর্ষাকালে বারিধারা সহন করত এবং শীত কালে আকণ্ঠ পর্য্যন্ত জলে মগ্ন হইয়া তপস্যাচরণ করিবেক ॥ ৪ ॥

অগ্নিপক্বং সমশ্নীয়াৎ কালপক্বমথাপি বা।
উলূখলাশ্মকুট্টো বা দন্তোলূখল এব বা ॥ ৫ ॥
স্বয়ং সংচিনুয়াৎ সর্ব্বমাত্মনো বৃত্তিকারণং।
দেশকাল বলাভিজ্ঞো নাদদীতান্যদাহৃতং ॥ ৬ ॥
বন্যৈশ্চরু পুরোড়াশৈ র্নির্ব্বপেৎ কালচোদিতান্‌।
নতু শ্রৌতেন পশুনা মাং যজেত বনাশ্রমী ॥ ৭ ॥
অগ্নিহোত্রঞ্চ দর্শশ্চ পূর্ণমাসশ্চ পূর্ব্ববৎ।
চাতুর্মাস্যানিচ মুনেরাম্নাতানিচ নৈগমৈঃ ॥ ৮ ॥

উলূখলেন বাশ্মনা বা কুট্টয়তি কণ্ডূয়তীতি তথা দান্তা এব উলূখলং যস্য স তথা ॥ ৫ ॥

সংচিনুয়াৎ আহরেৎ অন্যদা কালান্তরে আহৃতং কালান্তরেনাদদীত। লব্ধে নবে নবেঽন্নাদ্যে পুরাণন্তু পরিত্যজেদিতি নারদোক্তেঃ ॥ ৬ ॥

কাল চোদিতান্‌ আগ্রহায়নাদীন্‌ ॥ ৭ ॥

কিঞ্চ অগ্নিহোত্রমিতি মুনেশ্চ নৈগমৈর্বেদাদিভিঃ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ

॥ ১ ॥ ২ ॥ ৩ ॥ ৪ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥ এবমিতি। টীকায়াং নিষ্কামস্যেতি ভগবদারাধন মাত্র কামস্যেত্যর্থঃ। অন্তঃকরণেত্যাদৌ যদি তয়া মত্তোষণয়া তপস্যয়াঽন্তঃকরণ শুদ্ধি ভক্তী স্যাতাং তদাত্রৈব বানপ্রস্থত্বমুচ্যতে। যদিচ প্রতিবন্ধ বাহুল্যং স্যাৎ তর্হি ক্রমেণৈব মুচ্যত

অগ্নি পক্ক অথবা কাল পক্ক দ্রব্য আহার করিবেক, এবং উলূখল বা প্রস্তরাদি অথবা দন্তরূপ উলূখল দ্বারা কুট্টিত দ্রব্য ভক্ষণ করিবেক ॥ ৫

দেশ কালের বলাবল অভিজ্ঞ হইয়া আপনার বৃত্তি নিমিত্ত সমুদায় দ্রব্য স্বয়ং আহরণ করিবেক, সময়ান্তরে আহৃত দ্রব্য সময়ান্তরে গ্রহণ করিবেক না ॥ ৬ ॥

যথা সময় প্রাপ্ত বনজাত চরু পুরোড়াসাদি দ্বারা আমার অর্চ্চনা করিবেক না ॥ ৭ ॥

বেদবাদী মুনিগণ কর্তৃক আম্নাতে অগ্নিহোত্র, দর্শ, পৌর্ণমাস ও চাতুর্মাস্য দ্বারা পূর্ব্ববৎ অর্চ্চনা করিবেক ॥ ৮ ॥

এবং চীর্ণেন তপসা মুনির্ধমনি সন্ততঃ।
মাং তপোময়মারাধ্য ঋষিলোকাদুপৈতি মাং॥ ৯॥
যস্ত্বেতৎ কৃচ্ছ্রতশ্চীর্ণং তপো নিঃশ্রেয়সং মহৎ।
কামায়াল্পীয়সে যুঞ্জ্যাদ্বালিশঃ কোঽপরস্ততঃ॥ ১০॥
যদাঽসৌ নিয়মেঽকল্পো জরয়া জাতবেপথুঃ।

অস্য নিষ্কামস্য ফলমাহ এবমিতি ধমনিভিঃ শিরাভিঃ সন্ততো ব্যাপ্তঃ যাবজ্জীবং কৃতেন তপসা শুষ্কমাংস ইত্যর্থঃ। ঋষি লোকান্ মহর্লোকাদি ক্রমেণ। অয়ং ভাবঃ অন্তঃ করণ শুদ্ধি ভক্তি দ্বারাঽত্রৈব তাবন্মুচ্যতে প্রতি বন্ধ বাহুল্যেতু অনেন ক্রমেণ মুচ্যতে ইতি॥ ৯॥

তং সকামং নিন্দতি যস্ত্বিতি নিঃশ্রেয়সং মোক্ষফলং অল্পীয়সে আবিরিঞ্চাদল্পমেব তস্মৈ॥ ১০॥

এবং যাবজ্জীবং বর্ত্তমানস্য মোক্ষঃ তৃতীয় ভাগাবসানেতু মন্দবিরাগোপি সন্ন্যাসাধিকারঃ যদিতু ততোঽর্বাগেব স্বধর্ম্মাশক্তো ভবেৎ তথাপি সম্যগবিরক্তঃ। বিরক্তে বা তত্রাবিরক্তস্য

ক্রমসন্দর্ভঃ।

ইতি। মাং তপোময়মারাধ্যেতি তপসৈবারাধ্য ইত্যর্থঃ। অতঃ শুদ্ধভক্ত্যভাবাৎ ক্রমেণৈব মাং প্রাপ্নোতীতি ভাবঃ॥ ৯॥

মহর্লোকাদি কামং নিন্দতি যস্ত্বিতি কামানাং প্রতিবন্ধক বিনা তপসা যাবজ্জীবং বর্ত্তমানস্য মোক্ষঃ॥ ১০॥ ১১॥ ১২॥ ১৩॥

মুনি ব্যক্তি এই প্রকার যাবজ্জীবন তপস্যাচরণ দ্বারা শিরা বশিষ্ট শুষ্ক মাংস হইয়া তপোরূপ, আমার আরাধনা পূর্ব্বক ঋষি লোকাদি ক্রমে আমাকে প্রাপ্ত হইয়া মুক্ত হয়॥ ৯॥

যে ব্যক্তি অতি কষ্ট সাধ্য এই মুক্তি সাধন মহৎ তপস্যা আচরণ করিয়াও অতি অল্পতর কামনায় ব্রহ্ম লোকাদি সুখে মনো নিবেশ করে, তাহা হইতে মূর্খ আর কোন্ ব্যক্তি আছে॥ ১০॥

যদি সে ব্যক্তি সংসারিক নিয়মে অবিরক্ত হইয়া জরায় কম্পিত কলেবর হয়, তাহা হইলে আমাতে চিত্ত সমর্পণ পূর্ব্বক আত্মাতে অগ্নি

আত্মন্যগ্নীন্ সমারোপ্য মচ্চিত্তোঽগ্নিং সমাবিশেৎ ॥ ১১ ॥
যদা ধর্ম্মবিপাকেষু লোকেষু নিরয়াত্মসু ।
বিরাগো জায়তে সম্যঙ্ন্যস্তাগ্নিঃ প্রব্রজেত্ততঃ ॥ ১২ ॥
ইষ্ট্বা যথোপদেশং মাং দত্ত্বা সর্ব্বস্বমৃত্বিজে ।
অগ্নীন্ স্বপ্রাণ আবেশ্য নিরপেক্ষঃ পরিব্রজেৎ ॥ ১৩ ॥
বিপ্রস্য বৈ সন্ন্যসতো দেবা দারাদিরূপিণঃ ।
বিঘ্নং কুর্ব্বন্ত্যয়ং হ্যস্মানাক্রম্য সমিয়াৎ পরং ॥ ১৪ ॥

কৃত্যমাহ যদেতি জাতো বেপথুঃ কম্পো দেহে যস্য সঃ ॥ ১২ ॥

বিরক্তং প্রত্যাহ যদেতি ॥ ১২ ॥

তত্রাদৌ কৃত্যমাহ ইষ্ট্বেতি যথোপদেশং শ্রাদ্ধাষ্টক পূর্ব্বকং প্রাজাপত্যেষ্ট্যা মামিষ্ট্বা স্বপ্রাণে আত্মনি ॥ ১৩ ॥

সন্ন্যাসে বিঘ্না ভবন্তি তান্ বিগণয্য সন্ন্যসেদেবেত্যাশয়েনাহ বিপ্রস্যেতি কেনাভিপ্রায়েণ কুর্ব্বন্তি তমাহ অয়মিতি পরং ব্রহ্ম ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ ।

পরং ব্রহ্মলোকং ॥ ১৪ ॥

আরোপ করিয়া অগ্নিতে প্রবেশ করিবেক ॥ ১১ ॥

যদি ধর্ম্ম পরিপাক লব্ধ ব্রহ্ম লোকাদি সমুদায় লোকে দুঃখ দর্শন পূর্ব্বক বিরক্তি জন্মে, তবে যথা সম্ভব অগ্নি ন্যস্ত করিয়া প্রব্রজ্যাশ্রমে গমন করিবেক ॥ ১২ ॥

যথোপদেশ প্রাজাপত্যাদি দ্বারা আমার অর্চ্চনা করিয়া ও ঋত্বিক্‌কে সর্ব্বস্ব দক্ষিণা দিয়া আত্মাতে অগ্নির আবেশ পূর্ব্বক নিরপেক্ষ ভাবে প্রব্রজ্যা করিবেক ॥ ১৩ ॥

ব্রাহ্মণের সন্ন্যাস কালে দারা পুত্রাদি রূপে অবতীর্ণ হইয়া দেব তারা বিঘ্ন করিতে আরম্ভ করেন, এবং মনে করেন যে এই ব্যক্তি আমাদিগকে অতিক্রম করিয়া ব্রহ্ম প্রাপ্ত হইবেক ॥ ১৪ ॥

বিভৃয়াচ্চেন্মুনির্ব্বাসঃ কৌপীনাচ্ছাদনং পরং।
ত্যক্তং ন দণ্ডপাত্রাভ্যামন্যৎ কিঞ্চিদনাপদি ॥ ১৫ ॥
দৃষ্টিপূতং ন্যসেৎ পাদং বস্ত্রপূতং জলং পিবেৎ।
সত্য পূতং বদেদ্বাক্যং মনঃ পূতং সমাচরেৎ ॥ ১৬ ॥
মৌনানীহানিলায়ামা দণ্ডা বাগ্দেহ চেতসাং।
নহ্যেতে যস্য সন্ত্যঙ্গ বেণুভির্ন ভবেদ্যতিঃ ॥ ১৭ ॥

এবং প্রব্রজিতস্য ধর্ম্মানাহ বিভৃয়াচ্চেদিতি। পরং কৌপীনাদন্যদ্বাসো যদি ধারয়িতুমিচ্ছতি তর্হি কৌপীনমাচ্ছাদ্যতে যাবতা তাবন্মাত্রং ধারয়েদিত্যর্থঃ। ত্যক্তং প্রৈষোচ্চারাৎ পূর্ব্বমেবাতোঽন্যৎ কিঞ্চিদপি ন বিভৃয়াৎ। দণ্ড পাত্রাভ্যামিত্যাবশ্যক জল পাত্রাদেরুপলক্ষণং ॥ ১৫ ॥

মনঃ পূতং মনসা সমালোচ্যার্থ্য যৎ শুদ্ধং তদাচরেৎ ন সাহসিকো ভবেৎ ॥ ১৬ ॥

মৌনং বাচোদণ্ডঃ অনীহা কাম্য কর্ম্ম ত্যাগঃ দেহস্য প্রাণায়ামঃ চেতসঃ এতেঽস্য ত্রয়ো দণ্ডা যস্য ন সন্তি অঙ্গ হে উদ্ধব অঙ্গে ধৃতৈঃ বেণুভিরিতি বা ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

যস্মাৎ প্রৈষোচ্চারণাৎ পূর্ব্বমেব সর্ব্বং ত্যক্তং। তস্মাদ্দণ্ড পাত্রাভ্যামন্যৎ কিঞ্চিদপি ন গৃহ্নীয়াৎ ॥ ১৫ ॥ ১৬ ॥ ১৬ ॥ ১৭ ॥

হে উদ্ধব! এক্ষণে প্রব্রজিতের ধর্ম্ম বলি শ্রবণ কর, মুনি ব্যক্তি যদি কৌপীনাতিরিক্ত বস্ত্র পরিধান করিতে ইচ্ছা করেন, তাহা হইলে যাহাতে কৌপীন মাত্র আচ্ছাদিত হয় এতাবন্মাত্র বস্ত্র অর্থাৎ বহির্বাস পরিধান করিবেন, প্রৈষ মন্ত্রোচ্চারণের পূর্ব্বে তিনি অন্য সমুদায় পরিত্যাগ করিয়াছেন, অতএব অনাপৎকালে দণ্ড কমণ্ডলু ভিন্ন আর কিছুই গ্রহণ করিবেন না ॥ ১৫ ॥

দৃষ্টি পূত করিয়া পাদন্যাস করিবেক, বস্ত্র পূত করিয়া জল পান করিবেক, সত্য পূত করিয়া বাক্য বলিবেক এবং মনঃ পূত অর্থাৎ বিচার শোধিত হইয়া সমুদায় আচরণ করিবেক ॥ ১৬ ॥

হে উদ্ধব! মৌন রূপ বাগ্দণ্ড, কাম্য কর্ম্ম পরিত্যাগ রূপ দেহ দণ্ড এবং প্রাণায়াম রূপ অন্তঃকরণ দণ্ড যাহার নাই সে ব্যক্তি কেবল বেণুদণ্ড ধারণ দ্বারা কখন যতি হইতে পারে না ॥ ১৭ ॥

ভিক্ষাং চতুর্ষু বর্ণেষু বিগর্হ্যান্ বর্জয়ংশ্চরেৎ ।
সপ্তাগারানসংকৢপ্তাংস্তুষ্যেল্লব্ধেন তাবতা ॥ ১৮ ॥
বহির্জলাশয়ং গত্বা তত্রোপস্পৃশ্য বাগ্‌যতঃ ।
বিভজ্য পাবিতং শেষং ভুঞ্জীতাশেষমাহৃতং ॥ ১৯ ॥
একশ্চরেন্মহীমেতাং নিঃসঙ্গঃ সংযতেন্দ্রিয়ঃ ।

চতুর্ষ্বিতি ব্রাহ্মণেষ্বেব বৃত্তিভেদেন চতুর্বিধেষু পূর্ব্ব পূর্ব্বাসম্ভবে বা বিগর্হ্যানভিশপ্ত পতিতান্ অসংকৢপ্তান্ অত্রায়ং লাভো ভবিষ্যতীতি পূর্ব্বমনুদ্দিষ্টান্ ॥ ১৮ ॥

বহির্গ্রামাৎ পাবিতং প্রোক্ষণাদিভিঃ শোধিতং বিভজ্য বিষ্ণু ব্রহ্মার্ক ভূতেভ্যঃ অশেষ মিত্যধিকাহরণং নিরস্তং । যাচিতমিতি পাঠে মাধুকরেণ যাচিত মন্নঞ্চেত্তর্হি বিভজ্য ভুঞ্জীত ন ত্বযাচিতাদি ভৈক্ষ্য চতুষ্টয়মিত্যর্থঃ । মাধুকরেতু নৈবেদ্যং ভৈক্ষে নান্যেষু বিদ্যতে । নৈবেদ্যকং ক্ষিপেদপ্সু ত্রিতয়ং ভৌতিকং বহিরিতি স্মৃতেঃ । তত্র ভিক্ষা সংখ্যা । মাধুকর মসংকৢপ্তং প্রাক্ প্রণীতমযাচিতং । তাৎকালিকোপপন্নঞ্চ ভৈক্ষ্যং পঞ্চবিধং স্মৃতং । যদ্বা তদানীং কেনাপি যাচিতঞ্চেৎ তন্মধ্যে তস্মৈ কিঞ্চিদ্বিভজ্য দত্বা ইত্যর্থঃ ॥ ১৯ ॥

কিঞ্চ একশ্চরেদিতি আত্মন্যেব ক্রীড়া কৌতুকং যস্য সঃ আত্মন্যেব চরতঃ সন্তুষ্টঃ

ক্রমসন্দর্ভঃ ।

ভিক্ষামিতি তৈঃ । তত্র বৃত্তি ভেদেনেতি প্রতি গ্রহাধ্যাপন যাজন শিলোঞ্ছ রূপে ণেত্যর্থঃ ॥ ১৮ ॥

বহিরিতি তৈঃ । তত্র মাধুকরমসংকৢপ্তং প্রাক্ প্রণীতমযাচিতং । তাৎকালিকং চোপপন্নং ভৈক্ষ্যং পঞ্চ বিধং স্মৃতমিতি ভিক্ষাপঞ্চকমিতি জ্ঞেয়ং ॥ ১৯ ॥

নিঃ সঙ্গশ্চরন্নপি ন কুত্রচিদাশক্তঃ ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥ ২৪ ॥

চারি বর্ণের মধ্যে অভিশপ্ত পতিতাদি পরিত্যাগ পূর্ব্বক অনির্দ্দিষ্ট সাত গৃহে ভিক্ষাচরণ করিবেক এবং তদ্দ্বারা যাহা লব্ধ হইবে তাহাতেই সন্তুষ্ট থাকিবে ॥ ১৮ ॥

গ্রামের বাহিরে জলাশয়ে গমন পূর্ব্বক বাগ্‌যত হইয়া স্নান ও আচমন করত আহৃত দ্রব্যের কিয়দংশ যাচককে বিভাগ করিয়া দিয়া শেষে প্রোক্ষণাদি শোধিত সেই সমুদায় দ্রব্য ভোজন করিবেক, সঞ্চয়ার্থ অধিক আহরণ করিবেক না ॥ ১৯ ॥

সঙ্গ রহিত ও সংযতেন্দ্রিয় হইয়া এই পৃথিবীতে একাকী বিচরণ

আত্মক্রীড় আত্মরত আত্মবান্ সমদর্শনঃ ॥ ২০ ॥
বিবিক্ত ক্ষেম শরণো মদ্ভাববিমলাশয়ঃ।
আত্মানং চিন্তয়েদেকমভেদেন ময়া মুনিঃ ॥ ২১ ॥
অন্বীক্ষেতাত্মনো বন্ধং মোক্ষঞ্চ জ্ঞাননিষ্ঠয়া।
বন্ধ ইন্দ্রিয় বিক্ষেপো মোক্ষ এষাঞ্চ সংযমঃ।
তস্মান্নিযম্য ষড়্বর্গং মদ্ভাবেন চরেন্মুনিঃ।
বিরক্তঃ ক্ষুল্লকামেভ্যো লব্ধাত্মনি সুখং মহৎ ॥ ২২ ॥
পুরগ্রাম ব্রজান্ সার্থান্ ভিক্ষার্থং প্রবিশংশ্চরেৎ।

আত্মবান্ ধীরঃ ॥ ২০ ॥

বিবিক্তং বিজনং ক্ষেমং নির্ভয়ং শরণং স্থানং যস্য সঃ ময়ি ভাবেন বিমল আশয়ো যস্য সঃ ॥ ১ ॥

বন্ধং মোক্ষঞ্চ কেন বন্ধঃ কেন বা মোক্ষ ইতি তাবাহ বন্ধ ইতি। এষাং ইন্দ্রিয়াণাং চকারাদাত্ম শরণেন ॥ ২২ ॥

পুরাণি হট্টাদিমন্তি। গ্রামা স্তদ্রহিতাঃ ব্রজা গোষ্ঠানি তান্ সার্থান্ যাত্রিক জন

করিবেন এবং আত্মাতে ক্রীড়া ও আত্মাতেই রমণ করত সমদর্শী ধীর হইবেন ॥ ২০ ॥

বিজন ও নির্ভয় স্থানে অবস্থিতি করত মদীয় ভাবে নির্ম্মলান্তঃকরণ হইয়া আমার সহিত অভিন্ন রূপে কেবল একমাত্র আত্মাকেই চিন্তা করিবেক ॥ ২১ ॥

জ্ঞান নিষ্ঠা দ্বারা আপনার বন্ধ মোক্ষের বিষয় আলোচনা করিবেক, ইন্দ্রিয়গণের বিক্ষেপের নাম বন্ধ এবং তাহাদিগের নিয়মকেই মোক্ষ বলে। অতএব মদীয় ভাবে ষড়বর্গ জয় করত ক্ষুদ্র কামনা সকল হইতে বিরত হইয়া আত্মাতে মহৎ সুখ লাভে স্বচ্ছন্দে বিচরণ করিবেক ॥ ২২ ॥

পবিত্র দেশ, সরোবর, শৈল, বন ও আশ্রম বিশিষ্ট এই পৃথিবীর

পুণ্যদেশ সরিচ্ছৈল বনাশ্রমবতীং মহীং ॥ ২৩ ॥
বানপ্রস্থাশ্রমপদেষ্বভীক্ষ্ণং ভৈক্ষমাচরেৎ।
সংসিদ্ধ্যত্যাশ্বসংমোহঃ শুদ্ধ সত্ত্ব শিলান্ধসা ॥ ২৪ ॥
নৈতদ্বস্তুতয়া পশ্যেদ্দৃশ্যমানং বিনশ্যতি।
অসক্তচিত্তো বিরমেদিহামুত্র চিকীর্ষিতাৎ ॥ ২৫ ॥
যদেতদাত্মনি জগন্মনো বাক্ প্রাণসংহিতং।

সমূহান্ ॥ ২৩ ॥

যতঃ শিল বৃত্ত্যা আনীতেন তদীয়েনান্ধসাঽন্নেন শুদ্ধ সত্ত্বঃ সন্ নিবৃত্ত মোহঃ সংসিদ্ধ্যতি মুচ্যতে ॥ ২৪ ॥

নমু মিষ্টান্নঃ বিনায় কথং শিলান্নে প্রবৃত্তিঃ স্যাদত আহ নেতি এতদ্দৃশ্যমানং বস্তু তয়া ন পশ্যেৎ যতো বিনশ্যতি অত ইহামুত্রচ লোকেঽসক্ত চিত্তঃ সন্ চিকীর্ষিতাৎ তদর্থ কৃত্যা কৃত্যাদ্বিরমেৎ ॥ ২৫ ॥

নমু তথাপি যাবদ্বিনাশং সুখ হেতুত্বাৎ তচ্চিন্তাবতঃ কুতো বিরামঃ স্যাত্তত্রাহ যদেতদিতি এতজ্জগন্মমতাস্পদং মনো বাক্ প্রাণৈঃ সংহিতং সমাহিতং অহঙ্কারাস্পদং শরীরঞ্চ

ক্রমসন্দর্ভঃ।

পূর্ব্বং নিঃসঙ্গ ইত্যুক্তং তদেব বিবৃণোতি নৈতদিতি দ্বাভ্যাং তত্রালব্ধত্বেন নিঃ সঙ্গত্বং প্রথমেন ॥ ২৫ ॥

বর্ত্তমানেঽতীতে চ নিঃসঙ্গত্বমাহ যদেতদিতি। সর্ব্বং মায়েতি মায়য়ৈব শুদ্ধ আত্মনি

প্রদেশ বিশেষে প্রবেশ পূর্ব্বক ভিক্ষার নিমিত্ত যাত্রিক জন সমন্বিত পুর গ্রাম ও গোষ্ঠাদিতে বিচরণ করিবেক ॥ ২৩ ॥

বানপ্রস্থদিগের আশ্রমে নিয়ত ভিক্ষা বৃত্তি অবলম্বন করা বিধেয়, যে হেতু শিলবৃত্তি দ্বারা আহৃত অন্নে শুদ্ধ সত্ত্ব ও নিবৃত্ত মোহ হইলে আশু সিদ্ধি লাভ হয় ॥ ২৪ ॥

মিষ্টান্নাদি দৃশ্যমান পদার্থকে বস্তু রূপে দর্শন করিবে না, যে হেতু তাহা বিনষ্ট হয়, অতএব ইহামুত্র ভোগ সাধনার্থ অনাসক্ত চিত্ত হইয়া তদ্বিষয়ক কর্ত্তব্য কর্ম্ম হইতে বিরত হইবেক ॥ ২৫ ॥

মমতাস্পদ এই জগৎ, অহঙ্কারাস্পদ মনোবাক্ প্রাণ সহিত এই

সর্ব্বং মায়েতি তর্কেণ স্বস্থস্ত্যক্ত্বা ন তৎ স্মরেৎ ॥ ২৬ ॥
জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মদ্ভক্তো বানপেক্ষকঃ।
সলিঙ্গানাশ্রমাং স্ত্যক্ত্বা চরেদবিধিগোচরঃ ॥ ২৭ ॥
বুধো বালকবৎ ক্রীড়েৎ কুশলো জড়বচ্চরেৎ।

সর্ব্বং তজ্জন্যং সুখঞ্চ আত্মনি মায়ামাত্রমিতি তর্কেণ স্বপ্নাদি দৃষ্টান্তেন ত্যক্ত্বা স্বস্থঃ আত্মনিষ্ঠঃ সন্ পুনস্তন্ন স্মরেৎ ন বিচিন্তয়েৎ ॥ ২৬ ॥

এবং বহুদকাদি ধর্ম্মানুক্ত্বা পরম হংস ধর্ম্মানাহ জ্ঞাননিষ্ঠ ইতি সার্দ্ধৈর্দশভিঃ বহির্বিরক্তো মুমুক্ষুঃ সন্ যো জ্ঞান নিষ্ঠো বা মোক্ষেপ্যনপেক্ষো মদ্ভক্তো বা সলিঙ্গান্ ত্রিদণ্ডাদি সহিতান্ আশ্রম ধর্ম্মান্ ত্যক্ত্বা তদাসক্তিং ত্যক্ত্বা যথোচিতং ধর্ম্মং চরেদিত্যর্থঃ। পুনরত্যন্ত ত্যাগ এব বিবক্ষিতঃ পুন র্ধর্ম্ম বিধানাৎ সৎক্রিয়ত্বস্তোত্তরাধ্যায়ে বক্ষ্যমাণত্বাচ্চ তর্হি পূর্ব্বস্মাৎ কো বিশেষ স্তত্রাহ অবিধি গোচরঃ বিধি কিঙ্করো ন স্যাদিতি এতদেব স্ফুটী করিষ্যতি শৌচমাচমনং স্নানং নতু চোদনয়াচরেদিত্যাদিনা ॥ ২৭ ॥

কথং চরেদিত্যাহ বুধো বিবেকবানপি বালকবৎ মানাবমান বিবেক শূন্যঃ কুশলো নিপুণোপি সন্ জড়বৎ ফলানুসন্ধানাভাবেন বিদ্বান্ পণ্ডিতোপি উন্মত্তবৎ লোকরঞ্জনা

ক্রমসন্দর্ভঃ।

অধ্যাসিতং তত্তৎ কার্য্যং ত্যক্ত্বেতি পুন র্নাচরেচ্চেত্যর্থঃ ॥ ২৬ ॥

অন্যোপ্যেবং কুর্য্যাদিতি প্রসঙ্গেন বিবর্জ্জিতং। স্ত্রীণাং নিরীক্ষণেত্যাদি বৎ টীকাচ

দেহ ও তজ্জন্য সুখ দুঃখাদি এ সমুদায় কেবল আত্মাতে মায়া মাত্র এই রূপ তর্ক দ্বারা তাহা পরিত্যাগ পূর্ব্বক আত্মনিষ্ঠ হইয়া তাহা আর স্মরণ করিবেক না ॥ ২৬ ॥

যে ব্যক্তি বহির্বিষয়ে বিরক্তি ও মুমুক্ষা বশতঃ জ্ঞান নিষ্ঠ হয়েন বা মোক্ষ বিষয়ে অনপেক্ষা পূর্ব্বক মদ্ভক্ত হয়েন, তিনি ত্রিদণ্ডাদি সহিত আশ্রম ধর্ম্ম সকল পরিত্যাগ পূর্ব্বক শাস্ত্রের শাসন অতিক্রম করিয়া বিচরণ করিবেন ॥ ২৭ ॥

বিবেকবান্ হইলেও বালকের ন্যায় মানাবমান শূন্য হইয়া ক্রীড়া করিবেক, নিপুণ হইয়াও জড়ের ন্যায় ফলানুসন্ধান পরিত্যাগ পূর্ব্বক

বদেদুন্মত্তবদ্বিদ্বান্ গোচর্য্যাং নৈগমশ্চরেৎ ॥ ২৮ ॥
বেদবাদরতো নস্যান্নপাষণ্ডী নহৈতুকঃ।
শুষ্কবাদবিবাদেন কঞ্চিৎ পক্ষং সমাশ্রয়েৎ ॥ ২৯ ॥
নোদ্বিজেত জনাদ্ধীরো জনং চোদ্বেজয়েন্নতু।
অতিবাদাংস্তিতিক্ষেত নাবমন্যেত কঞ্চন ॥ ৩০ ॥
দেহমুদ্দিশ্য পশুবদ্বৈরং কুর্য্যান্নকেন চিৎ।

ভাবেন নৈগমো দেবার্থ নিষ্ঠোপি গোচর্য্যাং অনিয়তাচারমিব ॥ ২৮ ॥

বেদবাদরতঃ কর্ম্ম কাণ্ড ব্যাখ্যাদিনিষ্ঠঃ হৈতুকঃ কেবল তর্ক নিষ্ঠঃ শুষ্কবাদে নিষ্প্রয়োজন গোষ্ঠ্যাং যো বিবাদস্তস্মিন্ ॥ ২৯ ॥

অতিবাদান্ দুরুক্তানি ॥ ৩০ ॥

আত্ম দৃষ্ট্যা তাবদ্বৈর কারণং নাস্তীত্যুক্তং এক এবেতি দেহ দৃষ্ট্যাপি নাস্তীত্যাহ ভূতানি

ক্রমসন্দর্ভঃ।

নান্যথা মং পরশ্চরেদিত্যত্র যথেতি ॥ ২৭ ॥ ২৮ ॥

পাষণ্ডী নস্যাদিতি পূর্ব্বপক্ষ জ্ঞানার্থমপি পাষণ্ডমতং নাভ্যসেদিত্যর্থঃ ॥ ২৯ ॥ ৩০ ॥

দেহমিতি যুগ্মকং। আত্মা পরমাত্মা। ভূতেষন্যেষু জীবেষু আত্মনিচ স্বস্মিন্ জীবে।

ব্যবহার করিবেক, বিদ্বান্ হইয়াও উন্মত্তের ন্যায় লোকরঞ্জন কামনা-ভাবে কার্য্য করিবেক এবং বেদনিষ্ঠ হইয়াও অনিয়তাচারে বিচরণ করিবেক ॥ ২৮ ॥

কর্ম্মকাণ্ড ব্যাখ্যানাদি নিষ্ঠ বেদবাদে রত হইবে না, শ্রুতি স্মৃতি বিরুদ্ধ বিষয়ের অনুষ্ঠান করিবে না, কেবল তর্কে নির্ভর করিবে না এবং গোষ্ঠীমধ্যে নিষ্প্রয়োজন বাদ বিতণ্ডা উপস্থিত হইলে তাহার কোন পক্ষ আশ্রয় করিবে না ॥ ২৯ ॥

ধীর ব্যক্তি লোকের উদ্বেগ জন্মাইবেন না এবং আপনিও কাহা হইতে উদ্বিগ্ন হইবেন না এবং পরের অত্যুক্তি সকল সহ্য করিবেন ও কাহাকেও অবমান করিবেন না, পশুদিগের ন্যায় এই দেহ উপলক্ষে কাহারও সহিত শত্রুতা করিবেন না ॥ ৩০ ॥

নানা উদক-পাত্রে প্রতিবিম্বিত সূর্য্যের ন্যায় সর্ব্বভূতে ও আত্মাতে

একএব পরোহ্যাত্মা ভূতেষ্বাত্মন্যবস্থিতঃ।
যথেন্দুরুদপাত্রেষু ভূতান্যেকাত্মকানিচ ॥ ৩১ ॥
অলব্ধা নাবসীদেত কালে কালেহশনং ক্বচিৎ।
লব্ধা নহৃষ্যেদ্ধৃতিমানুভয়ং দৈবতন্ত্রিতং ॥ ৩২ ॥
আহারার্থং সমীহেত যুক্তং তৎ প্রাণধারণং।
তত্ত্বং বিমৃশ্যতে তেন তদ্বিজ্ঞায় বিমুচ্যতে ॥ ৩৩ ॥
যদৃচ্ছয়োপপন্নান্নমদ্যাচ্ছ্রেষ্ঠমুতাপরং।

চ দেহা অপি কারণ রূপেণৈকাত্মকানি ॥ ৩১ ॥

দৈবতন্ত্রিতং দৈবাধীনং যতঃ ॥ ৩২ ॥

অলং তর্হি ভিক্ষা প্রযত্নেনাপি তত্রাহ আহার মাত্রার্থং সমীহেত এব যত স্তস্তু প্রাণধারণং যুক্তং সম্যক্ কথং তেন প্রাণধারণেন তত্ত্বং বিচার্য্যতে কিং তেনাপি তদাহ তদ্বিজ্ঞায়েতি ॥৩৩

তর্হি কিং মিষ্টান্নাদিকমগ্রাহ্যমেব কেনৈব মুক্তমিত্যাহ যদৃচ্ছয়েতি ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ

যথেন্দুরুদপাত্রেষ্বিত্যেকস্যৈব বৈভব মাত্রে দৃষ্টান্তঃ নতু প্রতিবিম্বতামাত্রাংশে। সন্দর্ভাদৌ নির্ণীতত্বাৎ। ৩১ ॥ ৩২ ॥

তত্রাপ্যধৈর্য্যে জাতে আহারার্থং সমীহেত কুতঃ যতস্তস্তু প্রাণানাং মন আদীন্দ্রিয়াণাং ধারণং স্থিরীকরণং যুক্তং। অন্যথা ত্বপরিপকত্বাদ্বিক্ষেপঃ স্যাদেবেত্যর্থঃ। তদ্ধারণেচ কিং স্যাত্তত্রাহ ত্বমিতি ॥ ৩৩ ॥ ৩৪ ॥

অবস্থিত পরমাত্মা একই মাত্র এবং ভূত সকলও কারণ রূপে একাবয়ব মাত্র ॥ ৩১ ॥

বুদ্ধিমান্ ব্যক্তি যথাকালে ভোজ্য দ্রব্য প্রাপ্ত না হইলে কখনই বিষণ্ণ হইবেন না এবং লব্ধ দ্রব্যের প্রতিও প্রহৃষ্ট হইবেন না, যে হেতু এ উভয়ই দৈবাধীন ॥ ৩২ ॥

তথাপি আহারার্থ চেষ্টা করিতে হইবে, যে হেতু তাহাই সম্যক্ প্রাণ ধারণের উপায় এবং প্রাণধারণেতেই তত্ত্ববিচার হয় ও তত্ত্ব বিজ্ঞানেই মুক্তি হয় ॥ ৩৩ ॥

উত্তমই হউক আর অনুত্তমই হউক অনায়াস লব্ধ অন্নই আহার

তথা বাসস্তথা শয্যাং প্রাপ্তং প্রাপ্তং ভজেন্মুনিঃ ॥ ৩৪ ॥
শৌচমাচমনং স্নানং নতু চোদনয়া চরেৎ ।
অন্যাংশ্চ নিয়মান্ জ্ঞানী যথাহং লীলয়েশ্বরঃ ॥ ৩৫ ॥
ন হি তস্য বিকল্পাখ্যা যাচ মদ্বীক্ষয়া হতা ।

নন্বু স্নানং শৌচং তথা ভিক্ষানিত্যমেকান্তশীলতা। যতেশ্চত্বারি কর্ম্মাণি পঞ্চমং নোপপদ্যতে ইতি বচনাৎ কথং যদৃচ্ছয়া বর্ত্তনং তত্রাহ শৌচমিতি যথাহমীশ্বরো লীলয়া চরামি তথা জ্ঞানী জ্ঞাননিষ্ঠঃ অনাসক্তঃ কুর্য্যাৎ নতু বিধি কিঙ্করত্বেন তস্য জ্ঞাননিষ্ঠা বিরোধাদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

কুতো বিধি কিঙ্করত্বাভাব স্তস্য তদাহ নহি তস্য বিকল্পাখ্যা ভেদ প্রতীতিঃ নম্বস্তি সা ব্যবহারিকী সত্যং যা চাসীৎ সাপি মদ্বীক্ষয়া জ্ঞানেন হতা নম্বু ন হতা পুন র্দৃশ্যমানত্বাৎ

ক্রমসন্দর্ভঃ ।

যথাহং লীলয়া স্বেচ্ছয়া নতু কর্ম্ম বশত্বেন চরামীতি স্বশক্তিলেশ প্রাপ্তি স্তস্য দর্শিতা। তত্র হেতুঃ । জ্ঞানী মৎ স্ফূর্ত্তিমান্ ॥ ৩৫ ॥

নতু তস্য প্রাপঞ্চিক শুভাশুভ স্ফূর্ত্তে রনুগতত্বাদ্বিধি বশতাপি স্যাত্তত্রাহ নহীতি। বিকল্পাখ্যা মত্তোন্য স্ফূর্ত্তিঃ ততঃ ময়া সংপদ্যতে সার্ষ্ট্যাখ্যাং মত্তুল্য সংপত্তিং প্রাপ্নো-তীত্যর্থঃ ॥ ৩৬ ॥ ৩৭ ॥ ৩৮ ॥ ৩৯ ॥ ৪০ ॥ ৪১ ॥ ৪২ ॥

করিবেন এবং বস্ত্র ও শয্যা প্রভৃতিও যেমন যেমন প্রাপ্ত হয়েন তাহাই ব্যবহার করিবেন ॥ ৩৪ ॥

শৌচ, আচমন, স্নান, বিধির অনুগত হইয়া করিবেন না, আমি ঈশ্বর, আমি যেরূপ লীলাভাবে সমুদায় কর্ম্ম আচরণ করি, জ্ঞানী ব্যক্তিও অনাসক্ত হইয়া অন্যান্য নিয়মিত কর্ম্ম সকল তদ্রূপে আচরণ করিবেন ॥ ৩৫ ॥

তাঁহার শাস্ত্র বিধির অপেক্ষা নাই, যে হেতু তাঁহার মনে ভেদ প্রতীতি নাই, তাহা আমার দর্শনে বিনষ্ট হইয়াছে, যদিও দেহপাত পর্য্যন্ত তাঁহার কখন ভেদ প্রতীতির আভাস মাত্র থাকে, তথাপি দেহাব-

আদেহান্তাৎ ক্বচিৎ খ্যাতিস্ততঃ সম্পদ্যতে ময়া ॥ ৩৬ ॥
দুঃখোদর্কেষু কামেষু জাতনির্ব্বেদ আত্মবান্।
অজিজ্ঞাসিত মদ্ধর্ম্মো গুরুং মুনিমুপব্রজেৎ ॥ ৩৭ ॥
তাবৎ পরিচরেদ্ভক্ত্যা শ্রদ্ধাবাননসূয়কঃ।
যাবদ্ব্রহ্ম বিজানীয়ান্মামেব গুরুমাদৃতঃ ॥ ৩৮ ॥
যস্ত্বসংযত ষড্বর্গঃ প্রচণ্ডেন্দ্রিয় সারথিঃ।
জ্ঞান বৈরাগ্য রহিত স্ত্রিদণ্ডমুপজীবতি ॥ ৩৯ ॥

তত্রাহ আদেহান্তাৎ ক্বচিৎ কদাচিৎ বাধিতৈব খ্যাতির্ভবতি ॥ ৩৬ ॥

তদেবং বিরক্তস্যাপরোক্ষ জ্ঞানবতঃ সন্ন্যাসং তদ্ধর্ম্মাংশ্চোক্ত্বা কেবল বৈরাগ্যবন্তং বিবিদিষুং প্রত্যাহ দুঃখোদর্কেষ্বিতি ন জিজ্ঞাসিতো মদ্ধর্ম্মো মৎ প্রাপ্তি সাধনং যেন সঃ ॥ ৩৭ ॥

মামেব মদ্দৃষ্ট্যৈব গুরুং পরিচরেৎ ততঃ পরমেকশ্চরেদিত্যাদি ধর্ম্মৈ র্বর্ত্তেত ইতি ভাবঃ ॥ ৩৮ ॥

অনধিকারিণঃ সন্ন্যাসং নিন্দতি যস্ত্বিতি দ্বাভ্যাং প্রচণ্ডো হত্যাসক্তঃ ইন্দ্রিয়সারথি র্বুদ্ধি র্যস্য সঃ ॥ ৩৯ ॥

সানে তিনি আমাতে সংযুক্ত হয়েন ॥ ৩৬ ॥

যে ধীর ব্যক্তি দুঃখ ব্যাপ্ত কাম্য বিষয়ে তিতিক্ষা বশত বৈরাগ্য লাভ করিয়াছেন, তিনি যদি মৎ প্রাপ্তি সাধন ধর্ম্ম জিজ্ঞাসা না করিয়া থাকেন, তবে কোন মুনি গুরুর নিকটে গমন করিবেন ॥ ৩৭ ॥

যাবৎ কাল পরব্রহ্মের স্বরূপ জ্ঞান না হয় তাবৎ কাল পর্য্যন্ত শ্রদ্ধাবান্ ও অসূয়া শূন্য হইয়া ভক্তি সহকারে আদরের সহিত আমাতে অভিন্ন জ্ঞান করিয়া গুরুর পরিচর্য্যা করিবেন ॥ ৩৮ ॥

অনধিকারিকে নিন্দা পূর্ব্বক কহিলেন, হে উদ্ধব! যে ব্যক্তি ষড়্বর্গকে সংযত করিতে পারে নাই, যাহার অশ্ব রূপ ইন্দ্রিয়গণের সারথি স্বরূপ বুদ্ধি অতি উগ্র স্বভাব এবং যিনি জ্ঞান বৈরাগ্য রহিত, অথচ ত্রিদণ্ড যাহার উপজীবিকা ॥ ৩৯ ॥

সুরানাত্মানমাত্মস্থং নিহ্নুতে মাঞ্চ ধর্ম্মহা।
অবিপক্ক কষায়াস্মাদমুষ্মাচ্চ বিহীয়তে ॥ ৪০ ॥
ভিক্ষোর্ধর্ম্মঃ শমোঽহিংসা তপ ঈক্ষা বনৌকসঃ।
গৃহিণো ভূতরক্ষেজ্যা দ্বিজস্যাচার্য্যসেবনং ॥ ৪১ ॥
ব্রহ্মচর্য্যং তপঃ শৌচং সন্তোষো ভূতসৌহৃদং।
গৃহস্থস্যাপ্যৃতৌ গন্তুঃ সর্ব্বেষাং মদুপাসনং ॥ ৪২ ॥
ইতি মাং যঃ স্বধর্ম্মেণ ভজন্নিত্যমনন্য ভাক্।
সর্ব্বভূতেষু মদ্ভাবো মদ্ভক্তিং বিন্দতে চিরাৎ ॥ ৪৩ ॥

সুরান্ যষ্টব্যান্ আত্মানঞ্চ আত্মস্থং মাঞ্চ নিহ্নুতে প্রতারয়তি নিহ্নব ফলমাহ অস্মাদিতি ॥৪০
চতুর্ণাং প্রধানধর্ম্মানাহ ভিক্ষোরিতি ॥ ৪১ ॥
অন্য ধর্ম্মান্ কাংশ্চিদ্গৃহস্থেপ্যতিদিশতি ব্রহ্মচর্য্যমিতি শৌচং রাগাদি রাহিত্যং তস্য ব্রহ্মচর্য্য প্রকারমাহ ঋতৌ গন্তুরিতি। ৪২ ॥
এবং ভূত বর্ণাশ্রম ধর্ম্ম ফলমাহ ইতি মামিতি দৃঢ়াং মদ্ভক্তিং বিন্দতে ॥ ৪৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

মাং স্বধর্ম্মেণ ভজন্ মৎ প্রীত্যর্থং স্বধর্ম্মমাচরন্ অনন্য ভাক নত্বন্যার্থমিত্যর্থঃ। নন্বু স্বধর্ম্মেণ দেবাদীনাং যজনাৎ কথং মৎ প্রীতিঃ স্যাৎ তত্রাহ সর্ব্ব ভূতেষু চ মমৈবান্তর্যামি

সেই ধর্ম্মহন্তা ব্যক্তির অদ্যাপি পাপের পরিপাক হয় নাই, সে দেবতাগণকে ও আত্মাকে এবং আমাকে প্রতারণা করে, সুতরাং ইহ লোক ও পরলোক হইতে ভ্রষ্ট হয় ॥ ৪০ ॥

শম ও অহিংসা ভিক্ষুর ধর্ম্ম, তপশ্চর্য্যা বানপ্রস্থের ধর্ম্ম, ভূত রক্ষা ও যজ্ঞাদি গৃহির ধর্ম্ম এবং আচার্য্য সেবা ব্রহ্মচারি ব্রাহ্মণের ধর্ম্ম ॥ ৪১

ব্রহ্মচর্য্য, তপস্যা, শৌচ, সন্তোষ, সর্ব্ব ভূত সৌহৃদ ও ঋতুকালাভিগমন এ সকলও গ্রহস্থের ধর্ম্ম, কিন্তু মদীয় উপাসনা সর্ব্ব সাধারণ ধর্ম্ম ॥ ৩২ ॥

এই প্রকারে অন্যোপাসনা পরিত্যাগ পূর্ব্বক যে ব্যক্তি স্বধর্ম্মানুষ্ঠান দ্বারা নিত্য আমাকে ভজনা করেন এবং মদ্ভাবে সর্ব্ব ভূতে সমদর্শী হয়েন, সে ব্যক্তি আমাতে দৃঢ় ভক্তি লাভ করেন ॥ ৪৩ ॥

ভক্ত্যোদ্ধবানপায়িন্যা সর্ব্বলোকমহেশ্বরং।
সর্ব্বোৎপত্ত্যপ্যয়ং ব্রহ্ম কারণং মোপযাতি সঃ॥ ৪৪॥
ইতি স্বধর্ম্ম নির্ণিক্ত সত্ত্বো নির্জ্জিত মদ্গতিঃ।
জ্ঞানবিজ্ঞান সম্পন্নো বিরক্তঃ সমুপৈতি মাং॥ ৪৫॥
বর্ণাশ্রমাবতাং ধর্ম্ম এষ আচার লক্ষণঃ।

ততঃ কিমত আহ ভক্ত্যেতি মহেশ্বরত্বে হেতুঃ সর্ব্বোৎপত্ত্যপ্যয়ং সর্ব্বস্যোৎপত্ত্যপায়ৌ যস্মাৎ অতএব তৎ কারণং মা মাং ব্রহ্মরূপং বৈকুণ্ঠ নিবাসিনং যদ্বা ব্রহ্মণো বেদধর্ম্মস্য কারণং মাং উপযাতি সামীপ্যেন প্রাপ্নোতি॥ ৪৪॥

ততশ্চাসৌ মুক্ত এব ইত্যাহ ইতি এবং ভূতেন স্বধর্ম্মেণ নির্ণিক্তং শুদ্ধং সত্ত্বং যস্য সঃ অতএব নির্জ্জাতা মম গতিরৈশ্বর্য্যং যেন সঃ॥ ৪৫॥

উক্তমর্থং সংক্ষিপ্যাহ য এষ আচার লক্ষণঃ পিতৃ লোক প্রাপ্তি ফলঃ মদ্ভক্তি যুক্তঃ

ক্রমসন্দর্ভঃ।

ক্ষেম স্থিতস্য ভাবো ভাবনা যেন সঃ। ৪৩॥ ৪৪॥

সাচ মৎ প্রাপ্তি র্মদ্ভক্ত্যুদয়ানুক্রমেণ মজ্জ্ঞান পূর্ব্বিকৈব ভবতীত্যুপসংহরতি ইতি স্ব ধর্ম্মেতি। গম্যতে জ্ঞায়তে অনয়া গতি র্ভক্তিঃ। নিঃশেষেণ জ্ঞাতা তত্ত্বতোঽনুভূয়া গতি র্যেন। তত এব জ্ঞান বিজ্ঞান সংপন্নঃ মৎ স্বরূপ রূপঃ গুণ লীলাদীনাং পরোক্ষাপরোক্ষ জ্ঞান সমৃদ্ধঃ। যদ্বা ব্রহ্ম সাযুজ্যেচ্ছুশ্চেত্তদাপ্যেব ক্রমমাহ। ইতি নির্জ্জাত মদ্গতিঃ সম্যগধীত মদুপদিষ্ট জ্ঞান শাস্ত্রঃ। মাং নির্ব্বিশেষ ব্রহ্মাখ্যং।॥ ৪৫॥

তস্যচ স্বধর্ম্মস্য সর্ব্বত্র ভক্তেরেব বলমিত্যাহ বর্ণেতি॥ ৪৬॥ ৪৭॥

হে উদ্ধব! সে ব্যক্তি অচলা ভক্তি সহযোগে সর্ব্ব লোক মহেশ্বর ও সকলের সৃষ্টি স্থিতি প্রলয়ের কারণ পর ব্রহ্ম রূপ আমাকে প্রাপ্ত হয়েন॥ ৪৪॥

এই রূপে স্বধর্ম্মানুষ্ঠানে বিশুদ্ধ সত্ত্ব, জ্ঞান বিজ্ঞান সম্পন্ন ও সংসারে বিরক্তি ভাব বশত আমার গতি অবগত হইয়া আমাকে প্রাপ্ত হয়েন॥ ৪৫॥

বর্ণাশ্রমাচার বিশিষ্ট লোকদিগের ইহাই আচার লক্ষণ ধর্ম্ম, ইহাই

সএব মদ্ভক্তি যুতো নিঃশ্রেয়সকরঃ পরঃ ॥ ৪৬ ॥

এতত্তেঽভিহিতং সাধো ভবান্ পৃচ্ছতি যচ্চ মাং ।

যথা স্বধর্ম্ম সংযুক্তো ভক্তো মাং সমিয়াৎ পরং ॥ ৪৭ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে ভগবদুদ্ধব সম্বাদে যতিধর্ম্ম নির্ণয়োঽষ্টাদশোঽধ্যায়ঃ ॥*॥ ॥ ১৮ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥

যো বিদ্যা শ্রুত সম্পন্ন আত্মবানানুমানিকঃ ।

মদর্পণেন কৃতঃ ॥ ৪৬ ॥

প্রকরণার্থমুপসংহরতি এতচ্চেতি অভিহিতং যথা ভক্তো ভূত্বা মাং পরং সংপ্রাপ্নুয়াদিতি ॥ ৪৭ ॥

॥ * ॥ ইতি একাদশে হষ্টাদশঃ ॥ * ॥

জ্ঞানাদে নির্ণয়ঃ পূর্ব্বং কৃতোহ্যাশ্রম ধর্ম্মতঃ । একোনবিংশতিতমে জ্ঞানাদে স্ত্যাগ উচ্যতে ॥ ০ ॥

তদেবং তর্কতো বাধিতোপি দেহাদি প্রপঞ্চো যাবদপরোক্ষানুভবেন নিবৃত্তো হাদিরিব

ক্রমসন্দর্ভঃ ।

॥ * ॥ ইত্যেকাদশে ক্রমসন্দর্ভেঽষ্টাদশঃ ॥ * ॥

মায়া মাত্রং মায়য়ৈবাত্মন্যধ্যস্তং নতু স্বাভাবিকমিদং জগৎ । জ্ঞানং ময়ি সংন্যসেৎ

আমার ভক্তি যুক্ত হইলে পরম মুক্তির সাধন ॥ ৪৬ ॥

হে সাধো ! তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে তাহা এই আমি তোমাকে কহিলাম অর্থাৎ স্বধর্ম্ম যুক্ত মদ্ভক্ত যে রূপে আমাকে প্রাপ্ত হয়েন তাহাই এই ব্যক্ত করিলাম ॥ ৪৭ ॥

॥ * ॥ ইত্যেকাদশে অষ্টাদশ ॥ * ॥

ঊনবিংশতি অধ্যায়ে আশ্রম ধর্ম্ম নিবন্ধন পূর্ব্ব নির্ণীত জ্ঞানাদির পরিত্যাগ রূপ শ্রেয়ো ভেদ কথন ॥ ০ ॥

ভগবান্ কহিলেন যে ব্যক্তি বিদ্যা সমাপ্তি পর্য্যন্ত শ্রবণ সম্পন্ন,

মায়া মাত্রমিদং জ্ঞাত্বা জ্ঞানঞ্চ ময়ি সংন্যসেৎ ॥ ১ ॥
জ্ঞানিন স্ত্বহমেবেষ্টঃ স্বার্থো হেতুশ্চ সম্মতঃ।
স্বর্গশ্চৈবাপবর্গশ্চ নান্যোঽর্থো মদৃতে প্রিয়ঃ ॥ ২ ॥
জ্ঞান বিজ্ঞান সম্মন্ধাঃ পদং শ্রেষ্ঠং বিদুর্ম্মম।

ন লীয়তে তাবৎ জ্ঞানাভ্যাসঃ ততো মুক্তিরিত্যুক্তং আদেহান্তাৎ কচিৎ খ্যাতি স্তুতঃ সম্পদ্যতে ময়েত্যাদিনা যস্য ত্বপরোক্ষানুভবেন প্রপঞ্চো লীনপ্রায়স্তস্য ন কিঞ্চিৎ কৃত্য মস্তীত্যাহ য ইতি বিদ্যানুভবঃ তৎ পর্য্যান্তেন শ্রুতেন সংপন্ন অতএব আত্মবান্ প্রাপ্তাত্ম তত্বঃ নানুমানিকঃ কেবল পরোক্ষ জ্ঞানবান্ ন ভবতি আনুমানিকঃ ইত্যনাকার পাঠে প্রাক্ শ্রুত্যানুকূল তর্কতো নির্ণীতার্থ ইত্যর্থঃ স ইদং দ্বৈতং তন্নিবৃত্তি সাধনং চ ময়ি মায়ামাত্র মিতি জ্ঞাত্বা জ্ঞানঞ্চ তৎ সাধনঞ্চ ন্যসেৎ অয়মেব বিদ্বৎ সন্ন্যাসো নাম ॥ ১ ॥

তত্র হেতুমাহ জ্ঞানিনস্ত্বিতি তস্মাদহমেব তস্যেষ্টঃ অপেক্ষিতঃ স্বার্থঃ ফলং হেতুঃ তৎ সাধনঞ্চ সম্মতঃ স্বর্গোঽভ্যুদয়শ্চ অপবর্গঃ সংসার নিবৃত্তিশ্চ অতস্তস্য ন প্রাপ্যং কৃত্যং বা কিঞ্চিদস্তীত্যর্থঃ ॥ ২ ॥

তত্র বিদ্বদনুভবং প্রমাণয়তি জ্ঞানেতি। যথোক্তং জ্ঞানিনমভিনন্দতি জ্ঞানীতি যতো

ক্রমসন্দর্ভঃ

বিজয়ার্থং দত্তমস্ত্রমিব বিজয়ানন্তরং রাজ্ঞি সমর্প্য পুন স্তমিব মামেবোপাসিতেত্যর্থঃ ॥ ১ ॥

যতঃ সম্যগনুভবে সতি জ্ঞানিনঃ পরম সাধন সাধ্যরূপোঽহমেব বিষ্ণুরাসি নতু ব্রহ্ম কৈবল্যাদিরিত্যাহ জ্ঞানিনস্ত্বিতি। তু শব্দঃ পক্ষান্তরনিরসনার্থঃ ॥ ২ ॥

তত্র প্রাচীন জ্ঞানিনামনুভবং প্রমাণয়তি জ্ঞানেতি। শ্রীসনকাদয়ঃ শ্রীশুকদেবাদয়শ্চ

আত্ম তত্ত্ব প্রাপ্ত, অপরোক্ষ জ্ঞানবান্, তিনি এই দ্বৈত বস্তু সমুদায়কে ও তন্নিবৃত্তি সাধনকে মায়াময় মাত্র জানিয়া তত্ত্ব জ্ঞান ও তৎ সাধন আমাতে সমর্পণ করিবেন ॥ ১ ॥

যে হেতু আমি জ্ঞানিদিগের অপেক্ষিত সার্থ সাধন হেতু স্বর্গ অপবর্গ রূপে সম্মত, অতএব আমা ব্যতীত তাহাদিগের প্রিয় পদার্থ আর কিছুই নাই ॥ ২ ॥

জ্ঞান বিজ্ঞান সম্পন্ন ব্যক্তিরাই আমার উৎকৃষ্ট পদ জানিতে

জ্ঞানী প্রিয়তমোঽতো মে জ্ঞানেনাসৌ বিভর্ত্তি মাং ॥ ৩ ॥
তপস্তীর্থং জপোদানং পবিত্রাণীতরাণিচ।
নালং কুর্ব্বন্তি তাং শুদ্ধিং যা জ্ঞানকলয়া কৃতা ॥ ৪ ॥
তস্মাজ্‌জ্ঞানেন সহিতং জ্ঞাত্বা স্বাত্মানমুদ্ধব।
জ্ঞান বিজ্ঞান সম্পন্নো ভজ মাং ভক্তিভাবিতঃ ॥ ৫ ॥

হসৌ জ্ঞানেন মাং ধারয়তি ॥ ৩ ॥

তস্য জ্ঞানং স্তৌতি তপ ইতি অলমত্যর্থং জ্ঞানস্য কলয়া লেশেন ॥ ৪ ॥

তদুপপাদয়তি নৈরপেক্ষ্যমেব পরমুৎকৃষ্টং অনল্পং মহৎ নিঃশ্রেয়সং ফলং সাধনঞ্চ প্রাহুঃ যে ভক্তির্নিবাশিষঃ প্রার্থনা শূন্যস্য নিরপেক্ষস্য প্রার্থনা কারণ ভূতাপেক্ষা রহিতস্য পুংসো

ক্রমসন্দর্ভঃ।

প্রার্থনয়া শ্রীকৃষ্ণেন দূরীকৃতায়াং মায়ায়াং সত্যাং মাতৃগর্ভান্নিশ্চক্রামেতি ব্রহ্মবৈবর্ত্তীয় কথা তত্রচ ভক্ত্যুপকরণত্বং ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মেত্যাদি গীতা বচনবৎ। তথা প্রাপ্ত ভগবৎ পদ তদীয় বৃন্দ বিশেষ বদ্বৈকুণ্ঠেচ্ছা। তেহি প্রেম্না সাক্ষাচ্ছ্রী ভগবচ্চরণারবিন্দ সেবেচ্ছয়ৈব তৎ প্রার্থনা প্রাপ্তবন্তঃ। যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা ইত্যাদি বৎ ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

কিছু লাভ হয় ॥ ৩২ ॥

আমার ভক্ত মদ্ভক্তি যোগ দ্বারা এ সমুদায় অনায়াসে লাভ করেন এবং যদি বাঞ্ছা করেন, তাহা হইলে স্বর্গ, অপবর্গ [মুক্তি] অথবা মৎ সালোক্যও লাভ করিতে পারেন ॥ ৩৩ ॥

একান্ত মদ্ভক্ত ধীর সাধুব্যক্তি আমা কর্ত্তৃক দত্ত আত্যন্তিক কৈবল্যও বাঞ্ছা করেন না, অন্য বস্তুর কথা আর কি বলিব ॥ ৩৪ ॥

মহৎ নিঃশ্রেয়স ফল ও তৎ সাধনকে উৎকৃষ্ট ও নৈরপেক্ষ বলিয়া ব্যাখ্যা করিয়াছেন, অতএব প্রার্থনা শূন্য নিরপেক্ষ ব্যক্তিরই আমাতে

তস্মান্নিরাশিষো ভক্তির্নিরপেক্ষস্য মে ভবেৎ ॥ ৩৫ ॥
ন ময্যেকান্ত ভক্তানাং গুণদোষোদ্ভবা গুণাঃ।
সাধূনাং সমচিত্তানাং বুদ্ধেঃ পরমুপেয়ুষাং ॥ ৩৬ ॥
এবমেতান্ময়াদিষ্টাননুতিষ্ঠন্তি মে পথঃ।
ক্ষেমং বিন্দন্তি মৎ স্থানং যদ্ব্রহ্ম পরমং বিদুঃ ॥ ৩৭ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব সম্বাদে বিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২০ ॥ * ॥

ভবেৎ। যদ্বা মে নিরপেক্ষস্য যা ভক্তিঃ সা নিরাশিষো ভবেদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

অনেন প্রকারেণ সিদ্ধানাং গুণ দোষা ইতি বিরোধ পরিহারমুপসংহরতি নময্যীতি গুণ দোষৈর্বিহিত প্রতিষিদ্ধৈরুদ্ভবো যেষাং তে গুণাঃ পুণ্য পাপাদয়ঃ সাধূনাং নিরস্ত রাগাদীনাং অতঃ সমচিত্তানাং অতএব বুদ্ধেঃ পরমীশ্বরং প্রাপ্তানাং ॥ ৩৬ ॥

কাম্যকর্ম্মনিষ্ঠানাং নিন্দিবান্ এতান্মুক্তি মার্গানুপসংহরতি এবমিতি মে পথঃ মৎ প্রাপ্ত্যুপায়ান্ যেঽনুতিষ্ঠন্তি তে ক্ষেমং কালমায়াদি রহিতং মম লোকং বিন্দন্তি যৎ পরং ব্রহ্ম তচ্চ বিদুঃ ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি একাদশে বিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

তাদৃশ ভক্তেঃ সাধনমপি তাদৃশমিত্যাহ নৈরপেক্ষ্যমিতি ॥ ৩৫ ॥

তদেবং সকাম কর্ম্মোক্ত গুণদোষৈর্যথা নিষ্কাম কর্ম্মা ন লিপ্যতে। তত্র তত্রোক্তেশ্চ জ্ঞানাধিকারী। তথা তৎ ত্রয়োক্তেশ্চ ন তাদৃশ সিদ্ধ ইতি বদন্ গুণ স্তুতয় বর্জিত ইত্যন্ত পরাকাষ্ঠাং দর্শয়তি ন ময্যীতি ॥ ৩৬ ॥ ৩৭ ॥

॥ * ॥ ইত্যেকাদশে ক্রমসন্দর্ভে বিংশঃ ॥ * ॥

দৃঢ় ভক্তি হইয়া থাকে ॥ ৩৫ ॥

প্রকৃতির পরম পার প্রাপ্ত, আমার একান্ত ভক্ত, সমচিত্ত সাধু ব্যক্তিদিগের বিধি নিষেধোৎপন্ন পুণ্য পাপাদি সম্ভব হয় না ॥ ৩৬ ॥

এইরূপ আমা কর্ত্তৃক আদিষ্ট আমার প্রাপ্তির উপায় মার্গ সকল যাহাঁরা অনুষ্ঠান করেন, তাঁহারা কাল মায়াদি রহিত আমার আবাসে গমন করেন এবং পরব্রহ্মকে জানিতে পারেন ॥ ৩৭ ॥

॥ * ॥ ইতি একাদশে বিংশ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥

য এতান্ মৎপথো হিত্বা ভক্তিজ্ঞান ক্রিয়াত্মকান্।

জয়তি শ্রীপরানন্দঃ পরানন্দ নৃকেশরী। যৎ কৃপালবলেশেন শ্রীধরঃ সৎকৃতিঃ কৃতী। ঈক্ষন্তামিচ্ছয়া সন্তঃ ক্ষমন্তাং মম সাহসং। ময়া হি স্বীয় বোধায় কৃতমেতন্ন সর্ব্বতঃ। একবিংশে ক্রিয়াজ্ঞান ভক্তিষনধিকারিণাং। কামিনাং দ্রব্যদেশাদি গুণদোষাঃ প্রপঞ্চিতাঃ ॥০॥ তদেবং গুণদোষ ব্যবস্থার্থং অত্র চ জ্ঞানভক্তি সিদ্ধানাং ন কিঞ্চিদ্গুণ দোষৌ সাধকানাস্তু প্রথমতো নিবৃত্ত কর্ম্ম নিষ্ঠানাং যথাশক্তি নিত্যনৈমিত্তিকং কর্ম্ম সত্ত্ব শোধকত্বাৎ গুণঃ তদকরণং নিষিদ্ধ করণঞ্চ তন্মলীমসকরণত্বাদ্দোষঃ তন্নিবর্ত্তকত্বাৎ প্রায়শ্চিত্তং গুণঃ বিশুদ্ধ সত্ত্বানাস্তু জ্ঞান নিষ্ঠানাং জ্ঞানাভ্যাস এব সিদ্ধি হেতুত্বাদ্গুণঃ ভক্তিনিষ্ঠানাস্তু পুনঃ শ্রবণ কীর্ত্তনাদি ভক্তিরেব গুণঃ তদ্বিরুদ্ধং সর্ব্বমুভয়েষাং দোষ ইত্যুক্তং ইদানীন্তু যে ন সিদ্ধাঃ

ক্রমসন্দর্ভঃ।

য এতানিতি তৈঃ। তত্র সাধকানামজাত বৈরাগ্যানাং। ভক্তিনিষ্ঠানাং জাতশ্রদ্ধানাং। ন সিদ্ধা অজাত বৈরাগ্য শ্রদ্ধাঃ। নাপি সাধকাঃ নিষ্কামা অপি নেতি বিবেক্তব্যং মূলেতু

একবিংশতি অধ্যায়ে কর্ম্মযোগ জ্ঞানযোগ ও ভক্তিযোগে অনধিকারি কামাসক্ত লোকদিগের সম্বন্ধে দ্রব্য দেশাদির গুণদোষ কথন ॥ ০ ॥

গুণদোষ ব্যবস্থার নিমিত্ত তিনটী যোগ উক্ত হইয়াছে, তন্মধ্যে জ্ঞানযোগ ও ভক্তিযোগ সিদ্ধ ব্যক্তিদিগের গুণ বা দোষ কিছুমাত্র নাই, প্রথমতঃ নিবৃত্ত কর্ম্মনিষ্ঠ সাধকদিগের যথাশক্তি নিত্যনৈমিত্তিক কর্ম্ম সত্ত্বশোধক প্রযুক্ত গুণ, আর তাহা না করণ ও নিষিদ্ধ আচরণ এতদুভয় চিত্ত মলিন করণ নিমিত্ত দোষ এবং ঐ দোষ নিবর্ত্তক নিমিত্ত প্রায়শ্চিত্ত গুণ। অতএব বিশুদ্ধ সত্ত্ব জ্ঞাননিষ্ঠ ব্যক্তিদিগের জ্ঞানাভ্যাসই সিদ্ধির হেতু প্রযুক্ত গুণ, তথা ভক্তিনিষ্ঠ জাতশ্রদ্ধ ব্যক্তিদিগের পুনরায় শ্রবণ কীর্ত্তনাদি ভক্তিই গুণ, আর তদ্বিরুদ্ধ সমুদায় জ্ঞান ভক্তিনিষ্ঠদিগের দোষ উক্ত হইয়াছে। এক্ষণে সিদ্ধও নয়, সাধকও নয় কেবল কাম্য কর্ম্ম পরায়ণ ব্যক্তিদিগের গুণদোষ সকল বিস্তার করত প্রথমতঃ সেই সকল বহির্ম্মুখদিগকে নিন্দা করিয়া ভগবান্ কহিলেন, হে উদ্ধব!

ক্ষুদ্রান্ কামাংশ্চলৈঃ প্রাণৈর্জুষন্তঃ সংসরন্তি তে ॥ ১ ॥
স্বে স্বেঽধিকারে যা নিষ্ঠা সগুণঃ পরিকীর্ত্তিতঃ।

নাপি সাধকাঃ কিন্তু কেবলং কাম্যকর্ম্ম প্রধানাঃ তেষাং সকল গুণ দোষান্ প্রপঞ্চয়িষ্যন্নাদৌ তানতি বহির্মুখানিন্দতি য এতানিতি মৎ পথঃ মদুক্তমার্গান্ ক্ষুদ্রান্ তুচ্ছান্ চলৈরস্থিরৈঃ প্রাণৈর্দেহ বায়ুভিরিন্দ্রিয়ৈ র্বা জুষন্তঃ সেবমানা ভবন্তি তে সংসরন্তি নিখিল গুণ দোষ ভাক্তেন নানা যোনীঃ প্রাপ্নুবন্তীত্যর্থঃ ॥ ১ ॥

নন্বু তৈরেব কর্ম্মভিঃ কেচিদ্গুণ দোষ ভাজঃ কেচিন্নেতি কুতো বৈষম্যং নহ্যগ্নিনা কেচিদ্দহ্যন্তে কেচিন্নেতি সম্ভবতি তত্রাহ স্বে স্বে ইতি অধিকারিভেদেন কল্পিতৌ গুণ

ক্রমসন্দর্ভঃ।

ক্রিয়াজ্ঞান ভক্তি সংপাদকত্বেন রচিতান্ পূর্ব্বোক্তান্ কামানৈহিকান্ পারলৌকিকান্ বা ॥১॥

তত্র ব্যবহারিকয়োর্গুণ দোষয়ো র্বিধানার্থমধিকারিমাত্রস্ত পূর্ব্বানুবাদেনৈব গুণদোষৌ লক্ষয়তি। স্বে স্ব ইতি অধিকারে কামিত্ব নিষ্কামত্ব বৈরাগ্য শ্রদ্ধাভির্যথাযোগ্য তয়া অবিক্রিয়মাণে যোগ বিশেষে। উভয়ো র্ব্যাবহারিক পারমার্থাধিকারিণোঃ কিন্তু পূর্ব্বত্র গুণত্বং কল্পিতমুত্তরত্রতু সিদ্ধমেবেতি ভাবঃ। অত্র জ্ঞান কর্ম্মণো র্ভক্ত্যংশ বিনা সিদ্ধাভাবেন তন্মিশ্র ত্বয়ৈব বিহিতত্বান্নতেন তত্র তত্র নিষ্ঠাচ্যুতিঃ। কিন্তু সর্ব্ব নিরপেক্ষতয়া সর্ব্ব সাধিকায়াং ভক্তাবেব তত্তদংশ মিশ্রত্বে কৃতে নিষ্ঠাচ্যুতিঃ স্যাদিতি গম্যতে। তদেবং ভক্ত্যংশ সহায়া কর্ম্মনিষ্ঠা কর্ম্মঠে গুণঃ তথা তৎ সহায়া জ্ঞাননিষ্ঠা জ্ঞানিনি ততোপি গুণঃ। নিষ্কিঞ্চন ভক্তিনিষ্ঠাতু ভক্তেঃ সর্ব্বোৎকৃষ্টো গুণঃ। কিমুত তৎ সাধ্যা প্রেমলক্ষণা ভক্তিরিতি পূর্ব্ব বদেব প্রাপ্তং। এবমেতদ্বিপর্য্যয়ো ন্যূনেঽধিকে বাঽধিকারে প্রবেশো দোষঃ। ন্যূনে

যে ব্যক্তি এই মদুক্ত ভক্তি জ্ঞান ক্রিয়াত্মক আমার পথ সকল পরিত্যাগ করিয়া অতি চঞ্চল ইন্দ্রিয় দ্বারা তুচ্ছ কামনা সকলের সেবা করে, সে এই সংসারে নানা যোনি প্রাপ্ত হয় ॥ ১ ॥

হে উদ্ধব! যদি এরূপ আশঙ্কা কর পূর্ব্বোক্ত কর্ম্ম সকল দ্বারা কেহ কেহ গুণ দোষ ভাগী ও কেহ কেহ গুণ দোষ ভাগী হয় না এরূপ বৈষম্য কি প্রকারে ঘটে, তাহার কারণ এই, স্বীয় স্বীয় অধিকার বিষয়ে যে নিষ্ঠা তাহাই গুণ বলিয়া কীর্ত্তিত হয় এবং তাহার বিপরীত হইলেই

বিপর্য্যয়স্তু দোষঃ স্যাদুভয়োরেষ নির্ণয়ঃ ॥ ২ ॥
শুদ্ধ্যশুদ্ধী বিধীয়েত সমানেষ্বপি বস্তুষু।
দ্রব্যস্য বিচিকিৎসার্থং গুণদোষৌ শুভাশুভৌ।
ধর্ম্মার্থং ব্যবহারার্থং যাত্রার্থমিতি চানঘ ॥ ৩ ॥

দোষৌ ন বস্তু নিষ্ঠাবিতি ভাবঃ ॥ ২ ॥

তদাহ শুদ্ধ্যশুদ্ধীতি বিচিকিৎসার্থং যোগ্যমযোগ্যম্বেতি সন্দেহ দ্বারা স্বাভাবিক প্রবৃত্তি প্রতিবন্ধার্থমিত্যর্থঃ। অত্র শুদ্ধ্যশুদ্ধী যোগ্যত্বাযোগ্যত্বে গুণ দোষৌ তন্নিমিত্তোপাদেয়ত্বানুপাদেয়ত্বে শুভাশুভৌ তন্নিমিত্তাবর্থানর্থৌ তত্র শুদ্ধ্যশুদ্ধী ধর্ম্মার্থং শুদ্ধেন ধর্ম্মঃ অশুদ্ধেনাধর্ম্ম ইতি গুণদোষৌ ব্যবহারার্থং অশুদ্ধাবপি রাজাদীনাং ব্যবহার দর্শনাদুপাদেয়ত্বং নান্যেষামিতি শুভাশুভৌ যাত্রার্থং প্রাণরক্ষার্থং দোষত্বেপ্যাপৎসু শরীর নির্ব্বাহ মাত্রোপাদানে ন পাপং অধিকোপাদানে তু পাপমিতি ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

পূর্ব্বহানেঃ অধিকে পরা সিদ্ধেশ্চেত্যর্থঃ ॥ ২ ॥

অত্র ব্যবহারিকেষ্বপি স্বে স্ব ইত্যনুসারেণৈব গুণ দোষৌ বিবৃণোতি শুদ্ধ শুদ্ধীত্যাদিনা। তত্র শুদ্ধীতি সার্দ্ধকং টীকায়াং ধর্ম্মার্থমিতি প্রায়িকমেবং। বিচিকিৎসা প্রস্থাপনাদি লক্ষণ ব্যবহারার্থমপি তদুপযুক্ত দ্রব্যাদীনাং তত্তচ্ছাস্ত্রে শুদ্ধ্যশুদ্ধিত্ব শুভত্বাশুভত্ব বিধান দর্শনাৎ। এবমুত্তরত্রাপি। গুণদোষৌ ব্যবহারার্থমপি গুণ দোষৌ বিধীয়েতে। শুভাশুভৌ যত্রার্থমিতি বিনাপি গুণ দোষ ব্যবস্থাং কেবল বৃত্ত্যর্থমপি তৌ বিধীয়তে ইত্যর্থঃ। তস্মাৎ গুণ দোষাবিত্যাদি লক্ষণেতূপলক্ষণে এবেতি ভাবঃ। অতঃ শুদ্ধশুদ্ধ্যাদি যুগ্মত্রিকেণ ধর্ম্মার্থত্বাদীনাং যোজনান্ যথা সংখ্যং। সর্ব্বত্র সর্ব্ব বিধান দর্শনাৎ। ব্যবহারোঽত্র পরমার্থ শাস্ত্র মাত্রানুগতিঃ। নতু পূর্ব্ববৎ পরমার্থেতর পদ্ধতিঃ। ধর্ম্মযাত্রয়ো স্তদিতরয়োঃ পৃথগুপাদানাৎ ॥ ৩ ॥

দোষ বলা যায়, সংক্ষেপে গুণ দোষের এই মাত্র নির্ণয় ॥ ২ ॥

হে অনঘ! সাধারণ বস্তু মাত্রের মধ্যে দ্রব্য বিশেষের প্রতি স্বাভাবিক প্রবৃত্তি প্রতিবন্ধার্থ ধর্ম্ম সাধনের নিমিত্ত তাহার শুদ্ধি বা অশুদ্ধি, ব্যবহারের নিমিত্ত তাহার গুণ দোষ এবং দেহ যাত্রা নির্ব্বাহের নিমিত্ত তাহার শুভত্ব বা অশুভত্ব বিহিত হয় ॥ ৩ ॥

দর্শিতোঽয়ং ময়াচারো ধর্ম্মমুদ্বহতাং ধুরং ॥ ৪ ॥
ভূম্যম্বগ্ন্যনিলাকাশা ভূতানাং পঞ্চধাতবঃ।
আব্রহ্ম স্থাবরাদীনাং শারীরা আত্মসংযুতাঃ ॥ ৫ ॥
বেদেন নাম রূপাণি বিষমাণি সমেম্বপি।
ধাতুষূদ্ধব কল্প্যন্তে এতেষাং স্বার্থ সিদ্ধয়ে ॥ ৬ ॥

ময়া মন্বাদি রূপেণ ধর্ম্ম রূপাং ধুরং ভারং কর্ম্ম জড়ানামিত্যর্থঃ ॥ ৪ ॥

শুদ্ধাশুদ্ধী প্রপঞ্চয়িষ্যন্ বেদোক্তত্বেন তদভিনিবেশো মাভূদিতি সমানেম্বপি বস্তুম্বিতি যদুক্তং তৎ প্রপঞ্চয়তি ভূমীতি ত্রিভিঃ ভূতানাং প্রাণিনাং ধারয়ন্তীতি ধাতবঃ কারণানি শরীরাঃ শরীরারম্ভকাঃ দেহতঃ সাম্যমুক্তং জীবতোপ্যাহ আত্মসংযুতা ইতি ॥ ৫ ॥

ধাতুষু দেহেষু নাম রূপাণি বর্ণাশ্রমাদীনি। কল্পনায়াঃ প্রয়োজনমাহ এতেষাং প্রাণিনাং স্বার্থসিদ্ধয়ে প্রবৃত্তি নিয়ম দ্বারা ধর্ম্মাদি পুরুষার্থ সিদ্ধয়ে ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

দর্শিত ইত্যর্দ্ধকং। ধর্ম্মমুদ্বহতাং ধুরমিতি মদ্ভক্তিমুদ্বহতাং স্বাচারঃ সুখময় এবেত্যর্থঃ। সুখ স্বরূপয়া ভক্তৈব প্রবৃত্তত্বাৎ ॥ ৪ ॥ ৫ ॥

সমেষু সর্ব্বেষামাত্ম সংযুতত্বাদ্গুণাদিকা ভাববৎসু ভৌতিকত্বাদ্দোষিত্বাবিশেষেম্বপি বিষমাণি নামানি ব্রহ্মাদীনি রূপাণি উত্তমাদিত্বেন ভিন্নানি নিষভেদ স্বাত্বদগুণ দোষ তয়া কল্প্যন্তে কেবলমপবর্গান্তে। কিমর্থং স্বাধিকারামু রূপায়ামেব প্রবৃত্তৌ জীবানাং স্বার্থো ধর্ম্মাদিঃ সিদ্ধ্যতি। তেন প্রবৃত্তি সঙ্কোচাৎ। ক্রমেণ মোক্ষশ্চ সিদ্ধ্যতীত্যেতদর্থ মিত্যর্থঃ ॥ ৬ ॥

ধর্ম্ম ভার বাহি লোকদিগের সম্বন্ধে এই রূপ আচার আমি মন্বাদি গ্রন্থে প্রদর্শন করিয়াছি ॥ ৪ ॥

পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ এই পাঁচটী আব্রহ্ম স্থাবর পর্য্যন্ত প্রাণি মাত্রের শরীরের ধাতু অর্থাৎ আরম্ভক ॥ ৫ ॥

হে উদ্ধব! এই সকল প্রাণিমাত্রের প্রবৃত্তি নিবৃত্তি দ্বারা ধর্ম্মাদি পুরুষার্থ সিদ্ধির নিমিত্ত বেদে এই সমান ধাতু সকলেতেও বিষম নাম রূপ সকল কথিত হইয়াছে ॥ ৬ ॥

দেশকালাদি ভাবানাং বস্তূনাং মম সত্তম।
গুণদোষৌ বিধীয়েতে নিয়মার্থং হি কর্ম্মণাং ॥ ৭ ॥
অকৃষ্ণসারো দেশানামব্রহ্মণ্যোঽশুচি র্ভবেৎ।
কৃষ্ণসারোঽপ্যসৌবীর কীকটাসংস্কৃতেরিণং ॥ ৮ ॥

ন কেবলং দেহেষ্বেব অপিতু দেশকালাদি ভাবানামপি আদি শব্দেনানুপদেয়ানাং ফল নিমিত্তাধিকারিণাং গ্রহণং। বস্তূনামুপাদেয়ানাং ব্রীহ্যাদীনামপি মম ময়া নিয়মার্থং সঙ্কোচার্থমিত্যর্থঃ ॥ ৭ ॥

এবং গুণদোষ বিষয়ং পরিবোধ্য তয়োঃ শুদ্ধ্যশুদ্ধি মূলত্বাৎ শুদ্ধ্যশুদ্ধী প্রপঞ্চয়তি অকৃষ্ট সার ইত্যষ্টভিঃ। দেশানাং মধ্যে কৃষ্ণসার হরিণ রহিতোঽশুচি তত্রাপি অব্রহ্মণ্যঃ ব্রাহ্মণভক্ত শূন্যোঽত্যন্তমশুচিঃ কৃষ্ণসারোপি কৃষ্ণেন মৃগেণ সারঃ শ্রেষ্ঠঃ যশ্চ সোপি অসৌবীরঃ কীকটঃ সুবীরাঃ সৎপুরুষাঃ তত্বান্ সৌবীরঃ কীকটোপি শুচিঃ। তদুক্তং সএব পুণ্যতমো দেশঃ সৎপাত্রং যত্র লভ্যতে ইতি তদ্বর্জিতো যঃ কীকটঃ অঙ্গ বঙ্গ কলিঙ্গাদিঃ অসংস্কৃতঃ সম্মার্জনাদি শূন্যঃ ম্লেচ্ছাদি বহুলো বা ঈরিণং উষরং এক বত্তাবঃ তদশুচিঃ তদন্যঃ শুচিরিত্যর্থা দুক্তং ভবতি ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

নিয়মার্থং ব্যবস্থার্থং সঙ্কোচার্থঞ্চ তদেতচ্চ শ্রীভগবৎ সম্বন্ধেতু নির্গুণো মদপাশ্রয়ঃ। মন্নিকেতন্তু নির্গুণমিত্যাদি বক্ষ্যমাণাৎ। প্রাকৃত গুণাতীত গুণাশ্রয়ন্তু মমেতি বেদাত্মকেন ময়েত্যর্থঃ ॥ ৭ ॥

অকৃষ্ণসার ইতি তৈঃ কচ্চ নির্গলিতার্থমিতি জ্ঞেয়ং। কৃষ্ণমৃগেণ শ্রেষ্ঠোপি সুবীরৈ র্ব্রহ্মণ্যৈ র্হীনশ্চেদকীকটোপ্যশুচিঃ। তদব্রুকশ্চেৎ কীকটোপি শুচিরিতি ॥ ৮ ॥ ৯ ॥

হে সত্তম! কর্ম্ম সকলের সঙ্কোচ করিবার নিমিত্ত দেশ কালাদি ভাব ও উপাদেয় ও অনুপাদেয় বস্তু সমুদায়ের গুণ দোষ আমিই বিধান করিয়াছি ॥ ৭ ॥

দেশ সকলের মধ্যে যে দেশে ব্রাহ্মণ ভক্ত নাই ও কৃষ্ণসার হরিণ বিচরণ করে না, সেই দেশ অশুচি, আর কৃষ্ণসার মৃগ থাকিলেও সাধু পুরুষ শূন্য অপরিষ্কৃত উষর ভূমিও অশুচি ॥ ৮ ॥

কর্ম্মণ্যো গুণবান্ কালো দ্রব্যতঃ স্বত এব বা।
যতো নিবর্ত্ততে কর্ম্ম সদোষোঽকর্ম্মকঃ স্মৃতঃ ॥ ৯ ॥
দ্রব্যস্য শুদ্ধ্যশুদ্ধী চ দ্রব্যেণ বচনেন চ।
সংস্কারেণাথ কালেন মহত্ত্বাল্পতয়াঽথবা ॥ ১০ ॥
শক্ত্যাশক্ত্যাঽথ বা বুদ্ধ্যা সমৃদ্ধ্যা চ যদাত্মনে।

কালস্য শুদ্ধ্যশুদ্ধী দর্শয়তি কর্ম্মণ্য ইতি দ্রব্যতঃ দ্রব্য সংপত্ত্যা স্বভাবাৎ পূর্ব্বাহ্লাদিঃ যঃ কর্ম্মণ্যঃ কর্ম্মার্হঃ স কাল তস্মিন্ কর্ম্মণি গুণবান্ যতঃ যস্মিন্ দ্রব্যালাভেন বা রাষ্ট্র বিপ্লবাদীনা কর্ম্ম নিবর্ত্ততে যশ্চ সূতকাদৌ দশাহাদি লক্ষণোঽকর্ম্মকঃ কর্ম্মানর্হঃ স্মৃতঃ সকালো দোষোঽশুদ্ধ ইত্যর্থঃ ॥ ৯ ॥

বস্তু শব্দোপাত্তানাং দ্রব্যাণাং শুদ্ধ্যশুদ্ধী দর্শয়তি দ্রব্যস্যেতি চতুর্ভিঃ দ্রব্যেণ তোয়াদিনা শুদ্ধিঃ মূত্রাদীনাঽশুদ্ধিঃ বচনেন শুদ্ধ মশুদ্ধঞ্চেতি সন্দেহে শুদ্ধমিত্যেবং রূপেণ ব্রাহ্মণ বচনেন শুদ্ধিঃ বিপরীতেনাশুদ্ধিঃ সংস্কারেণ প্রোক্ষণাদীনা পুষ্পাদেঃ শুদ্ধিঃ অবঘ্রাণাদিনা ঽশুদ্ধিঃ কালেন দশাহাদিনা নবোদকাদেঃ শুদ্ধিঃ পর্য্যুষিতান্নাদেরশুদ্ধিঃ অন্ত্যজাদ্যুপহতানাং তড়াগাদ্যুদকানাং মহত্ত্বাল্পত্বাভ্যাং শুদ্ধ্যশুদ্ধী ॥ ১০ ॥

শক্ত্যাশক্ত্যা সূর্য্যোপরাগাদি সূতকান্নাদেঃ শক্তান্ প্রত্যশুদ্ধিঃ অশক্তান্ প্রতি শুদ্ধিঃ।

ক্রমসন্দর্ভঃ

দ্রব্যস্যেতি যুগ্মকঃ ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥

দ্রব্য লাভ দ্বারাই হউক বা স্বতই হউক পূর্ব্বাহ্লাদি যে কর্ম্মযোগ্য কাল তাহাই গুণবান্, আর দ্রব্যের অলাভেই হউক বা সূতকাদি দ্বারাই হউক যাহা হইতে কর্ম্ম নিবৃত্তি হয়, তাহা অকর্ম্মক দুষ্য কাল ॥ ৯ ॥

বস্তু শব্দে সাধারণ দ্রব্যমাত্রের শুদ্ধি অশুদ্ধি প্রদর্শন পূর্ব্বক কহিলেন, জলাদি প্রক্ষালন দ্বারা শুদ্ধি ও মূত্রাদি অশুচি দ্রব্য দ্বারা অশুদ্ধি, সন্দেহ স্থলে ব্রাহ্মণ বচন দ্বারা শুদ্ধি ও তদ্বিপরীত দ্বারা অশুদ্ধি, প্রোক্ষণ দ্বারা পুষ্পাদির শুদ্ধি ও আঘ্রাণ দ্বারা অশুদ্ধি, দশাহাদি কালে নবোদকাদির শুদ্ধি ও পর্য্যুষিতান্নাদির অশুদ্ধি, বৃহৎ প্রযুক্ত তড়াগাদির অন্ত্যজ জাতি স্পর্শেও শুদ্ধি এবং কূপাদির অল্পত্ব জন্য অশুদ্ধি, এই রূপ দ্রব্যের শুদ্ধি ও অশুদ্ধির নিয়ম ॥ ১০ ॥

শক্তের প্রতি সূর্য্য গ্রহণাদি ও সূতকান্নাদির অশুদ্ধি, অশক্তের

অঘং কুর্ব্বন্তিহি যথা দেশাবস্থানুসারতঃ ॥ ১১ ॥
ধান্যদার্ব্বস্থি তন্তূনাং রসতৈজস চর্ম্মণাং।
কাল বায়্বগ্নি মৃত্তোয়ৈঃ পার্থিবানাং যুতাযুতৈঃ ॥ ১২ ॥
অমেধ্যা লিপ্তং যদ্যেন গন্ধলেপং ব্যপোহতি।

বুদ্ধ্যা পুত্র জন্মাদৌ দশাহাদ্বহি র্জ্ঞানেন শুদ্ধঃ অন্ত জ্ঞানেনাশুদ্ধিঃ। সমৃদ্ধ্যা জীর্ণমল বস্ত্রা দেঃ সমৃদ্ধং প্রত্যশুদ্ধিঃ দরিদ্রং প্রতি শুদ্ধিঃ তত্রাপি বিশেষমাহ যদিতি এতেচ দ্রব্য বচনাদয়ো দ্রব্যাশুদ্ধি দ্বারা আত্মনে যদঘং কুর্ব্বন্তি তদ্দেশাবস্থানুসারত এব যথা যথাবৎ কুর্ব্বন্তি ন সর্ব্বতঃ তথাহি নির্ভয় এব দেশে অস্নানাদিনা অশুদ্ধিং কুর্ব্বন্তি নতু চৌরাদ্যা কুলে তথা রোগাদি ব্যতিরিক্ত যুবাদ্যবস্থায়ামেব কুর্ব্বন্তি ন বাল্যরোগাদ্যবস্থায়ামিতি তথাচ স্মৃতিঃ দেশকালং তথাত্মানং দ্রব্যং দ্রব্য প্রয়োজনং। উপপত্তিমবস্থাঞ্চ জ্ঞাত্বা শৌচং প্রকল্পয়েদিতি ॥ ১১ ॥

দ্রব্যাদিভি র্দ্রব্য শুদ্ধিরিত্যুক্তং তত্রচ বচনাদি শুদ্ধিবেক রূপৈব দ্রব্যতস্তু শুদ্ধি র্বহু রূপেতি তাং প্রপঞ্চয়তি ধান্যেতি দারু লৌকিকং পীঠাদি গ্রহ চমসাদি বা। অস্থি গজ দন্তাদি রসাঃ তৈল ঘৃতাদয়ঃ তৈজসাঃ সুবর্ণাদয়ঃ তেষাং পার্থিবানাঞ্চ রথাদি কর্দ্দমঘট্টে ষ্টকাদীনাং যথা যথং কালাদিভিঃ শুদ্ধিঃ তত্রাপি কাকাস্ত্যজাদ্যুপঘাত তারতম্যেন দেশকালা বস্থানুসারেণচ এতৈরন্যৈশ্চ যুতাযুতৈঃ মিলিতৈঃ কেবলৈশ্চ কালস্য পুন র্গ্রহণং যুতত্ব প্রদর্শনার্থং ॥ ১২ ॥

অস্পৃশ্য স্পর্শে শুদ্ধিমুক্ত্বা লেপবিষয়েপাহ যৎ পীঠ পাত্র বস্ত্রাদি যেন তক্ষণ ক্ষারাম্লোদ

প্রতি শুদ্ধি, পুত্র জন্মাদিতে দশাহাদির অন্ত জ্ঞানে শুদ্ধি, তাহার অন্ত অপরিজ্ঞানে অশুদ্ধি, সমৃদ্ধিশালি ব্যক্তির প্রতি জীর্ণ মলিন বস্ত্র অশুদ্ধি, দরিদ্রের প্রতি শুদ্ধি, এই সকল দ্রব্যের অশুদ্ধি দ্বারা আত্মাতে যে পাপ জন্মে, সে কেবল দেশ কাল ও অবস্থানুসারেই হইয়াথাকে ॥ ১১ ॥

ধান্য, কাষ্ঠ, গজদন্ত, সূত্র, তৈল, ঘৃতাদি, সুবর্ণাদি পাত্র ও চর্ম্ম এই সকল পার্থিব পদার্থের কাল, বায়ু, অগ্নি, মৃত্তিকা, জল এই সকল বস্তুর যথা সম্ভব যোগাযোগে শুদ্ধি ও অশুদ্ধি হয় ॥ ১২ ॥

অস্পৃশ্য বিষয়ে শুদ্ধি উল্লেখ করিয়া লেপ বিষয়ে শুদ্ধি কহিতেছেন,

ভজতে প্রকৃতিং তস্য তচ্ছৌচং তাবদিষ্যতে ॥ ১৩ ॥
স্নান দান তপোঽবস্থা বীর্য্য সংস্কার কর্ম্মভিঃ ।
মৎ স্মৃত্যাচাত্মনঃ শৌচং শুদ্ধঃ কর্ম্মাচরেদ্দ্বিজঃ ॥ ১৪ ॥
মন্ত্রস্যচ পরিজ্ঞানং কর্ম্ম শুদ্ধির্মদর্পণং ।

কাদীনা গন্ধং লেপঞ্চ ব্যপোহতি ত্যজতি স্বগতং মলঞ্চ ত্যক্ত্বা প্রকৃতিং স্বমেব রূপং ভজতে তস্য তচ্ছৌচং শোধকং যাবতাচ ক্ষালনাদিনা ব্যপোহতি তাবৎ প্রমাণং স্বরূপতঃ আবৃত্তিতো বা তৎ কর্ত্তব্যমিষ্যতে ॥ ১৩ ॥

এবং তাবৎ দ্রব্য শুদ্ধিমুক্ত্বা ইদানীং কর্ত্তৃ শুদ্ধিমাহ স্নানেতি অবস্থা কৌমারাদিঃ বীর্য্যং শক্তিঃ সংস্কার উপনয়নাদিঃ সন্ধ্যোপাসনাদীক্ষাদি লক্ষণং আত্মনঃ সাহঙ্কারস্য কর্ত্তুঃ এতৈঃ স্নানাদিভিঃ যথা যথং তৎ কার্য্যানুসারিণী শুদ্ধি র্ন ব্যবহারার্থা কিন্তু বিহিত কর্ম্মার্থা ইত্যাহ শুদ্ধ ইতি দ্বিজ ইত্যুপলক্ষণং শূদ্রাদিরপি ॥ ১৪ ॥

মন্ত্র শুদ্ধিমাহ সদ্গুরু মুখাদ্যথাবৎ পরিজ্ঞানং সাঙ্গোপাঙ্গ বিনিয়োগ সহিতং মন্ত্রস্য শুদ্ধিঃ কর্ম্মশুদ্ধিমাহ ঈশ্বরার্পণং কর্ম্মণঃ শুদ্ধিঃ। ধর্ম্মাদ্যর্থং শুদ্ধাশুদ্ধি প্রপঞ্চতঃ প্রদর্শ্য

ক্রমসন্দর্ভঃ।

মৎ স্মৃত্যা চেতি স্বতন্ত্রমুক্তং । অপবিত্রঃ পবিত্রোবেত্যাদেঃ অতোঽপ্রতিকার্য্যাঽশুদ্ধি শোধনায় প্রোক্তেয়ং ন ব্যবহারিকী মন্তব্যা সর্ব্বত্রাস্খলিত রূপত্বাৎ। হরির্হরতি পাপানি দুষ্ট চিত্তৈ রপি স্মৃত ইত্যাদেঃ ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥

হে উদ্ধব! অমেধ্য লিপ্ত যে কোন বস্তুর গন্ধ ও লেপ যাহার দ্বারা দূরীভূত হইয়া পরে পুনর্ব্বার প্রকৃতিস্থ হয়, তাহাতে সেই বস্তু শুদ্ধ হয় ॥ ১৩ ॥

এই প্রকার দ্রব্য শুদ্ধি বলিয়া কর্ত্তার শুদ্ধি বলিতেছেন, হে উদ্ধব! স্নান, দান, তপস্যা, কৌমারাদি অবস্থা, শক্তি, উপনয়নাদি সংস্কার, দীক্ষা ও আমার স্মরণ এই সকল কর্ম্ম দ্বারা আত্মার শুদ্ধি হয়, এই রূপে শুদ্ধ হইয়া ব্রাহ্মণ কর্ম্মাচারণ করিবেক ॥ ১৪ ॥

মন্ত্র শুদ্ধি যথা— সদগুরু মুখে শ্রবণ পূর্ব্বক যথাবৎ পরিজ্ঞানই মন্ত্র শুদ্ধি ও ঈশ্বরেতে অর্পণ করাই কর্ম্ম শুদ্ধি, দেশ, কাল, দ্রব্য, কর্ত্তা,

ধর্ম্মঃ সংপদ্যতে ষড়্‌ভিরধর্ম্মস্তু বিপর্য্যয়ঃ ॥ ১৫ ॥
ক্বচিদ্গুণোঽপি দোষঃ স্যাৎ দোষোঽপি বিধিনা গুণঃ।
গুণ দোষার্থ নিয়মস্তদ্ভিদামেব বাধতে ॥ ১৬ ॥
সমান কর্ম্মাচরণং পতিতানাং ন পাতকং।

উপসংহরতি ধর্ম্ম ইতি দেশকাল দ্রব্য কর্ত্তৃ মন্ত্র কর্ম্মভিঃ শুদ্ধৈ ধর্ম্মঃ সংপদ্যতে এতেষাং যো বিধি বিপর্য্যয়ঃ সোঽধর্ম্ম স্তদ্ধেতুরিত্যর্থঃ ॥ ১৫ ॥

অয়ঞ্চ গুণদোষ বিভাগো ন বাস্তব ইত্যাহ ক্বচিদিতি আপদি প্রতিগ্রহে গুণোপ্যনাপদি নিষিদ্ধত্বাদ্দোষঃ পরধর্ম্মশ্চ পরস্য গুণোপি স্বস্য দোষঃ দোষোপি কুটুম্ব ত্যাগাদি র্বিরক্তাদে র্ন দোষঃ অপিতু বিধিবলেন গুণএব যোঽয়ং গুণদোষয়ো রেকস্মিন্নেবার্থে নিয়মঃ গুণদোষার্থং বা নিয়মঃ নিয়ামকং শাস্ত্রং সতয়ো র্ভেদমেব বাধতে ॥ ১৬ ॥

দোষস্য ক্বচিদ্দোষত্বাভাবে গুণত্বেচ উদাহরণং দর্শয়তি সমানেতি সমানস্য তত্তৈক কর্ম্মণঃ সুরাপাণাদেরাচরণং অপতিতানাং পতন হেতুরপি জাত্যা কর্ম্মণা বা পতিতানাং

মন্ত্র ও কর্ম্ম এই ছয় বস্তুর শুদ্ধি দ্বারা ধর্ম্ম হয় ও অশুদ্ধিতেই অধর্ম্ম হয় ॥ ১৫ ॥

হে উদ্ধব! এই গুণ দোষ বিভাগ বাস্তব নয়, কোন স্থানে গুণও দোষ রূপে পরিণত হয় অর্থাৎ আপৎ কালে প্রতিগ্রহ গুণ কিন্তু অনাপদে দোষ, কোন স্থানে গুণ ও দোষ রূপে ইষ্ট হয় অর্থাৎ কুটুম্ব পরিত্যাগাদি দোষ কিন্তু বৈরাগ্যোদয়ে বিধি বশতঃ তাহাই গুণ হয়, অতএব গুণ দোষের নিয়ামক শাস্ত্রই তাহার ভেদের বাধক হয় ॥ ১৬ ॥

হে উদ্ধব! দোষেরও কখন দোষত্বাভাবে গুণ রূপে কথিত হয় যথা সমান কর্ম্মের আচরণে অপতিত ব্যক্তিই পতিত হয়, পতিত ব্যক্তি আর কি পতিত হইবে অর্থাৎ সুরাপানাদি আচরণ অপতিত ব্যক্তিরই পতন হেতু, কিন্তু জাতি বা কর্ম্ম দ্বারা পতিত ব্যক্তির সম্বন্ধে পাপাচরণ অধিকার বিনষ্ট করিতে সমর্থ হয় না, সে ত পূর্ব্বাবধিই পতিত রহিয়াছে অতএব স্থান ভেদে দোষেরও দোষত্ব নাই। তথা যতি ধর্ম্মাবলম্বি

ঔৎপত্তিকো গুণঃ সঙ্গো ন শয়ানঃ পতত্যধঃ ॥ ১৭ ॥
যতো যতো নিবর্ত্তেত বিমুচ্যেত ততস্ততঃ।
এষ ধর্ম্মো নৃণাং ক্ষেমঃ শোক মোহ ভয়াপহঃ ॥ ১৮ ॥
বিষয়েষু গুণাধ্যাসাৎ পুংসঃ সঙ্গস্ততো ভবেৎ।
সঙ্গাত্তত্র ভবেৎ কামঃ কামাদেব কলির্নৃণাং ॥ ১৯ ॥

পুনঃ পাতকমধিকার ভ্রংশকং ন ভবতি পূর্ব্বমেব পতিতত্বাৎ অতোঽত্র দোষস্যাপি দোষতা নাস্তীত্যর্থঃ তথা সঙ্গোপি যো যতে র্দোষঃ স গৃহস্থস্যৌৎপত্তিকঃ পূর্ব্বং স্বীকৃতো ন দোষঃ অপিতু গুণঃ ঋতৌ ভার্য্যামুপেয়াদিত্যাদি বিধানাৎ উভয়ত্র দৃষ্টান্তঃ পূর্ব্বমেবাধঃ শয়নো যথা ন পততীতি ॥ ১৭ ॥

অতো গুণ দোষ নিয়ম বিধীনাং প্রবৃত্তি সংকোচ দ্বারা নিবৃত্তাবেব তাৎপর্য্যমিত্যাত্তি প্রেত্যাহ যতো যত ইতি ॥ ১৮ ॥

যথাশ্রুত প্রবৃত্তি পরতাং বেদস্য নিরাকর্ত্তুং প্রবৃত্তিমার্গস্যানর্থ হেতুত্বাং দর্শয়তি বিষয়েষিতি চতুর্ভিঃ সঙ্গ আসক্তিঃ তত্র তেষু বিষয়েষু যেন প্রতি হন্যতে কামঃ তেন সহ কামাদেব কলিঃ কলহো বিবাদঃ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিষয়েষিতি চতুর্ভিঃ ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥ ২২ ॥

পুরুষের স্ত্রীসঙ্গাদি দোষাবহ হয়, গৃহস্থের তাহাই গুণ রূপে পরিণত হয় অর্থাৎ ভূমিতে শয়ান ব্যক্তি আর কোথায় পতিত হইবে ॥ ১৭ ॥

অতএব গুণ দোষ নিয়ম বিধি সকলের প্রবৃত্তি সঙ্কোচ দ্বারা নিবৃত্তি মার্গেই তাৎপর্য্য জানিতে হইবে এ কারণ কহিলেন, হে উদ্ধব। যাহা যাহা হইবে, তাহা তাহা হইতে মুক্ত হইবে এই ধর্ম্মই মনুষ্যদিগের শোক মোহ ভয়াপহারী পরম মঙ্গলের হেতু ॥ ১৮ ॥

বেদের যথাশ্রুত প্রবৃত্তি পরতাকে নিরাকরণ করিবার নিমিত্ত প্রবৃত্তি মার্গের অনর্থ হেতুতা দেখাইয়া কহিলেন, বিষয়ের গুণ আলোচনা দ্বারাই পুরুষের বিষয়েতে আশক্তি জন্মে, আশক্তিতেই কামনা জন্মে, কামনাতেই কলহ উপস্থিত হয় ॥ ১৯ ॥

কলেদুর্বিষহঃ ক্রোধস্তমস্তমনুবর্ত্ততে।
তপসা গ্রস্যতে পুংসশ্চেতনা ব্যাপিনী দ্রুতং ॥ ২০ ॥
তয়াচ রহিতঃ সাধো জন্তুঃ শূন্যায় কল্পতে।
ততোঽস্য স্বার্থ বিভ্রংশো মূর্চ্ছিতস্য মৃতস্যচ ॥ ২১ ॥
বিষয়াভিনিবেশেন নাত্মানং বেদ নাপরং।
বৃক্ষ জীবিকয়া জীবন্ ব্যর্থং ভস্ত্রেব যঃ শ্বসন্ ॥ ২২ ॥
ফলশ্রুতিরিয়ং নৃণাং ন শ্রেয়ো রোচনং পরং।

দুর্বিষহঃ তীব্রঃ তমঃ সংমোহঃ তং ক্রোধং চেতনা কার্য্যাকার্য্য স্মৃতিঃ দ্রুতং শীঘ্রং ॥ ২০
শূন্যায় কল্পতে অসত্তুল্যো ভবতি স্বার্থবিভ্রংশঃ পুরুষার্থহানি মূর্চ্ছিতস্য মূর্চ্ছিত তুল্যস্য মৃতস্য মৃততুল্যস্য ॥ ২১ ॥
তত্তুল্যত্বং প্রপঞ্চয়তি বিষয়েতি ব্যর্থং বৃক্ষজীবিকয়ৈব যো জীবন্ বর্ত্ততে সমূর্চ্ছিততুল্যঃ অতএব যো ভস্ত্রের শ্বসন্ বর্ত্ততে স মৃত তুল্যঃ অতঃ স্বার্থনাশ ইত্যর্থঃ ॥ ২২ ॥
ননু প্রবৃত্তস্য স্বর্গাদি ফল শ্রবণাৎ কুতঃ স্বার্থ বিভ্রংশঃ তত্রাহ ইয়ং ফলশ্রুতিঃ ন শ্রেয়ঃ পরম পুরুষার্থ পরা ন ভবতীত্যর্থঃ। কিন্তু বহির্মুখানাং নৃণাং মোক্ষ বিবিক্ষয়া অবান্তর

ক্রমসন্দর্ভঃ।
ঐহিক বিষয়েচ্ছুন্নিন্দিত্বা পারলৌকিক তদিচ্ছুনপি নিন্দতি ফলশ্রুতিরিত্যাদিনা ন

কলহ হইতেই দুর্ব্বিষসহ ক্রোধ জন্মে, ক্রোধ হইতেই মোহ আইসে ও সেই মোহই অতি সত্বর পুরুষের বহু ব্যাপী কার্য্যাকার্য্য স্মৃতিকে একেবারে গ্রাস করিয়া ফেলে ॥ ২০ ॥

হে সাধো! চেতনা শূন্য হইলেই মনুষ্য অসত্তুল্য হইয়া উঠে, পরে সেই মৃত তুল্য বা মৃত ব্যক্তি স্বার্থ হইতে ভ্রষ্ট হয় ॥ ২১ ॥

মূর্চ্ছিত ও মৃত তুল্যত্ব বিস্তার পূর্ব্বক কহিলেন বিষয়াশক্তি বশতঃ আত্মার স্বরূপ জানা যায় না, যে ব্যক্তি বৃক্ষের ন্যায় জীবন ধারণ করে অথবা ভস্ত্রার ন্যায় ব্যর্থ নিশ্বাস বহন করে, তদুভয় ব্যক্তি মূর্চ্ছিত ও মৃত তুল্য ॥ ২২ ॥

হে উদ্ধব! যদি এরূপ আশঙ্কা কর প্রবৃত্ত ব্যক্তির ফল শ্রবণ হেতু

শ্রেয়ো বিবক্ষয়া প্রোক্তো যথা ভৈষজ্যরোচনং ॥ ২৩ ॥
উৎপত্তৈবহি কামেষু প্রাণেষু স্বজনেষুচ ।
আসক্তমনসো মর্ত্যা আত্মনোঽনর্থহেতুষু ॥ ২৪ ॥
নতানবিদুষঃ স্বার্থং ভ্রাম্যতো বৃজিনাধ্বনি ।

ফলৈঃ কর্ম্মসু রুচ্যুৎপাদনমাত্রং যথা ভৈষজ্যে ঔষধে রোচনং রুচ্যুৎপাদনং তথাহি পিব নিম্বং প্রদাস্যামি পুত্র তে খণ্ডলড্ডুকান্ । পিত্রৈবমুক্তঃ পিবতি ন ফলং তাবদেবতু ॥ ২৩ ॥

ননু কর্ম্মকাণ্ডে মোক্ষস্য নামাপি ন শ্রূয়তে কুত এবং ব্যাখ্যায়তে যথাশ্রুতস্যাঘটনাদিত্যাহ উৎপত্তৈবেতি দ্বাভ্যাং উৎপত্যা স্বভাবত এব কামেষু পশ্বাদিষু প্রাণেষু আয়ুরিন্দ্রিয় বল বীর্য্যাদিষু অনর্থ ভূতেষু স্বজনেষু পুত্রাদিষু অনর্থ হেতুষু পরিপাকতো দুঃখ হেতুষু ॥২৪॥

অতস্তান্ স্বার্থং পরম সুখমবিদুষঃ অতএব তান্ প্রহ্বীভূতান্ বেদো যৎ বোধয়িষ্যতি তদেব শ্রেয় ইতি বিশ্বসিতানিত্যর্থঃ । তানেবং ভূতান্ বৃজিনাধ্বনি কাম বর্ম্মনি দেবাদি যোনিষু ভ্রাম্যতঃ অতঃ পুন স্তমো বৃক্ষাদি যোনিং বিশতঃ পশুকাম ইতি চ আয়ুরিন্দ্রিয় কাম ইতি চ কথং পুনস্তেষ্বেব কামেষু স্বয়ং বুধো বেদো যুঞ্জ্যাৎ প্রবর্ত্তয়েৎ । তথা

ক্রমসন্দর্ভঃ ।

রোচত ইত্যন্তেন । যথা ভৈষজ্যরোচনমিতি তদপ্যর্থং বিনাত্ম জ্ঞানেনেতি ভাবঃ ॥ ২৩॥ ॥ ২৪ ॥ ২৫ ॥ ২৬ ॥

কি প্রকারে স্বার্থ ভ্রংশ হইবে, তাহার উত্তর এই যে, শাস্ত্রে যে ফলশ্রুতি কথন তাহা মনুষ্যদিগের পরম পুরুষার্থ পর নহে, কেবল কর্ম্মেতে রুচি উৎপাদনার্থ মাত্র, যেমন রুগ্ন বালকের মঙ্গলার্থ ঔষধে প্রবৃত্তি উৎপাদন করে তদ্রূপ ॥ ২৩ ॥

যদি বল কর্ম্মকাণ্ডে মোক্ষের নামও শুনা যায় না কোথা হইতে এরূপ ব্যাখ্যা করিতেছ, যথাশ্রুত অর্থের ঘটনা হয় না, অতএব বলি শ্রবণ কর, মনুষেরা স্বভাবতই আপনার অনর্থ হেতু কামনার বিষয় আয়ু ইন্দ্রিয় বল বীর্য্যাদিতে ও পুত্র দারাদি বিষয়ে আশক্তমনা হইয়া থাকে ॥ ২৪ ॥

কিন্তু সেই কামবর্ত্মে ভ্রাম্যমাণ স্বার্থভ্রষ্ট অজ্ঞান, জড়যোনি প্রবৃত্ত

কথং যুঞ্জ্যাৎ পুনস্তেষু তাংস্তমো বিশতো বুধঃ ॥ ২৫ ॥
এবং ব্যবসিতং কেচিদবিজ্ঞায় কুবুদ্ধয়ঃ।
ফলশ্রুতিং কুসুমিতাং ন বেদজ্ঞা বদন্তিহি ॥ ২৬ ॥
কামিনঃ কৃপণা লুব্ধাঃ পুষ্পেষু ফলবুদ্ধয়ঃ।
অগ্নিমুগ্ধা ধূমতান্তাঃ স্বং লোকং ন বিদন্তি তে ॥ ২৭ ॥

সত্যনাপ্তঃ স্যাদিতি ভাবঃ ॥ ২৫ ॥

কথং তর্হি কর্ম্মমীমাংসকাঃ ফল পরতাং বদন্তি তত্রাহ এবমিতি ব্যবসিতং বেদস্যাভি প্রায়ং কুসুমিতাং অবান্তর ফল প্ররোচনয়া রমণীয়াং পরম ফল শ্রুতিং বদন্তি কুতস্তে কুবুদ্ধয় স্তদাহ হি যস্মাৎ বেদজ্ঞা ব্যাসাদয়ঃ তথা ন বদন্তীতি ॥ ২৬ ॥

কুবুদ্ধিতাং প্রপঞ্চয়তি কামিন ইত্যষ্টভিঃ কামিত্বাৎ কৃপণঃ অতঃ পুষ্পেষু অবান্তর ফলেষু পরম ফল বুদ্ধয়ঃ অতএবাগ্নি বুদ্ধয়ঃ অতএবাগ্নি মুগ্ধা অগ্নি সাধ্য কর্ম্মাভিনিবেশেন লুপ্ত বিবেকাঃ ততশ্চ ধূমতা ধূমমার্গোঽন্তো যেষাং তে তথাচ শ্রুতিঃ কশ্চিদ্বা অস্মাল্লোকাৎ প্রেত্যাত্মানং বেদ অয়মহমস্মীতি কশ্চিৎ স্বং লোকং ন প্রতি জানাতি অগ্নিমুগ্ধো হৈবৈ ধূমতান্ত ইতি ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বং লোকং স্বাশ্রয়ং ॥ ২৭ ॥

নত পুরুষদিগকে বেদ সকল কি প্রকারে সেই সকল কর্ম্মে পুনর্ব্বার প্রবৃত্ত করিবেন ॥ ২৫ ॥

হে উদ্ধব! যদি বল কর্ম্ম মীমাংসকেরা ফল পরত্ব বলিয়া থাকে, তাহার উত্তর এই, কোন কোন কুবুদ্ধি লোক বেদের অভিপ্রায় জানিতে না পারিয়া অবান্তর ফল রোচনার্থ এই ফলশ্রুতিকেই পরম করিয়া বলেন, কিন্তু বেদজ্ঞ ব্যাসাদি ঋষিরা তাহা বলেন না ॥ ২৬ ॥

যাহারা কামী, লুব্ধ, কৃপণ এবং অগ্নিসাধ্য কর্ম্মে আসক্ত হইয়া অবান্তর ফলে পরম ফল বোধ করত কর্ম্মানুষ্ঠানে ধূমমার্গে প্রবৃত্ত হয়, তাহারা স্বীয় প্রাপ্য লোক অবগত নহে ॥ ২৭ ॥

নতে মামঙ্গ জানন্তি হৃদিস্থং য ইদং যতঃ।
উক্থ শস্ত্রাহ্যসুতৃপো যথা নীহারচক্ষুষঃ॥ ২৮॥
তে মে মতমবিজ্ঞায় পরোক্ষং বিষয়াত্মকাঃ।

কোঽসৌ স্বলোকঃ তমাহ নেতি হৃদিস্থমাত্মানং মাং স্বলোকং। নম্বু হৃদিস্থমহঙ্কারাস্পদং জানন্ত্যেব সত্যং পরমাত্মানন্তু ন জানন্তীত্যাহ য ইদং যদ্ব্যতিরিক্তং জগন্নাস্তি কুতঃ যতঃ ইদং জগৎ জাতং কুতো ন জানন্তি হি যস্মাৎ উক্থং কর্ম্মৈব শস্ত্রং শস্যং কথনীয়ং পশুহিংসা সাধনং বা যেষাং তে অতঃ কেবলং অসুতৃপঃ প্রাণ তর্পণপরাঃ নীহারং তমঃ তেন ব্যাপ্তানি চক্ষুংষি যেষাং তে যথা সন্নিহিতমপি ন জানন্তি তদ্বৎ তথাচ শ্রুতিঃ ন তং বিদাথ য ইমা জজানান্যদ্যুষ্মাকমন্তরং বভূব নীহারেণ প্রাবৃতা জল্ল্যাশ্চাসুতৃপ উক্থশাসশ্চরন্তীতি॥ ২৮॥

বেদতাৎপর্য্যাজ্ঞানাচ্চান্যান্ যজন্তীত্যাহ তে পরোক্ষং অস্ফুটং মে মতমবিজ্ঞায় দেবাদীন্ যজন্ত ইত্যুত্তরেণান্বয়ঃ স্বমতমেবাহ হিংসায়াং মাংস ভক্ষণার্থং তৎ ফলার্থঞ্চ যদি রাগঃ স্যাৎ তর্হি যজ্ঞ এবেত্যাভাসুক্তা দ্বারা পরিসংখ্যেয়ং নত্ববশ্যকত্বেন চোদনেত্যেবং রূপং যদ্যপি নিত্যনৈমিত্তিকয়োঃ কাম বিশেষানুবন্ধো নাস্তি তথাপি কর্ম্মণা পিতৃলোকমিতি শ্রুতেঃ সামান্যতঃ পিতৃলোক কামনাস্ত্যেব অন্তঃকরণ শুদ্ধি কামনা বেতি ভাবঃ তদুক্তং

ক্রমসন্দর্ভঃ।

ন তে মামিতি নির্গুণত্বাদিত্যর্থঃ॥ ২৮॥ ২৯॥ ৩০॥ ৩১॥ ৩২॥ ৩৩॥ ৩৪॥

যদি মনে, কর স্বীয় প্রাপ্য লোক কি, তাহা বলি শ্রবণ কর, এই জগৎ আমা হইতে উৎপন্ন ও আমা ব্যতিরিক্ত নহে এবং আমি সকলের হৃদয়ে বর্ত্তমান, কিন্তু কামাভিলাষী ও প্রাণ তর্পণপর লোকেরা নীহারাবৃত চক্ষুঃশালী ব্যক্তির ন্যায় আমাকে দেখিতে পায় না॥ ২৮॥

তাহারা বেদের তাৎপর্য্য জানিতে না পারিয়া অন্যকে অর্চ্চনা করে, দেখ বিষয়াত্মক সেই সকল লোকেরা অপ্রকাশিত আমার এই মতকে জানিতে না পারিয়া দেবতাদিগের অর্চ্চনা করিয়া থাকে, আর যদি তাহাদিগের হিংসাতে অনুরাগ জন্মে তবে যজ্ঞও করিয়া থাকে, ইহা

হিংসায়াং যদি রাগঃ স্যাদযজ্ঞ এব ন চোদনাঃ ॥ ২৯ ॥
হিংসাবিহারাহ্যালব্ধৈঃ পশুভিঃ স্ব সুখেচ্ছয়া।
যজন্তে দেবতাযজ্ঞৈঃ পিতৄন্ ভূতপতীন্ খলাঃ ॥ ৩০ ॥
স্বপ্নোপমমমুং লোকমসন্তং শ্রবণপ্রিয়ং।
আশিষো হৃদি সংকল্প্য ত্যজন্ত্যর্থান্ যথা বণিক্ ॥ ৩১ ॥
রজঃ সত্ত্বতমো নিষ্ঠা রজঃ সত্ত্ব তমোজুষঃ।
উপাসতে ইন্দ্রমুখান্ দেবাদীন্ন তথৈব মাং ॥ ৩২ ॥

অকামস্থ ক্রিয়া কাচিদ্দৃশ্যতে নেহ কর্হিচিৎ যদ্যদ্ধি কুরুতে জন্তুস্তৎ তৎ কামস্থ চেষ্টিতমিতি ॥ ২৯ ॥

অজ্ঞাত্বা দেবহিংসায়া বিহারঃ ক্রীড়া যেষাং তে ॥ ৩০ ॥

কিঞ্চ তেঽতিমন্দবুদ্ধয় ইত্যাহ স্বপ্নোপমমিতি অমুং পরলোকং আশিষশ্চ অস্মিন্ লোকে হৃদি সংকল্প্য নতু নিশ্চিত্য বিঘ্নবাহুল্যাৎ ত্যজন্তি কর্ম্মসু বিনিযোজয়ন্তি যথা কশ্চিৎ বণিক্ দুস্তর সমুদ্রাদিলঙ্ঘনেন বহুধনার্জনেচ্ছয়া সিদ্ধং ধনং ত্যজন্নুভয়ত্র ভ্রষ্টো ভবতি তদ্বদিত্যর্থঃ ॥ ৩১ ॥

অতো রজঃ সত্ত্ব তমো নিষ্ঠাঃ রজঃ সত্ত্ব তমোজুষঃ স্বানুরূপান্ ইন্দ্রাদীনেব উপাসতে নতু মাং যদ্যপি ইন্দ্রাদীনামপি মদংশত্বাৎ মদুপাসনমেব তৎ তথাপি যথাবন্নোপাসতে ভেদ দর্শিত্বাদিত্যর্থঃ ॥ ৩২ ॥

বিধি নহে পরিসংখ্যা মাত্র ॥ ২৯ ॥

সেই হিংসাক্রীড়ারত খল লোকেরা আপনাদিগের সুখ কামনায় যজ্ঞে বলি রূপে দত্ত সেই পশুমাংস দ্বারা দেবতা, পিতৃ ও ভূতগণের অর্চ্চনা করে ॥ ৩০ ॥

অপর সেই মন্দ বুদ্ধি লোকরা শ্রবণ প্রিয় অথচ অসৎ স্বপ্ন সদৃশ পরলোককে ও ঐ লোকের প্রাপ্তব্য সুখকে হৃদয়ে সংকল্প করত অতিরিক্ত আশায় বণিক্‌দিগের ন্যায় অর্থ বিসর্জন করে ॥ ৩১ ॥

সত্ত্ব রজঃ তমো নিষ্ঠ সেই সকল লোকেরা যে ইন্দ্রাদি দেবতার উপাসনা করিয়া থাকে, যদিও তাহাতে আমার উপাসনা হয় বটে, তথাপি ভেদ দর্শন প্রযুক্ত তাহা আমার সাক্ষাৎ উপাসনা নহে ॥ ৩২ ॥

ইষ্ট্বেহ দেবতা যজ্ঞৈর্গত্বা রংস্যামহে দিবি।
তস্যান্ত ইহ ভূয়াস্ম মহাশালা মহাকুলাঃ ॥ ৩৩ ॥
এবং পুষ্পিতয়া বাচা ব্যাক্ষিপ্ত মনসাং নৃণাং।
মানিনাঞ্চাতিলুব্ধানাং মদ্বার্ত্তাপি ন রোচতে ॥ ৩৪ ॥
দেবা ব্রহ্মাত্ম বিষয়া স্ত্রিকাণ্ড বিষয়া ইমে।

হৃদি সংকল্পোত্যুক্তং তমেব সংকল্পং দর্শয়তি ইষ্ট্বেতি তস্য ভোগস্যান্তে মহাশালা মহা গ্রহস্থাঃ ॥ ৩৩ ॥

তত কিমিত্যাহ এবমিতি মৎ প্রবণস্যাভাবাৎ নিত্যং সংসারিণো ভবন্তীতি ভাবঃ ॥ ৩৪ ॥

তদেবং প্রবৃত্তি পরত্বং নিরাকৃত্য প্রকৃতং নিবৃত্ত্যান্তরত্বমেব উপসংহরতি বেদা ইতি কর্ম্ম ব্রহ্ম দেবতাকাণ্ড বিষয়াঃ ইমে বেদা ব্রহ্মাত্ম বিষয়াঃ ব্রহ্মৈবাত্মা ন সংসারীত্যেবং তৎ পরাঃ তৎ পরত্বাপ্রতীতৌচ। ফলশ্রুতিরিয়ং নৃণাং ন শ্রেয়ো রোচনং পরং। শ্রেয়ো বিবিক্ষয়া প্রোক্তা যথা ভৈষজ্য রোচনমিত্যুক্তমেব কারণমনুস্মারয়তি পরোক্ষ ইতি ঋষয়ো মন্ত্রাঃ তদ্দ্রষ্টারো বা তৎ কিমিতি যতঃ পরোক্ষমেব মমচ প্রিয়ং। অয়ং ভাবঃ শুদ্ধান্তঃকরণৈরেতদ্বোদ্ধব্যং নান্যৈরনধিকারিভিঃ। বৃথা কর্ম্ম ত্যাগেন ভ্রংশ প্রসঙ্গা দিতি ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

ব্রহ্মাত্ম বিষয়াঃ সর্ব্বতো বৃহত্তমো য আত্মা পরম মূল স্বরূপো ভগবানহং তৎপরা এবেত্যর্থঃ। মৎ প্রিয়াচরণত্বেন বক্ষ্যমাণত্বাৎ। তথা সর্ব্বেষামপ্রতীতৌ কারণমাহ পরোক্ষেতি। পরোক্ষং মমচ প্রিয়মিতিতু। ত্বঞ্চ রুদ্রো মহাবাহো মোহ শাস্ত্রাণি কারয়। অথ তানি বিতথ্যানি দর্শয়স্ব মহাভুজ। প্রকাশং কুরু চাত্মানমপ্রকাশঞ্চ মাং কর্ব্বিত্য

ইহলোকে যজ্ঞ দ্বারা দেবতাদিগের অর্চ্চনা করত তাহারা স্বর্গ গমন পূর্ব্বক তথায় রমণ করে, পরে তাহার ভোগাবসানে সেই মহাবংশ মহা গৃহস্থেরা পুনর্ব্বার ইহলোকে আবর্ত্তিত হয় ॥ ৩৩ ॥

উক্ত প্রকার পুষ্পিত বাক্যে আক্ষিপ্ত-চিত্ত অথচ অভিমানী ও লুব্ধ লোকদিগের আমার প্রসঙ্গ কথায় রুচি হয় না ॥ ৩৪ ॥

এই বেদ সকলেতে কর্ম্মকাণ্ড, দেবতাকাণ্ড ও ব্রহ্মকাণ্ড এই তিন কাণ্ড এবং ব্রহ্মাত্ম বিষয় বর্ণিত আছে, আর মন্ত্র সকল পরোক্ষ বাদ

পরোক্ষবাদা ঋষয়ঃ পরোক্ষঞ্চ মম প্রিয়ং ॥ ৩৫ ॥
শব্দ ব্রহ্ম সুদুর্ব্বোধং প্রাণেন্দ্রিয় মনোময়ং।
অনন্তপারং গম্ভীরং দুর্ব্বিগাহ্যং সমুদ্রবৎ ॥ ৩৬ ॥
ময়োপবৃংহিতং ভূম্না ব্রহ্মণানন্ত শক্তিনা।

নন্বু বেদজ্ঞা অপি জৈমিন্যাদয়ঃ কিমিতি ব্রহ্ম পরত্বং বর্ণয়ন্তি মাং বিনা তত্বতো বেদং তদর্থং বা ন কোপি বেদেত্যাশয়েনাহ শব্দ ব্রহ্মেতি যাবৎ সমাপ্তি স্বরূপতোঽর্থতোপি দুর্বিজ্ঞেয়ং। তচ্চ সূক্ষ্মং তাবৎ স্বরূপতো দুর্ব্বিজ্ঞেয়মিত্যাশয়েনাহ প্রাণেন্দ্রিয় মনো ময়ং প্রথমং প্রাণময়ং পরাখ্যং ততো মনোময়ং পশ্যন্ত্যাখ্যং তত ইন্দ্রিয়ময়ং মধ্যমাখ্যং তস্য বাগ্ব্যঞ্জকত্বেন বাগিন্দ্রিয় প্রধানত্বাৎ কিঞ্চানন্ত পারং সমষ্টি প্রাণাদিময়স্য নির্বিশেষস্য চ তস্য কালতো দেশতশ্চাপরিচ্ছেদাৎ অর্থতোপি দুর্জ্ঞেয়ত্বমাহ গম্ভীরং নিগূঢ়ার্থং অতো দুর্বিগাহ্যমতি প্রবেশানর্হং তথাচ শ্রুতিঃ চত্বারি বাক্ পরিমিতানি পদানি তানি বিদু র্ব্রাহ্মণা যে মনীষিণঃ। গুহায়াং ত্রীণি নিহিতানি নেঙ্গয়ন্তি তুরীয়ং বাচো মনুষ্যা বদন্তীতি। অয়মর্থঃ বাচঃ শব্দ ব্রহ্মণঃ পরিমিতানি পদ্যতে জ্ঞায়ন্তে পরং তত্বমেভিরিতি পদানি রূপাণি চত্বারি চত্বার্য্যপি তানি যে মনীষিণোঽন্তর্দৃষ্টয়স্তে বিদুর্নান্যে। যতো গুহায়াং দেহ মধ্যে ত্রীণি নিহিতানি নেঙ্গয়ন্তি স্বরূপং ন প্রকাশয়ন্তি অতঃ কেবলং বাচঃ তুরীয়ং চতুর্থ ভাগং বৈখরী রূপং মনুষ্যাঃ প্রাণিনো বদন্তি তমপি বদন্ত্যেব নতু তত্বতো জানন্তীতি ॥ ৩৬ ॥

তত্র মনীষিভিরেব জ্ঞেয়ং সূক্ষ্ম রূপং দর্শয়তি ময়েতি ময়া অন্তর্যামিনোপবৃংহিতং

ক্রমসন্দর্ভঃ।

স্তত্র ব্যক্তত্বাৎ। তচ্চ ইদং তে জ্ঞান মাখ্যাতং গুহ্যাদগুহ্য তরং ময়েত্যাদৌ তদভিপ্রায় প্রকাশাৎ। তচ্চ তত্র সর্ব্বেষামনধিকারাৎ। য এব মুক্তিং দদাতি কর্হিচিৎ স্ম ন ভক্তিযোগমিত্যাদ্যুক্তমিতি ॥ ৩৫ ॥

শব্দ ব্রহ্মেতি যুগ্মকঃ প্রাণেন্দ্রিয় মনোময়ং লৌকিক বাগ্বৎ পরাখ্যাদি রূপেণ তেষ্বাবি

বিষয় এবং পরোক্ষই আমার প্রিয় অতএব শুদ্ধ-চিত্ত ব্যক্তিরই ইহা বোদ্ধব্য ॥ ৩৫ ॥

প্রাণেন্দ্রিয় মনোময় রূপ, অথচ দুর্জ্ঞেয়, দেশ কাল পরিচ্ছেদ্য; শব্দ-ব্রহ্ম গম্ভীর সমুদ্রের ন্যায় অতি দুর্ব্বিগাহ্য ॥ ৩৬ ॥

অনন্ত শক্তি রূপ ভূমা ব্রহ্মরূপ আমা কর্ত্তৃক উপবৃংহিত সর্ব্বভূতে

ভূতেষু ঘোষ রূপেণ বিসেষুর্ণেব লক্ষ্যতে ॥ ৩৭ ॥
যথোর্ণনাভি হৃদয়াদূর্ণামুদ্বমতো মুখাৎ।
আকাশাৎ ঘোষবান্ প্রাণো মনসা স্পর্শ রূপিণা।
ছন্দোময়োঽমৃতময়ঃ সহস্রপদবীং প্রভুঃ।

অধিষ্ঠিতং অন্তঃ স্বত্বেপাপরিচ্ছেদ্যত্বমাহ ভূম্নেতি। অধিষ্ঠাতৃত্বেপ্যবিকারিত্বমাহ ব্রহ্মণেতি। অবিকৃতস্যাপি নিয়ন্তৃত্বং ঘটয়তি অনন্ত শক্তিনেতি ভূতেষু সর্ব্ব প্রাণিষু ঘোষরূপেণ নাদ রূপেণ লক্ষ্যতে মনীষিভিঃ অন্তঃ সূক্ষ্মত্বেন দর্শনে দৃষ্টান্তঃ বিসেষূর্ণা তন্তুরিবেতি ॥ ৩৭ ॥

ততো বৈখর্য্যাখ্যায়া বৃহত্যা বাচ উৎপত্তি প্রকারং সদৃষ্টান্তমাহ যথেতি ত্রিভিঃ হৃদয়াৎ সকাশাৎ মুখ দ্বারা উদ্বমতে বহিঃ প্রকটয়তি দার্ষ্টান্তিকে দর্শয়তি আকাশাদিতি প্রাণ সূত্রূপাধিহির্ণ্যগর্ভ রূপঃ। প্রভুর্ভগবান্ তেন রূপেণ ছন্দো ময়ো বেদমূর্ত্তিঃ স্বত স্বমৃতময়ঃ ঘোষবান্ নাদোপাদানবান্ মনসা নিমিত্ত ভূতেন নিমিত্ততামেব দর্শয়তি স্পর্শাদীন্ বর্ণান্ রূপয়তি সংকল্পয়তীতি স্পর্শ রূপি তেন স্পর্শ গ্রহণমুপলক্ষণং হৃদয়াকাশাৎ বৃহতীং সৃজতীতি

ক্রমসন্দর্ভঃ

ভূতমপি দুর্ব্বোধং। যতঃ শব্দতো অনন্তপারং অর্থতশ্চ গম্ভীরং। দুর্বিগাহঞ্চ তত্র দুর্বি-গাহং প্রবেষ্টুং তাবদশক্যং। কথঞ্চিৎ প্রবেশেচ সতি গম্ভীরং দুর্গমার্থ পর্য্যবসানমিত্যর্থঃ। নম্বেবং ভূতঃ চেৎ কথং প্রাণাদিদ্বাবির্ভবতি তত্রাহ ময়োপবৃংহিতং তত্র ততোদ্ভাবিতং। নম্বনন্তে বৈকুণ্ঠেঽনন্ত প্রায়েচ ব্রহ্মাণ্ড গুণেঽনন্ত সংখ্যায়াবির্ভূতং তৎ কথং ভবতৈকেনো-দ্ভাবিতং স্যাৎ তত্রাহ ব্রাহ্মণা স্বরূপতঃ পরম বৃহত্তমেন। শক্তিতশ্চানন্ত শক্তিনেতি। নমু যৎ সর্ব্ব ব্যাপকং ভবতি তদেবানন্ত পারং স্যাৎ। নতু তথেদং লক্ষ্যতে তত্রাহ ভূতেষ্বিতি নাদ রূপেণাব্যক্ত প্রণবাকারেণ লক্ষ্যতে যোগিভিঃ। তদুক্তং। অনন্তোনন্ত মাত্রশ্চ দ্বৈতস্যোপশমঃ শিবঃ। ওঙ্কারো বিদিতো যেন স মুনির্নেতরো জন ইতি ॥ ৩৬ ॥ ৩৭ ॥

তস্যৈব প্রাণাদি ময় তয়া পরাখ্যাদিরূপেণ স্বস্মাদুদ্ভব প্রকারমাহ যথোর্ণেতি ত্রিকেণ। যথোর্ণনাভি র্হৃদয়াৎ সকাশাৎ মুখ দ্বার ভূতাদুদ্বমতে গিরতি চেত্যর্থঃ। তথা প্রভুরীশ্বরোপি

নাদ রূপে অবস্থিত আমার সূক্ষ্ম রূপকে মৃণালতন্তুর ন্যায় লক্ষিত হয়েন ॥ ৩৭ ॥

যেমন উর্ণনাভি হৃদয়াকাশ হইতে মুখ দ্বারা ঊর্ণাতন্তু প্রকটন করে ও উপসংহার করে তদ্রূপ বেদমূর্ত্তি অমৃতময় নাদোপাদান বিশিষ্ট প্রভু

ওঁকারাদ্ব্যঞ্জিত স্পর্শ স্বরোষ্মান্তস্থ ভূষিতাং।
বিচিত্র ভাষা বিততাং ছন্দোভিশ্চতুরুত্তরৈঃ।
অনন্তপারাং বৃহতীং সৃজত্যাক্ষিপতে স্বয়ং॥ ৩৮॥
গায়ত্র্যুষ্ণিগথানুষ্টুব্বৃহতী পংক্তিরেবচ।

তৃতীয় শ্লোকেনান্বয়ঃ বৃহতী শব্দার্থ ব্যাখ্যানায় বিশেষণানি সহস্র পদবীং বহুমার্গাং তদেবাহ ওঙ্কারাৎ উরঃ কণ্ঠাদি সঙ্গেন ব্যঞ্জিতৈঃ স্পর্শাদিভি র্ভূষিতাং ওঙ্কারশ্চাত্র হৃদ্গতঃ সূক্ষ্মোভিপ্রেতঃ নত্বকারাদি বর্ণ রূপঃ তস্য বাগ্ব্যঙ্গ্য কোটিত্বাৎ তত্র স্পর্শাঃ কাদি পঞ্চ বর্গাঃ স্বরাঃ অকারাদয়ঃ ষোড়শ উষ্মাণঃ শষসহাঃ অন্তস্থা যরলবাঃ। বিচিত্রাভি র্লৌকিক বৈদিক ভাষাভি র্বিততাং যথোত্তরং চত্বারি চত্বার্য্যক্ষরাণ্যধিকানি যেষাং তৈঃ ছন্দোভিরুপলক্ষিতাং এব মনন্তপারাং সৃজতি স্বয়মেবাক্ষিপতে উপসংহরতি চ॥ ৩৮॥

তেষু কতিচিচ্ছন্দাংসি দর্শয়তি গায়ত্রীতি তত্র চতুর্বিংশত্যক্ষরা গায়ত্রী তত শ্চতুরক্ষর

ক্রমসন্দর্ভঃ।

স্বরূপেণামৃতময়ঃ। পরমানন্দ রূপঃ শক্ত্যা ছন্দোময়ঃ সর্ব্ব জ্ঞানাদি সম্পন্ন ভেদময়ঃ সন্ আকাশমবলম্ব্য হিরণ্যগর্ভস্তাধার চক্রে চাবির্ভূয় পরাখ্যাং বৃহতীং সৃজতে ততো ঘোষবান্ কিঞ্চিদ্ব্যক্তনাদবান্। নাভিচক্রে মধ্যমাখ্যাং সৃজতি। ততো হৃদি প্রাণাত্মকঃ সন্ ওঁকারান্নাদ রূপাকারতামাপদ্য স্পর্শ রূপিণা তত্তদ্বর্ণ ভেদজ্ঞান স্পর্শিনা মনসা পশ্যন্ত্যাখ্যাং সৃজতি। ততশ্চ ব্যঞ্জিকা স্পর্শৈত্যাদি রূপাং ছন্দোভিরিত্যাদি রূপাঞ্চ শাখাভিঃ সহস্র পদবীং। বৈখর্য্যাখ্যাং সৃজতি কালান্তরে ত্বাক্ষিপতে অন্তঃ প্রবেশয়তি চ। তত্র পূর্ব্বং মাত্রা স্বরোবর্ণমিতি স্ববিষ্ট ইত্যত্র মাত্রা হ্রস্বাদিঃ স্বর উদত্তাদিরিতি যে পৃথক্ প্লুতা উদাত্তাদয়শ্চ গৃহ্যন্তে তেষামাপি স্বরান্তর্ভাবাৎ। আকারস্য চ স্পর্শোষ্ম স্বস্ত র্ভাবাদেকোন পঞ্চাশদেবাত্র গণিতাঃ॥ ৩৮॥

তদেবং মহৎপদস্য বেদস্য তাৎপর্য্যজ্ঞশ্চাহমেব ইত্যাহ কিং বিধত্তে ইতি॥ ৩৯॥ ৪০॥

হিরণ্যগর্ভ বর্ণ ব্যঞ্জক মনের সহায়তার বহু ভাগ বিশিষ্ট, অনন্ত পার ওঙ্কারান্তর্গত স্পর্শ স্বর উষ্ম অন্তস্থ বর্ণে ভূষিত, লৌকিকাদি ভাষায় বিস্তৃত, চতুরক্ষরাদি উত্তরোত্তরাধিক ছন্দোবিশিষ্ট, বৃহৎ বাক্য ময় বেদরাশিকে হৃদয়াকাশ হইতে প্রকটন ও উপসংহার করেন॥ ৩৮॥

সেই বেদ রাশি মধ্যে গায়ত্রী, উষ্ণিক, অনুষ্টপ্, বৃহতী, পংক্তি,

ত্রিষ্টুব্‌জগত্যতি ছন্দো হ্যত্যষ্ট্যতি জগদ্বিরাট্ ॥ ৩৯ ॥
কিং বিধত্তে কিমাচষ্টে কিমনূদ্য বিকল্পয়েৎ।
ইত্যস্যাহৃদয়ং লোকে নান্যো মদ্বেদ কশ্চন ॥ ৪০ ॥
মাং বিধত্তেঽভিধত্তে মাং বিকল্প্যাপোহ্যতেহ্যহং ॥ ৪১ ॥
এতাবান্ সর্ব্ব বেদার্থঃ শব্দ আস্থায় মাং ভিদাং।

বৃদ্ধা। উষ্ণিগাদয়শ্ছন্দাংসি অত্যষ্টিঃ অতিজগতী অতিবিরাট্ চেত্যর্থঃ এতৈশ্ছন্দোভি রূপলক্ষিতামিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৩৯ ॥

অতো বৃহত্যপি সাকল্যেন স্বরূপতো দুর্জ্ঞেয়েত্যুক্তং। অর্থতোঽপি দুর্জ্ঞেয়ত্বমাহ কিমিতি কর্ম্মকাণ্ডে বিধিবাক্যৈঃ কিং বিধত্তে দেবতাকাণ্ডে মন্ত্রবাক্যৈঃ কিমাচষ্টে প্রকাশয়তি জ্ঞান কাণ্ডেচ কিমনূদ্য বিকল্পয়েৎ নিষেধার্থমিত্যেবমস্যা হৃদয়ং তাৎপর্য্যং মৎ মত্তো ঽন্যঃ কশ্চিদপি ন বেদ ॥ ৪০ ॥

ননু তর্হি ত্বং মৎ কৃপয়া কথয় ওমিতি কথয়তি মামেব যজ্ঞরূপং বিধত্তে মামেব তত্তদ্দেবতা রূপং অভিধত্তে ননু মত্তঃ পৃথক্ যচ্চাকাশাদি প্রপঞ্চাজ্জাতং তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত ইত্যাদিনা বিকল্প্যাপোহ্যতে নিরাক্রিয়তে তদপ্যহমেব নতু মত্তঃ পৃথগস্তি ॥ ৪১ ॥

কুত ইত্যপেক্ষায়াং সর্ব্ববেদার্থং সংক্ষেপতঃ কথয়তি এতাবানেব সর্ব্বেষাং বেদানামর্থঃ

ক্রমসন্দর্ভঃ।

পরম প্রতিপাদ্যশ্চাহং শ্রীকৃষ্ণ স্বরূপ এব ইত্যাহ। মাং বিধত্তে ইত্যর্দ্ধকেন মত্তাৎপর্য্য কত্বেনৈব তত্ত্ব বিধানাদিকং কৃত্বা ময্যেব পর্য্যবস্যতীত্যর্থঃ ॥ ৪১ ॥

তদেবং দর্শয়তি এতাবানিতি। যতঃ শব্দো বেদ স্তদনুগতশ্চ স মায়ামাত্রং জগন্নিষিধ্য

ত্রিষ্টুপ্, জগতী, অতিজগতী ও বিরাট্ ইত্যাদি ছন্দ সকল বিদ্যমান আছে ॥ ৩৯ ॥

তাহাতে কর্ম্মকাণ্ডে বিধিবাক্যে কি বিধান করে, দেবতাকাণ্ডে মন্ত্র বাক্যে কি প্রকাশ করে এবং জ্ঞানকাণ্ডে কাহাকে আশ্রয় করিয়া তর্ক বিতর্ক করে, এইরূপ ইহার তাৎপর্য্য, ইহলোকে আমা ভিন্ন কেহই জানে না ॥ ৪০ ॥

তাহাতে যজ্ঞ রূপে আমাকে বিধান করে ও দেবতা রূপে আমাকেই ব্যক্ত করে এবং আমাকেই আশ্রয় করিয়া তর্ক বিতর্ক করে ॥ ৪১ ॥

সেই বেদরাশি সকল পরমার্থ রূপ আমাকে আশ্রয় করিয়া মায়া

মায়ামাত্রমনূদ্যান্তে প্রতিষিধ্য প্রসীদতি ॥ ৪২ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব সম্বাদে একবিংশতি তমোঽধ্যায়ঃ ॥*॥২১॥*॥

শ্রীউদ্ধব উবাচ ॥

কতি তত্ত্বানি দেবেশ সংখ্যাতান্যৃষিভিঃ প্রভো।

তমেবাহ শব্দো বেদঃ মাং পরমাত্ম রূপমাশ্রিত্য ভিদাং মায়ামাত্রমিত্যনূদ্য নেহ নানাস্তি কিঞ্চনেতি প্রতিষিধ্য প্রসীদতি নিবৃত্তব্যাপারো ভবতি অয়ং ভাবঃ যথা অঙ্কুরে যো রসঃ সএব তদ্বিস্তার ভূত নানা কাণ্ড শাখাস্বপি তথৈব প্রণবস্থ যোঽর্থঃ পরমেশ্বরঃ সএব তদ্বিস্তার ভূতানাং সর্ব্ববেদকাণ্ড শাখানামপি সঙ্গচ্ছতে নান্য ইতি। নিত্যমুক্তঃ স্বতঃ সর্ব্ব বেদকৃৎ সর্ব্ব বেদ বিৎ। স্ব পর জ্ঞান দাতা যস্তং বন্দে গুরুমীশ্বরং ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি একাদশে এক বিংশঃ ॥ * ॥

দ্বাবিংশে তত্ত্ব সংখ্যানামবিরোধ বিধোচ্যতে। পুং প্রকৃত্যো বিবেকশ্চ জন্ম মৃত্যু বিধাদি চ ॥ ০ ॥

তদেবং বেদানাং প্রবৃত্তি পরত্বং নিরাকৃত্য মোক্ষ পরত্বং নির্ণীতং সম্প্রতি মোক্ষ পরত্বেপি তদবান্তর বিবাদাঃ। তথাহি কেচিত্তত্ত্ব সংখ্যাসু বিবিদন্তে তত্রাপিচ বাহ্যার্থ বাদ

ক্রমসন্দর্ভঃ।

ভিদাং মদবতারাদি রূপাং চানূদ্য তদন্তে মাং শ্রীকৃষ্ণ রূপমেবাস্থায়ালম্ব্য প্রসীদতী কৃত কৃত্যো ভবতি। তদুক্তং শ্রীগীতাস্বপি বেদৈশ্চ সর্ব্বৈ রহমেব বেদ্যো বেদান্ত কৃদ্বেদ বিদেব চাহমিতি ॥ ৪২ ॥

॥ * ॥ ইত্যেকাদশ ক্রমসন্দর্ভে একবিংশঃ ॥ * ॥

তদেবং কর্ম্ম কাণ্ডার্থ গুণীভূতমাসাদ্য স্বয়ং ভগবৎ পর্য্যান্তং জ্ঞানকাণ্ডার্থং মুখ্যতয়া

মাত্র রূপ ভেদকে অনুবাদ করত শেষে পুনর্ব্বার তাহার প্রতিষেধ করিয়া প্রসন্ন হয়েন, ইহাই সমুদায় বেদের তাৎপর্য্যার্থ ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি একাদশে একবিংশ ॥ * ॥

দ্বাবিংশতি অধ্যায়ে তত্ত্ব সংখ্যার অবিরোধ ও প্রকৃতি পুরুষ বিবেক এবং জন্ম মৃত্যুর প্রকার কথন ॥ ০ ॥

উদ্ধব কহিলেন, হে দেবেশ! হে প্রভো! ঋষিগণ কত প্রকার

নবৈকাদশ পঞ্চত্রীণ্যাত্থত্বমিতি শুশ্রুম।
কেচিৎ ষড়্‌বিংশতিং প্রাহুরপরে পঞ্চবিংশতিং।
সপ্তৈকে নব ষট্ কেচিচ্চত্বার্য্যেকাদশাপরে।
কেচিৎ সপ্তদশ প্রাহুঃ ষোড়শৈকে ত্রয়োদশ ॥ ১ ॥
এতাবত্বং হি সংখ্যানামৃষয়ো যদ্বিবক্ষয়া।
গায়ন্তী পৃথগায়ুষ্মন্নিদং নো বক্তুমর্হসি ॥ ২ ॥
শ্রীভগবানুবাচ ॥
যুক্তঞ্চ সন্তি সর্ব্বত্র ভাষতে ব্রাহ্মণা যথা।

সত্বে আত্মতত্বেপ্যেকত্ব নানাত্বাদিষু তত্র কিং সত্যমিতি জিজ্ঞাসয়া পৃচ্ছতিকতীতি ঋষিভি রাগমেষু বহুধা সংখ্যাতানি তেষু কতি যুক্তানীত্যর্থঃ ভগবন্মতামুবাদ পূর্ব্বকং বহুধা সংখ্যাতং প্রপঞ্চয়তি ন বেতি ত্রিভিঃ ত্বং তাবদষ্টাবিংশতি তত্বানি আত্থ তানিচ বয়ং শুশ্রুম শ্রুতবন্তঃ ॥ ১ ॥

এতাবতীনাং ভাবঃ এতাবত্বং নানাত্বমিত্যর্থঃ যদ্বিবক্ষয়া যৎ প্রয়োজনমভিপ্রেত্য গায়ন্তি আয়ুষ্মন্ নিত্যমূর্ত্তে ॥ ২ ॥

বিবিক্ষা ভেদেন সর্ব্বং যুক্তমেব মায়য়াচ কিং নাম ন যুক্তমিত্যাহ যুক্তমিতি যথা

ক্রমসন্দর্ভঃ।

যন্নিশ্চিকার তত্র জ্ঞান কাণ্ডার্থে প্যবাদে বিবাদং পরিহর্ত্তুং পৃচ্ছতি তত্র কতীতার্দ্ধকং টীকায়াং বাহ্যার্থ সদসত্বে কার্য্য বস্তুতঃ সত্বাসত্ব নিরূপণে বিবাদে ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ১ ॥

আয়ুষ্মন্নিতি নিত্যযোগে মতুপপ্রত্যয়ঃ ॥ ২ ॥

তত্র সর্ব্বেণাপি মতেন স্বমতমনুবাদয়ং স্তুতং প্রশংসতি যুক্তমিতি। যুক্তমেব

তত্ত্বের সংখ্যা করিয়াছেন, তাহা আপনি আজ্ঞা করুন, আমি শুনিয়াছি যে আপনি অষ্টাবিংশতি প্রকার তত্ত্বের সংখ্যা করিয়াছেন, কিন্তু অন্যেরা কেহ ষড়্‌বিংশতি, কেহ পঞ্চবিংশতি, কেহ নয়, কেহ সাত, কেহ ছয়, কেহ চারি, কেহ একাদশ, কেহ সপ্তদশ, কেহ ষোড়শ, কেহ ত্রয়োদশ সংখ্যা করিয়াছেন ॥ ১ ॥

হে নিত্যমূর্ত্তে! ঋষিগণ কি অভিপ্রায়ে এই রূপ পৃথক্ পৃথক্ তত্ত্ব সংখ্যার নানাত্ব নির্ণয় করেন, তাহা আপনি আমার নিকট বলিতে যোগ্য হউন ॥ ২ ॥

ভগবান্ কহিলেন ব্রাহ্মণেরা যাহা নির্ণয় করিয়াছেন তাহা অযুক্ত

মায়াং মদীয়ামুদ্গৃহ্য বদতাং কিং নু দুর্ঘটং ॥ ৩ ॥
নৈতদেবং যথাত্থত্বং যদহং বচ্মি তত্তথা।
এবং বিবদতাং হেতুং শক্তয়ো মে দুরত্যয়াঃ ॥ ৪ ॥
যাসাং ব্যতিকরাদাসীদ্বিকল্পো বদতাং পদং।

ব্রাহ্মণা ভাষন্তে তদযুক্তঞ্চ বস্তুতঃ যস্মাৎ সন্তি সর্ব্বত্রান্তর্ভূতানি তত্ত্বানি কিঞ্চ মায়ামিতি অসত্ত্বেঽপি মায়াশ্রয়ত্বাৎ ঘটতে এবেত্যর্থঃ উদ্গৃহ্য স্বীকৃত্য নহি মরীচি জল পরিমাণাদি বিবাদে কিঞ্চিদঘটিতমস্তি ভবতি ॥ ৩ ॥

নন্ন যদি সর্ব্বমেব যুক্তং কুতো বিবাদ কিঞ্চ যদি মায়ৈবালম্বনং কুতো হেতুং প্রতি বিবাদঃ তত্রাহ নৈতদিতি হেতুং প্রতিচ বিবদমানানাং মদীয়া দুরতিক্রমাঃ শক্তয়ঃ সত্ত্বাদ্যাঃ অন্তঃকরণ বৃত্তি বিশেষ রূপেণ পরিণতা এব হেতুরিত্যর্থঃ ॥ ৪ ॥

তাসাং বিবাদ হেতুত্বমুপপাদয়তি যাসাং ব্যতিকরাৎ ক্ষোভাৎ বদতাং পদং বিষয়ঃ

ক্রমসন্দর্ভঃ

ভাসন্তে। যতো ব্রহ্মণা বেদজ্ঞাস্তে সর্ব্বত্র যথা বদেব ভাষন্তে নন্ন যদি সর্ব্বমেব যুক্তং তর্হ্যন্য মতানি পরিত্যজ্য কথং স্ব স্ব মতং প্রবেশয়েয়ুঃ তত্রাহ মায়ামিতি। মরু মরীচিকাদীনামপি তাবদ্দেশ পরিচ্ছিন্নত্বাৎ পরিমাণ তারতম্য মস্ত্যেবেতি স্বীয়াষ্টাবিংশতি পক্ষস্থাপনীয়মস্ত্যেবেতি ভাবঃ। মায়াত্রাচিন্ত্য শক্তি র্নত্বসত্বাত্মিকাঽবিদ্যা। তা মুদ্গৃহ্যালম্ব্য তত্র মদীয়ামিতি তেষাং যৎ কিঞ্চিত্তদালম্বনাত্তস্যাঃ পূর্ণায়া মদেকালম্বনত্বাৎ স্ব স্বৈক বেদ্যা। যৎ কিঞ্চিদ্যুক্তিস্তেষপ্যস্তি কিন্তু মদীয়া যুক্তিরেব সর্ব্ব প্রকাশিকেতি ভাবঃ ॥ ৩ ॥

তথৈবাহ নৈতদিতি। মম শক্তয়ো নানাতর্ক্য রূপা এব হেতব ইত্যর্থঃ ॥ ৪ ॥

তদেব যোজয়তি। যাসামচিন্ত্যানাং শক্তীনামেব ব্যতিকরাদাসঙ্গাদ্ধেতোঃ সর্ব্বোপি

নহে, যে হেতু সর্ব্বত্রই সকল তত্ত্ব অন্তর্ভূত আছে, আমার মায়া স্বীকার করিয়া যিনি যাহা বলিয়াছেন, তাহা কিছুই দুর্ঘট নহে ॥ ৩ ॥

তুমি যাহা বলিতেছ তাহাই ন্যায্য, এই প্রকার হেতুর প্রতি বিবদমান লোকদিগের সম্বন্ধে আমার শক্তি রূপ দুরত্যয় তাহাদিগের অন্তঃকরণের পরিণাম বিশেষই বিবাদের হেতু ॥ ৪ ॥

যে বিবাদিদিগের বিকল্প বিষয় ক্ষোভেতে উৎপন্ন হয়, শম দম

প্রাপ্তে শমদমেঽপ্যেতি বাদস্তমনুশাম্যতি ॥ ৫ ॥
পরস্পরানুপ্রবেশাত্তত্ত্বানাং পুরুষর্ষভ।
পৌর্ব্বাপর্য্য প্রসংখ্যানং যথা বক্তুর্বিবক্ষিতং ॥ ৬ ॥
একস্মিন্নপি দৃশ্যন্তে প্রবিষ্টানীতরাণিচ।

বিকল্পো ভেদ আসীৎ। অন্তঃকরণ বৃত্তি বিকল্পো বা তন্মূল ভূতঃ এতদেব ব্যতিরেকেণ দ্রঢ়য়তি শমদময়োর্ম্মৈর্ব্ব্যক্যং তস্মিন্ প্রাপ্তে বিকল্পোঽপ্যেতি লীয়তে তঞ্চ বিকল্প মনুবাদঃ শাম্যতীতি ॥ ৫ ॥

সন্তি সর্ব্বত্রেতি যদুক্তং তৎ প্রপঞ্চয়তি পরস্পরেতি দ্বাভ্যাং অন্যোন্যস্মিন্ননুপ্রবেশাৎ বক্তুর্যথা বিবক্ষিতং তথা পূর্ব্বং কারণং অপরং কার্য্যং কার্য্যকারণ ভাবেন প্রসংখ্যানং ভবতি যদ্বা পূর্ব্বা অল্প সংখ্যা অপরা অধিক সংখ্যা তয়োর্ভাবঃ পৌর্ব্বাপর্য্যং তেন প্রসংখ্যানং গণনমিতি ॥ ৬ ॥

অনুপ্রবেশং দর্শয়তি একস্মিন্নপীতি পূর্ব্বস্মিন্ কারণ ভূতে তত্ত্বে কার্য্য তত্ত্বানি সূক্ষ্মরূপেণ

ক্রমসন্দর্ভঃ।

বিকল্পো মতভেদো ভেদ মাত্রং বা বদতাং বা বিষয়ো ভবতি নতু বিকল্পঃ শমদমে মন্নিষ্ঠান্তঃকরণ বিহিত বাহ্যেন্দ্রিয় নিগ্রহে প্রাপ্তে সতী লীয়তে অপগচ্ছতি। সর্ব্ব বিলক্ষণেশ্বরতত্ত্ব মাত্রাগ্রহাৎ। ততঃ স্বতএব তদনুবাদঃ শাম্যতীতি ॥ ৫ ॥

বক্তুর্যথা বিবক্ষিতং তথা প্রসংখ্যানং ভবতীতি শেষঃ ॥ ৬ ॥

একস্মিন্ তত্ত্বে ইতরাণি তত্ত্বানি প্রবিষ্টানি দৃশ্যন্তে একস্মিন্ কস্মিন্ পূর্ব্বস্মিন্ পরস্মিন্

সাধন দ্বারা তাহাদিগের সেই বিকল্প নষ্ট হয় এবং নাশের পশ্চাৎ বিবাদও শান্তি পায় ॥ ৫ ॥

হে পুরুশ্রেষ্ঠ উদ্ধব! তত্ত্ব সকলের পরস্পর অনুপ্রবেশ দ্বারা বক্তার বিবিক্ষানুসারে কার্য্য কারণ ভাবে তাহাদিগের গণনা হইয়া থাকে ॥ ৬ ॥

এক তত্ত্বে অন্য তত্ত্বের প্রবেশ দেখিতে পাওয়া যায়, কোন স্থানে কারণ তত্ত্বে কার্য্য তত্ত্বের প্রবেশ, কোন স্থানে কার্য্য তত্ত্বে কারণ তত্ত্বের

পূর্ব্বস্মিন্ বা পরস্মিন্ বা তত্ত্বে তত্ত্বানি সর্ব্বশঃ ॥ ৭ ॥
পৌর্ব্বাপর্য্যমতোঽমীষাং প্রসংখ্যানমভীপ্সতাং।
যথা বিবিক্তং যদ্বক্ত্রং গৃহ্নীমো যুক্তিসম্ভবাৎ ॥ ৮ ॥
অনাদ্যবিদ্যা যুক্তস্য পুরুষস্যাত্ম বেদনং।
স্বতো ন সম্ভবেদন্য স্তত্ত্বজ্ঞো জ্ঞানদো ভবেৎ ॥ ৯ ॥

প্রবিষ্টানি মৃদি ঘটবৎ অপরস্মিন্ কার্য্য তত্ত্বে কারণ তত্ত্বান্যনুগতত্বেন প্রবিষ্টানি ঘটে মৃদ্বৎ ॥ ৭ ॥

অবিরোধমুপসংহরতি অতোঽমীষাং তত্ত্বানাং পৌর্ব্বাপর্য্যং কারণ কার্য্যত্বং তত্ব প্রসংখ্যানঞ্চ ন্যূনাধিকমভীপ্সতাং বাদিনাং মধ্যে যথা যথা বিবক্ষয়া যদ্বক্ত্রং যস্য মুখং প্রবর্ত্ততে তৎ সর্ব্বং বিবিক্তং নিশ্চিতং বয়ং গৃহ্নীমঃ উক্ত ন্যায়েন সর্ব্বত্র যুক্তেঃ সম্ভবাৎ ॥ ৮ ॥

নন্নু কার্য্যকারণ তত্ত্বানাং পৃথক্ত্বাপৃথক্ত্ব বিবক্ষয়া ভবতু নাম সংখ্যা ভেদঃ জীবেশ্বর য়োস্তু কথং ভেদাভেদ বিবক্ষায়া ষড়বিংশতি পঞ্চ বিংশতি পক্ষৌ প্রবৃত্তৌ অত আহ অনাদীতি স্বতো ন সম্ভবতি অন্যতস্তু সম্ভবতি অতঃ সর্ব্বজ্ঞঃ পরমেশ্বরোঽন্যো ভবেদিতি ষড়্বিংশতি পক্ষাভিপ্রায়ঃ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

বেত্যন্বয়ঃ। যথেত্যেতদধিকমাদাবধ্যাহৃত্য পূর্ব্বস্মিন্ কারণ ইত্যাদি টীকা যোজ্যা ॥ ৭ ॥ ৮ ॥

আত্মবেদনমপি ন সম্ভবতি কুতঃ পরমাত্ম বেদনমিত্যর্থঃ। ততশ্চানির্মোক্ষ প্রসঙ্গা দীশ্বরাখ্য পরমাত্ম পর্য্যন্ত জ্ঞানায় জীবাখ্য পুরুষাদন্য স্তত্ত্বজ্ঞো জ্ঞানদো ভবেৎ সংভাব্যতে। সতু স্বয়ং প্রকাশ জ্ঞান ঈশ্বর ইতি ভাবঃ ॥ ৯ ॥

প্রবেশ হইয়া থাকে ॥ ৭ ॥

অতএব এই তত্ত্ব সকলের ন্যূনাধিক ভাব বা কার্য্য কারণ ভাব বাদিদিগের মধ্যে যে বিবিক্ষায় যাহার মুখ প্রবৃত্ত হয়, যুক্তি অনুসারে যথা সম্ভব রূপে সে সমুদায়ই আমরা গ্রহণ করিয়া থাকি ॥ ৮ ॥

অনাদ্য বিদ্যাক্রান্ত পুরুষের স্বভাবত আত্মজ্ঞান সম্ভব হয় না, অতএব তত্ত্বজ্ঞ পুরুষ জীব হইতে সর্ব্বজ্ঞ ঈশ্বর ভিন্ন রূপে তাঁহাকে জ্ঞানোপদেশ করিবেন ॥ ৯ ॥

পুরুষেশ্বরয়োরত্র ন বৈলক্ষণ্যমণ্বপি।
তদন্য কল্পনা পার্থা জ্ঞানঞ্চ প্রকৃতে গুর্ণঃ॥ ১০ ॥
প্রকৃতিগুর্ণ সাম্যং বৈ প্রকৃতের্নাত্মনো গুর্ণাঃ।

কথং তর্হি পঞ্চবিংশতি পক্ষস্তত্রাহ পুরুষেতি বৈলক্ষণ্যং বিসদৃশত্বং নাস্তি দ্বয়োরপি চিদ্রূপত্বাৎ অতস্তয়োরত্যান্তমন্যত্ব কল্পনা অপার্থা ব্যর্থা এবং পঞ্চবিংশতি পক্ষ প্রবৃত্তিরিত্যর্থঃ। নন্বেবমীশ্বর প্রসাদ লভ্য জ্ঞানস্থ পৃথক্ত্বাৎ পক্ষদ্বয়মপি ন ঘটতে অত আহ জ্ঞানঞ্চেতি সত্ত্ব গুণ বৃত্তিত্বাত্তদস্ত ভূর্তমিত্যর্থঃ॥ ১০ ॥

নন্ু জ্ঞানং জীবধর্ম্মঃ কথং প্রকৃতে গুর্ণঃ স্যাদত্রাহ প্রকৃতিরিতি গুণ সাম্যং হি প্রকৃতিরতঃ তদ্বিশেষ রূপা গুণাঃ তস্যা এব নাত্মনঃ জীবস্থ অকর্ত্তৃত্বাৎ তস্ত স্থিত্যাদি হেতু ভূত্ত

ক্রমসন্দর্ভঃ।

অন্তেতু পূর্ব্বোক্ত বৈশিষ্টমবুদ্ধা কিন্তু চিন্মাত্র রূপত্বেনাবৈশিষ্ট্যং বুদ্ধৈবং বদন্তীত্যাহ পুরুষেতি। তর্হি তন্মতে পুরুষস্থ জ্ঞানং কুতঃ স্যাৎ। তত্র চৈবং বদন্তীত্যাহ। জ্ঞানঞ্চ তৎ প্রকৃতেরেব গুণঃ ততশ্চ তদ্গুণ গণ প্রবাহেষু ভ্রমতস্তস্থ কদাচিত্তেন সম্বন্ধঃ স্যাৎ। নদী প্রবাহে ভ্রমত স্তারক কাষ্ঠাদিনেচেতি ভাবঃ ॥ ১০ ॥

তর্হি ভগবন্মতাষ্টাবিংশতি পক্ষোদ্দলকঃ ষড়বিংশতিঃ পক্ষঃ কথং সিদ্ধান্তীত্যাশঙ্ক্য তন্নিরস্থন্ পুনঃ পূর্ব্বমতং স্থাপয়তি। প্রকৃতিরিতি সার্দ্ধেন। গুণানাং সত্ত্বাদীনাং সাম্যমেব প্রকৃতিঃ। প্রকৃতে গুর্ণাঃ তেতু আত্মনো ন ভবন্তীতি যে প্রকৃতে গুর্ণাঃ সত্ত্বাদয় স্তে আত্মনঃ পুরুষস্থ যে গুণা জ্ঞানানন্দাদয় স্তে প্রকৃতের্নেতি। কিমুতেশ্বর গুণানাং বার্ত্তেত্যর্থঃ। প্রকৃতে গুর্ণাশ্চ কেবলং প্রপঞ্চ স্থিত্যাদি হেতব ইত্যাহ তত্রৈব সত্ত্বং রজ ইত্যর্দ্ধেন। অন্ত শব্দেনাত্র চাত্যন্তিক প্রলয় রূপো মোক্ষোপি গৃহ্যতে। তমঃ কারণস্থৈব

কিন্তু জীব ও ঈশ্বর উভয়ের চিদ্রূপত্ব প্রযুক্ত তদুভয়ের অণুমাত্র বৈলক্ষণ্য নাই, অতএব তদুভয়ের ভিন্নত্ব কল্পনা সম্ভব নহে, কিন্তু জ্ঞান সত্ত্ব গুণান্তর্গত প্রকৃতির গুণ মাত্র॥ ১০ ॥

সত্ত্বাদি গুণের সাম্যাবস্থার নাম প্রকৃতি, অতএব তদ্বিশেষ রূপ গুণ সকল প্রকৃতির অঙ্গ আত্মার নহে, সেই সত্ত্ব রজঃ তমঃ তিনটী গুণ স্থিতি

সত্বং রজস্তম ইতি স্থিত্যুৎপত্ত্যন্ত হেতবঃ ॥ ১১ ॥
সত্বং জ্ঞানং রজঃ কর্ম্ম তমোঽজ্ঞান মিহোচ্যতে।
গুণ ব্যতিকরঃ কালঃ স্বভাবঃ সূত্রমেবচ ॥ ১২ ॥
পুরুষঃ প্রকৃতির্ব্যক্তমহঙ্কারো নভোঽনিলঃ।

গুণাশ্রয়ত্বানুপপত্তেঃ ॥ ১১ ॥

অতঃ স্বত্বং সত্বময়ং জ্ঞানং প্রকৃতে গুণ ইতি পূর্ব্বেণৈব সম্বন্ধঃ। নন্বু তন্নির্ব্বর্ত্ত্যং কর্ম্মচ অজ্ঞানঞ্চ তত্বান্তরং স্যাৎ জঃ কর্ম্ম রজসো বৃত্তিঃ অজ্ঞানঞ্চ তমসঃ অতঃ কর্ম্মাজ্ঞানয়ো রজ স্তমো দ্বারা প্রকৃতাবেবান্তর্ভাব ইতি ভাবঃ। তথাপি কাল স্বভাবয়ো স্তত্বান্তরতা স্যাৎ ন গুণানাং ব্যতিকরো যস্মাৎ স ঈশ্বর এব কালো নাম স্বভাবো নাম সূত্রং মহত্তত্বমেব তস্য সর্ব্ব শক্তিমত্বাৎ ॥ ১২ ॥

তদেবং জ্ঞানাদীনাং যথা যথমন্তর্ভাবাৎ পক্ষদ্বয়েপি ন তত্ব বৃদ্ধিঃ এতচ্চ পক্ষান্তরেষ্বপি জ্ঞেয়ং স্বমতেতু গুণানামাগমাপায়িত্বাৎ প্রকৃতে র্ভেদো বিবক্ষিতঃ অতো গুণাঃ ত্রীণি

ক্রমসন্দর্ভঃ।

প্রলয়স্য ক্রম প্রাপ্তত্বাৎ মোক্ষস্য জ্ঞান হেতুকত্বাৎ ॥ ১১ ॥

যচ্চ সত্বং জ্ঞানং রজঃ কর্ম্ম তমঃ অজ্ঞানমিতি। তদপীহ প্রপঞ্চ এবোচ্যতে ভেদেন ব্যপদিশ্যতে মাত্রং নতু বস্তু বিচারে সতীতি ভাবঃ। তৎ সমুদায়স্য প্রকৃতেরেব জড়ত্বাৎ। প্রত্যক চিদাভাস সম্বন্ধেনৈব জ্ঞানস্য ব্যপদেশাচ্চ। সচ ন পরোক্ষস্য তজ্জ্ঞানস্য হেতুঃ। তদা স্ফুরত্যপি তস্মিং স্তদনুৎপত্তেঃ। নতরাঙ্গাপরোক্ষস্য নহি গৃহান্তর্গত স্বপ্রকাশ ভাসেন সূর্য্যঃ প্রকাশ্যতে অপিতু স্বপ্রকাশ তয়ৈবেতি। ততঃ স যদজ্ঞয়াস্বজামিত্যাদ্যুক্ত দিশা অনাদ্য বিদ্যা যুক্তত্বেন পিহিতে জ্ঞানস্য পুরুষস্য মোক্ষার্থ মন্বেষ্টব্যো জ্ঞানদোঽস্য ঈশ্বর এবাবসীয়তে এব মেবানুবদিষ্যতে শ্রোত্রাপি ত্বত্তোজ্ঞানং হি জানামিতি পরাভিধ্যানাৎ সতু তিরোহিতং ততোঽস্য বন্ধ বিপর্য্যয়াবিত্যত্র পরৈরপ্যেতদঙ্গীকৃতং। তদেবঞ্চ জ্ঞানং সংবিদাখ্য স্বরূপশক্তেরংশস্য বদন্তঃ পাত্যেবেতি গুণত্রয়ঞ্চ ত্রৈগুণ্যস্য প্রকৃতে রঙ্গত্রয়মিতি

উৎপত্তি ও বিনাশের কারণ ॥ ১১ ॥

জ্ঞান সত্ব গুণময় বলিয়া নির্দ্দিষ্ট হয়, আর গুণ সমুদায়ের পরস্পর যথা সম্ভব একত্রী করণের নাম কাল, স্বভাব ও মহত্তত্ত্ব ॥ ১২ ॥

পুরুষ, প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার, আকাশ, বায়ু, তেজ, জল ও

জ্যোতিরাপঃ ক্ষিতিরিতি তত্ত্বান্যুক্তানি মে নব ॥ ১৩ ॥
শ্রোত্রং ত্বগ্দর্শনং ঘ্রাণং জিহ্বেতি জ্ঞানশক্তয়ঃ।
বাক্ পাণ্যুপস্থ পায্বঙ্ঘ্রিঃ কর্ম্মাণ্যঙ্গোভয়ং মনঃ ॥ ১৪ ॥
শব্দস্পর্শোরসো গন্ধোরূপঞ্চেত্যর্থ জাতয়ঃ।

তত্ত্বানি অপরাণি পঞ্চবিংশতি তত্ত্বানি পূর্ব্বোক্ত পক্ষদ্বয় সাধারণানি দর্শয়তি পুরুষ ইতি সার্দ্ধ দ্বাভ্যাং ব্যক্তং মহত্তত্ত্বং নভ আদীনি তন্মাত্রাণি মে ময়া ॥ ১৩ ॥

একাদশ দর্শয়তি শ্রোত্রমিতি দর্শনং চক্ষুঃ জ্ঞানশক্তয়ঃ জ্ঞানেন্দ্রিয়াণি পঞ্চ বাগাদি পায়ন্তানি দ্বন্দ্বৈকোনোক্তানি চত্বারি অঙ্ঘ্রিশ্চেতি কর্ম্মাণি কর্ম্মেন্দ্রিয়াণি পঞ্চ উভয়ং উভয়াত্মকং মনঃ অঙ্গ হে উদ্ধব। এবমেতান্যেকাদশ ॥ ১৪ ॥

পঞ্চ দর্শয়তি শব্দাদীনি বিষয় তয়া পরিণতানি পঞ্চ মহাভূতানি। নমু গত্যাদিভিস্তত্ত্বা

ক্রমসন্দর্ভঃ।

ন ত্বাধিক্যমপীতি ভাব তদেবং ষড়্বিংশতি পক্ষএব সুবিবিক্ত ইতি দর্শিতং। এবং ষড়্বিংশতি পক্ষ স্থাপয়িত্বা তত্রচ প্রকৃতে গুণা ইত্যুক্ত্বা গুণত্রয়শ্চাধিক্যং বাধমানো ন বৈকাদশ পঞ্চ ত্রীণ্যাত্থত্বমিতি তৎ প্রশ্নানুবাদেন গণশঃ স্বমতং গণয়তি গুণেতি ত্রয়েণ তত্র স্বমতাধিক সংখ্যা হেতূন্ ত্রীণি তত্ত্বানি প্রথমতো দর্শয়তি অর্দ্ধেন গুণেতি ত্রয়েণ তত্র স্বমতাধিক সংখ্যা হেতূন্ ত্রীণী তত্ত্বানি প্রথমতো দর্শয়ত্যর্দ্ধেন গুণেতি গুণানাং ব্যতিকরঃ ক্ষোভো যস্মাৎ। এবম্ভূতঃ কালঃ কালাখ্য স্বচেষ্টাত্মক ঈশ্বর স্তাবদেক স্বভাব স্তত্তদ্বৈশিষ্ট্য প্রাপ্ত হেতুঃ। কর্ম্ম বাসনা দ্বিতীয়ং বক্ষ্যতেচ সাংখ্য কথনে ময়া কালাত্মনা ধাত্রা কর্ম্ম যুক্তমিদং জগদিতি সূত্রং ক্রিয়া শক্ত্যাত্মক মুখ্য প্রাণাখ্যং তৃতীয়ং। বক্ষ্যতেচ। মহান্ সূত্রেণ সংযুত ইতি ॥ ১২ ॥

অথ নবৈকাদশ পঞ্চক্রমেণ গণয়তি পুরুষ ইতি সার্দ্ধদ্বয়েন পুরুষো জীবঃ। ব্যক্তং মহত্তত্ত্বং জ্ঞানশক্ত্যাত্মকং নভ আদীনি মহাভূতানি ॥ ১৩ ॥ ১৪ ॥

শব্দাদয়ো বিষয়াঃ ভূত সূক্ষ্মাণীত্যর্থঃ। ইতি ঈশ্বরাদয়োঽষ্টাবিংশতি রুক্তাঃ। তত্র

পৃথিবী এই নয় ॥ ১৩ ॥

শ্রোত্র, ত্বক্, চক্ষু, ঘ্রাণ ও জিহ্বা এই পাঁচ কর্ম্মেন্দ্রিয় এবং বাক্, পাণি, উপস্থ, পায়ু, পাদ, এই পাঁচ কর্ম্মেন্দ্রিয়, আর উভয়াত্মক মন, এই একাদশ ॥ ১৪ ॥

শব্দ, স্পর্শ, রস, গন্ধ ও রূপ এই পাঁচ বিষয় রূপে পরিণত পঞ্চ

গত্যুক্ত্যুৎসর্গ শিল্পানি কর্ম্মায়তন সিদ্ধয়ঃ ॥ ১৫ ॥
সর্গাদৌ প্রকৃতির্হ্যস্য কার্য্যকারণ রূপিণী।
সত্ত্বাদিভির্গুণৈর্ধত্তে পুরুষোঽব্যক্ত ঈক্ষতে ॥ ১৬ ॥
ব্যক্তাদয়ো বিকুর্ব্বাণা ধাতবঃ পুরুষেক্ষয়া।
লব্ধবীর্য্যাঃ সৃজন্ত্যণ্ডং সংহতাঃ প্রকৃতের্বলাৎ ॥ ১৭ ॥
সপ্তৈব ধাতব ইতি তত্রার্থাঃ পঞ্চ খাদয়ঃ।

ধিক্যং পক্ষত্রয়েপি স্যাদিত্যাহ গতীতি গতিশ্চ উৎপত্তিশ্চ উৎসর্গশ্চ শিল্পঞ্চ তানি কর্ম্মায়তনানাং কর্ম্মেন্দ্রিয়াণাং সিদ্ধয়ঃ ন তত্ত্বান্তরাণীত্যর্থঃ ॥ ১৫ ॥

তদেবং মতত্রয়ে তত্ত্ব সংখ্যা ভেদং নিরূপ্য সদ্বিবক্ষয়া গায়ন্তীতি যৎ পৃষ্টং তত্তন্মত তাৎপর্য্যং দর্শয়তি সর্গাদাবিতি কার্য্যাণি ষোড়শ বিকারাঃ কারণানি মহদাদীনি সপ্ত তদ্রূপিণী সতী প্রকৃতি রস্য বিশ্বস্য স্বর্গাদৌ গুণৈঃ সৃজ্যত্বাদ্যবস্থাঃ ধত্তে উপাদান কারণ ভূতত্বাৎ পুরুষস্তু অব্যক্তঃ অপরিণামী নিমিত্ত ভূতঃ কেবলমীক্ষতে অতঃ পরিণামিন্যাঃ প্রকৃতেঃ পুরুষো ভিন্ন ইতি। ১৬ ॥

ইদানীং ততঃ সর্ব্ব প্রপঞ্চোৎপত্তি প্রকারমাহ তস্য হীতি ত্রয়স্ত্রি সংখ্যা যুক্তা ভাবা যৈ রকারোকার মকারৈ র্ধার্য্যন্তে তৎ কারণত্বাৎ তানেবাহ গুণাঃ সত্বাদয়ঃ নামানি ঋগ্‌যজুঃ

ক্রমসন্দর্ভঃ।

মাহ। যেন বাগাদীন্দ্রিয়মপি ব্যজ্যতে। যস্য চাত্মনো ব্যক্তিঃ কার্য্যরূপেণাবির্ভাবঃ শব্দাশ্রয় আকাশঃ কিমুত স্পর্শাদ্যাশ্রয়ো বায্বাদিরিত্যর্থঃ। তস্মাজ্জীবস্তু তদুপাসনয়া তদনুগ্রহেণৈব শৃণোতীতি ভাবঃ ॥ ৩৫ ॥

সাক্ষাদ্বাচক ইতি। মায়াবাদিনামিব লক্ষণানাদৃতা। ওমিত্যেবং ব্রহ্মণো নির্দ্দিষ্টং নামেতি শ্রুতেঃ ॥ ৩৬ ॥

ত ইতি স্বরা উদাত্তাদয়ঃ। হ্রস্ব দীর্ঘাদয়স্ত সপ্ততা অচঃ। বিসর্গাদয়শ্চত্বারশ্চ।

হৃদয়াকাশে আত্মা হইতে যাহা প্রকাশিত হয়, তাহাই স্ফোট রূপ ওঙ্কার ॥ ৩৫ ॥

তাহা স্বপ্রকাশ পরমাত্মা ব্রহ্মের সাক্ষাৎ বাচক শব্দ, এবং সমুদায় বৈদিক মন্ত্রোপনিষদের নিত্য বীজ স্বরূপ ॥ ৩৬ ॥

হে ভার্গব! অনন্তর সেই অব্যক্ত স্ফোট রূপ ওঙ্কারের অকার উকার মকার এই তিনবর্ণ প্রকাশ হইল এবং সেই বর্ণত্রয় ক্রমশঃ

ধার্য্যন্তে যৈস্ত্রয়ো ভাবা গুণানামার্থবৃত্তয়ঃ ॥ ৩৭ ॥
ততোঽক্ষর সমাম্নায়মসৃজদ্ভগবানজঃ।
অন্তস্থোষ্ম স্বর স্পর্শ হ্রস্ব দীর্ঘাদি লক্ষণং ॥ ৩৮ ॥
তেনাসৌ চতুরো বেদাং শ্চতুর্ভির্বদনৈর্বিভুঃ।
সব্যাহৃতিকান্ সোঙ্কারাং শ্চাতুর্হোত্র বিবক্ষয়া ॥ ৩৯ ॥
পুত্রানধ্যাপয়ত্তাংস্তু মহর্ষীন্ ব্রহ্মকোবিদান্।
তেতু ধর্ম্মোপদেষ্টারঃ স্বপুত্রেভ্যঃ সমাদিশন্ ॥ ৪০ ॥

সামানি অর্থা ভূর্ভুবঃ স্বর্লোকাঃ বৃত্তয়ো জাগ্রদাদ্যাঃ ॥ ৩৭ ॥

ততস্তেভ্যো বর্ণেভ্যঃ অক্ষরাণাং সমাম্নায়ং সমাহারং তমেবাহ অন্তস্থা যরলবাঃ উষ্মাণঃ শষসহাঃ স্বরা অকারাদ্যাঃ স্পর্শাঃ কাদয়ঃ হ্রস্ব দীর্ঘাশ্চ আদি শব্দাজ্জিহ্বামূলীয়াদয়ঃ এব লক্ষণং স্বরূপং যস্য তং ॥ ৩৮ ॥

বিভুশ্চতুর্মুখ স্বরূপো ভগবান্ অসৃজদিতি পূর্ব্বস্যৈবানুষঙ্গঃ। চাতুর্হোত্র বিবক্ষয়া চত্বারো হোত্রোপলক্ষিতা ঋত্বিজ শ্চতুর্হোতারঃ তৈরনুষ্ঠেয়ং হৌত্রাধ্বর্য্যবাদিকং কর্ম্ম চাতুর্হোত্রং তদ্বিবক্ষয়া ॥ ৩৯ ॥

পুত্রান্ মরীচ্যাদীন্ তান্ বেদান্ ব্রহ্মকোবিদান্ বেদোচ্চারণাদি নিপুণান্ ॥ ৪০ ॥

ক্রমসন্দর্ভঃ।

সোঙ্কারানিত্যোঙ্কারস্য কারণস্যাপি কার্য্যেষু পুনরুক্তি বৈধর্য্যবস্থা ভেদেন ॥৩৭।৩৮।৩৯।৪০।৪১।৪২।৪৩॥

সত্ত্বাদি গুণ, ঋগাদি নাম, ভূরাদি অর্থ এবং জাগ্রদাদি বৃত্তি ধারণ করিল ॥ ৩৭ ॥

অনন্তর ভগবান্ ব্রহ্মা তাহা হইতে অন্ত্যস্থ, উষ্ম, স্বর, স্পর্শ, হ্রস্ব ও দীর্ঘাদি লক্ষণ অক্ষর সমাহার সৃষ্টি করিলেন ॥ ৩৮ ॥

পরে পুনর্ব্বার তাহা হইতে চারিবদন দ্বারা চাতুর্হোত্র কর্ম্মানুষ্ঠানের নিমিত্ত ব্যাহৃতি ও ওঙ্কারের সহিত চারি বেদ উৎপন্ন করিলেন ॥ ৩৯ ॥

এবং বেদোচ্চারণ নিপুণ স্বীয় পুত্র মহর্ষি মরীচ্যাদিকে সেই বেদ সকল অধ্যয়ন করাইলেন, অনন্তর তাঁহারা ধর্ম্মোপদেষ্টা হইয়া স্ব স্ব পুত্রগণকে তাহার শিক্ষা দিলেন ॥ ৪০ ॥

তে পরম্পরয়া প্রাপ্তাস্তত্তচ্ছিষ্যৈর্ধৃতব্রতৈঃ।
চতুর্যুগেষ্বথ ব্যস্তা দ্বাপরাদৌ মহর্ষিভিঃ ॥ ৪১ ॥
ক্ষীণায়ুষঃ ক্ষীণ সত্ত্বান্ দুর্ম্মেধান্ বীক্ষ্য কালতঃ।
বেদান্ ব্রহ্মর্ষয়ো ব্যস্যন্ হৃদিস্থাচ্যুতচোদিতাঃ ॥ ৪২ ॥
অস্মিন্নপ্যন্তরে ব্রহ্মন্ ভগবান্ লোকভাবনঃ।
ব্রহ্মেশাদ্যৈ র্লোকপালৈ র্যাচিতো ধর্ম্মগুপ্তয়ে ॥ ৪৩ ॥
পরাশরাৎ সত্যবত্যামংশাংশ কলয়া বিভুঃ।
অবতীর্ণো মহাভাগ বেদং চক্রে চতুর্ব্বিধং ॥ ৪৪ ॥

এবং চতুর্যুগেষু প্রাপ্তা দ্বাপরাদৌ দ্বাপরমাদি র্যস্য তদংশ লক্ষণস্য কালস্য তস্মিন্ দ্বাপরান্তে বেদবিভাগ প্রসিদ্ধেঃ শাস্ত্রস্য সমকাল ব্যাসাবতার প্রসিদ্ধেশ্চ ব্যস্তা বিভক্তাঃ ॥৪১

তত্র হেতুঃ ক্ষীণায়ুষো জনান্ তর্হি পুরুষ বুদ্ধি প্রভবত্বাদনাদরণীয়ং স্যাদিত্যাশঙ্ক্যাহ হৃদিস্থেতি ॥ ৪২ ॥

এবং সামান্যতো বিভাগ ক্রমমুক্ত্বা বৈবস্বত মন্বন্তরে বিশেষতো নিরূপয়িতু মাহ অস্মিন্নপীতি ॥ ৪৩ ॥

অংশো মায়া তস্যা অংশঃ সত্ত্বং তস্য কলয়া অংশেনাবতীর্ণঃ সন্ ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

অংশো মহাপুরুষঃ তস্যাংশো বিষ্ণুঃ। তস্য কলয়া অংশেন বিভু র্ভগবান্ ॥৪৪।৪৫।৪৬।৪৭।৪৮।৪৯।৫০।৫১।৫২।৫৩।৫৪।৫৫ ৫৬।৫৭॥

পরে তাহাদিগের শিষ্য প্রশিষ্য ক্রমে চতুর্যুগে পরম্পর তাহা প্রাপ্ত হইলেন, অনন্তর দ্বাপরান্তে মহর্ষিরা বেদ সকলকে ক্রমশ বিভক্ত করিলেন ॥ ৪১ ॥

কারণ মহর্ষিরা কাল সহকারে লোক সকলকে ক্ষীণায়ু, দুর্বুদ্ধি ও হীনবল দেখিয়া হৃদিস্থিত অন্তর্যামি কর্ত্তৃক প্রেরিত হইয়া বেদ সকলকে বিভক্ত করিলেন ॥ ৪২ ॥

হে ব্রহ্মন্! এই সময়ে ধর্ম্ম রক্ষা করিবার নিমিত্ত ব্রহ্মাদি লোক-পাল কর্ত্তৃক ধর্ম্ম রক্ষার্থ প্রার্থিত হইয়া ভগবান্ ভূতভাবন নারায়ণ ॥ ৪৩

পরাশর হইতে সত্যবতীর গর্ব্ভে অংশ কলা রূপে অবতীর্ণ হইয়া বেদকে চারি প্রকারে বিভক্ত করিলেন ॥ ৪৪ ॥

ঋগথর্ব্ব যজুঃ সাম্নাং রাশীনুদ্ধৃত্য বর্গশঃ।
চতস্রঃ সংহিতাশ্চক্রে মন্ত্রৈর্ম্মণিগণা ইব ॥ ৪৫ ॥
তাসাং স চতুরঃ শিষ্যানুপাহূয় মহামতিঃ।
একৈকাং সংহিতাং ব্রহ্মন্নেকৈকস্মৈ দদৌ বিভুঃ ॥ ৪৬ ॥
পৈলায় সংহিতামাদ্যাং বহ্বৃচাখ্যামুবাচহ।
বৈশম্পায়ন সংজ্ঞায় নিগদাখ্যং যজুর্গণং ॥ ৪৭ ॥
সাম্নাং জৈমিনয়ে প্রাহ তথা ছন্দোগসংহিতাং।
অথর্ব্বাঙ্গিরসীং নাম স্বশিষ্যায় সুমন্তবে।
পৈলঃ স্ব সংহিতামুচে ইন্দ্রপ্রমতয়ে মুনিঃ।

চাতুর্বিধ্যমাহ ঋগিতি ঋগাদি মন্ত্রাণাং রাশীন্ বর্গশঃ তত্তৎ প্রকরণ ভেদৈরুদ্ধৃত্য যথা নেকবিধমণিরাশের্ম্মণিগণাঃ পদ্মরাগাদয়ো বিবিচ্য উদ্ধ্রিয়ন্তে তদ্বদুদ্ধৃত্য তৈ র্মন্ত্রৈশ্চতস্র ঋগাদি সংহিতাশ্চক্রে ॥ ৪৫ ॥

তাসাং সংহিতানাং মধ্যে একৈকাং ॥ ৪৬ ॥

ঋক্ সমুদায় রূপত্বাৎ বহ্বৃচাখ্যাং নিতরাং প্রশ্লেষেণ গদ্যমানত্বাৎ নিগদাখ্যাং ॥ ৪৭ ॥

ছন্দঃসু গীয়মানত্বাৎ ছন্দোগাখ্যাং সংহিতাং তত্র ঋগ্বেদ শাখা বিভাগমাহ পৈল ইতি স্বসংহিতাং দ্বিধা বিভজ্য ইন্দ্রপ্রমতয়ে বাস্কলোপি স্ব সংহিতাং চতুর্দ্ধা ব্যস্য বোধ্যাদিভ্য

এবং সামান্য মণির খনি হইতে পদ্মরাগাদি মণি উদ্ধারের ন্যায় ঋক্ যজুঃ সাম অথর্ব্বের রাশী হইতে বর্গক্রমে মন্ত্র সকল উদ্ধার করিয়া সেই সকল মন্ত্রেতে চারি সংহিতা করিলেন ॥ ৪৫ ॥

পরে মহামতি কৃষ্ণদ্বৈপায়ন চারি জন শিষ্যকে আহ্বান করিয়া এক এক জনকে এক এক সংহিতা প্রদান করিলেন ॥ ৪৬ ॥

প্রথমত বহ্বৃচ নামক ঋগ্বেদ সংহিতা পৈলকে শিক্ষা দিলেন, পরে নিগদাখ্য যজুর্ব্বেদ সংহিতা বৈশম্পায়নকে উপদেশ করিলেন ॥ ৪৭ ॥

ছন্দোগ নামক সামবেদ সংহিতা জৈমিনিকে কহিলেন এবং আঙ্গীরসী নামধেয় অথর্ব্ব সংহিতা সুমন্তুকে অধ্যয়ন করাইলেন। পরে পৈল স্বীয় সংহিতা দুই ভাগ করিয়া ইন্দ্রপ্রমতিকে ও বাস্কলকে কহিলেন

বাস্কলায়চ সোপ্যাহ শিষ্যেভ্যঃ সংহিতাং স্বকাং।
চতুর্দ্ধাব্যস্য বোধ্যায় যাজ্ঞবল্ক্যায় ভার্গব।
পরাশরায়াগ্নিমিত্রায়েন্দ্রপ্রমতিরাত্মবান্।
অধ্যাপয়ৎ সংহিতাং স্বাং মাণ্ডুকেয়মৃষিং কবিং।
তস্য শিষ্যো দেবমিত্রঃ সৌভর্য্যাদিভ্য উচিবান্॥ ৪৮॥
সাকল্যস্তৎ সুতঃ স্বাস্তু পঞ্চধা ব্যস্য সংহিতাং।
বাৎস্য মুদ্গল শালীয় গোখল্য শিশিরেষ্বধাৎ॥ ৪৯॥
জাতূকর্ণস্তু তচ্ছিষ্যঃ স নিরুক্তাং স্ব সংহিতাং।
বলাক পৈল জাবাল বিরজেভ্যো দদৌ মুনিঃ॥ ৫০॥

শ্চতুর্ভ্যঃ শিষ্যেভ্য আহ হে ভার্গব ইন্দ্রপ্রমিতিরপি স্বাং সংহিতাং স্বসুতং মাণ্ডুকেয়মধ্যাপয়ামাস তস্য মাণ্ডুকেয়স্য শিষ্যো দেবমিত্রঃ॥ ৪৮॥

তৎসুতো মাণ্ডুকেয় সুতঃ সাকল্যো বাৎস্যাদিষু পঞ্চসু অধাৎ তানধ্যাপয়ামাস ইত্যর্থঃ॥ ৪৯॥

তচ্ছিষ্যঃ সাকল্য শিষ্যঃ স্বাং সংহিতাং ত্রিধা বিভজ্য চতুর্থং বৈদিক পদার্থ ব্যাখ্যান রূপং নিরুক্তঞ্চ কৃত্বা বালকাদিভ্য শ্চতুর্ভ্যো দদৌ॥ ৫০॥

এবং বাস্কল তাহা চতুর্দ্ধা বিভক্ত করিয়া বোধ্য, যাজ্ঞবল্ক্য, পরাশর ও অগ্নিমিত্র এই চারি শিষ্যকে উপদেশ দিলেন এবং ইন্দ্রপ্রমতিও স্বীয় পুত্র মাণ্ডুকেয় ঋষিকে ও মাণ্ডুকেয়ের শিষ্য দেবমিত্র সৌভর্য্যাদিকে অধ্যয়ন করাইলেন॥ ৪৮॥

পরে মাণ্ডুকেয়ের পুত্র সাকল্য সেই সংহিতাকে পাঁচ ভাগ করিয়া বাৎস্য, মুদ্গল, শালীয়, গোখল্য ও শিশির নামক পাচ শিষ্যকে প্রদান করিলেন॥ ৪৯॥

সাকল্যের শিষ্য জাতূকর্ণ স্বীয় সংহিতাকে তিনভাগ করিয়া নিরুক্তের সহিত বলাক, পৈল, জাবাল ও বিরজ এই চারিজনকে শিক্ষা দিলেন॥ ৫০॥

বাস্কলিঃ প্রতিশাখাভ্যো বালিখিল্যাখ্যসংহিতাং।
চক্রে বালায়নি র্ভজ্যঃ কাশারশ্চৈব তাং দধুঃ ॥ ৫১ ॥
বহ্বৃচাঃ সংহিতাহ্যেতা এভি র্ব্রহ্মর্ষিভির্ধৃতাঃ।
শ্রুত্বৈতচ্ছন্দসাং ব্যাসং সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৫২ ॥
বৈশম্পায়ন শিষ্যা বৈ চরকাধ্বর্য্যবোহভবন্।
যচ্চেরু ব্রহ্মহত্যাংহং ক্ষপণং স্বগুরোর্ব্রতং ॥ ৫৩ ॥
যাজ্ঞবল্ক্যস্তু তচ্ছিষ্য আহাহো ভগবন্ কিয়ৎ।

বাস্কলি পূর্ব্বোক্তস্য বাস্কলস্য পুত্রঃ প্রতিশাখাভ্য উক্ত সর্ব্ব শাখাভ্যঃ বালায়ন্যাদয়ো দৈত্যা তাং দধুঃ অধীতবন্তঃ ॥ ৫১ ॥

ঋক্ শাখোপসংহার পূর্ব্বক তচ্ছ্রবণ ফলমাহ বহ্বৃচা ইতি এতচ্ছন্দসাং এতেষাং ছন্দসাং ॥ ৫২ ॥

যযুর্ব্বেদ তৈত্তিরীয় শাখোৎপত্তেঃ প্রস্তাবনাহ বৈশম্পায়ন শিষ্যা ইত্যাদিনা চরক নাম নিরুক্তিমাহ যদস্মাচ্চেরুরিতি ব্রহ্মহত্যা ক্ষপণংহঃ ক্ষপয়তীতি তথা তৎ স্বগুরোরর্থেযৎ ব্রতং তচ্চরণাচ্চরকা ইত্যর্থঃ ॥ ৫৩ ॥

তচ্ছিষ্যো বৈশম্পায়নশিষ্যঃ অল্প সারাণামেতেষাং চরিতেন কিয়ৎ সুদুশ্চরমহং

পরে বাস্কলের পুত্র বাস্কলি উক্ত সর্ব্ব শাখা হইতে সংগ্রহ করিয়া এক খানি বালিখিল্য নামক সংহিতা প্রস্তুত করিলেন এবং বালায়নি, ভজ্য ও কাশার এই তিন দৈত্য তাহা অধ্যয়ন করিল ॥ ৫১ ॥

এই সকল ব্রহ্মর্ষিরা পূর্ব্বোক্ত এই ঋগ্বেদীয় সংহিতা সকল ধারণ করেন, যে ব্যক্তি এই সকল ছন্দো বিভাগ মনোনিবেশ পূর্ব্বক শ্রবণ করেন, তিনি সর্ব্ব পাপ হইতে প্রমুক্ত হয়েন ॥ ৫২ ॥

যজুর্ব্বেদ সংহিতাধ্যেতা বৈশম্পায়নের শিষ্যগণের নাম অধ্বর্য্যু, আর ব্রহ্মহত্যা জনিত পাপ ক্ষয় সাধন স্বীয় গুরুর অনুষ্ঠেয় ব্রত আচরণ করাতে তাঁহাদিগের অপর এক নাম হয় চরক ॥ ৫৩ ॥

ঐ ব্রতাচরণ কালে যাজ্ঞবল্ক্য নামক তাঁহার অন্য এক জন শিষ্য,

চরিতেনাল্পসারাণাং চরিষ্যেঽহং সুদুশ্চরং ॥ ৫৪ ॥
ইত্যুক্তো গুরুরপ্যাহ কুপিতো যাহ্যলং ত্বয়া।
বিপ্রাবমন্ত্রা শিষ্যেণ মদধীতং ত্যজাশ্বিতি ॥ ৫৫ ॥
দেবরাত সুতঃ সোপি ছর্দ্দিত্বা যজুষাং গণং।
ততো গতোঽথ মুনয়ো দদৃশুস্তান্ যজুর্গণান্ ॥ ৫৬ ॥
যজূংষি তিত্তিরা ভূত্বা তল্লোলুপ তয়া দদুঃ।
তৈত্তিরিয়া ইতি যযুঃ শাখা আসন্ সুপেশলাঃ ॥ ৫৭ ॥

চরিষ্যামীতি ॥ ৫৪ ॥
বিপ্রাণামবমন্ত্রা অবজ্ঞা কর্ত্রা মত্তোধীতমাশু ত্যজেতি ॥ ৫৫ ॥
দেবরাত সুতো যাজ্ঞবল্ক্যঃ ॥ ৫৬ ॥
ছর্দ্দিতস্তাদনং বিপ্র রূপেণানুচিতমিতি তিত্তিরাঃ পক্ষি বিশেষা ভূত্বা আদদুঃ ততস্ত তৈত্তিরীয়া ইতি প্রসিদ্ধাঃ সুপেশলা অতিরম্যাঃ বহু বচনমবান্তর ভেদ বিবক্ষয়া ॥ ৫৭ ॥

কহিলেন, অহো ভগবন্! এই অল্পসার শিষ্যগণের আচরিত ব্রত দ্বারা আপনার কি হইবে, আমি ইহা হইতে সুদুশ্চর ব্রতাচরণ করিয়া আপনার পাপ ক্ষয় করিব ॥ ৫৪ ॥

ইহা শ্রবণে তাঁহার গুরু বৈশম্পায়ন ক্রোধে অধীর হইয়া কহিলেন, যাজ্ঞবল্ক্য! তুমি আমার শিষ্য হইয়া ব্রাহ্মণগণের অবমাননা কর, অতএব তুমি আমার নিকট যাহা অধ্যয়ন করিয়াছ শীঘ্র তাহা পরিত্যাগ করিয়া এস্থান হইতে দূরীভূত হও ॥ ৫৫ ॥

তখন দেবরাত পুত্র যাজ্ঞবল্ক্য অধীত যজুর্গণ বমন করিয়া দিয়া তথা হইতে প্রস্থান করিলেন, অনন্তর মুনিগণ সেই উদগীর্ণ যজুর্গণকে দেখিতে পাইলেন ॥ ৫৬ ॥

এবং ঋষিগণ তদ্বিষয়ে লোলুপ হইয়া তিত্তিরি রূপ ধারণ করত সেই যজুর্গণকে উদরস্থ করিলেন, তদবধি সেই রমণীয় যজুঃ শাখার নাম তৈত্তিরীয় হইল ॥ ৫৭ ॥

যাজ্ঞবল্ক্যস্ততো ব্রহ্মন্ ছন্দাংস্যধিগবেষয়ন্ ।
গুরোরবিদ্যমানানি সূপতস্থেঽর্কমীশ্বরং ॥ ৬৮ ॥
যাজ্ঞবল্ক্য উবাচ ॥
ওঁনমো ভগবতে আদিত্যায়াখিল জগতামাত্ম
স্বরূপেণ কালস্বরূপেণচ চতুর্বিধ ভূতনিকায়ানাং
ব্রহ্মাদি স্তম্ভ পর্য্যন্তানামন্তর্হৃদয়েষু বহিরপি চাকাশ
ইব উপাধিনা ব্যবধীয়মানো ভগবানেক এব ক্ষণ
লবনিমিষাবয়বোপচিত সংবৎসরগণেনাপামাদান

কাণ্বমাধ্যন্দিনাদি শাখা প্রসঙ্গমাহ যাজ্ঞবল্ক্য ইত্যাদিনা গুরো বৈশম্পায়নস্য ব্যাসেন বিভজ্যানুক্তত্বাৎ অবিদ্যমানানি অথ অধিকানি গবেষয়ন্ সূপতস্থে সম্যক্ তুষ্টাব ঈশ্বরং নাম নারায়ণং ॥ ৬৮ ॥

ওঁ নমো ভগবতে তুভ্যং আদিত্যায় যো ভবানেক এব ইমাং লোকযাত্রামনুবর্ত্তী-ত্যন্বয়ঃ । তদেব দর্শয়তি অখিল জগতামাত্ম স্বরূপেণান্তর্হৃদয়েষু কাল স্বরূপেণ বহিরপি বর্ত্তমান ইতি অখিলজগতামিত্যস্য প্রপঞ্চঃ চতুর্বিধেতি হৃদয়ান্তর্বর্ত্তিত্বেপি জীববত্তেনো-পাধিনা অব্যবধীয়মানঃ অনাচ্ছাদ্যমানঃ কাল স্বরূপেণেত্যস্য প্রপঞ্চঃ ক্ষণেতি ক্ষণ লবাদয়ো যে অবয়বা তৈরুপচিতাঃ সম্বৎসরা তেষাং গণেন প্রত্যহমপামাদানং শোষণং বিসর্গো বৃষ্টি তাভ্যাং যদ্বা অপাং বেদানাং তথাচ শ্রুতিঃ ঋগ্‌ভিঃ পূর্ব্বাহ্নে দিবি দেব ঈয়তে

ক্রমসন্দর্ভঃ ।

ঈশ্বরমিতি । তদন্তর্যাম্যংশমেব তাবন্নারায়ণমিত্যর্থঃ ॥ ৫৮।৫৯ ।৬০। ৬১ । ৬২ । ৬৩।৬৪।৬৫॥

এ দিকে যাজ্ঞবল্ক্য, যে সকল যজুর্গণ বৈশম্পায়নের নিকট নাই অর্থাৎ ব্যাস যাহা তাঁহাকে বিভাগ করিয়া কহেন নাই, তাহা অন্বেষণ করিয়া লইয়া ঈশ্বর রূপে সূর্য্যের উপাসনা করিতে আরম্ভ করিলেন ॥৫৮

যাজ্ঞবল্ক্য কহিলেন, হে ভগবন্ আদিত্য ! আমি তোমাকে প্রণাম করি, তুমি এক মাত্র হইয়াও ব্রহ্মাদি স্তম্ভ পর্য্যন্ত চতুর্ব্বিধ ভূত সমূহের অন্তর্বাহে আকাশের ন্যায় নিরুপাধি রূপে বর্ত্তমান ও অখিল জগতের আত্ম রূপে কাল স্বরূপে অবস্থিত এবং ক্ষণ লব নিমেষ মুহূর্ত্তাদি অবয়ব

বিসর্গাভ্যামিমং লোকযাত্রামনুবহতি ॥ ৫৯ ॥
যদুত বাব বিবুধর্ষভ সবিতরদস্তপত্যনুসবনমহরহা
ম্নায় বিধিনোপতিষ্ঠমানানামখিল দুরিত বৃজিন
বীজাবভর্জন ভগবতঃ সমভিধীমহি তপনমণ্ডলং ॥ ৬০ ॥
য ইহ বাব স্থিরচর নিকরাণাং নিজনিকেতনানাং মন
ইন্দ্রিয়াসুগণাননাত্মনঃ স্বয়মাত্মান্তর্যামী প্রচোদয়তি ॥ ৬১ ॥
য এবেমং লোকমতি করালবদনান্ধকারসংজ্ঞাজগর

যজুর্বেদে তিষ্ঠতি মধ্যেহ্নঃ সামবেদেনাস্তময়ে মহীয়তে বেদৈরশূন্য স্ত্রিভিরেভিঃ সূর্য্য ইত্যনেন গায়ত্রী প্রথম পাদোক্ত বরেণ্যত্বানুবর্ণিতা ॥ ৫৯ ॥

দ্বিতীয় পাদর্থানুবর্ণনেন স্তৌতি যদুতেতি হে বিবুধর্ষভ হে সবিতঃ যদপ্যদো ভগবত স্তব মণ্ডলং তপতি তৎ সমধীমহি সম্যগাভিমুখ্যেন ধ্যায়েম পুন স্তস্যৈব সম্বোধনং প্রত্যহং ত্রিসবনং বৈদিকমার্গেণ স্তুবতাং ভক্তানাং যান্যখিলানি দুরিতানি তৎ ফলানিচ বৃজিনানি দুঃখানি তেষাং বীজং অজ্ঞানঞ্চ তেষামবভর্জন বিনাশক হে তপনেতি ॥ ৬০ ॥

তৃতীয় পাদেন স্তৌতি য ইহেতি যো ভবান্ স্থাবর জঙ্গম সমূহানাং স্বাশ্রয়াণাং জীবানাং মন ইন্দ্রিয় প্রাণ গণান্ অনাত্মনো জড়ান্ স্বয়মাত্মৈবান্তর্যামী সন্ প্রচোদয়তি প্রবর্ত্তয়তি ॥৬১

তৃতীয় পাদমেব মণ্ডলস্থ পরতয়া ব্যাচক্ষাণ স্তৌতি যএক এবেতি য এক এব ভবান্

রূপ সম্বৎসরগণ দ্বারা জল আদান প্রদান করত লোক যাত্রা নির্ব্বাহ করিয়া থাক ॥ ৫৯ ॥

হে বিবুধর্ষভ! হে সাবিতঃ! হে তপন! তুমি নিত্য নিত্য ত্রিসন্ধ্যায় বৈদিক বাক্য দ্বারা প্রস্তোতা ভক্তদিগের অখিল দুরিত ও তৎ ফল দুঃখ এবং তদ্বীজ ভূত অজ্ঞান নাশক, অতএব তোমার এই তাপ জনক মণ্ডলকে আমি সম্যক্ রূপে ধ্যান করি ॥ ৬০ ॥

যে তুমি চরাচর ভূত স্বীয় আশ্রিত জীবগণের জড় স্বরূপ মন ইন্দ্রিয় ও প্রাণিগণের অন্তর্যামি রূপে তাহাদিগকে স্ব স্ব কার্য্যে প্রেরণ কর, সেই তোমাকে সম্যক্ রূপে ধ্যান করি ॥ ৬১ ॥

যে পরম কারুণিক তুমি, অতি করাল বদন অজ্ঞান নামক অজগর

গ্রহগিলিতং মৃতকমিব বিচেতনমবলোক্যানুকম্পয়া
পরম কারুণিক ঈক্ষয়ৈবোত্থাপ্যাহরহরনুসবনং
শ্রেয়সি স্বধর্ম্মাখ্যাত্মাবস্থানে প্রবর্ত্তয়তি ॥ ৬২ ॥
অবনিপতিরিবাসাধূনাং ভয়মুদীরয়ন্নটতি পরিত আশা
পালৈস্তত্র তত্র কমলকোষাঞ্জলিভিরুপহৃতার্হণঃ ॥ ৬৩ ॥
অথহ ভগবংস্তবচরণ নলিন যুগলং ত্রিভুবন গুরুভি
রভিবন্দিত মহমযাত যাম যজুষ্কাম উপসরামীতি ॥ ৬৪ ॥
শ্রীসূত উবাচ ॥
এবং স্তুতঃ স ভগবান্ বাজিরূপধরো রবিঃ।

অতিকরাল বদনো যোঽন্ধকার সংজ্ঞোঽজগর গ্রহস্তেন গিলিতং অতএব মৃতকমিব বিচেতনং স্বধর্ম্মাখ্যং যদাত্মাবস্থানং প্রত্যক্ প্রণবত্বং তদেব শ্রেয়ঃ তস্মিন্ প্রবর্ত্তয়তি ॥ ৬২ ॥

কিঞ্চ যো ভবান্ অবনিপতিরিবাটতি গচ্ছতি আশাপালৈরিন্দ্রাদিভিঃ কমলকোষ যুক্তৈস্তুল্যৈ র্বাঞ্জলিভিরুপহৃতা অর্হণো দত্তার্ঘ্যঃ ॥ ৬৩ ॥

য এবম্ভূত স্ত্বং অথ অতঃ হ স্ফুটং অযাতযামানি অন্যৈর্যথাবদবিজ্ঞাতানি যানি যজুংষি তৎ কামোঽহং উপসরামি ভজামি ॥ ৬৪ ॥

এবং স্তুতঃ প্রসাদিতশ্চ ॥ ৬৫ ॥

রূপ ভয়ঙ্কর হিংস্র জন্তু কর্ত্তৃক গিলিত, অতএব মৃতকল্প বিচেতন লোক সমুদায়কে দেখিয়া অনুকম্পা বশত অহরহ ত্রিসন্ধ্যায় তাহাদিগকে উত্থান করাইয়া স্বধর্ম্মাখ্য স্বরূপাবস্থায় প্রবৃত্ত কর ॥ ৬২ ॥

হে ভগবন্! তুমি রাজার ন্যায় অসাধুদিগের উদ্দীপন করত সর্ব্বতোভাবে পর্য্যটন করিয়া থাক এবং দিক্‌পালগণ কমলকোষ তুল্য অঞ্জলি দ্বারা উপায়ন ধারণ করত তোমার সেবায় তৎপর হয়েন ॥ ৬৩ ॥

হে ভগবন্! আমি অন্য লোকের অবিজ্ঞাত যজুর্ভাগ কামনায় ত্রিভুবন গুরু কর্ত্তৃক অভিনন্দিত তোমার চরণ কমল যুগলের ভজনা করি ॥ ৬৪ ॥

সূত কহিলেন এই রূপে যাজ্ঞবল্ক্য মুনি কর্ত্তৃক স্তুত হইয়া ভগবান্

যজূংষ্যজ্ঞাত যামানি মুনয়েঽদাৎ প্রসাদিতঃ ॥ ৬৫ ॥
যজুর্ভিরকরোচ্ছাখা দশ পঞ্চ শতৈর্বিভুঃ।
জগৃহু র্বাজসংন্যস্তাঃ কাণ্বমাধ্যন্দিনাদয়ঃ ॥ ৬৬ ॥
জৈমিনেঃ সামগস্যাসীৎ সুমন্তুস্তনয়ো মুনেঃ।
সুত্বাং স্তৎ সুত স্তাভ্যামেকৈকাং প্রাহ সংহিতাং ॥ ৬৭ ॥
সুকর্ম্মা চাপি তচ্ছিষ্যঃ সামবেদতরো মহান্।

পঞ্চদশ শাখাঃ শতৈরপরিমিতৈর্ যজুর্ভিরকরোৎ স তৈরিতি পাঠে স যাজ্ঞবল্ক্যঃ তৈর্যজুর্ভিরকরোদিত্যর্থঃ জগৃহুরধীতবন্তঃ রবিণা অশ্ব রূপেণ বাজেভ্যঃ কেশরেভ্যঃ বাজেন বেগেন বা সংন্যস্তাঃ তাস্তাঃ শাখাঃ বাজসনী সংজ্ঞাঃ তাঃ শাখা ইতি বা ॥ ৬৬ ॥

সামশাখা বিভাগমাহ জৈমিনেরিতি তৎসুতঃ সুমন্তুসুতঃ তাভ্যাং পুত্রপৌত্রাভ্যাং ক্রমেণ একৈকাং প্রাহ ॥ ৬৭ ॥

তচ্ছিষ্যো জৈমিনেঃ শিষ্যঃ মহান্ অতি মেধাবী সহস্র সংহিতা রূপং ভেদং চক্রে সাম্নাং

ক্রমসন্দর্ভঃ।

বাজসন্ন ইত্যত্র প্রথমে ব্যাখ্যানে বা পদান্তস্তেত্যস্ব স্বারস্য নকারঃ। ব্যাখ্যান্তরে অনচি চেতি দ্বিত্বং ॥ ৬৬। ৬৭। ৬৮। ৬৯। ৭০। ৭১ ॥

সূর্য্য বাজিরূপ ধারণ করত তথায় আবির্ভূত হইয়া অন্য কর্ত্তৃক অবিজ্ঞাত যজুর্ভাগ তাঁহাকে প্রসাদ স্বরূপ প্রদান করিলেন ॥ ৬৫ ॥

বিভু যাজ্ঞবল্ক্য সূর্য্য হইতে পঞ্চদশ যজুঃ শাখা প্রাপ্ত হইয়া তাহাদিগকে অপরিমিত শাখায় বিভক্ত করিলেন এবং কাণ্ব ও মাধ্যন্দিন প্রভৃতি ঋষিরা সেই অশ্বের বাজস্ অর্থাৎ কেশর হইতে নিঃসৃত শাখা সকল গ্রহণ করিলেন, বাজস্ হইতে নিঃসৃত বলিয়া তাহাদিগের নাম বাজসনী হইল ॥ ৬৬ ॥

সামগ জৈমিনির পুত্রের নাম সমন্তু ও সুমন্তুর পুত্র সুত্বান্, জৈমিনি মুনি সেই পুত্র পৌত্র উভয়কে স্বীয় সংহিতা দুই ভাগ করিয়া অধ্যয়ন করাইলেন ॥ ৬৭ ॥

জৈমিনির অপর শিষ্য অতি মেধাবী সুকর্ম্মা সামবেদ তরুকে সহস্র

সহস্র সংহিতা ভেদং চক্রে সাম্নাং ততো দ্বিজঃ।
হিরণ্যনাভঃ কৌশল্যঃ পৌষ্পঞ্জিশ্চ সুকর্ম্মণঃ।
শিষ্যৌ জগৃহতুশ্চান্য আবন্ত্যো ব্রহ্মবিত্তমঃ ॥ ৬৮ ॥
উদীচ্যাঃ সামগাঃ শিষ্যা আসন্ পঞ্চ শতানি বৈ।
পৌষ্পঞ্জ্যাবন্ত্যয়োশ্চাপি তাংশ্চোদীচ্যান্ প্রচক্ষতে ॥ ৬৯ ॥
লোকাক্ষির্লাঙ্গলিঃ কুল্যঃ কুশীদঃ কুক্ষিরেবচ।
পৌষ্পাঞ্জিশিষ্যা জগৃহুঃ সংহিতাস্তে শতং শতং ॥ ৭০ ॥
কৃতো হিরণ্যনাভস্য চতুর্বিংশতি সংহিতাঃ।

তং সংহিতাভেদং তত্র স্তদনন্তরং সুকর্ম্মণঃ শিষ্য একঃ কৌশল্যো হিরণ্যনাভঃ পৌষ্পঞ্জির্নামৈকঃ তৌ জগৃহতুঃ আবন্ত্যশ্চান্যঃ তস্যৈব শিষ্যঃ সোহপি জগ্রাহ ॥ ৬৮ ॥

পৌষ্পঞ্জ্যাবন্ত্যয়োরপি চকারাদ্ধিরণ্যনাভস্যাপি পঞ্চশতানি শিষ্যা আসন্ তে তাবতীঃ শাখা যথাযথং জগৃহুঃ তানুদীচ্যান্ সতঃ কাংশ্চিৎ প্রাচ্যাংশ্চ প্রচক্ষত ইত্যর্থঃ যথোক্তং বৈষ্ণবে উদীচ্যা সামগাঃ শিষ্যা তস্য পঞ্চশতং স্মৃতাঃ। হিরণ্যনাভাত্তাবত্যঃ সংহিতা স্তৈর্দ্বিজোত্তমৈঃ। গৃহীতাস্তেপি চোচ্যন্তে পণ্ডিতৈঃ প্রাচ্য সামগা ইতি ॥ ৬৯ ॥

পুনরপি এতেষাং ত্রয়াণাং সুকর্ম্মণঃ শিষ্যাণাং শিষ্যান্তরৈঃ শাখা বহুত্বং দর্শয়তি লোকাক্ষিরিতি দ্বাভ্যাং ॥ ৭০ ॥

কৃতো নাম হিরণ্যনাভস্য শিষ্যঃ স্বশিষ্যেভ্য উচে শেষা অন্যাশ্চাপি যাঃ প্রসিদ্ধাঃ শাখাস্তা

শাখায় বিভিন্ন করিলেন এবং সুকর্ম্মার শিষ্য কুশলের পুত্র হিরণ্যনাভ, পৌষ্পঞ্জি ও ব্রহ্মবিৎ আবন্ত্য ইহারা তিন জনে সেই সমুদায় সাম সংহিতা অধ্যয়ন করিলেন ॥ ৬৮ ॥

উক্ত পৌষ্পঞ্জি, আবন্ত্য ও হিরণ্যনাভের উত্তর দেশীয় পঞ্চ শত শিষ্য তৎ সমুদায় শিক্ষা করেন এবং তাঁহারা আবার অন্য উত্তরদেশীয় ও পূর্ব্ব দেশীয়দিগকে অধ্যয়ন করান ॥ ৬৯ ॥

পরে লোকাক্ষি, লাঙ্গলি, কুল্য, কুশীদ ও কুক্ষি নামক পৌষ্পঞ্জির পাঁচ শিষ্য, এক এক জন শত শত সংহিতা কণ্ঠস্থ করিলেন ॥ ৭০ ॥

হিরণ্যনাভের শিষ্য কৃত স্বীয় সংহিতাকে চতুর্বিংশতি খণ্ডে বিভক্ত

শিষ্য উচে স্বশিষ্যেভ্যঃ শেষা আবন্ত্য আত্মবান্॥ ৭১ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং দ্বাদশস্কন্ধে শাখা প্রণয়নং ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

শ্রীসূত উবাচ ॥

অথর্ব্ববিৎ সুমন্তুশ্চ শিষ্যমধ্যাপয়ৎ স্বকাং।
সংহিতাং সোপি পথ্যায় বেদদর্শায় চোক্তবান্॥ ১ ॥

আবন্ত্যাঃ স্বশিষ্যেভ্য উচ ইতি ॥ ৭১ ॥

॥ * ॥ ইতি দ্বাদশে ষষ্ঠঃ ॥ * ॥

সপ্তমেঽথর্ব্ব বিস্তারঃ পুরাণ ব্যসনং ততঃ। পুরাণ লক্ষণাদীনি ফলং ভগবতঃ শ্রুতেঃ ॥০

ক্রম প্রাপ্তমথর্ব্ব বেদ বিভাগমাহ্ শিষ্যং কবন্ধ নামানং স্বকীয়াং সংহিতাং সোঽপি শিষ্যোপি তাং দ্বিধা বিভজ্য তদুক্তং বৈষ্ণবে অথর্ব্ববেদং স মুনিঃ সুমন্তু রমিতদ্যুতিঃ। শিষ্যমধ্যাপয়ামাস কবন্ধং সোপি তং দ্বিধা। কৃত্বাতু বেদদর্শায় তথাপথ্যায় দত্তবানিতি ॥১॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি দ্বাদশ ক্রমসন্দর্ভে ষষ্ঠঃ ॥ * ॥

করিয়া শিষ্যদিগকে শিক্ষা দিলেন ও তাঁহার শিষ্যেরা স্বীয় শিষ্যদিগকে অধ্যয়ন করাইলেন, পরে যাহা কিছু অবশিষ্ট থাকিল সে সমুদায় আবন্ত্য শিষ্যগণকে প্রদান করিলেন ॥ ৭১ ॥

॥ * ॥ ইতি দ্বাদশ স্কন্ধে ষষ্ঠ ॥ * ॥

সপ্তম অধ্যায়ে অথর্ব্ব বেদের বিস্তার, পুরাণ বিভাগ ও তল্লক্ষণ এবং ভাগবত শ্রবণ ফল কথন ॥ ০ ॥

সূত কহিলেন অথর্ব্ববিৎ সুমন্ত কবন্ধ নামক শিষ্যকে স্বীয় সংহিতা অধ্যয়ন করাইলেন এবং কবন্ধ তাহাকে দুই ভাগ করিয়া পথ্য ও বেদ দর্শ সংজ্ঞক শিষ্যদ্বয়কে শিক্ষা দিলেন ॥ ১ ॥

শৌল্কায়নি ব্রহ্মবলির্মোদোষঃ পিপ্পলায়নিঃ।
বেদদর্শস্য শিষ্যাস্তে পথ্যশিষ্যানথো শৃণু।
কুমদঃ শুনকো ব্রহ্মন্ জাজলিশ্চাপ্যথর্ব্ববিৎ ॥ ২ ॥
বভ্রুঃ শিষ্যোঽথাঙ্গিরসঃ সৈন্ধবায়ন এব চ।
অধীয়েতাং সংহিতে দ্বে সাবর্ণাদ্যা স্তথা পরে ॥ ৩ ॥
নক্ষত্রকল্পঃ শান্তিশ্চ কশ্যপাঙ্গিরসাদয়ঃ।
এতে আথর্ব্বণাচার্য্যাঃ শৃণু পৌরাণিকান্মুনে।
ত্রয্যারুণিঃ কশ্যপশ্চ সাবর্ণিরকৃতব্রণঃ।

তত্র বেদদর্শঃ স্বসংহিতাং চতুর্দ্ধা বিভজ্য চতুরঃ শিষ্যানধ্যাপয়ামাস পথ্যশ্চ ত্রিধা বিভজ্য ত্রীনিতি সার্দ্ধেনাহ শৌল্কায়নিরিতি ॥ ২ ॥

আঙ্গিরসঃ শুনকস্য শিষ্যো বভ্রুঃ সৈন্ধবায়নশ্চ তদুক্তং শুনকশ্চ দ্বিধা কৃত্বা দদাবেকান্তু বভ্রবে। দ্বিতীয়াং সংহিতাং প্রাদাৎ সৈন্ধবায়নসংজ্ঞিন ইতি। সাবর্ণ্যাদ্যাঃ সৈন্ধবায়নশিষ্যাঃ ॥ ৩ ॥

নক্ষত্রকল্পঃ শান্তিশ্চ নক্ষত্রকল্পঃ শান্তিকল্পশ্চেতি দ্বৌ তদুক্তং নক্ষত্রকল্পো বেদানাং সংহি-

ক্রমসন্দর্ভঃ।

১।২।৩। পঞ্চমবেদস্য বিভাগ জ্ঞাপনার্থমাহ শৃণু পৌরাণিকানিতি ॥ ৪ ॥

বেদদর্শের চারি শিষ্য শৌল্কায়নি, ব্রহ্মবলি, মোদোষ ও পিপ্পলায়নি। পথ্যের তিন শিষ্য, কুমুদ, শুনক ও জাজলি, ইহারা সকলেই অথর্ব্ববিৎ ॥ ২ ॥

অঙ্গিরার পুত্র শুনক স্বীয় সংহিতাকে দুই ভাগ করিয়া বভ্রু ও সৈন্ধবায়নকে প্রদান করিলেন, সৈন্ধবায়নের শিষ্য সাবর্ণি প্রভৃতিরাও পরে তাহা গ্রহণ করিলেন ॥ ৩ ॥

পরে নক্ষত্রকল্প, শান্তি, কশ্যপ ও আঙ্গিরস প্রভৃতি সকলে অথর্ব্ব বেদের আচার্য্য হইয়াছিলেন, বেদাচার্য্যদিগের নাম এই কহিলাম। হে মুনে! এক্ষণে পৌরাণিক আচার্য্যদিগের নাম বলি শ্রবণ করুন,

শিংশপায়ন হারিতৌ ষড়্বৈ পৌরাণিকা ইমে ॥ ৪ ॥
অধীয়ন্ত ব্যাসশিষ্যাৎ সংহিতাং মৎ পিতুর্মুখাৎ।
একৈকামহমেতেষাং শিষ্যঃ সর্ব্বাঃ সমধ্যগাং ॥ ৫ ॥
কশ্যপোঽহঞ্চ সাবর্ণী রামশিষ্যোঽকৃতব্রণঃ।

তানাং তথৈবচ। চতুর্থঃ স্বাদাঙ্গিরসঃ শান্তিকল্পশ্চ পঞ্চম ইতি। নক্ষত্রকল্পাদীনাং কর্ত্তারং তত্তন্নামভিরুচ্যন্তে ॥ ৪ ॥

মৎপিতুর্মুখাদিতি প্রথমং ব্যাসঃ ষট্ সংহিতাঃ কৃত্বা মৎ পিত্রে রোমহর্ষণায় প্রাদাৎ তস্যচ মুখাদেতে ত্রয্যারুণ্যাদয়ঃ একৈকাং সংহিতামধীয়ন্ত এতেষাং ষন্নাং শিষ্যোঽহং তাঃ সর্ব্বাঃ সমধীতবান্ ॥ ৫ ॥

রামশিষ্যো যোঽকৃতব্রণঃ এবং চত্বারো বয়ং মূল সংহিতা ইত্যনেন ততঃ সংহিতা

ক্রমসন্দর্ভঃ।

একৈকামিতি ত্রিভিস্ত্রিভির্মিলিত্বৈকত্বং ত্রিষড়িতি বক্ষ্যমাণাৎ। তচ্চ ব্রাহ্মং পাদ্মং বৈষ্ণবমিতি মিলিত্বৈকেত্যাদি ক্রমাৎ। অবান্তর সংহিতাতু কচিদেকা। যথা শ্রীভাগবতস্য পরমহংস সংহিতাত্বং। কচিদেকৈকস্যৈব বিভাগশঃ। যথা স্কন্দস্য সনৎকুমার প্রোক্তা নামাদিকা। শ্রীশুকাত্তু শ্রীভাগবতস্য পশ্চাদ্ব্যক্তিঃ। সূর্য্যাদেব যজুর্ভাগস্য বাজসনেয়স্য জ্ঞেয়ং ॥ ৫ ॥

মূল সংহিতা ইতিত্বিতিহাস বিশেষাপেক্ষয়া জ্ঞেয়ং বহূনামন্যেষামিতিহাসানাং মূলত্বাৎ মূলং ইদং চ পরিশেষেণ লক্ষ্যতে। ইতিহাস পুরাণানাং পিতা মে রোমহর্ষণ ইত্যুক্তেঃ

ত্রয্যারুণি, কাশ্যপ, সাবর্ণি, অকৃতব্রণ, শিংশপায়ন ও হারীত এই ছয় জন পৌরাণিক আচার্য্য ॥ ৪ ॥

প্রথমত ব্যাসদেব পুরাণের ছয়খানি সংহিতা করিয়া আমার পিতা রোমহর্ষণকে প্রদান করেন, পরে ঐ ছয় জনে আমার পিতার মুখ হইতে এক এক সংহিতা অধ্যয়ন করেন, অনন্তর আমি ঐ ছয় জনের নিকট হইতে সমুদায় ছয় সংহিতা পাঠ করিয়াছি ॥ ৫ ॥

কশ্যপ, আমি (সূত) ও সাবর্ণি এবং রামশিষ্য অকৃতব্রণ, আমরা এই চারি জনে আমার পিতার নিকট চারিখানি মূল সংহিতা অধ্যয়ন

অধীমহি ব্যাসশিষ্যাচ্চত্বারো মূলসংহিতাঃ ॥ ৬ ॥
পুরাণলক্ষণং ব্রহ্মন্ ব্রহ্মর্ষিভির্নিরূপিতং।
শৃণুষ্ব বুদ্ধিমাশ্রিত্য বেদশাখানুসারতঃ ॥ ৭ ॥
সর্গোঽস্যাথ বিসর্গশ্চ বৃত্তীরক্ষান্তরাণিচ।
বংশো বংশানুচরিতং সংস্থা হেতুরপাশ্রয়ঃ ॥ ৮ ॥
দশভির্লক্ষণৈর্যুক্তং পুরাণং তদ্বিদো বিদুঃ।

বহুলাং সূচিতং ॥ ৬ ॥

শুক পরীক্ষিৎ সম্বাদে নিরূপিতমপি পুরাণ লক্ষণং তদ্ভেদ কথনায় দর্শয়তি পুরাণেতি ॥৭॥

অস্য বিশ্বস্য অত্র সর্গো বিসর্গশ্চ স্থানং পোষণমূতয়ঃ। মন্বন্তরেশানুকথা নিরোধ মুক্তিরাশ্রয় ইত্যত্রোক্তে স্থান পোষণে বৃত্তি রক্ষা শব্দাভ্যামুচ্যেতে অন্তরাণি মন্বন্তরাণি বংশো বংশানুকথা সংস্থা নিরোধঃ অনেনৈবাত্যান্তিক প্রলয় রূপা মুক্তিরপ্যুক্তা হেতু শব্দেন জীবাশয় বাসনা শব্দবাচ্যা উতয়ো গৃহীতাঃ ॥ ৮ ॥

দশভিরেতৈর্লক্ষণৈর্যুক্তং মহাপুরাণং বিদুঃ। কেচিৎ পঞ্চবিধং সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশোমন্বন্তরাণিচ। বংশানুচরিতঞ্চেতি পুরাণং পঞ্চ লক্ষণমিতি মহৎপুরাণং

ক্রমসন্দর্ভ।

তেচ মহাভারতাদ্যাঃ। শৃণু পৌরাণিকানিতি তূপলক্ষণ তয়োক্তং ॥ ৬ ॥ ৭ ॥

সর্গোঽস্যেত্যাদিকং দ্বিতীয়স্কন্ধ এব ব্যাখ্যাতঃ ॥ ৮। ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪ ॥

করিয়া ছিলাম ॥ ৬ ॥

হে ব্রহ্মন্! ব্রহ্মর্ষিগণ কর্তৃক নিরূপিত পুরাণ লক্ষণ বেদশাখা অনুসারে কহিতেছি আপনি সমাহিত হইয়া শ্রবণ করুন ॥ ৭ ॥

এই বিশ্বের উৎপত্তি, অবান্তর সৃষ্টি, স্থিতি, পালন, মন্বন্তর, বংশ কথন, বংশানুচরিত কথন, প্রলয় কথন, জীববাসনা ও আশ্রয়, পৌরাণিক ঋষিরা এই দশ লক্ষণ যুক্ত গ্রন্থকে মহাপুরাণ বলিয়া বর্ণন করিয়াছেন ॥ ৮ ॥

হে ব্রহ্মন্! কেহ কেহ পঞ্চ লক্ষণ যুক্ত গ্রন্থকেও পুরাণ কহেন, কিন্তু সেখানে এই ব্যবস্থা করেন, দশ লক্ষণ মহাপুরাণ ও পঞ্চ লক্ষণ

কেচিৎ পঞ্চবিধং ব্রহ্মন্ মহদল্প ব্যবস্থয়া ॥ ৯ ॥
অব্যাকৃত গুণক্ষোভান্মহতস্ত্রিবৃতোঽহমঃ।
ভূতসূক্ষ্মেন্দ্রিয়ার্থানাং সম্ভবঃ সর্গ উচ্যতে ॥ ১০ ॥
পুরুষানুগৃহীতানামেতষাং বাসনাময়ঃ।
বিসর্গোঽয়ং সমাহারো বীজাদ্বীজং চরাচরং ॥ ১১ ॥
বৃত্তিভূ'তানি ভূতানাং চরাণামচরাণিচ।
কৃতা স্বেন নৃণাং তত্র কামাচ্চোদনয়া পিবা ॥ ১২ ॥

অল্পেতি ব্যবস্থয়া যত্র দশাপি লক্ষণানি পৃথক্ নিরূপ্যন্তে তন্মহাপুরাণ' যত্র ত্বল্পেষাং পঞ্চস্বেবান্তর্ভাবো বিবক্ষিত স্তদল্পমিতি ব্যবস্থয়েত্যর্থঃ ॥ ৯ ॥

সর্গাদি লক্ষণানি ব্যাচষ্টে অব্যাকৃতেত্যাদিনা প্রধানস্য গুণানাং ক্ষোভাৎ যো মহান্ তস্মাদ্যস্ত্রিবৃদহঙ্কারঃ তস্মাদ্ভূত মাত্রাণাং সূক্ষ্মাণামিন্দ্রিয়াণাঞ্চ তদর্থানাং স্থূলানাঞ্চ তত্তদ্দেবতা নাঞ্চ সম্ভবঃ সর্গঃ কারণ সৃষ্টিঃ সর্গ ইত্যর্থঃ উচ্যতে ইতি যথাপেক্ষমুত্তরত্রাপ্যনুষঙ্গঃ ॥ ১০ ॥

বিসর্গং ব্যাচষ্টে পুরুষেণেশ্বরেণানুগৃহীতানামেতেষাং মহদাদীনাং পূর্ব্ব কর্ম্ম বাসনা প্রধানোঽয়ং সমাহারঃ কার্য্যভূতঃ চরাচর প্রাণিরূপো বীজাদ্বীজমিব প্রবাহাপন্নো বিসর্গ উচ্যতে ইত্যর্থঃ ॥ ১১ ॥

চরণাং ভূতানাং সামান্যতোঽচরাণি চকারাচ্চরাণিচ কামাদ্বৃত্তিঃ তত্রতু নৃণাং স্বেন ভাবেন কামাচ্চোদনয়াপি বা যা নিয়তা বৃত্তি জী'বিকা কৃতা সা বৃত্তিরুচ্যতে ইত্যর্থঃ ॥ ১২ ॥

(সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর ও বংশানুচরিত) অল্প অর্থাৎ উপপুরাণ ॥ ৯ ॥

প্রকৃতির গুণ ত্রয় সমাহার হইতে মহত্তত্ব, তাহা হইতে ত্রিগুণাত্মক অহঙ্কার তত্ত্ব, ভূতসূক্ষ্ম, ইন্দ্রিয় ও তদর্থের যে সৃষ্টি তাহার নাম উৎপত্তি ॥ ১০ ॥

ঈশ্বরানুগৃহীত মহদাদির পূর্ব্ব পূর্ব্ব বাসনা ময় বীজ হইতে বীজোৎপত্তির ন্যায় সমাহার রূপ চরাচর উৎপত্তিকে অবান্তর সৃষ্টি কহে ॥১১॥

চর ভূতের কাম্য বিষয় চরাচর রূপ যে উপজীবিকা, আর মনুষ্যদিগের স্বভাবজ ও কামজ কৃত বা বিধিবোধিত যে জীবনোপায় তাহার নাম স্থিতি ॥ ১২ ॥

রক্ষাচ্যুতাবতারেহা বিশ্বস্যানুযুগে যুগে ।
তির্য্যঙ্মর্ত্যর্ষি দেবেষু হন্যস্তে যৈ স্ত্রয়ীদ্বিষঃ ॥ ১৩ ॥
মন্বন্তরং মনুর্দ্দেবা মনুপুত্রাঃ সুরেশ্বরাঃ ।
ঋষয়োঽংশাবতারাশ্চ হরেঃ ষড়্বিধমুচ্যতে ॥ ১৪ ॥
রাজ্ঞাং ব্রহ্মপ্রসূতীনাং বংশস্ত্রৈকালিকোন্বয়ঃ ।
বংশানুচরিতং তেষাং বৃত্তং বংশধরাশ্চ যে ॥ ১৫ ॥
নৈমিত্তিকঃ প্রাকৃতিকো নিত্য আত্যন্তিকো লয়ঃ ।

তির্য্যঙ্মর্ত্যর্ষি দেবেষু যোঽচ্যুতাবতারা স্তেষামীহা লীলা সা বিশ্বস্য রক্ষোচ্যতে ইত্যর্থঃ । যৈরবতারৈরিতি সমাসান্নিকৃষ্য কথঞ্চিৎ সম্বন্ধঃ ত্রয়ী দ্বিষো দৈত্যাঃ ॥ ১৩ ॥

ষড়্বিধং মন্বন্তরমুচ্যতে ষড়্বিধত্বমেবাহ মনুরিতি মন্বাদয়ঃ ষড়েতে বর্গাঃ স্ব স্বাধিকারেণ যত্র বর্ত্তন্তে তন্মন্বন্তরমিত্যর্থঃ ॥ ১৪ ॥

বংশমাহ ব্রহ্মণঃ সকাশাৎ প্রসূতি র্যেষাং শুদ্ধানামিত্যর্থঃ তেষামন্বয়ো বংশঃ তেষাং বৃত্তং যেচ তদ্বংশধরাস্তেষাঞ্চ বৃত্তং বংশানুচরিতমুচ্যতে ইতি ॥ ১৫ ॥

অস্য বিশ্বস্য স্বভাবতো মায়াতো নিষ্পন্নস্য যদ্বা ভগবতো মায়াতো যশ্চতুর্বিধো লয় ইতি ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ ।

ব্রহ্ম প্রসূতানাং ব্রহ্মত আরব্ধানামিত্যর্থঃ ॥ ১৫ ॥
স্বভাবতো মায়াখ্য স্বাভাবিক শক্তিতঃ ॥ ১৬ ॥

বিশ্ব মধ্যে যুগে যুগে বেদবিদ্বেষী দৈত্য কর্ত্তৃক দেব তির্য্যক্ মনুষ্য ঋষিদিগের কার্য্য নাশোপক্রমে নারায়ণের যে বিশেষ বিশেষ অবতার তাহাকে রক্ষা বলে ॥ ১৩ ॥

মনু, দেবতা বিশেষ, মনু পুত্রগণ, দেবেশ্বর সকল, ঋষিগণ ও হরির অবতার, ইহারা যখন স্বীয় স্বীয় অধিকারে থাকেন, তখন তাঁহাদিগকে মন্বন্তর কহে ॥ ১৪ ॥

ব্রহ্মা হইতে উৎপন্ন শুদ্ধবংশীয় রাজাদিগের ভূত ভবিষ্যৎ বর্ত্তমান ত্রৈকালিক পুরুষ পরম্পরা বর্ণনের নাম বংশ কথন । আর তাঁহাদিগের বংশে উৎপন্ন বংশধরগণের চরিত্র বর্ণনকে বংশানুকথন বলে ॥ ১৫ ॥

নৈমিত্তিক, প্রাকৃতিক, নিত্য ও আত্যন্তিক, স্বভাব বশতই হউক বা

সংশ্বেতি কবিভিঃ প্রোক্তশ্চতুর্দ্ধাস্য স্বভাবতঃ ॥ ১৬ ॥
হেতু র্জীবোস্য সর্গাদেরবিদ্যাকর্ম্মকারকঃ।

অস্য জগতঃ সর্গাদে র্হেতু র্নিমিত্তং জীবঃ সোহত্র হেতুরুচ্যতে ইত্যর্থঃ তস্য নিমিত্ততা মাহ অবিদ্যয়া কর্ম্মকারকঃ কর্ম্মকর্ত্তা জীবাদৃষ্ট প্রযুক্তত্বাদিশ্ব সর্গাদেঃ সত্তু তত্র হেতুরিত্যর্থঃ নন্বনুশয়ী নিমিত্তমিতি কেচিৎ অব্যাকৃতমিত্যপরে তত্রাহ যমিতি চৈতন্য প্রাধান্যেনাস্তু

ক্রমসন্দর্ভঃ।

তথাচ বারাহে। ব্রাহ্মং পাদ্মং বৈষ্ণবঞ্চ শৈবং ভগবতং তথা। তথান্যং নারদীয়ঞ্চ মার্কণ্ডেয়ঞ্চ সপ্তমং। আগ্নেয় মষ্টমং প্রোক্তং ভবিষ্যং নবমং তথা। দশমং ব্রহ্মবৈবর্ত্তং লিঙ্গমেকাদশং তথা। বারাহং দ্বাদশং প্রোক্তং স্কান্দং চাত্র ত্রয়োদশং। চতুর্দ্দশং বামনঞ্চ কৌর্ম্মং পঞ্চদশং তথা। মাৎস্যঞ্চ গারুড়ঞ্চৈব ব্রহ্মাণ্ডমষ্টাদশং তথা॥ শৈব পুরাণে॥ ব্রাহ্মং পুরাণং তত্রাদ্যং সংহিতায়াং বিভূষিতং। শ্লোকানাং দশ সাহস্রং নানা পুণ্য কথা যুতং। পাদ্মং দ্বিতীয়ং কথিতং তৃতীয়ং বৈষ্ণবং স্মৃতং। চতুর্থং বায়ুনা প্রোক্তং বায়বীয়মিতি স্মৃতং। ততো ভাগবতং প্রোক্তং ভাগদ্বয় বিভূষিতং। চতুর্ভিঃ পর্ব্বভিঃ প্রোক্তং ভবিষ্যং তদনন্তরং। মার্কণ্ডেয়মথাগ্নেয়ং নারদীয়মতঃ পরং। দশমং ব্রহ্মবৈবর্ত্তং লিঙ্গমেকাদশ স্মৃতং। ভাগদ্বয়েন লিঙ্গঞ্চ ততো বারাহমুত্তমং। সংযুক্তমষ্টভিঃ খণ্ডৈঃ স্কান্দেঞ্চৈবাত্র বিস্তরং। ততস্তু বামনং কৌর্ম্মং ভাগদ্বয় বিরাজিতং। মাৎস্যঞ্চ গারুড়ং প্রোক্তং ব্রহ্মাণ্ডঞ্চ ততঃ পরং। ভাগদ্বয়েন কথিতং ব্রহ্মাণ্ডমপি শব্দিতং। ইদং ব্রহ্ম পুরাণস্য খিলং সৌরমনুত্তমং। সংহিতাদ্বয় সংযুক্তং পুণ্যং শিব কথাশ্রয়ং। আদ্যা সনৎকুমারোক্তা দ্বিতীয়া সূর্য্য ভাষিতা। কূর্ম্মপুরাণে। অন্যান্যুপপুরাণানি মুনিভিঃ কথিতান্যপি। মাৎস্যে। অষ্টাদশভ্যস্তু পৃথক্ পুরাণং যৎ প্রদৃশ্যতে। বিজানীধ্বং দ্বিজ শ্রেষ্ঠা স্তদেতেভ্যো বিনির্গতঃ। পঞ্চাঙ্গবৎ পুরাণং স্যাদাখ্যানমিতরং স্মৃতং। পাদ্মে পুরাণে যা প্রোক্তা নরসিংহোপবর্ণনা। তদষ্টাদশ সাহস্রং নারসিংহমিহোচ্যতে। যচ্চ স্বাম্বং পুরস্কৃত্য ভবিষ্যেপি কথানকং। প্রোচ্যতে তৎ পুনর্ল্লোকে সাম্বমেব মুনি ব্রতৈঃ।

ঈশ্বর মায়া বশতই হউক বিশ্বের এই চারি প্রকার বিকারের নাম প্রলয় ॥ ১৬ ॥

অজ্ঞান বশতঃ কর্ম্মকর্ত্তা জীব এই বিশ্বের জন্ম স্থিতি ভঙ্গের হেতু,

যশ্চানুশায়িনং প্রাহুরব্যাকৃতমুতাপরে ॥ ১৭ ॥
ব্যতিরেকান্বয়ৌ যস্য জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তিষু।
মায়াময়েষু তদ্ব্রহ্ম জীববৃত্তিষ্বপাশ্রয়ঃ ॥ ১৮ ॥
পদার্থেষু যথা দ্রব্যং তন্মাত্রং রূপ নামসু।
বীজাদি পঞ্চতান্তাসু হ্যবস্থাসু যুতাযুতং ॥ ১৯ ॥
বিরমেত যদা চিত্তং হিত্বা বৃত্তিত্রয়ং স্বয়ং।

শায়িনং উপাধি প্রাধান্যং বিবক্ষয়া অব্যাকৃতং ॥ ১৭ ॥

অপাশ্রয়মাহ ব্যতিরেকেতি জাগ্রদাদিষু বুদ্ধ্যবস্থাসু জীবতয়া বর্ত্তন্তে ইতি জীববৃত্তয়ো বিশ্ব তৈজস প্রাজ্ঞাঃ তেষু মায়াময়েষু সাক্ষিতয়া অন্বয়ঃ সমাধ্যাদৌচ ব্যতিরেকো যস্য তদ্ব্রহ্ম সংসার প্রতি রোধয়োরধিষ্ঠানাবধি ভূতমপাশ্রয় উচ্যতে ইত্যর্থঃ ॥ ১৮ ॥

তদেব সদৃষ্টান্তং প্রপঞ্চয়তি পদার্থেষু ঘটপটাদিষু দ্রব্যং মৃদাদি যথাযুতং অন্বিতং অযুতঞ্চ বহিরপ্যবস্থানাৎ রূপ নামসুচ তন্মাত্রং সত্তামাত্রং যথা এবং বীজং গর্ভাধানমাদি যাসাং পঞ্চতাহন্তো যাসাং তাসু দেহাবস্থাসু নবস্বপি অধিষ্ঠানত্বেন সাক্ষিত্বেনচ যুত মযুতঞ্চ যৎ তদপাশ্রয় ইতি ॥ ১৯ ॥

এবং দশাপি লক্ষণানি ব্যাখ্যায় বর্ণয়ন্তি মহাত্মন ইতি যদুক্তং তদাহ বিরমেত্তেতি যদা সর্গাদীনাং মায়াময়ত্বানুসন্ধানেন বামদেবাদেরিব স্বয়মেব চিত্তং বিরমেত ঈহৈবানুষ্ঠিতেন

ক্রমসন্দর্ভঃ।

এবমাদিত্য সংজ্ঞঞ্চ তত্রৈব পরিপঠ্যতে ॥ ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২ ॥

কেহ তাহাকে অনুশয় বলে, কেহ বা অবিদ্যা কহে, তাহার নাম জীব বাসনা ॥ ১৭ ॥

মায়াময় বিশ্ব তৈজস প্রাজ্ঞাদি জীবনিষ্ঠ জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি অবস্থায় সাক্ষি রূপে যাহার অন্বয় ও সমাধিকালে সেই সকল অবস্থায় যাঁহার ব্যতিরেক, সেই অধিষ্ঠানের নাম আশ্রয় ॥ ১৮ ॥

যেমন ঘটাদি পদার্থে মৃদাদি দ্রব্য ও রূপ নামাদিতে সত্তা মাত্র, তাহার ন্যায় বীজ অবধি পঞ্চত্ব পর্য্যন্ত জীবের সমুদায় অবস্থাতে যিনি যুক্ত ও অযুক্ত আছেন তিনিই আশ্রয় ॥ ১৯ ॥

যখন সৃষ্টির মায়াময়ত্ব অনুসন্ধান দ্বারা কিম্বা যোগ দ্বারা সংশয়

যোগেন বা তদাত্মানং বেদেহায়া নিবর্ত্ততে ॥ ২০ ॥
এবং লক্ষণ লক্ষ্যাণি পুরাণানি পুরাবিদঃ।
মনবোষ্টাদশ প্রাহুঃ ক্ষুল্লকানি মহান্তিচ।
ব্রাহ্মং পাদ্মং বৈষ্ণবঞ্চ শৈবং লৈঙ্গং সগারুড়ং।
নারদীয়ং ভাগবতমাগ্নেয়ং স্কান্দসংজ্ঞিতং ॥ ২১ ॥
ভবিষ্যং ব্রহ্মবৈবর্ত্তং মার্কণ্ডেয়ং স বামনং।
বারাহং মাৎস্যং কৌর্ম্মঞ্চ ব্রহ্মাণ্ডাখ্যমিতি ত্রিষট্ ॥ ২২ ॥
ব্রহ্মন্নেতৎ সমাখ্যাতং শাখা প্রণয়নং মুনেঃ।

যোগেন বা দেবহূত্যাদিবৎ তদাবিক্ষেপাভাবাদাত্মানং বেদ তদাচাবিদ্যা নিবৃত্তে রীহায়াঃ সংসার রূপায়া নিবর্ত্তত ইত্যর্থঃ ॥ ২০ ॥

পুরাণ বিভাগ প্রস্তাবেন তল্লক্ষণাদি প্রাসঙ্গিক মুক্ত্বা প্রস্তুতমাহ এবং বিধৈর্লক্ষণৈর্লক্ষ্যাণি ॥ ২১ ॥

ত্রিষট্ অষ্টাদশ ॥ ২২ ॥

উপসংহরতি ব্রহ্মন্নিতি মুনের্ব্যাসস্য শিষ্যাদীনাং ব্রহ্মতেজো ব্রহ্মবর্চ্চসং তদ্বিবর্দ্ধনং

ক্রমসন্দর্ভঃ।

শাখাপ্রণয়নমিতিহাসানাং শাখা স্থানীয়ত্বাদিত্যভিপ্রায়ঃ। শিষ্যাঃ সাক্ষাদুপদেশ্যাঃ

নিশ্চয় গর্ব্বাদি হইতে অন্তঃকরণ স্বয়ং নিবৃত্ত হয়, তখনই আত্মাকে জানিতে পারে ও সংসার চেষ্টা নিবৃত্ত হয় ॥ ২০ ॥

পুরাণবেত্তা পণ্ডিতেরা এই সকল লক্ষণ লক্ষিত অষ্টাদশ মহাপুরাণ ও অষ্টাদশ উপপুরাণ নির্ণয় করিয়াছেন, ব্রাহ্ম, পাদ্ম, বৈষ্ণব, শৈব, লৈঙ্গ, গারুড়, নারদীয়, ভাগবত, আগ্নেয়, স্কান্দ ॥ ২১ ॥

ভবিষ্য, ব্রহ্মবৈবর্ত্ত, মার্কণ্ডেয়, বামন, বরাহ, মাৎস্য, কৌর্ম্ম্য ও ব্রহ্মাণ্ড এই অষ্টাদশ মহাপুরাণ ॥ ২২ ॥

হে ব্রহ্মন্! ব্যাসদেবের এই সকল বেদ ও পুরাণের শাখা প্রণয়ন আমি তোমার নিকট ব্যক্ত করিলাম শিষ্য প্রশিষ্য ক্রমে যাহারা ইহা

শিষ্যশিষ্যপ্রশিষ্যাণাং ব্রহ্মতেজো বিবর্দ্ধনং ॥ ২৩ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

শ্রীশৌনক উবাচ ॥

সূত জীব চিরং সাধো বদ নো বদতাম্বর ।
তমস্যপারে ভ্রমতাং নৃণাং ত্বং পারদর্শনঃ ॥ ১ ॥

শ্রোতৃণামিতি শেষঃ ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি দ্বাদশে সপ্তমঃ ॥ * ॥

অষ্টমেতু তপশ্চর্য্যা মার্কণ্ডেয়স্য মোহকৈঃ । কামাদিভিরসং মোহো নরনারায়ণ স্তুতিঃ ॥ ০ ॥

পুরাণ বিভাগ প্রসঙ্গেন পুরাণ কর্ত্তুর্মার্কণ্ডেয়স্য চরিতং প্রস্তুতমাহ সূতেতি ত্বমেব বক্তুং যোগ্য ইত্যাহ তমসি সংসারে ভ্রমতাং পারদর্শন স্তন্নিবর্ত্তকঃ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ ।

শিষ্য প্রশিষ্য শিষ্যাণাং শিষ্যপরম্পরাঃ ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি দ্বাদশ ক্রমসন্দর্ভে সপ্তমঃ ॥ * ॥

তদেবং নানা প্রভাবানাং কথাময় পুরাণমিদং সমাপ্যমানং বিতর্ক্য তত্র নিজকুলাবতংস তাদৃশ মার্কণ্ডেয় কথামপ্রস্তুতাং প্রস্তাবয়তি সূত জীবেত্যাদিনা ॥ ১ ॥

শ্রবণ করেন তাঁহাদিগের ব্রহ্মতেজ বিবর্দ্ধিত হয় ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি দ্বাদশে সপ্তম ॥ * ॥

মার্কণ্ডেয়ের তপস্যাচরণ ও কামাদিতে অমোহ এবং নর নারায়ণের স্তুতি ॥ ০ ॥

শৌনক কহিলেন হে সাধো ! হে সূত ! তুমি অতি সদ্বক্তা, তুমি চিরজীবী হও, পার রহিত তমোরূপ সংসার মধ্যে ভ্রমণকারি লোক-দিগের তুমিই পথ প্রদর্শক ॥ ১ ॥

আহুশ্চিরায়ুষমৃষিং মৃকণ্ডুতনয়ং জনাঃ।
যঃ কল্পান্তে হ্যুর্ব্বরিতো যেন গ্রস্তমিদং জগৎ ॥ ২ ॥
স বা অস্মৎ কুলোৎপন্নঃ কল্পেঽস্মিন্ ভার্গবর্ষভঃ।
নৈবাধুনাপি ভূতানাং সংপ্লবঃ কোপি জায়তে ॥ ৩ ॥
এক এবার্ণবে ভ্রামান্ দদর্শ পুরুষং কিল।
বটপত্রপুটে তোকং শয়ানন্ত্বেকমদ্ভুতং ॥ ৪ ॥
এষ নঃ সংশয়ো ভূয়ান্ সূতঃ কৌতূহলং যতঃ।

বক্তব্যমাহ আহুরিতি উর্ব্বরিতঃ অবশিষ্টঃ যেন কল্পান্তেন এতৎ কথং ঘটেত ইত্যেকঃ প্রশ্নঃ ॥ ২ ॥

প্রলয়াভাবাদপ্যেতন্ন ঘটতে ইত্যাহ সবা ইতি যতো ভার্গবর্ষভঃ কোপি প্রাকৃতিকো নৈমিত্তিকো বা ॥ ৩ ॥

অত্যদপ্যঘটিতমেবেত্যাহ এক এবেতি তোকং বালকং ॥ ৪ ॥

কৌতূহলমৌৎসুক্যং তং সংশয়ং ন কেবলং ত্বং মহাযোগী কিন্তু পুরাণেষ্বপি জ্ঞাতৃত্বেন সম্মতঃ ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

কল্পান্তে উর্ব্বরিত অবশিষ্টেন দৃষ্টঃ ॥ ২ ॥

কল্পান্তরং ন ঘটত ইত্যাহ সবা ইতি কথমস্মিন্নেব কল্প ইতি জায়তে তত্রাহ। নৈবেতি কল্পান্তে সংপ্লবস্তাবত্তং ভাবিত্বাত্তু পরংপরায়াশ্চাবিচ্ছেদেন সংপ্রতি প্রাপ্তত্বাদিতি ভাবঃ ॥ ৩

কল্পান্তে উর্ব্বরিতত্বে কিং প্রমাণং তত্রাহ এক এবার্ণব ইতি কিল প্রসিদ্ধৌ ॥ ৪। ৫ ॥

বল দেখি মৃকণ্ডুতনয় মার্কণ্ডেয় ঋষিকে লোকে চিরজীবী বলিয়া থাকে, কল্পান্ত সময়ে সমুদায় জগৎ বিলুপ্ত হইলে তিনি কি প্রকারে অবশিষ্ট ছিলেন ॥ ২ ॥

আর সেই ভৃগুকুলোৎপন্ন ঋষি বর্ত্তমান কল্পেতে আমাদিগের বংশে উৎপন্ন হইয়াছিলেন, অথচ ইহার মধ্যে প্রাকৃতিক বা নৈমিত্তিক কোন প্রকার ভূত প্রলয় উপস্থিত হয় নাই ॥ ৩ ॥

কিন্তু একাকী একার্ণবে ভ্রমণ করত বটপত্র পুটে শয়ান এক অদ্ভুত বালক পুরুষকে দেখিয়াছিলেন, ইহা কি প্রকারে ঘটে ॥ ৪ ॥

এই এক আমাদিগের মহৎ সংশয় অতএব ইহা শুনিতে অত্যন্ত

তং নশ্ছিন্ধি মহাযোগিন্ পুরাণেষ্বপি সম্মতঃ ॥ ৫ ॥

শ্রীসূত উবাচ ॥

প্রশ্নস্ত্বয়া মহর্ষেয়ং কৃতলোকভ্রমাপহঃ।

নারায়ণকথা যত্র গীতা কলিমলাপহা ॥ ৬ ॥

প্রাপ্তদ্বিজাতিসংস্কারো মার্কণ্ডেয়ঃ পিতুঃ ক্রমাৎ।

ছন্দাংস্যধীত্য ধর্ম্মেণ তপঃ স্বাধ্যায় সংযুতঃ ॥ ৭ ॥

প্রশ্নমভিনন্দতি হে মহর্ষে অয়ং প্রশ্নঃ ভত্র হেতুঃ নারায়ণেতি যত্র প্রশ্ন বিষয়ে ॥ ৬ ॥

তত্র মার্কণ্ডেয় স্তপসা ভগবন্তমারাধ্য মায়াদর্শনং বব্রে ততশ্চ তেনৈব ভগবন্মায়য়া সপ্ত কল্পা দৃষ্টাঃ নাস্যৈরিত্যত্ত্বরং বক্তুং আদিতঃ আরভ্য তস্য চরিত্রমাহ প্রাপ্তেত্যাদিনা মার্কণ্ডেয়ো মৃত্যুং জিগ্যে ইতি পঞ্চম শ্লোকেনান্বয়ঃ। মধ্য গ্রন্থেন তস্য ধর্ম্মঃ কথ্যতে প্রাপ্তো দ্বিজাতিসংস্কার উপনয়নাখ্যো যেন সঃ পিতুঃ সকাশাৎ গর্ভাধানাদি ক্রমাৎ ছন্দাংসি বেদান্ ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

ইহ খলু কল্পে মন্বন্তরাণ্যেবোচ্যতে। সংপ্লবশ্চ তদন্তে প্রক্ষালনমেব। যত্তু একার্ণবে ভ্রামাম্নিত্যাদি ভবতা পৃষ্টং তৎ খলু মায়িকমেব সপ্তানামপি কল্পানাং মায়িকত্বেতু ক্ষণ মাত্রত্বেন সংভবাচ্চিরজীবিত্ব বিঘাতঃ স্যাদিত্যাত্তরয়িতুমাহ প্রশ্ন ইতি ॥ ৬ ॥

প্রাপ্তেতি পঞ্চকং সায়ং প্রাতরিতি সমাবর্ত্তনাৎ পূর্ব্বাবস্থামেব জ্ঞেয়া। বর্ষাণা মযুতাযুতমিতি কল্পান্তিপ্রায়েণ কল্পজীবত্বাৎ। যাবজ্জীব মেবারাধয়ত তস্য মৃত্যু ন ছিদ্রং প্রাপেত্যর্থঃ। তস্যৈবং যুঞ্জত ইতি বক্ষ্যমাণ পদ্যদ্বয়াৎ ॥৭॥৮॥৯॥১০॥১১॥১২॥১৩॥১৪॥১৫॥১৬॥ ॥১৭॥

কৌতূহল। হে মহাযোগিন্! এই সংশয় ছেদ কর, ইহা পুরাণেতেও বর্ণিত আছে ॥ ৫ ॥

সূত কহিলেন হে মহর্ষে! আপনি যে প্রশ্ন করিলেন ইহাতে লোক সকলের ভ্রম নিবারণ হইবে এবং কলিমল বিনাশিনী নারায়ণ কথা বর্ণিত হইবে ॥ ৬ ॥

মার্কণ্ডেয় প্রথমত পিতা হইতে দ্বিজাতি সংস্কার প্রাপ্ত হইয়া বেদাধ্যয়ন করত ধর্ম্মত তপস্যায় সংযত হইয়াছিলেন ॥ ৭ ॥

বৃহদ্ব্রতধরঃ শান্তো জটিলো বল্কলাম্বরঃ।
বিভ্রৎ কমণ্ডলুং দণ্ডমুপবীতং সমেখলং ॥ ৮ ॥
কৃষ্ণাজীনং সাক্ষসূত্রং কুশাংশ্চ নিয়মর্দ্ধয়ে।
অগ্ন্যর্ক গুরু বিপ্রাত্মস্বর্চ্চয়ন্ সন্ধ্যয়ো হরিং ॥ ৯ ॥
সায়ং প্রাতঃ স্বগুরবে ভৈক্ষ্যমাহৃত্য বাগ্যতঃ।
বুভুজে গুর্ব্বনুজ্ঞাতঃ সকৃন্নোচেদুপোষিতঃ।
এবং তপঃ স্বাধ্যায় পরো বর্ষাণামযুতাযুতং।
আরাধয়ন্ হৃষীকেশং জিগ্যে মৃত্যুং সুদুর্জ্জয়ং ॥ ১০ ॥
ব্রহ্মা ভবো ভৃগুর্দক্ষো ব্রহ্মপুত্রাশ্চ যে পরে।

বৃহদ্ব্রতধরঃ নৈষ্ঠিক ব্রহ্মচারী সন্ ॥ ৮ ॥

নিয়মর্দ্ধয়ে ধর্ম্মবৃদ্ধয়ে অগ্ন্যাদিষু পঞ্চসু হরিমর্চ্চয়ন্ ॥ ৯ ॥

ভৈক্ষ্যং গুর্ব্বর্থমাহৃত্য তেনানুজ্ঞাতশ্চেত্তর্হি বুভুজে নোচেৎ সকৃৎ কদাচিৎ উপোষিতো ভবতি ॥ ১০ ॥

তেন মৃত্যুজয়েন ॥ ১১ ॥

পরে বৃহদ্ব্রত অর্থাৎ নৈষ্ঠিক ব্রহ্মচারী হইয়া শান্তভাবে জটা, বল্কল দণ্ড, কমণ্ডলু, উপবীত ও মেখলা ধারণ করিয়াছিলেন ॥ ৮ ॥

আর ধর্ম্মবৃদ্ধির নিমিত্ত কৃষ্ণাজিন, অক্ষসূত্র ও কুশা ধারণ এবং উভয় সন্ধ্যা সময়ে অগ্নি, সূর্য্য, গুরু, বিপ্র ও আত্মাতে হরির অর্চ্চনা করিতেন ॥ ৯ ॥

সায়ং ও প্রাতঃকালে বাগ্যত ভাবে ভৈক্ষ আহরণ করত গুরুকে প্রদান পূর্ব্বক তাঁহার আজ্ঞানুসারে ভোজন করিতেন, কদাচিৎ আজ্ঞা না করিলে উপবাসী থাকিতেন। এই রূপে অযুতাযুত বর্ষ তপস্যা ও স্বাধ্যায়ে নিরত হইয়া হৃষীকেশের আরাধনা করত সুদুর্জ্জয় মৃত্যুকে জয় করিয়াছিলেন ॥ ১০ ॥

ব্রহ্মা, শিব, ভৃগু, দক্ষ ও অপরাপর ব্রহ্ম পুত্রগণ এবং মনুষ্য, দেবতা

নৃদেব পিতৃ ভূতানি তেনাসন্নতিবিস্মিতাঃ ॥ ১১ ॥
ইত্থং বৃহদ্ব্রতধরস্তপঃ স্বাধ্যায় সংযমৈঃ ।
দধ্যাবধোক্ষজং যোগী ধ্বস্তক্লেশান্তরাত্মনা ।
তস্যৈবং যুঞ্জতশ্চিত্তং মহাযোগেন যোগিনঃ ।
ব্যতীয়ায় মহান্ কালো মন্বন্তর ষড়াত্মকঃ ॥ ১২ ॥
এতৎ পুরন্দরো জ্ঞাত্বা সপ্তমেঽস্মিন্ কিলান্তরে ।
তপো বিশঙ্কিতো ব্রহ্মন্নারেভে তদ্বিঘাতনং ॥ ১৩ ॥
গন্ধর্ব্বাপ্সরসঃ কামং বসন্তং মলয়ানিলং ।
মুনয়ে প্রেষয়ামাস রজস্তোক মদৌ তথা ।
তে বৈ তদাশ্রমং জগ্মুর্হিমাদ্রেঃ পার্শ্ব উত্তরে ।
পুষ্পভদ্রা নদী যত্র চিত্রাখ্যাচ শিলা প্রভো ॥ ১৪ ॥

ধ্বস্তা ক্লেশা রাগাদয়ো যস্য তেনান্তরাত্মনা প্রত্যাহৃতেন মনসা ॥ ১২ ॥

তস্য তপোনিষ্ঠামিতিহাসেন বর্ণয়তি এতদিত্যাদিনা অস্মিন্ সপ্তমে মন্বন্তরে তপসা মৎপদং গ্রহীষ্যতীতি বিশঙ্কিতঃ ॥ ১৩ ॥

মুনয়ে মুনিং ভ্রংশয়িতুং রজসস্তোক' অতিপ্রিয়মপত্যং লোভো মদশ্চ তৌ ॥ ১৪ ॥

পিতৃ ও ভূতসকল ইহারা মৃত্যুঞ্জয় দেখিয়া বিস্ময়াপন্ন হইয়াছিলেন ॥ ১১

যোগী মার্কণ্ডেয় তপস্যা, স্বাধ্যায় ও সংযম দ্বারা এই রূপ বৃহদ্ব্রত ধারণ করত ক্লেশ শূন্য প্রত্যাবর্ত্তিত অন্তরাত্মাতে নিরন্তর নারায়ণ মূর্ত্তি ধ্যান করিতেন। এই প্রকার মহাযোগে চিত্তযোগ করিতে করিতে যোগী মার্কণ্ডেয়ের ছয় মন্বন্তর কাল অতিবাহিত হইল । ১২ ॥

অনন্তর সপ্তম মন্বন্তরে দেবরাজ ইন্দ্র তপস্যা দ্বারা ইন্দ্রত্ব লইবেন এই আশঙ্কায় তাঁহার তপস্যার ব্যাঘাত করিতে আরম্ভ করিলেন ॥ ১৩ ॥

মুনির যোগ ভঙ্গের নিমিত্ত ইন্দ্র, গন্ধর্ব্ব অপ্সরোগণ, মদন, বসন্ত, মলয়বায়ু, অতি প্রিয় বালক, লোভ ও মত্ততা প্রভৃতিকে তথায় প্রেরণ করিলেন। তাহারা হিমালয়ের উত্তর পার্শ্বে পুষ্পভদ্রা নদী তীরে বিচিত্র শালা নির্ম্মিত মার্কণ্ডেয়ের আশ্রমে গমন করিল ॥ ১৪ ॥

তদাশ্রম পদং পুণ্যং পুণ্যক্রম লতাঞ্চিতং।
পুণ্যদ্বিজকুলাকীর্ণং পুণ্যামল জলাশয়ং ॥ ১৫ ॥
মত্তভ্রমর সংগীতং মত্তকোকিল কূজিতং।
মত্তবর্হি নটাটোপং মত্তদ্বিজ কুলাকুলং ॥ ১৬ ॥
বায়ুঃ প্রবিষ্ট আদায় হিমনির্ঝর শীকরান্।
সুমনোভিঃ পরিষ্বক্তো ববাবুত্তম্ভয়ন্ স্মরং ॥ ১৭ ॥
উদ্যচ্চন্দ্র নিশাবক্ত্রঃ প্রবাল স্তবকালিভিঃ।

তদাশ্রম পদং প্রবিষ্টো বায়ুর্ববাবিতি তৃতীয়েণান্বয়ঃ পুণ্যৈ র্দ্রুমৈ র্লতাদিভিশ্চাঞ্চিতং পূজিতং পুণ্যাবিজানাং ঋষীণাং কুলৈরাকীর্ণং পুণ্যা অমলা জলাশয়া যস্মিন্ ॥ ১৫ ॥

মত্তভ্রমরাণাং সঙ্গীতং যস্মিন মত্তকোকিলানাং কূজিতং যস্মিন্ মত্তবর্হিণ এব নটা স্তেষামাটোপো যস্মিন্ মত্তানাং দ্বিজানাং পক্ষিণাং কুলৈরাকুলং ব্যাপ্তং ॥ ১৬ ॥

এবং ভূতং তদাশ্রম পদং প্রবিষ্টঃ সন্ বায়ুর্মলয়ানিলো ববৌ প্রসসার উত্তম্ভয়ন্ উদ্দীপয়ন্ তত্র বৃক্ষেষু প্রবেশামান্দ্যং হিম নির্ঝরকণাদানাৎ শৈত্যং পুষ্পং পরিষ্বঙ্গাৎ সৌগন্ধ্যঞ্চোক্তং ॥ ১৭ ॥

কিঞ্চ উদ্যংশ্চন্দ্রো যস্মিন্ তন্নিশাবক্ত্রং রজনী মুখং যস্মিন্ সঃ। প্রবাল স্তবকানাং

ক্রমসন্দর্ভঃ।

উদ্যদিতি। গাং পৃথ্বীং ফল পুষ্পাদিভিঃ। পান্তীতি গোপাঃ সর্ব্বসমর্পকা যে দ্রুমা ইত্যর্থঃ ॥ ১৮ ॥ ১৯ ॥ ২০ ॥

তাঁহার সেই পুণ্য জনক আশ্রমপদ মনোহর বৃক্ষলতায় আকীর্ণ, সুবর্ণ রঞ্জিত পক্ষিকুলের কলরবে পরিব্যাপ্ত ও নির্ম্মল জলাশয়ে পরিবর্ত্তিত ॥ ১৫ ॥

মত্ত ভ্রমরগণ গান করিতেছে, মত্ত কোকিলকুল নিনাদ করিতেছে, ময়ূর যূথ রব করিতেছে এবং পক্ষিচয় কলকর্ণ শব্দ করিতেছে ॥ ১৬ ॥

এই রূপ আশ্রম পদে প্রবেশ করিয়া পুষ্পগন্ধে আসক্ত বায়ু হিম নির্ঝর শীকর বহন পূর্ব্বক কামের উদ্দীপন করত বহিতে লাগিল ॥১৭॥

এবং বৃক্ষ লতায় নব পল্লব স্তবক সহিত কম্বুসাকর বসন্ত, নিশামুখে

গোপদ্রুমলতাজালৈস্তত্রাসীৎ কুসুমাকরঃ ॥ ১৮ ॥
অন্বীয়মানো গন্ধর্ব্বৈ র্গীত বাদিত্র যূথিকৈঃ।
অদৃশ্যতাত্ত চাপেষুঃ স্বঃ স্ত্রীযূথপতিঃ স্মরঃ ॥ ১৯ ॥
হুত্বাগ্নীন্ সমুপাসীনং দদৃশুঃ শক্রকিঙ্করাঃ।
মীলিতাক্ষং দুরাধর্ষং মূর্ত্তিমন্তমিবানলং।
ননৃতু স্তস্য পুরতঃ স্ত্রিয়োথো গায়কা জগুঃ।
মৃদঙ্গবীণা পণবৈর্ব্বাদ্যঞ্চক্রু র্মনোরমং ॥ ২০ ॥
সন্দধেস্ত্রং স্বধনুষি কামঃ পঞ্চমুখং তদা।

আলয়ঃ শ্রেণয়ো যেষু তৈঃ শুপাস্তি বিটপৈঃ সংশ্লিষ্যন্তীতি গোপা দ্রুমাঃ লতাশ্চ তেষাং জালৈঃ সমূহৈ রাবির্বভূব ॥ ১৮ ॥

কিঞ্চ তদা গীত বাদিত্র যূথিকৈর্গানাদি সমুদায়িভির্গন্ধর্ব্বৈরন্বীয়মানঃ তথা স্বঃ স্ত্রিয়োঽপ্সরসঃ তাসাং যূথস্য পতিঃ আত্তং চাপেষু যেন স স্মরস্তত্রাদৃশ্যত ॥ ১৯ ॥

দুরাধর্ষং অভিভবিতুমশক্যং ॥ ২০ ॥

শোষণ মোহন সন্দীপন তাপন মাদনাখ্যানি যস্য তদস্ত্রং সন্দধে তৈরেব মধুর্বসন্তঃ

ক্রমসন্দর্ভঃ।

বাকম্পয়ন্ বিকম্পয়িতুমারব্ধাঃ ॥ ২১ ॥

উদিত চন্দ্র লইয়া তথায় আসিয়া উপস্থিত হইল ॥ ১৮ ॥

তখন গান বাদ্যাদি সম্প্রদায়ী গন্ধর্ব্বগণ সহিত অপ্সরোযূথপতি কামদেব ধনুর্ব্বাণ হস্তে আসিয়া দেখা দিলেন ॥ ১৯ ॥

এই রূপ ইন্দ্রের কিঙ্করগণ সকল তথায় আসিয়া দেখিলেন, দুরাধর্ষ মার্কণ্ডেয় অগ্নিতে হোম করত নিমীলিত নয়নে সাক্ষাৎ মূর্ত্তিমান্ অগ্নির ন্যায় তথায় উপবিষ্ট আছেন। তখন তাঁহার সম্মুখে অপ্সরোগণ নৃত্য করিতে লাগিল ও গায়কেরা গান করিতে আরম্ভ করিল এবং বাদ্যকরেরা মৃদঙ্গ বীণাদিতে মনোহর বাদ্য করিতে প্রবৃত্ত হইল ॥ ২০ ॥

তখন কামদেব স্বীয় ধনুতে পঞ্চমুখ অর্থাৎ শোষণ, মোহন, সন্দীপন তাপন ও মাদন নামে বাণ যোজনা করিয়া ও বসন্তকালযাজক যজ্ঞ স্তোক ধারণ করিয়া এবং অন্যান্য সকলে স্ব স্ব মোহন মূর্ত্তি ধারণ করিয়া

মধুর্মনো রজস্তোক ইন্দ্রভৃত্যা ব্যকম্পয়ন্ ॥ ২১ ॥
ক্রীড়ন্ত্যাঃ পুঞ্জিকস্থল্যাঃ কন্দুকৈস্তনগৌরবাৎ।
ভৃশমুদ্বিগ্নমধ্যায়াঃ কেশবিস্রংসিত স্রজঃ।
ইতস্ততো ভ্রমদ্দৃষ্টে র্চ্চলন্ত্যা অনুকন্দুকং।
বায়ুর্জহার তদ্বাসঃ সুক্ষ্মং ত্রুটিতমেখলং ॥ ২২ ॥
বিসসর্জ্জ তদা বাণং মত্বা তং স্বজিতং স্মরঃ।
সর্ব্বং তত্রাভবন্মোঘমনীশস্য যথোদ্যমঃ ॥ ২৩ ॥
ত ইত্থমপকুর্ব্বন্তো মুনেস্তত্তেজসা মুনে।
দহ্যমানা নিববৃতুঃ প্রবোধ্যাহিমিবার্ভকাঃ ॥ ২৪ ॥

রজস্তোকশ্চ [illegible]মার্ষং অন্যেচেন্দ্রভৃত্যাঃ তস্য মনো ব্যকম্পয়ন্ ॥ ২১ ॥
কিঞ্চ বায়ুর্মলয়ানিলঃ পুঞ্জিকস্থল্যা স্তৎ সূক্ষ্মং বাসো জহার ॥ ২২ ॥
সর্ব্বং তেষাং কর্ম্ম তত্র তস্মিন্ মোঘং ব্যর্থং অনীশস্য নির্দ্দৈবস্য ॥ ২৩ ॥
মুনেরপকুর্ব্বন্তঃ প্রাতিকূল্যমাচরন্তঃ হে মুনে ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

পুঞ্জিকস্থল্যা তন্নাম্ন্যাঃ ॥ ২২ ॥
অনীশস্য অনীশ্বরবাদিনঃ উদ্যমঃ পারলৌকিক প্রযত্নঃ ॥ ২৩ ॥ ২৪ ॥

তাঁহার মনঃ ক্ষোভের চেষ্টা পাইতে লাগিলেন ॥ ২১ ॥

তাঁহার সম্মুখে স্তনভরে কুঞ্চিতমধ্যা, কন্দুকক্রীড়া তৎপরা, বিক্ষিপ্ত কন্দুকের পশ্চাৎ ভ্রমণকারিণী, ইতস্তত ভ্রমদ্দৃষ্টি, কেশ বিস্রস্ত মালা, নর্ত্তকী অপ্সরোগণের মেখলা হইতে সূক্ষ্মবস্ত্র স্খলিত হইবা মাত্র বায়ু তাহা হরণ করিয়া লইল ॥ ২২ ॥

এমত সময়ে কামদেব আপনার জয় লাভের অবসর বুঝিয়া বাণ পরিত্যাগ করিলেন। কিন্তু অনীশ্বরবাদির পারলৌকিক উদ্যমের ন্যায় সে সমুদায় বিফল হইল ॥ ২৩ ॥

তখন তাঁহারা মার্কণ্ডেয়ের অপকার করিতে আসিয়া যেমন সর্প দেখিয়া বালকেরা পলায়ন করে তদ্রূপ তাঁহার তেজে দহ্যমান হইয়া নিবৃত্ত হইলেন ॥ ২৪ ॥

ইতীন্দ্রানুচরৈ র্ব্রহ্মন্ ধর্ষিতোপি মহামুনিঃ ।
যন্নাগাদহমো ভাবং নতচ্চিত্রং মহৎসুহি ॥ ২৫ ॥
দৃষ্ট্বা নিস্তেজসং কামং সগণং ভগবান্ স্বরাট্ ।
শ্রুত্বানুভাবং বিপ্রর্ষে র্বিস্ময়ং সমগাৎ পরং ॥ ২৬ ॥
তস্যৈবং যুঞ্জতশ্চিত্তং তপঃ স্বাধ্যায় সংযমৈঃ ।
অনুগ্রহায়াবিরাসীৎ নরনারায়ণো হরিঃ ॥ ২৭ ॥
তৌ শুক্লকৃষ্ণৌ নবকঞ্জলোচনৌ চতুর্ভুজৌ
রৌরব বল্কলাম্বরৌ । পবিত্রপাণী উপবীতকং

অহমঃ অহঙ্কারস্ত ভাবং বিকারং ॥ ২৫ ॥
নিস্তেজসং ম্লানবদনং স্বরাট্ ইন্দ্রঃ ॥ ২৬ ॥
নরনারায়ণরূপো হরিঃ ॥ ২৭ ॥
তাবন্নুবর্ণয়তি দ্বাভ্যাং রৌরবং কৃষ্ণাজীনং বল্কলঞ্চ অম্বরং যয়োস্তৌ পবিত্রে পাণ্যো-

ক্রমসন্দর্ভঃ ।

ধর্ষিতোঽপি ধর্ষিতুমারব্ধোপি ॥ ২৫ ॥ ২৬ ॥ ২৭ ॥
উপবীতাদিকং দধানৌ ॥ ২৮ ॥ ২৯ ॥ ৩০ ॥ ৩১ ॥ ৩২ ॥

হে ব্রহ্মন্ ! মহামুনি মার্কণ্ডেয় এই রূপ ইন্দ্রানুচর কর্ত্তৃক ব্যাহত হইয়াও যে অহংভাবে আগত হয়েন নাই ইহা মহৎ লোকের আশ্চর্য্য নহে ॥ ২৫ ॥

ভগবান্ দেবরাজ ইন্দ্র তখন স্বগণ সহিত কামদেবকে নিস্তেজ দেখিয়া এবং ঋষির অনুভাব শ্রবণ করিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥ ২৬ ॥

তখন তপস্যা স্বাধ্যায় ও সংযম দ্বারা মহাযোগে নিবিষ্টচেতা সেই ঋষির প্রতি অনুগ্রহার্থে স্বয়ং হরি নর নারায়ণ উভয় রূপ ধারণ করত তথায় আসিয়া আবির্ভূত হইলেন ॥ ২৭ ॥

তাঁহাদিগের মধ্যে একটী শুক্লবর্ণ, একটী কৃষ্ণবর্ণ, একটী কৃষ্ণাজিনাম্বর, একটী বল্কলাম্বর, কিন্তু উভয়ের পদ্মপলাশলোচন, চতুর্ভুজ,

ত্রিবিৎ কমণ্ডলুং দণ্ড ঋজুঞ্চ বৈণবং ॥ ২৮ ॥
পদ্মাক্ষমালামুত জন্তু মার্জনং বেদঞ্চ সাক্ষা
ত্তপ এব রূপিণৌ। তপত্তড়িদ্বর্ণ পিশঙ্গ
রোচিষা প্রাংশূদধানৌ বিবুধর্ষভার্চ্চিতৌ ॥ ২৯ ॥
তে বৈ ভগবতো রূপে নর নারায়ণাবৃষী।
বীক্ষ্যোত্থায়াদরেণোচ্চৈ র্নামাঙ্গেন দণ্ডবৎ ॥ ৩০ ॥
স তৎ সন্দর্শনানন্দ নির্বৃতাত্মেন্দ্রিয়াশয়ঃ।
হৃষ্টরোমাশ্রু পূর্ণাক্ষো ন সেহে তাবুদীক্ষিতুং ॥ ৩১ ॥

ত্রিবিৎ ত্রিগুণং নবতন্তুকমিতি বা। ত্রিবিৎ বহিঃ পরিমাণমিত্যাদৌ নব তন্ত্বাদি ময়ং ॥ ২৮ ॥

বেদঞ্চ দর্ভমুষ্টিং কিঞ্চ সাক্ষাত্তপ এব তৌ তত্র হেতুঃ তপত্তড়িদ্বর্ণং দীপ্যমান বিদ্যুৎ সঙ্কাশং বৎ পিশঙ্গ রোচিঃ তেন রূপিণৌ মূর্ত্তিমন্তৌ তাদৃক্ তেজোযুক্ত মূর্ত্তিভ্যাং তপো ময়ত্বেন প্রকাশমানাবিত্যর্থঃ প্রাংশূ উন্নতৌ ॥ ২৯ ॥

উচ্চৈ র্মহতা আদরেণ ॥ ৩০ ॥

তয়োঃ সন্দর্শনেন য আনন্দঃ তেন নির্বৃতাঃ উপশান্তা আত্মেন্দ্রিয়াশয়া দেহেন্দ্রিয় মনাংসি যস্য সঃ। ন সেহে নাশক্নোৎ ॥ ৩১ ॥

ত্রিগুণীকৃত যজ্ঞোপবীত বিশিষ্ট এবং পবিত্র হস্তে ঋজু বৈণবদণ্ড কমণ্ডলু-ধারী ॥ ২৮ ॥

পদ্মমালা, রুদ্রাক্ষ মালা ও বেদধারী, সাক্ষাৎ মূর্ত্তিমান্ তপস্যা রূপ, দেদীপ্যমান বিদ্যুতের ন্যায় পিঙ্গল জ্যোতির্ধারী, উন্নত শরীর ও ঋষি-দিগের পূজনীয় ॥ ২৯ ॥

মার্কণ্ডেয় এই রূপ ভগবান্ নর নারায়ণ ঋষির উভয় প্রকার রূপ দর্শন করত আদরের সহিত সম্ভ্রমে উত্থান পূর্ব্বক সর্ব্বাঙ্গে দণ্ডবৎ প্রণাম করিলেন ॥ ৩০ ॥

এবং তদুভয়ের সন্দর্শন জনিত আনন্দে তাঁহার ইন্দ্রিয় মন স্তব্ধ হইল, শরীর রোমাঞ্চিত হইল, বক্ষঃস্থল অশ্রু জলে পূর্ণ হইল এবং চক্ষুর্দ্বয় তদুভয়ে বিলীন হইল ॥ ৩১ ॥

উত্থায় প্রাঞ্জলিঃ প্রহ্ব ঔৎসুক্যাদাশ্লিষন্নিব।
নমো নম ইতীশানৌ বভাষে গদ্গদাক্ষরং ॥ ৩২ ॥
তয়োরাসনমাদায় পাদয়োরবনিজ্য চ।
অর্হণেনানুলেপেন ধূপমাল্যৈরপূজয়ৎ ॥
সুখমাসনমাসীনৌ প্রসাদাভিমুখৌ মুনিঃ।
পুনরানম্য পাদাভ্যাং গরিষ্ঠাবিদমব্রবীৎ ॥ ৩৩ ॥
শ্রীমার্কণ্ডেয় উবাচ ॥
কিং বর্ণয়ে তব বিভো যদুদীরিতোঽসুঃ সংস্পন্দতে
তমনু বাঙ্মন ইন্দ্রিয়াণি। স্পন্দন্তি বৈ তনুভৃতামজ
শর্ব্বয়োশ্চ স্বস্যাপ্যথাপি ভজতামসি ভাববন্ধুঃ ॥ ৩৪ ॥

অশ্লিষন্ অলিঙ্গন্নিব ॥ ৩২ ॥
পাদয়োরবনিজ্য পাদৌ প্রক্ষাল্য অর্হনেন অর্ঘ্যেণ ॥ ৩৩ ॥
পাদাবানম্য গরিষ্ঠৌ পূজ্যতমৌ তৌ প্রতি ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

কিং বর্ণয় ইতি। তথা ভাবেন ভক্ত্যা বন্ধুঃ স্নিগ্ধোসি ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥ ৩৬ ॥ ৩৭ ॥

তখন কৃতাঞ্জলি হইয়া উত্থান পূর্ব্বক ঔৎসুক্যে আলিঙ্গন করত প্রহ্বীভূত হইয়া গদ্গদবাক্যে তদুভয়কে নমস্কার করিতে লাগিলেন ॥৩২ ॥ এবং তদুভয়ের আসন প্রদান পূর্ব্বক পাদ প্রক্ষালন করিয়া দিয়া, গন্ধ পুষ্প ধূপ মাল্যাদি দ্বারা তাঁহাদিগকে পূজা করিলেন। এবং পূজ্যতম তদুভয় সুখাসনে উপবিষ্ট হইলে পুনর্ব্বার পাদপদ্মে প্রণাম পূর্ব্বক কহিতে লাগিলেন ॥ ৩৩ ॥

মার্কণ্ডেয় কহিলেন হে বিভো! আমি আপনার কি বর্ণন করিব? যে হেতু আপনি প্রাণি মাত্রকে এমন কি শিব ব্রহ্মা প্রভৃতিকেও প্রাণ ইন্দ্রিয়াদি প্রদান করিয়াছেন, যদিও সকলেই আপনার অধীন, তথাপি আপনি অনুগতদিগের আত্মবন্ধু ॥ ৩৪ ॥

মূর্ত্তীইমে ভগবতো ভগবংস্ত্রিলোক্যাঃ ক্ষেমায় তাপ
বিরমায়চ মৃত্যুজিত্যৈ। নানা বিভর্ষ্যবিতুমন্য
তনূর্যথেদং সৃষ্ট্বা পুনর্গ্রসসি সর্ব্বমিবোর্ণনাভিঃ ॥ ৩৫ ॥
তস্যাবিতুঃ স্থিরচরেশিতুরঙ্ঘ্রি মূলং যৎস্থং নকর্ম্ম
গুণকাল রজঃ স্পৃশন্তি। যদ্বৈ স্তুবন্তি নিনমন্তি
যজন্ত্যভীক্ষ্ণং ধ্যায়ন্তি বেদহৃদয়া মুনয়স্তদাপ্ত্যৈ ॥ ৩৬ ॥

অন্তর্যামিণস্তস্তৈব প্রাণাদি প্রবর্ত্তকত্বাৎ আত্মন স্তৎ স্তুতাবস্বাতন্ত্র্যং পশ্যন্নাহ কিমিতি হে বিভো তব ত্বাং কিমহং বর্ণয়ে কথং স্তৌমি যতো যেন ত্বয়ৈব উদীরিতঃ প্রেরিতোঽসুঃ প্রাণঃ সংস্পন্দতে প্রবর্ত্ততে তমনুচ রাগাদয়ঃ স্পন্দন্তি প্রবর্ত্তন্তে তত্র হেতুঃ বৈ অন্বয় ব্যতিরেকাভ্যাং শ্রোত্রস্য শ্রোত্র মিত্যাদি শ্রুতিভিশ্চ তৎ প্রসিদ্ধমিত্যর্থঃ ন কেবলং প্রাকৃতানাং তনুভৃতা' কিন্তু অজ শর্ব্বয়োশ্চ অতঃ স্বস্য মমাপি তথৈব এবং যদ্যপি ন কচিদপি কস্যাপি স্বাতন্ত্র্যং তথাপি দারুযন্ত্রবৎ ত্বৎ প্রবর্ত্তিতৈরপি রাগাদিভি র্ভজতাং পুংসাং ভাববন্ধুঃ আত্মবন্ধুরসি ন পিত্রাদিবৎ দেহমাত্র বন্ধুঃ অহো কৃপালুতা তবেত্যর্থঃ ॥ ৩৫ ॥

ননু কথমাবাং প্রাণাদি প্রবর্ত্তকৌ ধর্ম্ম পুত্রত্বাদাবয়োরিতিচেত্তত্রাহ মূর্ত্তি ইতি হে ভগবন্ ভগবতস্তব ইমে মূর্ত্তি ত্রিলোক্যাঃ পালনায় তাপ বিবনায় দুঃখ নিবৃত্ত্যৈ মৃত্যুজিত্যৈ মোক্ষায়চ নতু ত্বং কস্যাপি পুত্র ইত্যর্থঃ। অত্র দৃষ্টান্তঃ যথেদং বিশ্বং অবিতুং অন্যাস্তনূ র্মৎস্য কূর্ম্মাদি লক্ষণা নানা অনেক প্রকারা বিভর্ষি অবিতৃত্বাৎ তদ্বৎ ন কেবলং পালন মাত্রং তব কর্ম্ম কিন্তু সৃষ্টিলয়াবপীত্যাহ সৃষ্ট্বেতি তত্রাপ্যস্য নিরপেক্ষত্বে দৃষ্টান্ত ঊর্ণনাভি রিবেতি ॥ ৩৬ ॥

হে ভগবন্! আপনার এই মূর্ত্তি দ্বয় ত্রৈলোক্যের প্রতিপালন, দুঃখ নিবৃত্তি ও মোক্ষের নিমিত্ত কারণ, যে হেতু আপনি ইহার প্রতি-পালনের নিমিত্ত মৎস্য কূর্ম্মাদি অন্য নানা প্রকার শরীর ধারণ করিয়া থাকেন ॥ ৩৫ ॥

সেই স্থাবর জঙ্গমের অধীশ্বর ও প্রতিপালক রূপে আপনার পাদপদ্ম ভজনা করি, যে পাদপদ্মে স্থিতি করিলে আর গুণ কর্ম্ম কাল রূপ মল স্পর্শ করিতে পারে না এবং বেদ তাৎপর্য্যজ্ঞ ঋষিরা যৎ প্রাপ্তির নিমিত্ত নিয়ত যাঁহার স্তব, প্রণাম, পূজা, ধ্যান করিয়া থাকেন ॥ ৩৬ ॥

নান্যং তবাঙ্ঘ্র্যুপনয়াদপবর্গমূর্ত্তেঃ ক্ষেমং জনস্য পর
তো ভিয় ঈশ বিদ্মঃ। ব্রহ্মা বিভেত্যলমিতো দ্বিপরার্দ্ধ
ধিষ্ণ্যঃ কালস্য তে কিমুত তৎকৃতভৌতিকানাং ॥ ৩৭ ॥
তদ্বৈ ভজাম্যৃতধিয় স্তব পাদমূলং হিত্বেদমাত্ম চ্ছদি
চাত্মগুরোঃ পরস্য। দেহাদ্যপার্থমসদন্ত্যমভি

যস্মাদেবং ভূত স্বং তস্মাত্তবাঙ্ঘ্রি মূলং ভজামীত্যাহ তদ্বেতি তস্যাবিতুঃ পালকস্য স্থাবর জঙ্গমানামীশ্বরস্য পাদমূলং ভজামীতি তৃতীয় শ্লোকস্যানুষঙ্গঃ কথং ভূতমঙ্ঘ্রি মূলং যৎস্থং যত্র স্থিতঃ কর্ম্মগুণ কালানাং রজোমলং অন্যেচ পূর্ব্বোক্তা স্তাপাদয়ো ন স্পৃশন্তি রুজা ইতি বা পাঠঃ যতো বেদা হৃদয়ে যেষাং তে বেদ তাৎপর্য্য বিদো মুনয়ঃ যদেব স্তুবন্তি নিতরাং নমন্তি তৎ প্রাপ্তয়ে এব স্তবনাদিকং কুর্ব্বন্তি ॥ ৩৭ ॥

অতোঽন্যঃ পুরুষার্থো নাস্তীত্যাহ নান্যমিতি অঙ্ঘ্র্যুপনয়নাৎ শ্রীমচ্চরণ প্রাপ্তেরন্যং ক্ষেমং ন বিদ্মঃ পরিতো লোকেষু সর্ব্বেষপি ভীর্য্যস্য তস্য জনস্য তদেবাহ দ্বিপরার্দ্ধং ধিষ্ণ্যং স্থানং যস্য স ব্রহ্মাপি তে কালস্য ইতো ভ্রুবিজৃম্ভাদি রূপাৎ কালাদলং বিভেতি অতঃ কিমুত বক্তব্যং তেন ব্রহ্মণা কৃতানাং ভৌতিকানাং প্রাণিনাং ভয়মিতি ॥ ৩৭ ॥

যস্মাদেবং তস্মাত্তব পাদমূলং ভজামি কথং ভূতস্য ঋতধিয়ঃ সত্যজ্ঞান স্বরূপস্য যদ্বা ঋতা সত্যা ধীর্যস্য যস্মিন্নবতারস্য আত্মগুরোর্জীবস্য নিয়ন্তুঃ অতঃ কারণাৎ পরস্য কিং কৃত্বা আত্ম

ক্রমসন্দর্ভঃ।

তদ্বৈ ইতি তৈঃ। তত্রাত্মমাত্র মিতি আত্মন্যধিষ্ঠানে ভ্রমাদেব প্রতীতির্যস্য তদিত্যর্থঃ ॥ ৩৮ ॥ ৩৯ ॥ ৪০ ॥ ৪১ ॥

হে ঈশ! মোক্ষ মূর্ত্তি যে আপনি আপনার চরণ প্রাপ্তি ব্যতীত সর্ব্বত্র ভয়দর্শী লোকের মঙ্গল আর কোথাও দেখি না, যখন দ্বিপরার্দ্ধ কাল স্থায়ী ব্রহ্মাও আপনার কাল রূপের নিকট ভয় প্রাপ্ত হন, তখন তৎ কৃত ভৌতিকের যে ভয় হইবে তাহার আর কি কথা ॥ ৩৭ ॥

অতএব আত্মাবরক, নিষ্ফল, তুচ্ছ, নশ্বর, এই দেহাদির উপাসনা পরিত্যাগ করিয়া সত্য জ্ঞান স্বরূপ, জীব গুরু, পরমেশ্বর রূপে আপনার পাদপদ্ম ভজনা করি, পুরুষ যদি আপনার ভজনা করে তাহা হইলে

জ্ঞমাত্রং বিন্দেত তে তর্হি সর্ব্বমনীষিতার্থং ॥ ৩৮ ॥
সত্বং রজস্তম ইতীশ তবাত্মবন্ধো মায়াময়াঃ স্থিতি
লয়োদয় হেতবোঽস্য। লীলাধৃতা যদপি সত্বময়ী
প্রশান্ত্যৈ নান্যে নৃণাং ব্যসনমোহভিয়শ্চ যাভ্যাং ॥ ৩৯ ॥
তস্মাত্তবেহ ভগবন্নথ তাবকানাং শুক্লাং তনুং স্ব
দয়িতাং কুশলা ভজন্তি। যৎ সাত্বতা পুরুষ রূপ

হৃদি আত্মাবরকং অপার্থঞ্চ নিষ্ফলং অসচ্চ তুচ্ছং অন্ত্যঞ্চ নশ্বরং ইদং দেহাদি হিত্বা দেহাদি ভজনং ত্যক্ত্বা অসচ্চেৎ কথং প্রতীয়তে তত্রাহ অভিজ্ঞ মাত্রং নহ্যত্যন্তমসৎ কিন্তু আত্ম মাত্রং ন তত পৃথগস্তীত্যর্থঃ নন্বু অপবর্গায় ভবতু মদ্ভজনং ফলান্তরার্থং ত্বন্য ভজনং কার্য্যমেব তত্রাহ তর্হীতি যদি ত্বাং ভজতে পুরুষং তর্হি তে ত্বত্ত এব সর্ব্বং মনীষিতমর্থং বিন্দেতেতি ॥ ৩৮ ॥

নন্বু ব্রহ্মরুদ্রাদাবপি মমৈব মূর্ত্তি অতো মামেব কিমত্যন্ত নাদ্রিয়সে তত্রাহ সত্বমিতি যদপি যদ্যপি তবৈব মায়া কৃতা এতা লীলা স্বয়ৈব ধৃতাঃ তথাপি যা সত্বময়ী সৈব প্রশান্ত্যৈ মোক্ষায় ন কেবলং প্রশান্ত্যাভাব মাত্রমন্য ভজনে কিন্তুনিষ্টঞ্চ কিঞ্চিদন্যথাত্বে ভবেদিত্যাহ ব্যসনেতি ॥ ৩৯ ॥

তদেব সদাচারেণ দ্রঢ়য়তি তস্মাদিতি হে ভগবন্ তব শুক্লাং তনুং শ্রীনারায়ণাখ্যাং। যদযস্মাৎ সাত্বতাঃ সত্বমেব পুরুষস্তেশ্বরস্য রূপমুশন্তি মন্যন্তে নচান্যৎ রজস্তমশ্চ তত্র হেতুঃ

আপনা হইতেই সে সকল প্রার্থনীয় লাভ করে ॥ ৩৮ ॥

হে আত্মবন্ধু! হে ঈশ! আপনার মায়াময় যে সত্ব রজঃ ও তমো গুণময়ী লীলা তাহাই এই জগতের সৃষ্টি স্থিতি প্রলয়ের হেতু। তাহার মধ্যে যে সত্বময়ী লীলা আপনি ধারণ করিয়াছেন তাহা মুক্তির কারণ, তদ্ভিন্ন রজ ও তমোগুণময়ী লীলা ব্যসন, মোহ ও ভয়ের হেতু ॥ ৩৯ ॥

